ভীষ্ম বলিলেন—'মানুষ সামদ্বাবা কোন ব্যক্তিকে প্রসন্ন কবে এবং দান-দ্বারাও অন্যকে প্রসন্ন করিয়া থাকে। মানুষেব স্বভাব জানিয়া সাম ও দান এই দুইটীব একটী প্রয়োগ করিবে ॥২॥

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্ ।
গৃহীত্বা রক্ষসা মুক্তো দ্বিজাতিঃ কাননে যথা ॥৪॥
কশ্চিদ্বাগ্‌বুদ্ধিসম্পন্নো ব্রাহ্মণো বিজনে বনে ।
গৃহীতঃ কৃচ্ছ্রমাপন্নো রক্ষসা ভক্ষয়িষ্যতা ॥৫॥
স বুদ্ধিশ্রুতিসম্পন্নস্তং দৃষ্ট্বাতীব ভীষণম্ ।
সামৈবাস্মিন্ প্রযুযুজে ন মুমোহ ন বিব্যথে ॥৬॥
রক্ষস্তু বাচং সম্পূজ্য প্রশ্নং পপ্রচ্ছ তং দ্বিজম্ ।
মোক্ষ্যসে ব্রূহি মে প্রশ্নং কেনাস্মি হরিণঃ কৃশঃ ॥৭॥
মুহূর্ত্তমথ সঞ্চিন্ত্য ব্রাহ্মণস্তস্য রক্ষসঃ ।
আভির্গাথাভিরব্যগ্রঃ প্রশ্নং প্রতিজগাদ হ ॥৮॥

ভাবতকৌমুদী

অত্রেতি। রক্ষসা রাক্ষসেন। দ্বিজাতির্ব্রাহ্মণঃ ॥৪॥
কশ্চিদিতি। কৃচ্ছ্রং কষ্টম্, আপন্নঃ প্রাপ্তঃ, রক্ষসা গ্রহণাদেব ॥৫॥
স ইতি। সামৈব সানুনয়মধুরবাক্যমেব, প্রযুযুজে উবাচ ॥৬॥
রক্ষ ইতি। রক্ষো রাক্ষসঃ, বাচং ব্রাহ্মণবাক্যম্, সম্পূজ্য প্রশস্য। হরিণঃ পাণ্ডুবর্ণঃ ॥৭॥
মুহূর্ত্তমিতি। গাথাভিঃ সর্ব্বৈরেব গীযমানাভির্বাগ্‌ভিঃ, অব্যগ্রো ভয়েঽপ্যনাকুলঃ ॥৮॥

ভবতশ্রেষ্ঠ রাজা! যে সামদ্বারা ভীষণ প্রাণিগণকেও প্রসন্ন করা যায়, তুমি সেই সামের গুণ আমার নিকট শ্রবণ কর ॥৩॥

একটা রাক্ষস বনমধ্যে কোন ব্রাহ্মণকে ধরিয়া আবার যে ছাড়িয়া দিয়াছিল, সেই প্রাচীন বৃত্তান্ত এই স্থানেও মনস্বীরা উল্লেখ করেন ॥৪॥

একটা রাক্ষস ভক্ষণ করিবে বলিয়া নির্জ্জন বনমধ্যে বাক্‌পটু ও বুদ্ধিমান্ কোন ব্রাহ্মণকে ধরিয়াছিল; তাহাতে তিনি গুরুতর কষ্ট পাইয়াছিলেন ॥৫॥

বুদ্ধি ও শাস্ত্রজ্ঞানসম্পন্ন সেই ব্রাহ্মণ সেই রাক্ষসকে অত্যন্ত ভয়ঙ্কর দেখিয়াও তাহার প্রতি অনুনয়যুক্ত মধুর বাক্যই বলিলেন; কিন্তু কর্ত্তব্যমূঢ় বা ব্যথিত হইলেন না ॥৬॥

রাক্ষস সেই ব্রাহ্মণবাক্যের প্রশংসা করিয়া তাঁহার নিকট প্রশ্ন করিল এবং বলিল—'তুমি মুক্তি পাইবে, আমার প্রশ্নের উত্তর বল, আমি কেন পাণ্ডুবর্ণ ও কৃশ হইলাম' ॥৭॥

তাহার পর ব্রাহ্মণ একটু কাল চিন্তা করিয়া অনাকুল থাকিয়া, এই সকল প্রসিদ্ধ বাক্যদ্বারা সেই রাক্ষসের প্রশ্নোত্তর বলিতে লাগিলেন ॥৮॥

---

(৫) কশ্চিত্তু বুদ্ধিসম্পন্নঃ—নি।

ব্রাহ্মণ উবাচ।

বিদেশস্থো বিলোকস্থো বিনা নূনং সুহৃজ্জনৈঃ।
বিষয়ানতুলান্ ভুঙ্ক্ষে তেনাসি হরিণঃ কৃশঃ ॥৯॥
নূনং মিত্রাণি তে রক্ষঃ! সাধুপচরিতান্যপি।
স্বদোষাদপরজ্যন্তে তেনাসি হরিণঃ কৃশঃ ॥১০॥
ধনৈশ্বর্য্যাধিকাঃ স্তব্ধাস্ত্বদ্গুণৈঃ পরমাবরাঃ।
অবজানন্তি নূনং ত্বাং তেনাসি হরিণঃ কৃশঃ ॥১১॥
অবৃত্ত্যা ক্লিশ্যমানোঽপি বৃত্ত্যুপায়ান্ বিগর্হয়ন্।
মাহাত্ম্যাদ্ব্যথসে নূনং তেনাসি হরিণঃ কৃশঃ ॥১২॥
গুণবান্ বিগুণানন্যান্ নূনং পশ্যসি সৎকৃতান্।
প্রাজ্ঞোঽপ্রাজ্ঞান্ বিনীতাত্মা তেনাসি হরিণঃ কৃশঃ ॥১৩॥

ভারতকৌমুদী

বিদেশস্থ ইতি। বিলোকস্থঃ স্বজনশূন্যস্থানস্থিতঃ। বিষয়ান্ ভোগ্যদ্রব্যাণি ॥৯॥

নূনমিতি। হে রক্ষ.। রাক্ষস। সাধু সম্যক্ উপচরিতানি শুশ্রূষিতান্যপি ॥১০॥

ধনেতি। ধনঞ্চ ঐশ্বর্য্যং প্রভুত্বঞ্চ তাভ্যামধিকাঃ, পরমাবরা অতীবনিকৃষ্টা অপরে রাক্ষসাঃ, ত্বদ্গুণৈঃ স্তব্ধা বিস্ময়েন নির্ব্বাচোঽপি সন্তঃ ॥১১॥

অবৃত্ত্যেতি। অবৃত্ত্যা হিংসারূপতয়া নিন্দিতবৃত্ত্যা ক্লিশ্যমানোঽপি ত্বম্, অন্যেষাং বৃত্ত্যুপায়ান্, বিগর্হয়ন্ তেষাং মাহাত্ম্যাৎ প্রাধান্যাৎ ॥১২॥

গুণেতি। গুণবান্ প্রাজ্ঞঃ, বিনীতাত্মা শিক্ষিতবুদ্ধিশ্চ ত্বম্ অন্যান্ নির্গুণান্ অপ্রাজ্ঞাংশ্চ জনান্ অন্যৈঃ সৎকৃতান্ নূনং পশ্যসি দৃষ্ট্বা ঈর্ষ্যসীত্যর্থঃ ॥১৩॥

ব্রাহ্মণ বলিলেন—'রাক্ষস! তুমি নিশ্চয়ই বিদেশে স্বজনশূন্য স্থানে থাকিয়া সুহৃদ্বর্গ ছাড়িয়া অতুলনীয় ভোগ্যবস্তু সকল ভোগ করিতেছ; সেই জন্যই পাণ্ডুবর্ণ ও কৃশ হইয়াছ ॥৯॥

রাক্ষস! তোমার মিত্রবর্গ সম্যক্ সেবিত হইয়াও তোমারই দোষে তোমার উপরে বিরক্ত হইতেছে; তাহাতেই তুমি পাণ্ডুবর্ণ ও কৃশ হইতেছ ॥১০॥

ধন ও প্রভুত্বের গুণে অধিক এবং অত্যন্ত নিকৃষ্ট লোকেরা তোমার গুণে স্তব্ধ হইয়াও নিশ্চয়ই তোমাকে অবজ্ঞা করে, তাহাতেই তুমি পাণ্ডুবর্ণ ও কৃশ হইয়াছ ॥১১॥

তুমি নিজে কুৎসিত বৃত্তির ফলে কষ্ট পাইতে থাকিয়াও অন্যান্যের প্রশস্ত বৃত্তির নিন্দা করিতে থাকিয়া নিশ্চয়ই পরের প্রাধান্য দেখিয়া দুঃখ অনুভব কর; সেই জন্যই পাণ্ডুবর্ণ ও কৃশ হইয়াছ ॥১২॥

---

(৯) বিদেশস্থো বিলোকস্থৈঃ—পি।

সম্পীড্যাত্মানমার্য্যত্বাত্ত্বয়া কশ্চিদুপস্কৃতঃ।
জিতং ত্বাং মন্যতে সাধো! তেনাসি হরিণঃ কৃশঃ ॥১৪॥
ক্লিশ্যমানান্ বিমার্গেষু কামক্রোধাবৃতাত্মনঃ।
মন্যেঽনুধ্যায়সি জনান্ তেনাসি হরিণঃ কৃশঃ ॥১৫॥
প্রজ্ঞাসম্ভাবিতো নূনমপ্রজ্ঞৈরুপসংহিতঃ।
হীয়মানোঽসি দুর্বৃত্তৈস্তেনাসি হরিণঃ কৃশঃ ॥১৬॥
নূনং মিত্রমুখঃ শত্রুঃ কশ্চিদার্য্যবদাচরন্।
বঞ্চয়িত্বা গতস্ত্বাং বৈ তেনাসি হরিণঃ কৃশঃ ॥১৭॥

ভারতকৌমুদী

সম্পীড্যেতি। হে সাধো! ত্বয়া আর্য্যত্বাৎ আত্মনঃ সজ্জনত্বাৎ, আত্মানং সম্পীড্যাপি অন্যঃ কশ্চিৎ উপস্কৃতঃ সংবৰ্দ্ধিতঃ, ততশ্চ স ত্বাং জিতং মন্যতে ॥১৪॥

ক্লিশ্যেতি। কামক্রোধাভ্যাম্ আবৃতঃ পূর্ণ আত্মা মনো যেষাং তান্, অতএব বিমার্গেষু কুপথেষু ক্লিশ্যমানান্ জনান্ অনুধ্যায়সি সর্ব্বদা দয়য়া চিন্তয়সি। তেন পাপিধ্যানেন হরিণঃ কৃশশ্চাসীতি মন্যে ॥১৫॥

প্রজ্ঞেতি। প্রজ্ঞয়া বুদ্ধ্যা সম্ভাবিতঃ সম্মানিতস্ত্বম্, নূনং নিশ্চিতমেব, অপ্রজ্ঞৈর্নির্বোধৈ-র্দুর্বৃত্তৈর্জনৈঃ, উপসংহিতঃ সংসৃষ্টঃ, অতএব তৈরেব হীয়মানো ন্যূনীক্রিয়মাণোঽসি ॥১৬॥

নূনমিতি। মিত্রস্যেব মুখং যস্য সঃ, আর্য্যবৎ সজ্জনবৎ ॥১৭॥

তুমি গুণবান্, প্রাজ্ঞ ও শিক্ষিত বুদ্ধি হইয়াও নির্গুণ ও মূর্খ অন্য রাক্ষসগণ সম্মান ও গৌরব পাইতেছে দেখিয়া ঈর্ষ্যা কর; তাহাতেই পাণ্ডুবর্ণ ও কৃশ হইয়াছ ॥১৩॥

সাধু রাক্ষস! তুমি সজ্জন বলিয়া আত্মপীড়ন করিয়াও অন্য কোন ব্যক্তিকে সংবৰ্দ্ধিত করিয়াছ; অথচ সে তোমাকে জয় করিয়াছে বলিয়া মনে করে, এই দুঃখে তুমি পাণ্ডুবর্ণ ও কৃশ হইয়াছ ॥১৪॥

কামক্রোধাকুল চিত্ত অন্য লোকেরা কুপথে চলিতে থাকিয়া কষ্ট পাইতেছে দেখিয়া সর্ব্বদা তুমি দয়াবশতঃ তাহাদের চিন্তা কর, সেই জন্যই পাণ্ডুবর্ণ ও কৃশ হইয়াছ ॥১৫॥

রাক্ষস! তুমি বুদ্ধির গুণে সম্মানিত হইয়াও নির্বোধ দুর্বৃত্তগণের সহিত মিলিত হইয়াছিলে, নিশ্চয়ই তাহাতে তুমি হীন হইয়া গিয়াছ; সেই জন্যই পাণ্ডুবর্ণ ও কৃশ হইয়াছ ॥১৬॥

মুখে মিত্র অথচ অন্তরে শত্রু কোন লোক নিশ্চয়ই তোমার সহিত সজ্জনের ন্যায় আচরণ করিয়া পরে তোমাকে বঞ্চনাপূর্ব্বক চলিয়া গিয়াছে; তাহাতেই তুমি পাণ্ডুবর্ণ ও কৃশ হইয়া গিয়াছ ॥১৭॥

প্রকাশার্থগতির্নূনং রহস্যকুশলঃ কৃতী।
তজ্জ্ঞৈর্ন পূজ্যসে নূনং তেনাসি হরিণঃ কৃশঃ ॥১৮॥
অসৎস্বপি নিবিষ্টেষু ব্রুবতো মুক্তসংশয়ম্।
গুণাস্তে ন বিরাজন্তে তেনাসি হরিণঃ কৃশঃ ॥১৯॥
ধনবুদ্ধিশ্রুতৈর্হীনঃ কেবলং তেজসান্বিতঃ।
মহৎ প্রার্থয়সে নূনং তেনাসি হরিণঃ কৃশঃ ॥২০॥
তপঃ প্রণিহিতাত্মানং মন্যে ত্বারণ্যকাঙ্ক্ষিণম্।
বান্ধবা নাভিনন্দন্তি তেনাসি হরিণঃ কৃশঃ ॥২১॥
ইষ্টভার্য্যস্য তে নূনং প্রাতিবেশ্যো মহাধনঃ।
যুবা সুললিতঃ কামী তেনাসি হরিণঃ কৃশঃ ॥২২॥

ভারতকৌমুদী

প্রকাশেতি। প্রকাশা সর্ব্বজনবিদিতা অর্থগতিঃ কার্য্যপদ্ধতির্যস্য সঃ, অথ চ রহস্যকুশলঃ গুপ্তব্যাপারেঽপি নিপুণঃ, কৃতী বিচক্ষণশ্চ ত্বম্, তানি জানন্তীতি তজ্জ্ঞাস্তৈর্জনৈঃ, নূনং ন পূজ্যসে প্রশস্যসে ॥১৮॥

অসৎস্বিতি। নিবিষ্টেষু ত্বদ্বাক্যশ্রবণায় আগ্রহান্বিতেষু অসৎসু জনেষপি, মুক্তসংশয়ং সন্দেহরহিতং যথা স্যাত্তথা উপদেশবাক্যাবলিং ব্রুবতস্তে বাক্পটুত্বাদয়ো গুণা ন বিরাজন্তে ॥১৯॥

ধনেতি। শ্রুতং শাস্ত্রজ্ঞানম্। মহৎ পদম্ ॥২০॥

তপ ইতি। তপসি প্রণিহিতঃ স্থাপিত আত্মা বুদ্ধির্যেন তম্, অতএব আরণ্যকাঙ্ক্ষিণং বনবাসাভিলাষিণম্, ত্বা ত্বাম্ ॥২১॥

তোমার কার্য্যপদ্ধতি সর্ব্বজনবিদিত, অথচ তুমি গুপ্ত ব্যাপারেও নিপুণ; তোমার এই ক্ষমতা যাহারা জানে, তাহারাও নিশ্চয়ই তোমার প্রশংসা করে না; সেই দুঃখেই তুমি পাণ্ডুবর্ণ ও কৃশ হইয়াছ ॥১৮॥

তুমি আগ্রহান্বিত অসজ্জনগণের মধ্যেও নিঃসন্দেহে উপদেশবাক্যাবলী বলিয়া থাক, তাহাতেই তোমার গুণ প্রকাশ পায় না; সেই মনোদুঃখেই তুমি পাণ্ডুবর্ণ ও কৃশ হইতেছ ॥১৯॥

তোমার ধনবুদ্ধি ও শাস্ত্রজ্ঞান নাই, কেবল তেজ রহিয়াছে; এই অবস্থাতে তুমি নিশ্চয়ই কোন উচ্চপদ প্রার্থনা কর, তাহা না পাওয়ায় দুঃখেই তুমি পাণ্ডুবর্ণ ও কৃশ হইতেছ ॥২০॥

রাক্ষস! আমি মনে করি, তুমি তপস্যার প্রতি মনোনিবেশ করিয়া বনবাসের ইচ্ছা করিলে তোমার বন্ধুবর্গ তাহাতে অনুমোদন করে না; সেই দুঃখেই তুমি পাণ্ডুবর্ণ ও কৃশ হইয়া যাইতেছ ॥২১॥

নূনমর্থবতাং মধ্যে তব বাক্যমনুত্তমম্ ।
ন ভাতি কালেঽভিহিতং তেনাসি হরিণঃ কৃশঃ ॥২৩॥
দৃঢ়পূর্ব্বং শ্রুতং মূর্খং কুপিতং হৃদয়প্রিয়ম্ ।
অনুনেতুং ন শক্নোষি তেনাসি হরিণঃ কৃশঃ ॥২৪॥
নূনমাসঞ্জয়িত্বা ত্বাং কৃত্যে কস্মিংশ্চিদীপ্সিতে ।
কশ্চিদর্থয়তে নিত্যং তেনাসি হরিণঃ কৃশঃ ॥২৫॥
নূনং ত্বাং স্বগুণৈর্যুক্তং পূজযানং সুহৃদ্ধ্রুবম্ ।
মমার্থ ইতি জানীতে তেনাসি হরিণঃ কৃশঃ ॥২৬॥
অন্তর্গতমভিপ্রায়ং নূনং নেচ্ছসি লজ্জয়া ।
বিবেক্তুং প্রাপ্তিশৈথিল্যাত্তেনাসি হরিণঃ কৃশঃ ॥২৭॥

ভাবতকৌমুদী

ইষ্টেতি। ইষ্টা প্রিযা ভার্য্যা যস্য তস্য, প্রাতিবেশ্যঃ প্রতিবেশী, কামী তব ভার্য্যামেব ॥২২॥

নূনমিতি। অর্থবতাং ধনিনাম্, ন বিদ্যতে উত্তমং যস্মাৎ তদনুত্তমম্ ॥২৩॥

দৃঢ়েতি। দৃঢপূর্ব্বং পূর্ব্বাবধ্যেব দৃঢ়াধ্যবসাযম্ ॥২৪॥

নূনমিতি। আসঞ্জয়িত্বা ব্যাপার্য্য, কৃত্যে কার্য্যে ॥২৫॥

নূনমিতি। পূজযানং সুহৃদমেব শুশ্রূষমাণম্, স চ সুহৃদ্ধ্রুবং নিশ্চিতমেব অয়মর্থঃ শুশ্রূষোপযোগি ধনং মমেতি জানীতে ॥২৬॥

তোমার ভার্য্যা প্রিয়তমা; অথচ তোমারই প্রতিবেশী ধনী ও মনোহর মূর্ত্তি কোন যুবা তোমার সেই ভার্য্যাকে কামনা করে; নিশ্চয়ই তুমি সেই চিন্তায় পাণ্ডুবর্ণ ও কৃশ হইতেছ ॥২২॥

তুমি ধনিগণের মধ্যে উপযুক্ত সময়ে কোন উৎকৃষ্ট বাক্য বলিয়াছিলে, তাহা কিন্তু গ্রাহ্য হয় নাই; সেই দুঃখেই তুমি পাণ্ডুবর্ণ ও কৃশ হইয়া গিয়াছ ॥২৩॥

তোমার পরমপ্রিয় দৃঢ়াধ্যবসায়ী কোন মূর্খ তোমার প্রতি ক্রুদ্ধ হইয়াছে শুনিয়া তুমি তাহাকে অনুনয় করিয়াও প্রসন্ন করিতে পার নাই; সেই দুঃখেই তুমি পাণ্ডুবর্ণ ও কৃশ হইয়া গিয়াছ ॥২৪॥

কোন লোক তোমার অভীষ্ট কোন কার্য্যে তোমাকে ব্যাপৃত করাইয়া দিয়া নিশ্চয়ই সর্ব্বদা তোমার নিকট অর্থ প্রার্থনা করে; তাহাতেই তুমি পাণ্ডুবর্ণ ও কৃশ হইয়া যাইতেছ ॥২৫॥

তুমি সদ্গুণযুক্ত; সুতরাং তুমি ধনদ্বারা কোন সুহৃদের উপকার করিয়াছ; অথচ সেই সুহৃদ্ আমার এই ধন এইরূপ নিশ্চয়ই মনে করে। বোধ হয়, তাহাতেই তুমি পাণ্ডুবর্ণ ও কৃশ হইয়াছ ॥২৬॥

নানাবুদ্ধিরুচো লোকে মনুষ্যান্ নূনমিচ্ছসি।
গ্রহীতুং স্বগুণৈঃ সর্বাংস্তেনাসি হরিণঃ কৃশঃ ॥২৮॥
অবিদ্বান্ ভীরুরল্পার্থো বিদ্যাবিক্রমদানজম্।
যশঃ প্রার্থয়সে নূনং তেনাসি হরিণঃ কৃশঃ ॥২৯॥
চিরাভিলাষিতং কিঞ্চিৎ ফলমপ্রাপ্তমেব তে।
কৃতমন্যৈরপহৃতং তেনাসি হরিণঃ কৃশঃ ॥৩০॥
নূনমাত্মকৃতং দোষমপশ্যন্ কিঞ্চিদাত্মনঃ।
অকারণেঽভিশপ্তোঽসি তেনাসি হরিণঃ কৃশঃ ॥৩১॥

ভাবতকৌমুদী

অন্তরিতি। কস্যাশ্চিৎ তরুণ্যাঃ প্রাপ্তৌ অন্তর্গতমভিপ্রায়ম্, তস্যাঃ প্রাপ্তেঃ শৈথিল্যাদনিশ্চয়াৎ লজ্জয়া বিবেক্তুং প্রকটয়িতুং নেচ্ছসি ॥২৭॥

নানেতি। ত্বং স্বগুণৈঃ, নানা বহুপ্রকারা বুদ্ধয়ো রুচো রুচয়শ্চ যেষাং তান্ সর্ব্বানেব মনুষ্যান্ গ্রহীতুং বশীকর্ত্তুমিচ্ছসি তত্তু ন পারয়সীতি শেষঃ ॥২৮॥

অবিদ্বানিতি। ত্বং অবিদ্বান্ ভীরুশ্চ অল্পার্থঃ অল্পধনশ্চ ॥২৯॥

চিরেতি। তে ত্বয়া কৃতম্, অথচ অপ্রাপ্তমেব ॥৩০॥

নূনমিতি। দোষং পরাপকারাদিকম্। অভিশপ্তোঽসি কেনাপি ॥৩১॥

তুমি কোন তরুণীকে পাইবার ইচ্ছা কর; অথচ তাহাকে পাইতে বিলম্ব হইতেছে এই অবস্থাতেও তুমি লজ্জাবশতঃ তোমার সেই অভিপ্রায় তাহার নিকটে ব্যক্ত করিতে ইচ্ছা কর না; সেই জন্যই তুমি পাণ্ডুবর্ণ ও কৃশ হইয়া যাইতেছ ॥২৭॥

এই জগতে মানুষের নানাপ্রকার বুদ্ধি ও রুচি থাকে, অথচ তুমি নিজগুণদ্বারা তাহাদের সকলকেই বশীভূত করিবার ইচ্ছা কর, কিন্তু তাহা পার না; সেই দুঃখেই তুমি পাণ্ডুবর্ণ ও কৃশ হইয়াছ ॥২৮॥

তোমার বিদ্যা নাই; তুমি ভীরু এবং তোমার ধনও অল্প; অথচ তুমি বিদ্যা, বিক্রম ও দানের যশ প্রার্থনা কর; নিশ্চয়ই তাহাতে তুমি পাণ্ডুবর্ণ ও কৃশ হইয়াছ ॥২৯॥

তুমি কোন কার্য্য করিয়াছ, চিরাভীষ্ট তাহার কোন ফল তুমি পাইবার পূর্ব্বেই অন্য লোকেরা তাহা অপহরণ করিয়া নিয়াছে; সেই দুঃখেই তুমি পাণ্ডুবর্ণ ও কৃশ হইয়াছ ॥৩০॥

বোধ হয়, তুমি নিজকৃত নিজের কোন দোষ দেখিতে পাও নাই; অথচ

---

(২৯) অবিদ্বান্ ভীরুরল্পার্থে—বঙ্গ বর্দ্ধ।

সাধূন্ গৃহস্থান্ দৃষ্ট্বা চ তথাসাধূন্ বনেচরান্।
মুক্তাংশ্চাবসথে সক্তাংস্তেনাসি হরিণঃ কৃশঃ ॥৩২॥
সুহৃদাং দুঃখমার্ত্তানাং ন প্রমোক্ষ্যসি চার্ত্তিজম্।
অলমর্থগুণৈর্হীনং তেনাসি হরিণঃ কৃশঃ ॥৩৩॥
ধর্ম্ম্যমর্থ্যঞ্চ কাম্যঞ্চ কালে চাভিহিতং বচঃ।
ন প্রতীয়ন্তি তে নূনং তেনাসি হরিণঃ কৃশঃ ॥৩৪॥
দত্তা ন কুশলৈরর্থান্মনীষী সঞ্জিজীবিষুঃ।
প্রাপ্য বর্ত্তযসে নূনং তেনাসি হরিণঃ কৃশঃ ॥৩৫॥
পাপান্ প্রবর্দ্ধতো দৃষ্ট্বা কল্যাণানবসীদতঃ।
ধ্রুবং গর্হয়সে নিত্যং তেনাসি হরিণঃ কৃশঃ ॥৩৬॥

ভাবতকৌমুদী

সাধূনিতি। বনেচরান্ সাধূন্, মুক্তান্ মুমুক্ষূংশ্চ আবসথে গৃহে সক্তান্ দৃঢ়লগ্নান্ দৃষ্ট্বেতি সম্বন্ধঃ ॥৩২॥

সুহৃদামিতি। আর্ত্তানাং রোগাদিনা পীড়িতানাম্, আর্ত্তিজং পীড়াজাতম্। আত্মানঞ্চ অর্থগুণৈঃ, অলমত্যন্তং হীনং জ্ঞাত্বেতি শেষঃ ॥৩৩॥

ধর্ম্ম্যমিতি। ধর্ম্মাদনপেতং ধর্ম্ম্যম্। এবমর্থ্যমিত্যপি। ন প্রতীয়ন্তি অন্যে ন বিশ্বসন্তি ॥৩৪॥

দত্তানিতি। মনীষী বুদ্ধিমান্, সঞ্জিজীবিষুঃ সম্যগ্ জীবিতুমিচ্ছুশ্চ ত্বম্, অকুশলৈঃ জড়ৈর্জনৈর্দত্তানর্থান্ প্রাপ্য বর্ত্তয়সে জীবিকাং নির্ব্বাহয়সি ॥৩৫॥

অন্য কর্ত্তৃক অকারণে অভিশপ্ত হইয়াছ; সেই দুঃখেই পাণ্ডুবর্ণ ও কৃশ হইয়া যাইতেছ ॥৩১॥

তুমি সাধুগণকে গৃহস্থ, অসাধুগণকে বনবাসী এবং মুমুক্ষুদিগকে গৃহে আসক্ত দেখিয়া বোধ হয় সেই দুঃখে পাণ্ডুবর্ণ ও কৃশ হইয়া যাইতেছ ॥৩২॥

রাক্ষস! রোগাদিপীড়িত বন্ধুগণের সেই পীড়াজনিত দুঃখ দূর কর নাই, আপনাকেও অত্যন্ত ধনহীন এবং গুণশূন্য দেখিতে পাইয়াছ; সেই দুঃখেই পাণ্ডুবর্ণ ও কৃশ হইয়া গিয়াছ ॥৩৩॥

তুমি যথাসময়ে ধর্ম্মসঙ্গত, অর্থোচিত ও কামযোগ্য বাক্য বলিয়াছিলে, তাহা তত্রত্য লোকেরা বিশ্বাস করে নাই; বোধ হয় সেই দুঃখেই তুমি পাণ্ডুবর্ণ ও কৃশ হইয়াছ ॥৩৪॥

রাক্ষস! তুমি বুদ্ধিমান্; জীবনধারণ করিতেও ইচ্ছা কর; এই অবস্থায় কোন জড়প্রকৃতি লোক দত্তধন পাইয়া জীবিকানির্ব্বাহ করিতেছ; নিশ্চয়ই সেই দুঃখে পাণ্ডুবর্ণ ও কৃশ হইয়াছ ॥৩৫॥

পরস্পরং বিরুদ্ধানং প্রিয়ং নূনং চিকীর্ষসি।
সুহৃদামুপরোধেন তেনাসি হরিণঃ কৃশঃ ॥৩৭॥
শ্রোত্রিয়াংশ্চ বিকর্ম্মস্থান্ প্রাজ্ঞাংশ্চাপ্যজিতেন্দ্রিয়ান্।
মন্যেঽনুধ্যায়সি জনাংস্তেনাসি হরিণঃ কৃশঃ ॥৩৮॥
এবং সম্পূজিতং রক্ষো বিপ্রং তং প্রত্যপূজয়ৎ।
সখায়মকরোচ্চৈনং সংযোজ্যার্থৈর্মুমোচ হ ॥৩৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসন-পর্ব্বণি দানধর্ম্মে হরিণকৃশকাখ্যানে পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

পাপানিতি। প্রবর্দ্ধতঃ প্রবর্দ্ধমানান্। গর্হয়সে বিধিমিতি শেষঃ ॥৩৬॥

পরস্পরমিতি। বিরুদ্ধানং জনদ্বয়ম্, পরস্পরমেব প্রিয়ম্, চিকীর্ষসি কর্ত্তুমিচ্ছসি। তচ্চ ন পারয়সীতি ভাবঃ ॥৩৭॥

শ্রোত্রিয়ানিতি। শ্রোত্রিয়ান্ বেদবিদো বিপ্রান্, বিকর্ম্মস্থান্ বাণিজ্যাদিবিরুদ্ধকর্ম্ম-কারিণঃ। অনুধ্যায়সি কথমিত্থমিম ইতি চিন্তয়সি ॥৩৮॥

ভারতভাবদীপঃ

সাম্নীতি ॥১—৬॥ হরিণঃ পাণ্ডুবর্ণঃ ॥৭—৩৮॥ অনাত্মবিষয়িণী চিন্তা পাণ্ডুত্বকৃশত্বহেতুঃ; দানাভাবে সাম্নৈব জীবনোপায় ইত্যধ্যায়তাৎপর্য্যম্ ॥৩৯॥

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ ॥১০৫॥

রাক্ষস! পাপিষ্ঠেরা উন্নতি লাভ করিতেছে এবং ধার্ম্মিকেরা অবসন্ন হইতেছে ইহা দেখিয়া তুমি নিশ্চয়ই সর্ব্বদা বিধাতাকে নিন্দা করিয়া থাক, সেই মনঃকষ্টেই তুমি পাণ্ডুবর্ণ ও কৃশ হইয়া যাইতেছ ॥৩৬॥

দুইজন লোক পরস্পর বিরোধ করে, তখন বন্ধুবর্গের অনুরোধে তুমি তাহাদিগকে আবার পরস্পর প্রিয় করিবার ইচ্ছা কর; কিন্তু তাহা পারিয়া উঠ না, তাহাতেই তুমি পাণ্ডুবর্ণ ও কৃশ হইয়াছ ॥৩৭॥

বেদবিদ্ ব্রাহ্মণেরা বিরুদ্ধ কর্ম্ম করেন এবং পণ্ডিতেরাও জিতেন্দ্রিয় নহেন; তাঁহারা কেন এমন হইলেন তুমি সর্ব্বদাই এইরূপ চিন্তা কর; আমি মনে করি, তাহাতেই তুমি এইরূপ পাণ্ডুবর্ণ ও কৃশ হইতেছ' ॥৩৮॥

(৩৭) পরস্পরবিরুদ্ধানাম্—বঙ্গ বর্দ্ধ।

* 'চতুর্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, 'সপ্তাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ'—নি।

ষড়ধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

যুধিষ্ঠির উবাচ।*

জন্ম মানুষ্যকং প্রাপ্য কর্ম্মক্ষেত্রং সুদুর্ল্লভম্।
শ্রেয়োঽর্থিনা দরিদ্রেণ কিং কর্ত্তব্যং পিতামহ!॥১॥
দানানামুত্তমং যচ্চ দেয়ং যচ্চ যথা তথা।
মান্যান্ পূজ্যাংশ্চ গাঙ্গেয়! রহস্যং বক্তুমর্হসি॥২॥

বৈশম্পায়ন উবাচ।

এবং পৃষ্টো নরেন্দ্রেণ পাণ্ডবেন যশস্বিনা।
ধর্ম্মাণাং পরমং গুহ্যং ভীষ্মঃ প্রোবাচ পার্থিবম্॥৩॥

ভারতকৌমুদী

এবমিতি। সম্পূজিতং সাম্না স্তুতম্, বকো রাক্ষসঃ। অর্থৈর্ধনৈঃ, সংযোজ্য ধনানি দত্ত্বেত্যর্থঃ॥৩৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি
দানধর্ম্মে পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ॥০॥

—ঃ*ঃ—

জন্মেতি। সুদুর্ল্লভং কর্ম্মক্ষেত্রঞ্চ প্রাপ্যেতি সম্বন্ধঃ॥১॥
দানানামিতি। রহস্যং যদ্যেতৎ সর্ব্বং গুপ্তমপি স্যাৎ, তথাপি তদ্বক্তুমর্হসি॥২॥
এবমিতি। গুহ্যং গোপনীয়ং তত্ত্বম্, পার্থিবং রাজানং যুধিষ্ঠিরম্॥৩॥

ব্রাহ্মণ এইভাবে রাক্ষসের প্রশংসা করিলে রাক্ষসও তাঁহার সম্মান করিল এবং ধন দান করিয়া তাঁহাকে সখা করিয়া লইল, আর তৎক্ষণাৎ তাঁহাকে ছাড়িয়া দিল'॥৩৯॥

—ঃ*ঃ—

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ! মনুষ্যজন্ম এবং মর্ত্ত্যলোকরূপ অতি দুর্ল্লভ কর্ম্মক্ষেত্র পাইয়া দরিদ্র মানুষ মঙ্গলার্থী হইয়া কি করিবে?॥১॥

গঙ্গানন্দন! যাহা দানের মধ্যে উত্তম, যাহা যে সে ভাবে দেওয়া যায়, যাঁহারা মাননীয় বা পূজনীয় এবং যাহা গোপনীয়, সেই সমস্ত আপনি বলুন'॥২॥

* রাজোবাচ—পি।

ভীষ্ম উবাচ।

শৃণুষ্বাবহিতো রাজন্! ধর্ম্মগুহ্যানি ভারত!।
যথা হি ভগবান্ ব্যাসঃ পুরা কথিতবান্মযি ॥৪॥
দেবগুহ্যমিদং রাজন্! যমেনাক্লিষ্টকর্ম্মণা।
নিয়মস্থেন যুক্তেন তপসো মহতঃ ফলম্ ॥৫॥
যেন যঃ প্রীযতে দেবঃ প্রীয়ন্তে পিতরস্তথা।
ঋষয়ঃ প্রমথাঃ শ্রীশ্চ চিত্রগুপ্তো দিশাং গজাঃ ॥৬॥
ঋষিধর্ম্মঃ স্মৃতো যত্র সরহস্যো মহাফলঃ।
মহাদানফলঞ্চৈব সর্ব্বযজ্ঞফলং তথা ॥৭॥
যশ্চৈতদেবং জানীযাজ্ জ্ঞাত্বা বা কুরুতেঽনঘ!।
সদোষোঽদোষবাংশ্চেহ তৈস্তু গৈঃ সহ যুজ্যতে ॥৮॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

শৃণুষ্বেতি। ধর্ম্মে বিষয়ে গুহ্যানি গোপনীযানি তত্ত্বানি ॥৪॥

দেবেতি। অক্লিষ্টকর্ম্মণা ব্যাসেন, যমেনান্বিতেন, ইদমুক্তমিতি শেষঃ ॥৫॥

যেনেতি। যেন শাস্ত্রেণ। প্রমথাঃ শিবানুচরাঃ, শ্রীর্লক্ষ্মীঃ। সরহস্যো মন্ত্রসমন্বিতঃ। সদোষঃ সপাপঃ, অদোষো নিষ্পাপঃ ॥৬—৮॥

বৈশম্পায়ন বলিলেন—যশস্বী পাণ্ডুনন্দন যুধিষ্ঠির এইরূপ প্রশ্ন করিলে, ভীষ্ম ধর্ম্ম সম্বন্ধে পরম গোপনীয় তত্ত্ব যুধিষ্ঠিরকে বলিতে লাগিলেন ॥৩॥

ভীষ্ম বলিলেন—'ভরতনন্দন রাজা! ভগবান্ বেদব্যাস পূর্ব্বে আমার নিকটে যাহা বলিযাছিলেন, ধর্ম্ম সম্বন্ধে সেই সকল গোপনীয় তত্ত্ব তুমি অবহিত হইয়া শ্রবণ কর ॥৪॥

রাজা! অক্লিষ্ট কর্ম্মা, যম ও নিয়মশালী এবং যোগী বেদব্যাস মহাতপস্যার ফলস্বরূপ এবং দেবগণের নিকটেও গোপনীয় এই তত্ত্ব বলিয়াছিলেন ॥৫॥

যে শাস্ত্রদ্বারা যে দেবতা প্রীত হন এবং যে সকল পিতৃলোক প্রীতি লাভ করেন কিংবা ঋষিগণ, প্রমথগণ, লক্ষ্মী, চিত্রগুপ্ত ও দিগ্‌গজগণ সন্তুষ্ট হন; যাহাতে মন্ত্রের সহিত মহাফলজনক ঋষিধর্ম্ম উক্ত আছে এবং যাহাতে মহাদানের ফল, বিশেষতঃ সমস্ত যজ্ঞের ফল কথিত রহিয়াছে; নিষ্পাপ রাজা! যে লোক সেই শাস্ত্রকে এইভাবে জানে কিংবা জানিয়া তদনুরূপ কার্য্য করে; সে লোক সদোষ বা নির্দ্দোষই হউক, সেই সকল সকল গুণযুক্ত হয় ॥৬—৮॥

---

(৪) যথা মে ভগবান্ ব্যাসঃ পুরা কথিতবাংস্তথা—পি।

দশসূনাসমং চক্রং দশচক্রসমো ধ্বজঃ।
দশধ্বজসমা বেশ্যা দশবেশ্যা সমো নৃপঃ ॥৯॥
অর্দ্ধেনৈতানি সর্বাণি নৃপতিঃ কথ্যতেঽধিকঃ।
ত্রিবর্গসহিতং শাস্ত্রং পবিত্রং পুণ্যলক্ষণম্ ॥১০॥
ধর্ম্মব্যাকরণং পুণ্যং সহস্রশ্রবণং মহৎ।
শ্রোতব্যং ধর্ম্মসংযুক্তং বিহিতং ত্রিদশৈঃ স্বয়ম্ ॥১১॥
পিতৄণাং যত্র গুহ্যানি প্রোচ্যন্তে শ্রাদ্ধকর্ম্মণি।
দেবতানাঞ্চ সর্বেষাং রহস্যং কথ্যতেঽখিলম্ ॥১২॥
ঋষিধর্ম্মঃ স্মৃতো যত্র সরহস্যো মহাফলঃ।
মহাযজ্ঞফলঞ্চৈব সর্ব্বদানফলং তথা ॥১৩॥
যে পঠন্তি সদা মর্ত্ত্যা যেষাং চৈবোপতিষ্ঠতি।
শ্রুত্বা চ ফলমাচষ্টে স্বয়ং নারায়ণঃ প্রভুঃ ॥১৪॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

দশেতি। দশানাং পশূনাং সূনা হিংসা যত্র তস্যা জাতেঃ সমং চক্রং রাজ্যম্, ধ্বজঃ কেতুঃ। নৃপঃ সুরাপানাদিনা পাপী ক্ষুদ্রো রাজা ॥৯॥

অর্দ্ধেনেতি। অধিকো নৃপতিস্তু অর্দ্ধেন এতানি সর্ব্বাণি সদৃশী কুর্ব্বন্ কথ্যতে। ত্রিবর্গসহিতং ধর্ম্মার্থকামপ্রতিপাদকম্ ॥১০॥

ধর্ম্মেতি। ধর্ম্মস্য ব্যাকরণং ব্যাখ্যানম্। ত্রিদশৈর্দেবৈঃ ॥১১॥

ভারতভাবদীপঃ

জন্মেতি ॥১—৪॥ যমেন প্রাপ্তমিতি শেষঃ।৫—৮॥ দশানাং পশূনাং সূনা বধো যত্র সা পশুঘ্নজাতির্দ্দশসূনা, চক্রং চক্রবান্ তৈলিকঃ, ধ্বজঃ সুরাপায়ী, নৃপঃ ক্ষুদ্রো রাজা।৯॥ অধিকো নৃপতিস্ত্বেতানি সর্ব্বাণ্যর্দ্ধেন তুলয়ন্ কথ্যতে। এতচ্চ অর্দ্ধেনৈতানি প্রতিগ্রহার্থমুচ্যতে। এবং দুষ্প্রতিগ্রহপরাঙ্মুখেন ত্রিবর্গশাস্ত্রং ধর্ম্মার্থকামশাস্ত্রাণি জ্ঞেয়ানি ॥১০॥ তত্রাপ্যর্থকাময়োঃ

দশসংখ্যক পশুবধকারী জাতির তুল্য এক ক্ষুদ্র রাজ্য সেইরূপ দশটী রাজ্যের তুল্য, একটী ধ্বজ সেই দশটী ধ্বজের তুল্য, একটী বেশ্যা এবং সেই দশটী বেশ্যার তুল্য একটী ক্ষুদ্র রাজা ॥৯॥

আর এক প্রধান রাজা নিজের অর্দ্ধদ্বারা এই সমস্তের তুল্য বলিয়া কথিত হন। তাহার পর ধর্ম্ম, অর্থ ও কামপ্রতিপাদক শাস্ত্র পবিত্র ও পুণ্যের নিয়ামক বলিয়া কথিত হইয়া থাকে ॥১০॥

ধর্ম্ম ব্যাখ্যা করা পুণ্যজনক, বহু বার সেই ধর্ম্ম শ্রবণ করা মহাপুণ্যজনক; অতএব স্বয়ং দেবগণনির্ম্মিত ধর্ম্মযুক্ত শাস্ত্র শ্রবণ করা সকলেরই উচিত ॥১১॥

গবাং ফলং তীর্থফলং যজ্ঞানাঞ্চৈব যৎ ফলম্।
এতৎ ফলমবাপ্নোতি যো নরোঽতিথিপূজকঃ ॥১৫॥
শ্রোতারঃ শ্রদ্দধানাশ্চ যেষাং শুদ্ধঞ্চ মানসম্।
তেষাং ব্যক্তং জিতা লোকাঃ শ্রদ্দধানেন সাধুনা ॥১৬॥
মুচ্যতে কিল্বিষাচ্চৈব ন স পাপেন লিপ্যতে।
ধর্ম্মঞ্চ লভতে নিত্যং প্রেত্য লোকগতো নরঃ ॥১৭॥
কস্যচিত্ত্বথ কালস্য দেবদূতো যদৃচ্ছয়া।
স্থিতো হ্যন্তর্হিতো ভূত্বা পর্য্যভাষত বাসবম্ ॥১৮॥

ভারতকৌমুদী

পিতৄণামিতি। যত্র ধর্ম্মশাস্ত্রে গুহ্যানি কার্য্যাণি। রহস্যং গোপনীয়ং কার্য্যম্। সরহস্যো গুণধ্যানাদিযুক্তঃ। পঠন্তি তৎ শাস্ত্রম্, উপতিষ্ঠন্তি মনস্যাগচ্ছতি। স স্বয়ং প্রভুর্নারায়ণস্তত্তুল্য ইত্যর্থঃ ॥১২—১৪।

গবামিতি। গবাং দানস্যেতি শেষঃ ॥১৫।

শ্রোতার ইতি। লোকাঃ স্বর্গাঃ, সাধুনা মানসেন ॥১৬॥

মুচ্যত ইতি। কিল্বিষাৎ পূর্ব্বকৃতাৎ পাপাৎ। প্রেত্য মৃত্বা, লোকগতঃ স্বর্গগতঃ ॥১৭॥

ভারতভাবদীপঃ

প্রসিদ্ধত্বাদ্ধর্ম্মশাস্ত্রাণ্যেব শ্রোতব্যানীত্যাহ—ধর্ম্মেত্যাদিনা ॥১১—১৩॥ পঠন্তি শাস্ত্রম্ উপতিষ্ঠন্তি সম্যক্ স্মরন্ত্যাচষ্টে চ যঃ সঃ স স্বয়ং নারায়ণ এবেতি জ্ঞাতব্যঃ ॥১৪॥ এবং শ্রুত্বা শাস্ত্রমারভতে

যে শাস্ত্রে পিতৃশ্রাদ্ধের গুহ্য বৃত্তান্ত বলা হইয়াছে এবং সকল দেবতা পূজার সমস্ত রহস্য কথিত আছে, আর যে শাস্ত্রে মহাফলজনক রহস্যযুক্ত ঋষিধর্ম্ম, মহাযজ্ঞের ফল ও সমস্ত দানের ফল কীর্ত্তিত রহিয়াছে; যে সকল মানুষ সর্ব্বদা সেই শাস্ত্র পাঠ করেন, তাঁহারা ধন্য; যাঁহাদের মনে সেই শাস্ত্র উপস্থিত হয়, তাঁহারা পুণ্যবান্ এবং যিনি ফল শুনিয়া তাহা বলেন, তিনি স্বয়ং প্রভু নারায়ণ-স্বরূপ ॥১২—১৪॥

যে মানুষ অতিথিসেবা করে, সেই মানুষ গোদান, তীর্থস্নান ও যজ্ঞানুষ্ঠানের ফল লাভ করিয়া থাকে ॥১৫॥

যাঁহারা সেই শাস্ত্রের শ্রোতা কিংবা সেই শাস্ত্রের প্রতি শ্রদ্ধা করেন এবং যাঁহাদের মন শুদ্ধ থাকে, নিশ্চয়ই তাঁহাদের শ্রদ্ধাযুক্ত সাধু মনের গুণে বহু স্বর্গ আয়ত্ত হয় ॥১৬॥

শুদ্ধচিত্ত সেই লোক পূর্ব্বকৃত পাপ হইতে মুক্ত হয়, নূতন পাপে লিপ্ত হয় না, সর্ব্বদা ধর্ম্ম লাভ করে এবং মৃত্যুর পরে স্বর্গে গমন করিয়া থাকে ॥১৭॥

যৌ তৌ কামগুণোপেতাবশ্বিনৌ ভিষজাং বরৌ।
আজ্ঞয়াহং তয়োঃ প্রাপ্তঃ সনরান্ পিতৃদৈবতান্ ॥১৯॥
কস্মাদ্ধি মৈথুনং শ্রাদ্ধে দাতুর্ভোক্তুশ্চ বর্জ্জিতম্।
কিমর্থঞ্চ ত্রয়ঃ পিণ্ডাঃ প্রবিভক্তাঃ পৃথক্ পৃথক্ ॥২০॥
প্রথমঃ কস্য দাতব্যো মধ্যমং ক্ব চ গচ্ছতি।
উত্তরশ্চ স্মৃতঃ কস্য এতদিচ্ছামি বেদিতুম্ ॥২১॥
শ্রদ্দধানেন দূতেন ভাষিতং ধর্ম্মসংহিতম্।
পূর্ব্বস্থাস্ত্রিদশাঃ সর্ব্বে পিতরঃ পূজ্য খেচরম্ ॥২২॥

পিতর ঊচুঃ।

স্বাগতং তেঽস্তু ভদ্রং তে শ্রূয়তাং খেচরোত্তম!।
গূঢ়ার্থঃ পরমং প্রশ্নো ভবতা সমুদীরিতঃ ॥২৩॥

ভারতকৌমুদী

কশ্চিদিতি। কালস্থোপস্থিতৌ সত্যাম্ ॥১৮॥

যাবিতি। কামগুণোপেতৌ কাম্যসৌন্দর্য্যযুক্তৌ। সনরান্ ঋষিসহিতান্ প্রষ্টুমিতি শেষঃ ॥১৯॥

কস্মাদিতি। মৈথুনং স্ত্রীসংসর্গঃ, ত্রয়ঃ পিণ্ডাঃ পিত্রাদিত্রয়স্য ॥২০॥

প্রথম ইতি। প্রথমঃ পিণ্ডঃ, ক্ব কস্মিন্ পুরুষে ॥২১॥

শ্রদিতি। ভাষিতং প্রশ্নমিতি শেষঃ। খেচরং দূতম্, পূজ্য পূজয়িত্বা ঊচুরিতি শেষঃ ॥২২॥

স্বাগতমিতি। ভদ্রং মঙ্গলমস্তু।২৩॥

কোন সময়ে এক দেবদূত ইচ্ছাক্রমে যাইয়া, অন্তর্হিত থাকিয়া, ইন্দ্রের নিকট জিজ্ঞাসা করিয়াছিল—॥১৮॥

'সেই যে চিকিৎসকশ্রেষ্ঠ ও পরমসুন্দর দুইজন অশ্বিনীকুমার রহিয়াছেন, আমি তাঁহাদের আদেশে দেবগণ, ঋষিগণ ও পিতৃগণের বিষয়ে কিছু প্রশ্ন করিবার জন্য উপস্থিত হইয়াছি ॥১৯॥

শ্রাদ্ধে কর্ত্তা ও ভোক্তা দুই জনেরই মৈথুন বর্জ্জন করা হইয়াছে কেন? এবং কিজন্যই বা তিনটী পিণ্ডকে বিভক্ত করা হইয়াছে ॥২০॥

প্রথম পিণ্ড কাহাকে দিতে হইবে? মধ্যম পিণ্ড কোথায় যাইবে? এবং শেষ পিণ্ডই বা কাহার হইবে? ইহা জানিতে ইচ্ছা করি' ॥২১॥

শ্রদ্ধাশীল দূত ধর্ম্মসম্বন্ধ বাক্য বলিয়াছে শুনিয়া পূর্ব্ববর্ত্তী দেবতারা ও পিতৃলোকেরা সেই দূতের প্রশংসা করিয়া বলিতে লাগিলেন ॥২২॥

প্রথমে পিতৃলোকেরা বলিলেন—'গমনচরশ্রেষ্ঠ! তোমার সুখে আগমন

শ্রাদ্ধং দত্ত্বা চ ভুক্ত্বা চ পুরুষো যঃ স্ত্রিয়ং ব্রজেৎ।
পিতরস্তস্য তং মাসং তস্মিন্ রেতসি শেরতে ॥২৪॥
প্রবিভাগং তু পিণ্ডানাং প্রবক্ষ্যাম্যনুপূর্ব্বশঃ।
পিণ্ডো ত্বধস্তাদ্‌গচ্ছংস্তু অপ আবিশ্য ভাবয়েৎ ॥২৫॥
পিণ্ডং তু মধ্যমং তত্র পত্নী ত্বেকা সমশ্নুতে।
পিণ্ডস্তৃতীয়ো যস্তেষাং তং দদ্যাজ্জাতবেদসি ॥২৬॥
এষ শ্রাদ্ধবিধিঃ প্রোক্তো যথা ধর্ম্মো ন লুপ্যতে।
পিতরস্তস্য তুষ্যন্তি প্রহৃষ্টমনসঃ সদা।
প্রজা বিবর্দ্ধতে চাস্য অক্ষয়ং চোপতিষ্ঠতি ॥২৭॥

দেবদূত উবাচ।

আনুপূর্ব্ব্যেণ পিণ্ডানাং প্রবিভাগং পৃথক্ পৃথক্।
পিতৄণাং ত্রিষু সর্ব্বেষাং নিরুক্তং কথিতং ত্বয়া ॥২৮॥

ভারতকৌমুদী

প্রথমপ্রশ্নস্যোত্তরমাহ শ্রাদ্ধমিতি। তং শ্রাদ্ধসম্বন্ধিনম্ ॥২৪॥

প্রেতি। অপো জলমাবিশ্য গচ্ছতীতি ভাবয়েৎ শ্রাদ্ধকর্ত্তা চিন্তয়েৎ ॥২৫॥

পিণ্ডমিতি। পত্নী পিতুর্ভার্য্যা। জাতবেদসি বহ্নৌ ॥২৬॥

এষ ইতি। তস্য শ্রাদ্ধকর্ত্তুঃ। প্রজা সন্তানঃ, অক্ষয়ং ধনম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৭॥

অম্বিতি। ত্রিষু পিণ্ডেষু বিষয়েষু, নিরুক্তং প্রদানপ্রকারঃ ॥২৮॥

হইয়াছে ত ? তোমার মঙ্গল হউক, তুমি শ্রবণ কর, তুমি গূঢ়ার্থ উত্তম প্রশ্ন করিয়াছ ॥২৩॥

যে মানুষ শ্রাদ্ধ করিয়া বা যে মানুষ শ্রাদ্ধান্ন ভোজন করিয়া স্ত্রীসংসর্গ করে, তাহাদের পিতৃপুরুষেরা সেই মাস সেই শুক্রমধ্যে শয়ন করেন ॥২৪॥

আমি আনুপূর্ব্বীক পিণ্ডের ভাগ বলিতেছি, পিণ্ড নীচের দিকে যাইতে থাকিয়া জলে প্রবেশ করিয়া যাইতে থাকে; ইহাই শ্রাদ্ধকর্ত্তা চিন্তা করিবে ॥২৫॥

এক পিতৃপত্নীই সেই পিণ্ডত্রয়ের মধ্যে মধ্যম পিণ্ড ভোগ করেন, আর সেই পিণ্ডত্রয়ের মধ্যে যেটা তৃতীয় পিণ্ড সেইটাকে অগ্নিতে নিক্ষেপ করিবে ॥২৬॥

যাহাতে ধর্ম্ম লোপ না হয়, সেইভাবে এই শ্রাদ্ধবিধি বলা হইল; সেই শ্রাদ্ধকর্ত্তার পিতৃগণ হৃষ্টচিত্ত হইয়া সর্ব্বদা তাহার উপরে সন্তুষ্ট থাকেন এবং তাহার সন্তান বৃদ্ধি পায় ও অক্ষয় ধন উপস্থিত হয়' ॥২৭॥

একঃ সমুদ্রতঃ পিণ্ডো হ্যধাস্তৎ কস্য গচ্ছতি।
কংবা প্রীণয়তে দেবং কথং তারয়তে পিতৃন্ ॥২৯॥
মধ্যমং তু তদা পত্নী ভুঙ্‌ক্তেঽনুজ্ঞাতমেব হি।
কিমর্থং পিতরস্তস্য কব্যমেব চ ভুঞ্জতে ॥৩০॥
অত্র যস্ত্বন্তিমং পিণ্ডো গচ্ছতে জাতবেদসম্।
ভবতে কা গতিস্তস্য কং বা সমনুগচ্ছতি ॥৩১॥
এতদিচ্ছাম্যহং শ্রোতুং পিণ্ডেষু ত্রিষু যা গতিঃ।
ফলং বৃত্তিঞ্চ মার্গঞ্চ যশ্চৈনং প্রতিপদ্যতে ॥৩২॥

পিতর ঊচুঃ।

সুমহানেষ প্রশ্নো বৈ যস্ত্বয়া সমুদীরিতঃ।
রহস্যমদ্ভুতঞ্চাপি পৃষ্টাঃ স্ম গগনেচর! ॥৩৩॥

ভারতকৌমুদী

এক ইতি। কস্য উদ্দেশে। মধ্যমং পিণ্ডম্ ॥২৯॥
মধ্যমমিতি। অনুজ্ঞাতং ব্রাহ্মণেন। কব্যং পিতৃদেয়দ্রব্যম্ ॥৩০॥
অত্রেতি। অগ্নিঃ খলর্পণস্থানম্ উদ্দেশ্যস্তু ক ইতি প্রশ্নার্থঃ ॥৩১॥
এতদিতি। বৃত্তিং স্থিতিম্, এনং পিণ্ডম্, প্রতিপদ্যতে প্রাপ্নোতি ॥৩২॥
সুমহানিতি। রহস্যং গোপ্যম্, পৃষ্টা বয়ম্ ॥৩৩॥

দেবদূত বলিল—'আপনি আনুপূর্ব্বীকক্রমে পিণ্ডগুলির পৃথক্ পৃথক্ ভাগ এবং সমস্ত পিতৃলোকের তিনটী পিণ্ডদানের প্রকার বলিলেন ॥২৮॥

একটী পিণ্ড কাহার উদ্দেশে সমুদ্রের নীচ দিয়া গমন করে? কোন্ দেবতাকেই বা সন্তুষ্ট করে, কি প্রকারেই বা পিতৃলোককে উদ্ধার করিয়া থাকে? ॥২৯॥

তখন পত্নী ব্রাহ্মণের অনুমতিক্রমে মধ্যম পিণ্ড ভোজন করেন; কিন্তু শ্রাদ্ধকর্ত্তার পিতৃগণ কি জন্য কেবল পিতৃদেয় দ্রব্যই ভোজন করিয়া থাকেন? ॥৩০॥

এই শ্রাদ্ধে যে অন্তিম পিণ্ডটী অগ্নিতে নিক্ষিপ্ত হয়, তাহার কি গতি হইয়া থাকে? কোথায়ই বা সে যায়? ॥৩১॥

তিনটী পিণ্ডের যে গতি, তাহার যে ফল স্থিতি, পথ এবং যিনি সেই পিণ্ড প্রাপ্ত হন; আমি এই সমস্ত শুনিতে ইচ্ছা করি' ॥৩২॥

পিতৃগণ বলিলেন—'আকাশচর! তুমি যাহা বলিলে ইহা গুরুতর প্রশ্ন; তুমি আমাদের নিকটে অদ্ভুত গোপনীয় বিষয় প্রশ্ন করিয়াছ ॥৩৩॥

এতদেব প্রশংসন্তি দেবাশ্চ মুনয়স্তথা।
তেঽপ্যেবং নাভিজানন্তি পিতৃকার্য্যবিনিশ্চয়ম্।
বর্জ্জয়িত্বা মহাত্মানং চিরজীবিনমুত্তমম্ ॥৩৪॥
পিতৃভক্তস্তু যো বিপ্রো বরলব্ধো মহাযশাঃ।
ত্রয়াণামপি পিণ্ডানাং শ্রুত্বা ভগবতো গতিম্ ॥৩৫॥
দেবদূতেন যঃ পৃষ্টঃ শ্রাদ্ধস্য বিধিনিশ্চয়ঃ।
গতিং ত্রয়াণাং পিণ্ডানাং শৃণুষ্বাবহিতো মম ॥৩৬॥
অপো গচ্ছতি যো হ্যত্র শশিনং হ্যেষ প্রীণয়েৎ।
শশী প্রীণয়তে দেবান্ পিতৄংশ্চৈব মহামতে! ॥৩৭॥
ভুঙ্‌ক্তে তু পত্নী যং চৈষামনুজ্ঞাতা তু মধ্যমম্।
পুত্রকামায় পুত্রন্তু প্রযচ্ছন্তি পিতামহাঃ ॥৩৮॥

ভারতকৌমুদী

এতদিতি। পিতৃকার্য্যস্য শ্রাদ্ধস্য, বিনিশ্চয়ং পরিপাটীনির্ণয়প্রকারম্। চিরজীবিনং মার্কণ্ডেয়ম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৪॥

পিত্রিতি। লব্ধো বরো যেন স বরলব্ধঃ। অগ্ন্যাহিতাদিবদ্বিশেষণস্য পরনিপাতঃ। ভগবতো বিষ্ণোঃ সকাশাৎ শ্রুত্বা গতিমুবাচেতি শেষঃ ॥৩৫॥

দেবেতি। অত্র শ্রাদ্ধে ত্রয়াণাং পিণ্ডানাং গতিং প্রতিপত্তিস্থানম্ ॥৩৬॥

অপ ইতি। অপো জলম্, যঃ পিণ্ডঃ ॥৩৭॥

ভারতভাবদীপঃ

গবাং ফলমিতি শাস্ত্রসংক্ষেপঃ ॥১৫॥ শ্রোতার ইতি দ্বাভ্যাং শ্রদ্ধাপ্রশংসা ॥১৬—১৮॥ সনরান্ সহর্ষীন্ প্রাপ্তঃ প্রষ্টুমিতি শেষঃ ॥১৯—২১॥ পূজ্য সম্পূজ্য ॥২২—৩৩॥ চিরজীবিনং মার্কণ্ডেয়ম্

পিতৃগণ ও মুনিগণ এই বিষয়েরই প্রশংসা করেন, মহাত্মা দীর্ঘজীবী মার্কণ্ডেয় ব্যতীত তাঁহারাও এই পিতৃকার্য্যের নিরূপণ প্রকার জানেন না ॥৩৪॥

যে মহাযশা ব্রাহ্মণ পিতৃভক্ত বলিয়া পিতার নিকট বর লাভ করিয়াছিলেন; সেই মার্কণ্ডেয়ই ভগবান্ বিষ্ণুর নিকট শ্রবণ করিয়া তিনটী পিণ্ডেরই গতি বলিয়াছেন ॥৩৫॥

দেবদূত যে শ্রাদ্ধের বিধিবিষয়ে প্রশ্ন করিয়াছে, সেই শ্রাদ্ধে তিনটী পিণ্ডের গতির বিষয় আমার নিকট অবহিত হইয়া শ্রবণ কর ॥৩৬॥

মহামতি! এই শ্রাদ্ধে যে পিণ্ড জলে গমন করে, সেই পিণ্ড চন্দ্রকে সন্তুষ্ট করিয়া থাকে; চন্দ্র আবার দেবগণ ও পিতৃগণকে সন্তুষ্ট করেন ॥৩৭॥

হব্যবাহে তু যঃ পিণ্ডো দীয়তে তন্নিবোধ মে।
পিতরস্তেন তৃপ্যন্তি প্রীতাঃ কামান্ দিশন্তি চ।
এতত্তে কথিতং সর্ব্বং ত্রিষু পিণ্ডেষু যা গতিঃ ॥৩৯॥
ঋত্বিগ্ যো যজমানস্য পিতৃত্বমনুগচ্ছতি।
তস্মিন্নহনি মন্যন্তে পরিহার্য্যং হি মৈথুনম্ ॥৪০॥
শুচিনা তু সদা শ্রাদ্ধং ভোক্তব্যং খেচরোত্তম!।
যে ময়া কথিতা দোষাস্তে তথাস্যুর্ন চান্যথা।
তস্মাৎ স্নাতঃ শুচিঃ ক্ষান্তঃ শ্রাদ্ধং ভুঞ্জীত বৈ দ্বিজঃ ॥৪১॥
প্রজা বিবর্দ্ধতে চাস্য যশৈচবং সম্প্রযচ্ছতি।
ততো বিদ্যুৎপ্রভো নাম ঋষিরাহ মহাতপাঃ ॥৪২॥

ভারতকৌমুদী

ভুঙ্ক্ত ইতি। এষাং পিণ্ডানাং মধ্যে যং মধ্যমং পিণ্ডম্। তৎ ফলীভূতং পুত্রম্ ॥৩৮॥

হব্যেতি। হব্যবাহে অগ্নৌ, তৎ তস্য ফলম্। দিশন্তি দদতি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৯॥

ঋত্বিগিতি। য ঋত্বিক্ শ্রাদ্ধভোজনেন যজমানস্য পিতৃত্বমনুগচ্ছতি প্রাপ্নোতি, তস্মিন্নহনি তস্য মৈথুনং পরিহার্য্যং মন্যন্তে মুনয়ঃ, যজমানপিতৃত্বেন স্বভার্য্যায়া অপি পরভার্য্যারূপত্বাদিতি ভাবঃ ॥৪০॥

শুচিনেতি। দোষা মৈথুনাদিজাতাঃ। ক্ষান্তঃ ক্ষমাশীলঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪১॥

প্রজেতি। প্রজা সন্তানঃ। এবং শ্রাদ্ধম্ ॥৪২॥

পত্নী ব্রাহ্মণের অনুমতিক্রমে তিনটী পিণ্ডের মধ্যে যে মধ্যম পিণ্ডটী ভোজন করেন, তাহার ফলরূপে পিতৃলোকেরা পুত্রকামী শ্রাদ্ধকর্ত্তাকে পুত্র দান করিয়া থাকেন ॥৩৮॥

যে পিণ্ড অগ্নিতে নিক্ষেপ করা হয়, তাহার ফল আমার নিকট শ্রবণ কর। পিতৃলোকেরা সেই পিণ্ডের ফলে সন্তুষ্ট হন এবং সন্তুষ্ট হইয়া শ্রাদ্ধকর্ত্তার সমস্ত অভীষ্ট দান করেন। তিনটী পিণ্ডের যে গতি, এই আমি তোমার নিকট সে সমস্তই বলিলাম ॥৩৯॥

যে পুরোহিত শ্রাদ্ধান্ন ভোজন করিয়া শ্রাদ্ধকর্ত্তার পিতৃত্ব প্রাপ্ত হন, সেই পুরোহিতের সেই দিন মৈথুন বর্জ্জন করা উচিত, ইহা মুনিরা মনে করেন ॥৪০॥

গগনচরশ্রেষ্ঠ! ব্রাহ্মণ পবিত্র হইয়া সর্ব্বদা শ্রাদ্ধান্ন ভোজন করিবেন। আমি শ্রাদ্ধ সম্বন্ধে যে সকল দোষের কথা বলিয়াছি, সেগুলি সেরূপই হইয়া থাকে, না হওয়ার সম্ভাবনা নাই; অতএব ব্রাহ্মণ স্নান করিয়া পবিত্র ও ক্ষমাশীল হইয়া শ্রাদ্ধান্ন ভোজন করিবেন ॥৪১॥

আদিত্যতেজসা তস্য তুল্যং রূপং প্রকাশতে।
স চ ধর্ম্মরহস্যানি শ্রুত্বা শক্রমথাব্রবীৎ ॥৪৩॥
তির্য্যগ্‌যোনিগতান্ সত্ত্বান্ মর্ত্ত্যা হিংসন্তি মোহিতাঃ।
কীটান্ পিপীলিকান্ সর্পান্ মেষান্ সমৃগপক্ষিণঃ।
কিল্বিষং সুবহু প্রাপ্তাঃ কিং স্বিদেষাং প্রতিক্রিয়া ॥৪৪॥
ততো দেবগণাঃ সর্ব্বে ঋষয়শ্চ তপোধনাঃ।
পিতরশ্চ মহাভাগাঃ পূজয়ন্তি স্ম তং মুনিম্ ॥৪৫॥
কুরুক্ষেত্রং গয়াং গঙ্গাং প্রভাসং পুষ্করাণি চ।
এতানি মনসা ধ্যাত্বা অবগাহেত্ততো জলম্।
তথা মুচ্যতি পাপেন রাহুণা চন্দ্রমা যথা ॥৪৬॥

ভাবতকৌমুদী

আদিত্যেতি। ধর্ম্মস্য রহস্যানি গুপ্তবিষয়ান্, শক্রমিন্দ্রম্ ॥৪৩॥

তির্য্যগিতি। সত্ত্বান্ জন্তূন্, মর্ত্ত্যা মানুষাঃ। প্রতিক্রিয়া নাশোপায়ঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৪॥

তত ইতি। পূজয়ন্তি স্ম যোগ্যপ্রশ্নকরণাৎ প্রশংসন্তি স্ম ॥৪৫॥

কুর্ব্বিতি। এতানি তীর্থানি। মুচ্যতি মুচ্যতে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৬॥

ভারতভাবদীপঃ

।৩৪—৩৯॥ যতঃ ঋত্বিক্ শ্রাদ্ধভোক্তা যজমানস্য পিতৃত্বং গচ্ছতি তস্মাদস্যাত্মজাং গচ্ছঃ স্বস্ত্রিয়ং ন গচ্ছেৎ, পারদার্য্যদোষতুল্যং হেতদিত্যর্থঃ ॥৪০॥ এতচ্চ বরণমারভ্য দ্রষ্টব্যমিত্যাশয়েনাহ—

যিনি এইরূপ শ্রাদ্ধ করেন, তাঁহার সন্তান বৃদ্ধি পায়। তাহার পর 'বিদ্যুৎ-প্রভ' নামক মহাতপা এক ঋষি বলিলেন—॥৪২॥

'সেই শ্রাদ্ধকর্ত্তার রূপ সূর্য্যের রূপের তুল্য হইয়া প্রকাশ পায়।' পরে তিনি ধর্ম্মের গুপ্ত বিষয় শুনিয়া ইন্দ্রকে বলিলেন—॥৪৩॥

'মানুষেরা মোহিত হইয়া তির্য্যগ্‌জন্তু, কীট, পিপীলিকা, সর্প, মেষ, মৃগ ও পক্ষিগণকে বধ করে, তাহাতে তাহারা বহুতর পাপভাগী হয়, কিন্তু সেই পাপের প্রতীকার কি?' ॥৪৪॥

তাহার পর সমস্ত দেবগণ, তপোধন ঋষিগণ এবং মহাত্মা পিতৃগণ সেই বিদ্যুৎপ্রভমুনির প্রশংসা করিলেন ॥৪৫॥

ইন্দ্র বলিলেন—'কুরুক্ষেত্র, গয়া, গঙ্গা, প্রভাস ও পুষ্কর—এই তীর্থগুলিকে মনে মনে চিন্তা করিয়া তাহার পর জলে অবগাহন করিবে, তাহা করিলেই চন্দ্র যেমন রাহুকর্ত্তৃক মুক্ত হন, তেমন মানুষ পাপকর্ত্তৃক মুক্ত হইয়া থাকে ॥৪৬॥

(৪৪) নিত্যং হিংসন্তি মোহিতাঃ—পি।

ত্র্যহং স্নাতঃ স ভবতি নিরাহারশ্চ বর্ত্ততে।
স্পৃশতে যো গবাং পৃষ্ঠং বালধিঞ্চ নমস্যতি ॥৪৭॥
ততো বিদ্যুৎপ্রভো বাক্যমভ্যভাষত বাসবম্।
অয়ং সূক্ষ্মতরো ধর্ম্মস্তং নিবোধ শতক্রতো!॥৪৮॥
ঘৃষ্টো বটকষায়েণ অনুলিপ্তঃ প্রিয়ঙ্গুণা।
ক্ষীরেণ ষষ্টিকান্ ভুক্ত্বা সর্বপাপৈঃ প্রমুচ্যতে ॥৪৯॥
শ্রূয়তাং চাপরং গুহ্যং রহস্যমৃষিচিন্তিতম্।
শ্রুতং মে ভাষমাণস্য স্থাণোঃ স্থানে বৃহস্পতেঃ ॥৫০॥
রুদ্রেণ সহ দেবেশ! তন্নিবোধ শচীপতে!।
পর্বতারোহণং কৃত্বা একপাদো বিভাবসুম্ ॥৫১॥
নিরীক্ষেত নিরাহার ঊর্দ্ধবাহুঃ কৃতাঞ্জলিঃ।
তপসা মহতা যুক্ত উপবাসফলং লভেৎ ॥৫২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ত্র্যহমিতি। বালধিং লাঙ্গূলম্। গোপৃষ্ঠে লাঙ্গুলস্পর্শো গবে নমস্কারশ্চ ত্র্যহং তীর্থস্নানস্য উপবাসস্য চ সমানাবিতি ভাবঃ ॥৪৭॥

তত ইতি। বাসবমিন্দ্রম্। নিবোধ শৃণু ॥৪৮॥

ঘৃষ্ট ইতি। ঘৃষ্টো ঘৃষ্টগাত্রঃ। ষষ্টিকান্ শাকবিশেষান্ ॥৪৯॥

শ্রূয়তামিতি। রহস্যং নির্জ্জনে বক্তব্যম্। স্থাণোর্মহাদেবস্য ॥৫০॥

রুদ্রেণেতি। হে দেবেশ শচীপতে! ত্বং রুদ্রেণ সহ তন্নিবোধ। বিভাবসুং সূর্য্যম্। তপসা এতদ্রূপেণ ॥৫১—৫২॥

যে লোক গরুর পৃষ্ঠ ও লাঙ্গূল স্পর্শ করে এবং গরুকে নমস্কার করে; সেই লোক তিন দিন তীর্থস্নানের ফল ও উপবাসের ফল লাভ করিয়া থাকে' ॥৪৭॥

তাহার পর বিদ্যুৎপ্রভমুনি ইন্দ্রকে বলিলেন—'দেবরাজ! এইটী অতি-সূক্ষ্ম ধর্ম্ম, ইহা আপনি শ্রবণ করুন ॥৪৮॥

বটের জটা দেহে ঘর্ষণ করিলে, প্রিয়ঙ্গু চূর্ণ গাত্রে লেপন করিলে এবং ষষ্টি-শাক দুগ্ধের সহিত ভোজন করিলে মানুষ সমস্ত পাপ হইতে মুক্ত হয় ॥৪৯॥

একদা মহাদেবের নিকটে বৃহস্পতি বলিতেছিলেন, আমি তাহা শুনিয়াছিলাম। এই বিষয়টী গোপনীয়, নির্জ্জনে বক্তব্য এবং ঋষিগণ-চিন্তিত; সুতরাং আপনি ইহা শ্রবণ করুন ॥৫০॥

দেবরাজ ইন্দ্র! আপনি রুদ্রের সহিত সেই বিষয় শ্রবণ করুন। মানুষ আহার করিবার পূর্ব্বে পর্ব্বতে আরোহণ করিয়া একপাদে দাঁড়াইয়া এবং ঊর্দ্ধ বাহু ও

রশ্মিভিস্তাপিতোঽর্কস্য সর্বপাপমপোহতি।
গ্রীষ্মকালেঽথবা শীতে এবং পাপমপোহতি ॥৫৩॥
ততঃ পাপাৎ প্রমুক্তস্য দ্যুতির্ভবতি শাশ্বতী।
তেজসা সূর্য্যবদ্দীপ্তো ভ্রাজতে সোমবৎ পুনঃ ॥৫৪॥
মধ্যে ত্রিদশবর্গস্য দেবরাজঃ শতক্রতুঃ।
উবাচ মধুরং বাক্যং বৃহস্পতিমনুত্তমম্ ॥৫৫॥
ধর্ম্মগুহ্যন্তু ভগবন্মানুষাণাং সুখাবহম্।
সরহস্যাশ্চ যে দোষাস্তান্ যথাবদুদীরয় ॥৫৬॥

বৃহস্পতিরুবাচ।

প্রতিমেহন্তি যে সূর্য্যমনিলং দ্বিষতে চ যে।
হব্যবাহে প্রদীপ্তে চ সমিধং যে ন জুহ্বতি ॥৫৭॥
বালবৎসাঞ্চ যে ধেনুং দুহন্তি ক্ষীরকারণাৎ।
তেষাং দোষান্ প্রবক্ষ্যামি তান্নিবোধ শচীপতে! ॥৫৮॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

রশ্মিভিরিতি। অপোহতি ক্ষপয়তি ॥৫৩॥

তত ইতি। শাশ্বতী চিরস্থায়িনী ॥৫৪॥

মধ্য ইতি। ত্রিদশবর্গস্য দেবগণস্য। ন বিদ্যতে উত্তমং যস্মাৎ তৎ ॥৫৫॥

ধর্মেতি। ধর্মে বিষয়ে গুহ্যং গোপনীয়ম। সরহস্যা গুপ্তব্যাপারসহিতাঃ।৫৬॥

প্রতীতি। সূর্য্যং প্রতি সূর্য্যাভিমুখ্যেন মেহন্তি মূত্রয়ন্তি, অনিলং বায়ুম। হব্যবাহে যজ্ঞাগ্নৌ, বালঃ কেবলদুগ্ধপায়ী বৎসো যস্যাস্তাম্ ॥৫৭—৫৮॥

কৃতাঞ্জলি হইয়া একটু কাল সূর্য্যকে দর্শন করিবে। তাহাতেই সেই মানুষ গুরুতর তপস্যাযুক্ত হইয়া উপবাসের ফল লাভ করিবে ॥৫১—৫২॥

সেই মানুষ সূর্য্যের কিরণে সন্তাপিত হইয়া সমস্ত পাপ নষ্ট করিতে পারে। গ্রীষ্মকালে বা শীতকালে এইরূপ করিলেই সমস্ত পাপ নষ্ট করিতে পারিবে ॥৫৩॥

তাহার পর পাপমুক্ত সেই মানুষের চিরস্থায়িনী কান্তি হইয়া থাকে, তেজে সূর্য্যের ন্যায় দীপ্তি পায় এবং চন্দ্রের ন্যায় শোভা পাইতে থাকে ॥৫৪॥

তাহার পর দেবরাজ ইন্দ্র, দেবগণের মধ্যে থাকিয়া বৃহস্পতির নিকট এই সর্বোত্তম মধুর বাক্য বলিলেন—॥৫৫॥

'ভগবন্! মানুষের সুখজনক গুপ্ত ধর্ম্মতত্ত্ব এবং গুপ্ত ব্যাপারের সহিত যে সমস্ত দোষের সম্ভব হয়, সেইগুলি আপনি যথাযথভাবে বলুন' ॥৫৬॥

ভানুমাননিলশ্চৈব হব্যবাহশ্চ বাসব ! ।
লোকানাং মাতরশ্চৈব গাবঃ সৃষ্টাঃ স্বয়ম্ভুবা ॥৫৯॥
লোকাংস্তারয়িতুং শক্তা মর্ত্ত্যেম্বেতেষু দেবতাঃ ।
সর্ব্বে ভবন্তঃ শৃণ্বন্তু একৈকং ধর্ম্মনিশ্চয়ম্ ॥৬০॥
বর্ষাণি ষড়শীতিস্তু দুর্ব্বৃত্তাঃ কুলপাংসনাঃ ।
স্ত্রিয়ঃ সর্বাশ্চ দুর্ব্বৃত্তাঃ প্রতিমেহন্তি যা রবিম্ ।
অনিলদ্বেষিণঃ শক্র ! গর্ভস্থা চ্যবতে প্রজা ॥৬১॥
হব্যবাহস্য দীপ্তস্য সমিধং যে ন জুহ্বতি ।
অগ্নিকার্য্যেষু বৈ তেষাং হব্যং নাশ্নাতি পাবকঃ ॥৬২॥

ভারতকৌমুদী

ভানুমানিতি। ভানুমান্ রশ্মিবান্ সূর্য্যঃ। স্বয়ম্ভুবা ব্রহ্মণা ॥৫৯॥

লোকানিতি। এতা ভাস্করাদযো দেবতাঃ ॥৬০॥

বর্ষাণীতি। কুলপাংসনা বংশদূষকাঃ, রবিং প্রতিমেহন্তি মূত্রযন্তি। তেষাং বংশে তাসাং স্ত্রীণাঞ্চ ষড়শীতিবর্ষাণি যাবৎ গর্ভস্থা প্রজা সন্তানঃ চ্যবতে স্রবতি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬১॥

হব্যেতি। অগ্নিকার্য্যেষু যজ্ঞাদিষু, হব্যং দেবদেয়দ্রব্যম্ ॥৬২॥

বৃহস্পতি বলিলেন—'যাঁহারা সূর্য্যের অভিমুখে প্রস্রাব করে, যাহারা বায়ুর প্রতি বিদ্বেষ করিয়া থাকে, যজ্ঞের অগ্নি প্রজ্বলিত হইলে তাহাতে যাহারা সমিৎ প্রক্ষেপ না করে এবং যাহারা দুগ্ধের জন্য বালবৎসা ধেনুকে দোহন করে; তাহাদের দোষের বিষয় আমি বলিতেছি; দেবরাজ! আপনি তাহা শ্রবণ করুন ॥৫৭—৫৮॥

দেবরাজ! সূর্য্য, বায়ু, অগ্নি এবং লোকমাতা গো ইহাদিগকে স্বয়ং ব্রহ্মা সৃষ্টি করিয়াছেন ॥৫৯॥

এই দেবতারা মর্ত্ত্যলোকের লোকদিগকে বিপদ হইতে উদ্ধার করিতে সমর্থ। সে যাহা হউক, আপনারা সকলে এক একটী ধর্ম্মতত্ত্ব শ্রবণ করুন ॥৬০॥

ইন্দ্র! যে সকল বংশদূষক দুর্ব্বৃত্ত পুরুষ এবং দুর্ব্বৃত্ত স্ত্রী সূর্য্যের অভিমুখে প্রস্রাব করে কিংবা যাহারা বায়ুর উপরে বিদ্বেষ করে, তাহাদের ষড়শীতি বৎসর যাবৎ অকালে গর্ভস্রাব হয় ॥৬১॥

যজ্ঞের অগ্নি প্রজ্বলিত হইলে তাহাতে যাহারা সমিধ নিক্ষেপ না করে, তাহাদের অগ্নিকার্য্যে অগ্নি হব্য গ্রহণ করেন না ॥৬২॥

---

(৫৯) হব্যবাট্ চৈব বাসবঃ—পি।

ক্ষীরন্তু বালবৎসানাং যে পিবন্তীহ মানবাঃ।
ন তেষাং ক্ষীরপাঃ কেচিজ্জায়ন্তে কুলবর্দ্ধনাঃ।
প্রজাক্ষয়েণ যুজ্যন্তে কুলবংশক্ষয়েণ চ ॥৬৩॥
এবমেতৎ পুরা দৃষ্টং কুলবৃদ্ধৈর্দ্বিজাতিভিঃ।
তস্মাদ্বর্জ্জ্যানি বর্জ্জ্যানি কার্য্যং কার্য্যঞ্চ নিত্যশঃ।
ভূতিকামেন মর্ত্ত্যেন সত্যমেতদ্‌ব্রবীমি তে ॥৬৪॥
ততঃ সর্ব্বা মহাভাগদেবতাঃ সমরুদ্‌গণাঃ।
ঋষয়শ্চ মহাভাগাঃ পৃচ্ছন্তি স্ম পিতৄংস্ততঃ ॥৬৫॥
পিতরঃ কেন তুষ্যন্তি মর্ত্ত্যানামল্পচেতসাম্।
অক্ষয়ঞ্চ কথং দানং ভবেচ্চৈবৌর্দ্ধদেহিকম্ ॥৬৬॥
আনৃণ্যং বা কথং মর্ত্ত্যা গচ্ছেয়ুঃ কেন কর্ম্মণা।
এতদিচ্ছামহে শ্রোতুং পরং কৌতূহলং হি নঃ ॥৬৭॥

ভাবতকৌমুদী

ক্ষীরমিতি। বালবৎসানাং গবাম্। ক্ষীরপাঃ পুত্রাদয়ঃ প্রজাক্ষয়েণ সন্তানলোপেন, কুলবংশক্ষয়েণ গোত্রস্তবনাশেন চ যুজ্যন্তে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৩॥

এবমিতি। বর্জ্জ্যানি শাস্ত্রে বর্জ্জ্যতয়োক্তানি, কার্য্যং শাস্ত্রে কর্ত্তব্যতয়োক্তম্। ভূতিকামেন সম্পদভিলাষিণা। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৪॥

তত ইতি। মরুদ্‌গণৈর্ব্বায়ুভিঃ সহেতি তাঃ ॥৬৫॥

পিতর ইতি। অল্পচেতসাম্ অল্পজ্ঞতয়া ক্ষুদ্রমনসাম্ ॥৬৬॥

আনৃণ্যমিতি। আনৃণ্যং পিতৄণামৃণশূন্যত্বম্ ॥৬৭॥

যে সকল মানুষ, বালবৎসা ধেনুদিগের দুগ্ধ পান করে; তাহাদের বংশে বংশবর্দ্ধক দুগ্ধপায়ী কোন সন্তান জন্মগ্রহণ করে না এবং তাহাদের সন্তান লোপ পায় ও বংশের ঝাড়ও লুপ্ত হইয়া যায় ॥৬৩॥

বংশের বৃদ্ধ ব্রাহ্মণেরা পূর্ব্বে এইরূপই ইহা দেখিয়া গিয়াছেন; অতএব ঐশ্বর্য্যকামী মানুষ সর্বদা বর্জ্জনীয় কার্য্য বর্জ্জন করিবে এবং কর্ত্তব্য কার্য্য করিবে; ইহা আমি তোমার নিকট সত্য বলিলাম' ॥৬৪॥

তদনন্তর বায়ুগণের সহিত সমস্ত মহাভাগ দেবতাগণ ও মহাভাগ ঋষিগণ তত্রত্য পিতৃগণের নিকট প্রশ্ন করিলেন—॥৬৫॥

'পিতৃলোকেরা ক্ষুদ্রচেতা মনুষ্যগণের উপরে কোন্ কার্য্যদ্বারা সন্তুষ্ট হন? এবং তাহাদের ঔর্দ্ধদেহিক দান কি প্রকারেই বা অক্ষয় হয়? ॥৬৬॥

(৬৪) ভূমিকামেন মর্ত্ত্যেন—বঙ্গ বর্দ্ধ।

পিতর ঊচুঃ।

ন্যায়তো বৈ মহাভাগাঃ! সংশয়ঃ সমুদাহৃতঃ।
শ্রূয়তাং যেন তুষ্যামো মর্ত্ত্যানাং সাধু কর্ম্মণাম্ ॥৬৮॥
নীলষণ্ডপ্রমোক্ষেণ অমাবাস্যাং তিলোদকৈঃ।
বর্ষাসু দীপকৈশ্চৈব পিতৄণামনৃণো ভবেৎ ॥৬৯॥
অক্ষয়ং নির্ব্যলীকঞ্চ দানমেতন্মহাফলম্।
অস্মাকং পরিতোষশ্চ অক্ষয়ঃ পরিকীর্ত্ত্যতে ॥৭০॥
শ্রদ্দধানাশ্চ যে মর্ত্ত্যা আহরিষ্যন্তি সন্ততিম্।
দুর্গাত্তে তারয়িষ্যন্তি নরকাৎ প্রপিতামহান্ ॥৭১॥
পিতৄণাং ভাষিতং শ্রুত্বা হৃষ্টরোমা তপোধনঃ।
বৃদ্ধগার্গ্যো মহাতেজাস্তানেবং বাক্যমব্রবীৎ ॥৭২॥

ভারতকৌমুদী

ন্যায়ত ইতি। সংশয়ঃ সন্দিগ্ধবিষয়ঃ, সমুদাহৃতো যুষ্মাভিরুক্তঃ ॥৬৮॥

নীলেতি। অমাবাস্যাং প্রাপ্য নীলষণ্ডপ্রমোক্ষেণ নীলবর্ণবৃষদানেন। দীপকৈর্দীপদানৈঃ ॥৬৯॥

অক্ষয়মিতি। নির্ব্যলীকং পিতৄণাং প্রিয়ম্। "ব্যলীকন্ত্বপ্রিয়েঽনৃতে" ইত্যমরঃ ॥৭০॥

শ্রদিতি। আহরিষ্যন্তি উৎপাদয়িষ্যন্তি, সন্ততিং পুত্রাদিম্ ॥৭১॥

পিতৄণামিতি। হৃষ্টরোমা বিস্ময়েন রোমাঞ্চিতদেহঃ ॥৭২॥

মানুষেরা কোন্ কর্ম্মদ্বারাই বা পিতৃগণের নিকট অনৃণী হয়; ইহা আমরা শুনিতে ইচ্ছা করি। কারণ, ইহা শুনিবার জন্য আমাদের অত্যন্ত কৌতুক জন্মিয়াছে' ॥৬৭॥

পিতৃগণ বলিলেন—'মহাভাগগণ। আপনারা ন্যায় অনুসারেই সন্দিগ্ধ বিষয় জিজ্ঞাসা করিয়াছেন। আমরা যে কার্য্যদ্বারা সৎকর্ম্মকারী মনুষ্যগণের উপরে সন্তুষ্ট হইয়া থাকি; তাহা আপনারা শ্রবণ করুন ॥৬৮॥

অমাবস্যা তিথিতে নীলবর্ণ বৃষ দান, তিলযুক্ত জলদ্বারা তর্পণ এবং বর্ষাকালে প্রদীপদানদ্বারা মানুষ পিতৃগণের নিকট অনৃণী হয় ॥৬৯॥

এই দান অক্ষয়, পিতৃলোকের প্রিয় এবং মহাফলজনক; আর এই দানের গুণে আমাদের অক্ষয় পরিতোষ হয় বলিয়া কথিত হইয়া থাকে ॥৭০॥

যে সকল মানুষ শ্রদ্ধাশীল হইয়া সন্তান উৎপাদন করিবে, তাহারা দুর্গম নরক হইতে পিতৃলোকদিগকে উদ্ধার করিবে ॥৭১॥

(৬৯) নীলষণ্ডবিমোক্ষেণ...বর্ষাসু দীপদানেন...শুদ্ধিতত্ত্বে স্মার্ত্তধৃতম্।

কে গুণা নীলষণ্ডস্য প্রমুক্তস্য তপোধনাঃ ! ।
বর্ষাসু দীপদানেন তথৈব চ তিলোদকৈঃ ॥৭৩॥

পিতর ঊচুঃ।

নীলষণ্ডস্য লাঙ্গূলং তোয়মভ্যুদ্ধরেদ্ যদি।
ষষ্টিং বর্ষসহস্রাণি পিতরস্তেন তর্পিতাঃ ॥৭৪॥
যস্তু শৃঙ্গগতং পঙ্কং কূলাদুদ্ধৃত্য তিষ্ঠতি।
পিতরস্তেন গচ্ছন্তি সোমলোকমসংশয়ম্ ॥৭৫॥
বর্ষাসু দীপদানেন শশিবচ্ছোভতে নরঃ।
তমোরূপং ন তস্যাস্তি দীপকং যঃ প্রযচ্ছতি ॥৭৬॥
অমাবস্যান্তু যে মর্ত্ত্যাঃ প্রযচ্ছন্তি তিলোদকম্।
পাত্রমৌদুম্বরং গৃহ্য মধুমিশ্রং তপোধন ! ॥৭৭॥

ভারতকৌমুদী

ক ইতি। গুণাঃ ফলানি, নীলষণ্ডস্য নীলবৃষস্য, প্রমুক্তস্য দত্তস্য ॥৭৩॥

নীলেতি। অভ্যুদ্ধরেৎ জলাশয়াদুত্তোলয়েৎ ॥৭৪॥

য ইতি। যঃ কূলাৎ জলাশয়তীরাৎ পঙ্কমুদ্ধৃত্য তমেব পঙ্কং শৃঙ্গগতং কৃত্বা তিষ্ঠতী-ত্যর্থঃ। তস্য তেন কর্ম্মণা ॥৭৫॥

বর্ষাস্বিতি। তমোরূপং কৃষ্ণকান্তিঃ তমোগুণজনিতমোহো বা ॥৭৬॥

তপোধন ও মহাতেজা বৃদ্ধগার্গ্য পিতৃগণের বাক্য শুনিয়া পুলকিত হইয়া তাঁহাদিগকে এইরূপ বাক্য বলিলেন—॥৭২॥

'তপোধনগণ ! নীলবৃষ দানে, বর্ষাকালে দীপ দানে এবং তিলযুক্ত জলদ্বারা তর্পণে কি কি ফল হয় ?' ॥৭৩॥

পিতৃগণ বলিলেন—'নীলবৃষের লাঙ্গূল যদি কোন জলাশয় হইতে জল উত্তোলন করে, তবে পিতৃগণ তাহাদ্বারা ষষ্টি সহস্র বৎসর যাবৎ তৃপ্তি লাভ করিয়া থাকেন ॥৭৪॥

যে নীলবৃষ শৃঙ্গদ্বারা কোন জলাশয়ের তীর হইতে কর্দ্দম উত্তোলন করিয়া দাঁড়াইয়া থাকে; তবে তাহার সেই কার্য্যদ্বারা পিতৃগণ নিঃসংশয়ে চন্দ্রলোকে গমন করেন ॥৭৫॥

মানুষ বর্ষাকালে দীপদানের ফলে চন্দ্রের ন্যায় শোভা পায়; আর যে লোক দীপ দান করে, তাহার মোহ থাকে না ॥৭৬॥

কৃতং ভবতি তৈঃ শ্রাদ্ধং সরহস্যং যথার্থবৎ।
হৃষ্টপুষ্টমনাস্তেষাং প্রজা ভবতি নিত্যদা ॥৭৮॥ (যুগ্মকম্)
কুলবংশস্য বৃদ্ধিস্তু পিণ্ডদস্য ফলং ভবেৎ।
শ্রদ্দধানস্তু যঃ কুর্য্যাৎ পিতৃণামনৃণো ভবেৎ ॥৭৯॥
এবমেষ সমুদ্দিষ্টঃ শ্রাদ্ধকালক্রমস্তথা।
বিধিঃ পাত্রং ফলঞ্চৈব যথাবদনুকীর্ত্তিতম্ ॥৮০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসন-পর্ব্বণি দানধর্ম্মে শ্রাদ্ধধর্ম্মকথনে ষড়ধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অমেতি। অমাবস্যাং প্রাপ্যেতি শেষঃ। ঔদুম্বরং তাম্রময়ম্, গৃহ্য গৃহীত্বা। সরহস্যং সমন্ত্রকম্। প্রজা সন্তানঃ ॥৭৭—৭৮॥

কুলেতি। কুলবংশস্য গোত্রস্তবস্য, কুর্য্যাৎ শ্রাদ্ধম্ ॥৭৯॥

উপসংহরতি এবমিতি। ক্রমঃ পরিপাটী ॥৮০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে ষড়ধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

শুচিনেতি ॥৪১—৫০॥ বটকষায়েণ বটজটাকষায়েণ, প্রিয়ঃ রাজসর্ষপঃ, ষষ্টিকান্ ষষ্টিরাত্রেণ পক্বং ধান্যম্ ॥৫১—৫২॥ বিভাবসুং সূর্য্যম্ ॥৫৩—৮০॥

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষডধিকশততমোঽধ্যায়ঃ ॥১০৬॥

তপোধন! যে সকল মানুষ অমাবস্যা তিথিতে তাম্রময় পাত্র গ্রহণ করিয়া পিতৃগণের উদ্দেশে মধুমিশ্রিত তিলোদক দান করে, তাহাদের মন্ত্রসমন্বিত যথার্থ শ্রাদ্ধই করা হয়; আর তাহাদের সন্তানগণ সর্ব্বদাই হৃষ্টপুষ্ট চিত্ত হইয়া থাকে ॥৭৭—৭৮॥

সেই তিথিতে পিণ্ডদানকারীর বংশবৃদ্ধিরূপ ফল হয় এবং যে লোক শ্রদ্ধা-যুক্ত হইয়া শ্রাদ্ধ করে, সেই লোক পিতৃগণের নিকট অনৃণী হয় ॥৭৯॥

তপোধন! এই আমি শ্রাদ্ধের কাল, পরিপাটী ও বিধি বলিলাম এবং শ্রাদ্ধের পাত্র ও ফল যথাযথভাবে কহিলাম' ॥৮০॥

---

* '·পঞ্চনিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '··অষ্টাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ'—নি।

সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

ভীষ্ম উবাচ।

কেন তে চ ভবেৎ প্রীতিঃ কথং তুষ্টিস্তু গচ্ছসি।
ইতি পৃষ্টঃ সুরেন্দ্রেণ প্রোবাচ হরিরীশ্বরঃ ॥১॥

বিষ্ণুরুবাচ।

ব্রাহ্মণানাং পরীবাদো মম বিদ্বেষণং মহৎ।
ব্রাহ্মণৈঃ পূজিতৈর্নিত্যং পূজিতোঽহং ন সংশয়ঃ ॥২॥
নিত্যাভিবাদ্যা বিপ্রেন্দ্রা ভুক্ত্বা পাদৌ তথাত্মনঃ।
তেষাং তুষ্যামি মর্ত্ত্যানাং যশ্চক্রে চ বলিং হরেৎ ॥৩॥
বামনং ব্রাহ্মণং দৃষ্ট্বা বরাহঞ্চ জলোত্থিতম্।
উদ্ধৃতাং ধরণীঞ্চৈব মূর্দ্ধ্না ধারয়তে তু যঃ।
ন তেষামশুভং কিঞ্চিৎ কল্মষং চোপপদ্যতে ॥৪॥

ভারতকৌমুদী

কেনেতি। প্রীতিরামোদঃ তুষ্টিশ্চ মনসঃ প্রফুল্লতা ॥১॥

ব্রাহ্মণানামিতি। বিদ্বেষণং বিদ্বেষজনকঃ। এতেনাত্মনো ব্রাহ্মণাভিন্নত্বং সূচিতম্ ॥২॥

নিত্যেতি। ভুক্ত্বা আত্মনঃ পাদৌ তথাভিবাদ্যৌ। যো মর্ত্ত্যগণঃ চক্রে তীর্থমৃত্তিকাযা-মুৎকীর্ণে সুদর্শনচক্রে, বলিং মম পূজোপহারম্, হরেদ্দদ্যাৎ ॥৩॥

ভীষ্ম বলিলেন—'নারায়ণ! কোন্ কার্য্যদ্বারা আপনার প্রীতি হয়, কোন্ কার্য্য করিলেই বা আপনি সন্তোষ লাভ করেন, ইন্দ্র এইরূপ প্রশ্ন করিলে, জগদীশ্বর নারায়ণ বলিতে লাগিলেন ॥১॥

নারায়ণ বলিলেন—'ব্রাহ্মণগণের অপবাদ করা, আমার অত্যন্ত বিদ্বেষজনক; আর সর্ব্বদা ব্রাহ্মণগণের পূজা করিলে, আমি পূজিত হইয়া থাকি; এই বিষয়ে কোন সন্দেহ নাই ॥২॥

সর্ব্বদা ব্রাহ্মণশ্রেষ্ঠগণের অভিবাদন করিবে এবং ভোজনের পরে আপন পাদদ্বয়েরও সেবা করিবে; আর যাহারা তীর্থের তীরের মৃত্তিকায় সুদর্শন-চক্র অঙ্কিত করিয়া তাহার উপরে আমার পূজার উপহার দান করে, সেই মনুষ্যগণের উপরে আমি সন্তুষ্ট হই ॥৩॥

অশ্বত্থং রোচনাং গাঞ্চ পূজয়েদ্যো নরঃ সদা।
পূজিতঞ্চ জগত্তেন সদেবাসুরমানুষম্ ॥৫॥
তেন রূপেণ তেষাঞ্চ পূজাং গৃহ্লামি তত্ত্বতঃ।
পূজা মমৈষা নাস্ত্যন্যা যাবল্লোকাঃ প্রতিষ্ঠিতাঃ ॥৬॥
অন্যথা হি বৃথা মর্ত্ত্যাঃ পূজয়ন্ত্যল্পবুদ্ধয়ঃ।
নাহং তৎ প্রতিগৃহ্লামি ন সা তুষ্টিকরী মম ॥৭॥
ইন্দ্র উবাচ।
চক্রং পাদৌ বরাহঞ্চ ব্রাহ্মণঞ্চাপি বামনম্।
উদ্ধৃতাং ধরণীঞ্চৈব কিমর্থং ত্বং প্রশংসসি ॥৮॥
ভবান্ সৃজতি ভূতানি ভবান্ সংহরতি প্রজাঃ।
প্রকৃতিঃ সর্ব্বভূতানাং সমর্ত্ত্যানাং সনাতনী ॥৯॥

ভারতকৌমুদী

বামনমিতি। বামনং খর্ব্বম্। উদ্ধৃতাং তদ্বামনব্রাহ্মণচরণেন তদ্বরাহদন্তেন চ উত্তোলিতাম্, ধরণীং মৃত্তিকাম্, বামন-ব্রাহ্মণ-বরাহযোর্মদবতাররূপত্বাদিতি ভাবঃ। কল্মষং পাপম্, উপপদ্যতে উৎপদ্যতে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥

অশ্বত্থমিতি। রোচনাং গোরচনাম্ ॥৫॥

তেনেতি। তেন রূপেণ অশ্বত্থপূজনাদিরূপেণ ॥৬॥

অন্যথেতি। অন্যথা ব্রাহ্মণাদিপূজাব্যতিরেকেণ। তৎ পূজনম্ ॥৭॥

চক্রমিতি। কিমর্থং ত্বং প্রশংসসি, যেন তৎপূজার্দনা তব সন্তোষ ইত্যাশয়ঃ ॥৮॥

যে লোক খর্ব্বাকৃতি ব্রাহ্মণ ও জলোত্থিত শূকর দেখিয়া তাহাদের উদ্ধৃত মৃত্তিকা মস্তকে ধারণ করে, তাহাদের কোন অমঙ্গল হয় না, নূতন-পাপও জন্মে না ॥৪॥

যে মানুষ সর্ব্বদা অশ্বত্থবৃক্ষ, গোরোচনা ও ধেনুর পূজা করে, তাহার পক্ষে দেবতা, অসুর ও মানুষের সহিত সমগ্র জগতেরই পূজা করা হয় ॥৫॥

আমি যথার্থই তাহাদের ব্রাহ্মণাদির পূজারূপ পূজাই গ্রহণ করিয়া থাকি, যতকাল ত্রিভুবন প্রতিষ্ঠিত আছে, ততকাল এই পূজাই আমার পূজা, এতদ্ভিন্ন অন্য প্রকার পূজা আমার নাই ॥৬॥

অল্প বুদ্ধি মনুষ্যেরা অন্য প্রকারে আমার বৃথা পূজা করে। কেন না, আমি তাহা গ্রহণ করি না; সে পূজা আমার সন্তোষও উৎপাদন করে না' ॥৭॥

ইন্দ্র বলিলেন—'নারায়ণ! আপনি কি জন্য চক্র, পাদদ্বয়, বরাহ, খর্ব্ব ব্রাহ্মণ ও উত্তোলিত মৃত্তিকার প্রশংসা করিলেন? ॥৮॥

ভীষ্ম উবাচ।

সম্প্রহস্য ততো বিষ্ণুরিদং বচনমব্রবীৎ।
চক্রেণ নিহতা দৈত্যাঃ পদ্ভ্যাং ক্রান্তা বসুন্ধরা ॥১০॥
বারাহং রূপমাস্থায় হিরণ্যাক্ষো নিপাতিতঃ।
বামনং রূপমাস্থায় জিতো রাজা ময়া বলিঃ ॥১১॥
পরিতুষ্টো ভবাম্যেবং মানুষাণাং মহাত্মনাম্।
তস্মাৎ যে পূজয়িষ্যন্তি নাস্তি তেষাং পরাভবঃ ॥১২॥
অপি বা ব্রাহ্মণং দৃষ্ট্বা ব্রহ্মচারিণমাগতম্ ;
ব্রাহ্মণাগ্র্যাহুতিং দত্ত্বা অমৃতং তস্য ভোজনম্ ॥১৩॥
ঐন্দ্রীং সন্ধ্যামুপাসিত্বা আদিত্যাভিমুখঃ স্থিতঃ।
সর্ব্বতীর্থেষু সস্নাতো মুচ্যতে সর্ব্বকিল্বিষৈঃ ॥১৪॥

ভারতকৌমুদী

ভবানিতি। প্রকৃতির্মূলকারণম্, সমর্ত্ত্যানাং মানুষসহিতানাম্ ॥৯॥

সম্প্রহস্যেতি। চক্রেণ সুদর্শনেন, ক্রান্তা ব্যাপ্তা ॥১০॥

বারাহমিতি। বরাহস্যেদমিতি বারাহম্, আস্থায় গৃহীত্বা ॥১১॥

পরীতি। এবং বামনব্রাহ্মণবরাহপূজনাদিনা ॥১২॥

অপীতি। ব্রাহ্মণস্য যা অগ্র্যাহুতিঃ প্রাথমিকং দানম্, তাং তস্মৈ দত্ত্বা, অমৃতমিব অমৃতসম্বন্ধীব তস্য ব্রাহ্মণস্য ভোজনং বিধেয়মিতি শেষঃ ॥১৩

আপনি প্রাণিগণকে সৃষ্টি করেন এবং আপনিই আবার তাহাদিগকে সংহার করিয়া থাকেন, আর আপনিই মানুষের সহিত সমস্ত প্রাণীর নিত্যা প্রকৃতি' ॥৯॥

ভীষ্ম বলিলেন—'তাহার পর নারায়ণ হাস্য করিয়া এই কথা বলিলেন—'আমি সুদর্শনচক্রদ্বারা দৈত্যগণকে বধ করিয়াছি এবং চরণযুগলদ্বারা পৃথিবীকে ব্যাপ্ত করিয়াছিলাম ॥১০॥

আমি বরাহরূপ ধারণ করিয়া অসুরাধিপতি হিরণ্যাক্ষকে বধ করিয়াছিলাম এবং বামনরূপ পরিগ্রহ করিয়া বলিরাজাকে জয় করিয়াছিলাম ॥১১॥

সুতরাং এইরূপ করিলে আমি সেই মহাত্মা মনুষ্যগণের উপরে পরিতুষ্ট হইয়া থাকি ; অতএব যাহারা ঐ ভাবে আমার পূজা করিবে, তাহাদের পরাভব হইবে না ॥১২॥

অথবা ব্রহ্মচারী ব্রাহ্মণকে আগত দেখিয়া ব্রাহ্মণকে দাতব্য প্রথম ভাগ তাঁহাকে দান করিয়া অমৃত ভোজন করাইবে ॥১৩॥

---

(১৪) ইতঃ পরং পুস্তকভেদাদেব পাঠভেদঃ পরিলক্ষ্যতে।

পিণ্ডদাস্তস্য হীয়ন্তে ন চ প্রীণাতি বৈ পিতৃন্ ।
অতিথির্যস্য ভগ্নাশো গৃহাৎ প্রতিনিবর্ত্ততে ॥২৫॥
পিতরস্তস্য দেবাশ্চ অগ্নয়শ্চ তথৈব হি ।
নিরাশাঃ প্রতিগচ্ছন্তি অতিথেরপ্রতিগ্রহাৎ ॥২৬॥
স্ত্রীঘ্নৈর্গোঘ্নৈঃ কৃতঘ্নৈশ্চ ব্রহ্মঘ্নৈর্গুরুতল্পগৈঃ ।
তুল্যদোষো ভবত্যেভির্যস্যাতিথিরনর্চ্চিতঃ ॥২৭॥

অগ্নিরুবাচ ।

পাদমুদ্যম্য যো মর্ত্ত্যঃ স্পৃশেদগাশ্চ সুদুর্ম্মতিঃ ।
ব্রাহ্মণং বা মহাভাগং দীপ্যমানং তথানলম্ ॥২৮॥
তস্য দোষান্ প্রবক্ষ্যামি তচ্ছৃণুধ্বং সমাহিতাঃ ।
দিবং স্পৃশত্যশব্দোঽস্য ত্রস্যন্তি পিতরশ্চ বৈ ॥২৯॥
বৈমনস্যঞ্চ দেবানাং কৃতং ভবতি পুষ্কলম্ ।
পাপকশ্চ মহাতেজা হব্যং ন প্রতিগৃহ্নতি ॥৩০॥ (বিশেষকম্)

ভাবতকৌমুদী

পিণ্ডদা ইতি। তস্য তাদৃশস্য বিপ্রস্য সম্বন্ধে পিণ্ডদাঃ পিতৃদ্রব্যদাতারো জনাঃ, হীয়ন্তে সম্পদশ্চ্যুতা ভবন্তি, স চ পিণ্ডঃ পিতৄন্ ন প্রীণাতি ॥২৫॥

পিতর ইতি। অপ্রতিগ্রহাৎ সৎকারাদ্যগ্রহণাৎ ॥২৬॥

স্ত্রীঘ্নৈরিতি। যস্য গৃহস্থস্য গৃহে অতিথিরনর্চ্চিতঃ, স গৃহস্থঃ, এভিঃ স্ত্রীঘ্নাদিভিঃ তুল্যদোষো ভবতি ॥২৭॥

পাদমিতি। উদ্যম্য উত্তোল্য। অস্য সুদুর্ম্মতেঃ, অশব্দো দিবং স্পৃশতি নামাপি স্বর্গং ন যাতীত্যর্থঃ, ত্রস্যন্তি তৎকর্ম্মণা বিভ্যতি। বৈমনস্যমসন্তোষঃ, পুষ্কলং প্রচুরম্। প্রতিগৃহ্নতি প্রতিগৃহ্নাতি ॥২৮—৩০॥

অতিথি নিরাশ হইয়া যাহার গৃহ হইতে ফিরিয়া যায়, সেই ব্রাহ্মণকে পিতৃদ্রব্য দান করিলে সম্পত্তি নষ্ট হয় এবং পিতৃলোকও সন্তুষ্ট হন না ॥২৫॥

অতিথিকে গ্রহণ না করায় গৃহস্থের পিতৃগণ, দেবগণ ও অগ্নিগণ নিরাশ হইয়া চলিয়া যান ॥২৬॥

যে গৃহস্থ অতিথির সেবা না করে; তাহার স্ত্রীহন্তা, গোহন্তা, কৃতঘ্ন, ব্রহ্মহত্যাকারী ও গুরুভার্য্যাগামী—ইহাদের সমান দোষ হইয়া থাকে' ॥২৭॥

অগ্নি বলিলেন—'অতিদুর্বুদ্ধি যে মানুষ, চরণ উত্তোলন করিয়া গো, মহাত্মা ব্রাহ্মণ বা প্রজ্বলিত অগ্নিকে সেই চরণদ্বারা স্পর্শ করে; তাহার দোষের বিষয় বলিতেছি। আপনারা মনোযোগী হইয়া তাহা শ্রবণ করুন। তাহার নামও

আজন্মনাং শতঞ্চৈব নরকে পচ্যতে তু সঃ।
নিষ্কৃতিঞ্চ ন তস্যাপি অনুমন্যন্তি কর্হিচিৎ ॥৩১॥
তস্মাদ্‌গাবো ন পাদেন স্প্রষ্টব্যা বৈ কদাচন।
ব্রাহ্মণশ্চ মহাতেজা দীপ্যমানস্তথানলঃ ॥৩২॥
শ্রদ্দধানেন মর্ত্ত্যেন আত্মনো হিতমিচ্ছতা।
এতে দোষা ময়া প্রোক্তাস্ত্রিষু যঃ পাদমুৎসৃজেৎ ॥৩৩॥

বিশ্বামিত্র উবাচ।

শ্রূয়তাং পরমং গুহ্যং রহস্যং ধর্ম্মসংহিতম্।
পরমান্নেন যো দদ্যাৎ পিতৄণামৌপহারিকম্ ॥৩৪॥
গজচ্ছায়ায়াং পূর্ব্বস্যাং কুতপে দক্ষিণামুখঃ।
যদা ভাদ্রপদে মাসি ভবতে বহুলে মঘা ॥৩৫॥
শ্রূয়তাং তস্য দানস্য যাদৃশো গুণবিস্তরঃ।
কৃতং তেন মহচ্ছ্রাদ্ধং বর্ষাণীহ ত্রয়োদশ ॥৩৬॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

আজন্মনামিতি। আজন্মনাং সম্যগুৎপত্তীনাম্। এতেন গর্ভস্রাবব্যাবৃত্তিঃ। অনুমন্যন্তি অনুমন্যন্তে মুনয়ঃ ॥৩১॥

তস্মাদিতি। দীপ্যমানঃ প্রজ্বলিতঃ ॥৩২॥

শ্রদিতি। ত্রিষু গবাদিষু যঃ পাদমুৎসৃজেৎ নিক্ষিপেৎ, তেন মর্ত্ত্যো নঃ ময়া প্রোক্তা এতে দোষাঃ পরিহর্ত্তব্যা ইতি শেষঃ ॥৩৩॥

শ্রূয়তামিতি। রহসি নির্জ্জনে ভবতীতি রহস্যং নির্জ্জনে ব্রহ্মণাবিষ্কৃতম্, অতএব গুহ্যং গোপনীয়ং ধর্ম্মেণ সংহিতং সম্বদ্ধং কার্য্যম্, ঔপহারিকমুপহাররূপম্। গজচ্ছায়াযোগঃ প্রাগুক্তঃ,

---

স্বর্গে যায় না, পিতৃলোকেরাও ভীত হন, দেবগণেরও প্রচুর অসন্তোষ করা হয় এবং মহাতেজা অগ্নিও হব্য গ্রহণ করেন না ॥২৮—৩০॥

সেই মানুষ শতজন্ম পর্য্যন্ত নরকে পচে এবং মুনিরা কখনও তাহার নিষ্কৃতির অনুমোদন করেন না ॥৩১॥

অতএব কখনও চরণদ্বারা গো, মহাতেজা ব্রাহ্মণ ও প্রজ্বলিত অগ্নিকে স্পর্শ করিবে না ॥৩২॥

যে লোক গো, ব্রাহ্মণ ও অগ্নিতে চরণ নিক্ষেপ করিবার ইচ্ছা করে, সে শ্রদ্ধাশীল ও নিজের হিতৈষী হইলে, সেই লোক আমার উক্ত এই তিনটী দোষ পরিত্যাগ করিবে' ॥৩৩॥

গাব ঊচুঃ।

বহুলে! সমঙ্গে! হ্যকুতোভয়ে! চ ক্ষেমে! চ সখ্যেব হি ভূয়সী চ।
যথা পুরা ব্রহ্মপুরে সবৎসা শতক্রতোর্ব্বজ্রধরস্য যজ্ঞে ॥৩৭॥
ভূয়শ্চ যা বিষ্ণুপদে স্থিতা যা বিভাবসোশ্চাপি পথে স্থিতা যা।
দেবাশ্চ সর্ব্বে সহ নারদেন প্রকুর্ব্বতে সর্বসহেতি নাম ॥৩৮॥ (যুগ্মকম্)
মন্ত্রেণৈতেনাভিবন্দেত যো বৈ বিমুচ্যতে পাপকৃতেন কর্ম্মণা।
লোকানবাপ্নোতি পুরন্দরস্য গবাং ফলং চন্দ্রমসো দ্যুতিঞ্চ ॥৩৯॥
এতং হি মন্ত্রং ত্রিদশাভিজুষ্টং পঠেত যঃ পর্বসু গোষ্ঠমধ্যে।
ন তস্য পাপং ন ভয়ং ন শোকঃ সহস্রনেত্রস্য চ যাতি লোকম্ ॥৪০॥

ভারতকৌমুদী

হস্তিন এব ছায়া বা, পূর্ব্বস্যাং দিশি, কুতপে অষ্টমমুহূর্ত্তে। ভবতে ভবতি, গুণবিস্তরঃ ফলবাহুল্যম্ ॥৩৪—৩৬॥

বহুল ইতি। প্রথমানি চত্বারি সম্বোধনপদানি, পরে দ্বে চ পদে প্রথমান্তে। বহুলে বহুসংখ্যকে, সমঙ্গে সমীচীনাবয়বে, অকুতোভয়ে সর্ব্বত্র নির্ভয়ে, ক্ষেমে কল্যাণি! সর্ব্বেষামেব সখী, ভূয়সী প্রচুরা। সবৎসগৌস্তুতেতি শেষঃ, বিষ্ণুপদে আকাশে, যা যা স্থিতা বিভাবসোঃ সূর্য্যস্য ॥৩৭—৩৮॥

মন্ত্রেণেতি। গবামেতেন মন্ত্রেণ ॥৩৯॥

বিশ্বামিত্র বলিলেন—'গোপনে ব্রহ্মার আবিষ্কৃত; সুতরাং পরম গোপনীয় এই ধর্ম্মকার্য্য আপনারা শ্রবণ করুন—যখন ভাদ্রমাসে কৃষ্ণপক্ষে মঘানক্ষত্র হয়, তখন যে-লোক দক্ষিণমুখ হইয়া পূর্ব্বদিকে থাকিয়া গজচ্ছায়াতে অষ্টম মুহূর্ত্তে পরমান্নদ্বারা পিতৃলোকের উপহার দান করে, তাহার সেই দানের যেরূপ ফলবাহুল্য হয়, তাহা আপনারা শ্রবণ করুন। তিনি এই জগতে ত্রয়োদশ বৎসর যাবৎ বিশেষ শ্রাদ্ধ করার ফল লাভ করেন' ॥৩৪—৩৬॥

গোগণ বলিল—'পূর্ব্বকালে ব্রহ্মলোকে বজ্রধারী ইন্দ্রের যজ্ঞে 'বহুলে! সমঙ্গে! অকুতোভয়ে! ক্ষেমে! সখী ও ভূয়সী'—এইরূপ নাম করিয়া যেভাবে বৎসের সহিত ধেনুর স্তব করা হইয়াছিল; পুনরায় যে যে ধেনু আকাশে ছিল এবং যে ধেনু সূর্য্যের পথে অবস্থান করিত; নারদের সহিত দেবতারা সকলে সেইভাবে সেই ধেনুগণের 'সর্ব্বসহা' এই নাম করিয়াছিলেন ॥৩৭—৩৮॥

যে মানুষ এই মন্ত্রদ্বারা গোগণকে নমস্কার করে, সেই মানুষ পাপ হইতে মুক্ত হয় এবং ইন্দ্রলোক ও চন্দ্রের ন্যায় কান্তিরূপ ফল লাভ করিয়া থাকে ॥৩৯॥

---

(৪০) পঠেত যঃ পর্ব্বসু গোষু মধ্যে—পি।

ভীষ্ম উবাচ।

অথ সপ্ত মহাভাগা ঋষযো লোকবিশ্রুতাঃ।
বসিষ্ঠপ্রমুখাঃ সর্বে ব্রহ্মাণং পদ্মসম্ভবম্ ॥৪১॥
প্রদক্ষিণমভিক্রম্য সর্বে প্রাঞ্জলযঃ স্থিতাঃ।
উবাচ বচনং তেষাং বসিষ্ঠো ব্রহ্মবিত্তমঃ ॥৪২॥
সর্বপ্রাণিহিতং প্রশ্নং ব্রহ্মক্ষত্রে বিশেষতঃ।
দ্রব্যহীনাঃ কথং মর্ত্ত্যা দরিদ্রাঃ সাধুবর্ত্তিনঃ ॥৪৩॥
প্রাপ্নুবন্তীহ যজ্ঞস্য ফলং কেন চ কর্ম্মণা।
এতচ্ছ্রুত্বা বচস্তেষাং ব্রহ্মা বচনমব্রবীৎ ॥৪৪॥ (কলাপকম্)

ব্রহ্মোবাচ।

অহো প্রশ্নো মহাভাগাঃ! গূঢ়ার্থঃ পরমঃ শুভঃ।
সূক্ষ্মঃ শ্রেযাংশ্চ মর্ত্ত্যানাং ভবদ্ভিঃ সমুদাহৃতঃ ॥৪৫॥

ভারতকৌমুদী

এতমিতি। ত্রিদশাভিজুষ্টং দেবসেবিতম্, পর্ব্বসু অষ্টম্যাদিষু ॥৪০॥

অথেতি। পদ্মসম্ভবং পদ্মোৎপন্নম্। তেষাং মধ্যে ব্রহ্মবিত্তমো বেদজ্ঞশ্রেষ্ঠো বসিষ্ঠো বচনমুবাচ সর্ব্বপ্রাণিহিতম্, বিশেষতো ব্রহ্মক্ষত্রে ব্রাহ্মণক্ষত্রিযযোর্হিতং প্রশ্নম্ উবাচেত্যন্বয়ঃ। ইহ মর্ত্ত্যলোকে ॥৪১—৪৪॥

অহো ইতি। সূক্ষ্মো দুর্ব্বুধঃ, সমুদাহৃত উক্তঃ ॥৪৫॥

যে মানুষ অষ্টমীপ্রভৃতি পর্ব্বকালে, গোগৃহমধ্যে থাকিয়া দেবসেবিত এই মন্ত্র পাঠ করে; তাহার পাপ ভয ও শোক হয না এবং সে অন্তিমে ইন্দ্রলোকে গমন করে' ॥৪০॥

ভীষ্ম বলিলেন—'তাহার পর মহাত্মা ও জগদ্বিখ্যাত বসিষ্ঠপ্রভৃতি সপ্তর্ষিরা সকলে পদ্মযোনি ব্রহ্মাকে প্রদক্ষিণ করিযা, অন্য সকলেই কৃতাঞ্জলি হইযা রহিলেন, কিন্তু তাঁহাদের মধ্যে বেদজ্ঞশ্রেষ্ঠ বসিষ্ঠ বাক্য বলিলেন এবং সমস্ত প্রাণীর হিতজনক বিশেষতঃ ব্রাহ্মণ ও ক্ষত্রিযের হিতকর প্রশ্ন করিলেন— 'ভগবন্! সৎপথবর্ত্তী অথচ দ্রব্যশূন্য দরিদ্র মানুষেরা কি প্রকারে কোন্ কর্ম্মদ্বারা এই মর্ত্ত্যলোকে যজ্ঞের ফল লাভ করিতে পারে?' তাঁহাদের এই বাক্য শুনিযা ব্রহ্মা এই কথা বলিযাছিলেন' ॥৪১—৪৪॥

ব্রহ্মা বলিলেন—'মহাভাগগণ! তোমরা গূঢ়ার্থ, পরম মঙ্গলজনক, সূক্ষ্ম ও মানুষের পক্ষে হিতকর প্রশ্নই করিযাছ?' ॥৪৫॥

শ্রূয়তাং সর্ব্বমাখ্যাস্যে নিখিলেন তপোধনাঃ ! ।
যথা যজ্ঞফলং মর্ত্ত্যো লভতে নাত্র সংশয়ঃ ॥৪৬॥
পৌষমাসস্য শুক্লে বৈ যদা যুজ্যেত রোহিণী ।
তেন নক্ষত্রযোগেন আকাশশয়নো ভবেৎ ॥৪৭॥
একবস্ত্রঃ শুচিঃ স্নাতঃ শ্রদ্দধানঃ সমাহিতঃ ।
সোমস্য রশ্ময়ঃ পীত্বা মহাযজ্ঞফলং লভেৎ ॥৪৮॥ (যুগ্মকম্)
এতদ্বঃ পরমং গুহ্যং কথিতং দ্বিজসত্তমাঃ ! ।
যন্মাং ভবন্তঃ পৃচ্ছন্তি সূক্ষ্মতত্ত্বার্থদর্শিনঃ ॥৪৯॥

বিভাবসুরুবাচ ।

সলিলস্যাঞ্জলিং পূর্ণমক্ষতাশ্চ ঘৃতোত্তরাঃ ।
সোমস্যোত্তিষ্ঠমানস্য তজ্জলং চাক্ষতাংশ্চ তান্ ॥৫০॥
স্থিতো হ্যভিমুখো মর্ত্ত্যঃ পৌর্ণমাস্যাং বলিং হরেৎ ।
অগ্নিকার্য্যং কৃতং তেন হুতাশ্চাস্যাগ্নয়স্ত্রয়ঃ ॥৫১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

শ্রূয়তামিতি। আখ্যাস্যে বক্ষ্যামি, নিখিলেন প্রকারেণ ॥৪৬॥

পৌষেতি। শুক্লে পক্ষে, আকাশে অনাবৃতস্থানে শয়নং যস্য সঃ, রশ্ময়ো রশ্মীন্ ॥৪৭—৪৮॥

এতদিতি। গুহ্যং গোপনীয়ং ধর্ম্মম্ ॥৪৯॥

সলিলস্যেতি। অঞ্জলিং সলিলস্য পূর্ণং কৃত্বেতি শেষঃ, ঘৃতমুত্তরস্মিন্নুপবিভাগে যেষাং তে গ্রাহ্যা ইতি শেষঃ। উত্তিষ্ঠমানস্য উদয়মানস্য, সোমস্য চন্দ্রস্যোদ্দেশে। বলিং তাদৃশমুপহারম্, হরেদদ্যাৎ। ত্রয়ো দক্ষিণাগ্নিগার্হপত্যাহবনীয়রূপাঃ ॥৫০—৫১॥

তপোধনগণ ! মানুষ যেভাবে যজ্ঞের ফল লাভ করে, তাহাতে কোন সংশয় হয় না; সেই সমস্ত আমি সর্ব্বপ্রকারে বলিতেছি, তোমরা শ্রবণ কর ॥৪৬॥

যখন পৌষমাসের শুক্লপক্ষে রোহিণী নক্ষত্রের যোগ হইবে, সেই নক্ষত্র-যোগে মানুষ স্নান করিয়া পবিত্র, একবস্ত্রধারী, শ্রদ্ধাশীল ও একাগ্রচিত্ত হইয়া চন্দ্রের কিরণ পান করিয়া আকাশতলে শয়ন করিবে, তাহা হইলে মহাযজ্ঞের ফল লাভ করিতে পারিবে ॥৪৭—৪৮॥

ব্রাহ্মণশ্রেষ্ঠগণ ! তোমরা সূক্ষ্ম তত্ত্বদর্শী বলিয়া আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলে, এই আমি তোমাদের নিকটে সেই পরম গোপনীয় ধর্ম্ম বলিলাম' ॥৪৯॥

---

(৪৯) ইতঃ পরং '.. দানধর্ম্মে দেবরহস্যে ষড়্‌বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '...ঊননবত্যধিকশততমোঽধ্যায়ঃ'—নি ।

বনস্পতিঞ্চ যো হন্যাদমাবস্যামবুদ্ধিমান্‌।
অপি হ্যেকেন পত্রেণ লিপ্যতে ব্রহ্মহত্যয়া ॥৫২॥
দন্তকাষ্ঠন্তু যঃ খাদেদমাবাস্যামবুদ্ধিমান্‌।
হিংসিতশ্চন্দ্রমাস্তেন পিতরশ্চোদ্বিজন্তি চ ॥৫৩॥
হব্যং ন তস্য দেবাশ্চ প্রতিগৃহ্ণন্তি পর্বসু।
কুপ্যন্তে পিতরশ্চাস্য কুলো বংশোঽস্য হীযতে ॥৫৪॥
শ্রীরুবাচ।
প্রকীর্ণং ভাজনং যত্র ভিন্নভাণ্ডমথাসনম্‌।
যোষিতশ্চৈব হন্যন্তে কশ্মলোপহতে গৃহে ॥৫৫॥

ভাবতকৌমুদী

বনস্পতিমিতি। বনস্পতিং প্রধানবৃক্ষম্‌, অমাবস্যাং প্রাপ্য। একেনাপি পত্রেণ ছিন্নেনেতি শেষঃ ॥৫২॥

দন্তেতি। তেন চন্দ্রমা হিংসিতঃ তস্য দ্বিজরাজচন্দ্রহত্যাবৎ পাপং ভবতীতি ভাবঃ ॥৫৩॥

হব্যমিতি। পর্ব্বসু অষ্টম্যাদিষু যো দন্তকাষ্ঠং খাদেদিত্যনুবৃত্তিঃ। কুলঃ সজাতীয়গণঃ, "কুলং জনপদে গোত্রে সজাতীয়গণেঽপি চ" ইতি মেদিনী ॥৫৪॥

প্রকীর্ণমিতি। যত্র গৃহে ভাজনং জলাদিপাত্রম্‌, প্রকীর্ণমিতস্ততো বিক্ষিপ্তম্‌। গৃহে কশ্মলোপহতে মলদূষিতে সতি, যোষিতঃ স্ত্রিযঃ, দৈবেন হন্যন্তে ॥৫৫॥

সূর্য্য বলিলেন—'মানুষ পূর্ণিমাতিথিতে অঞ্জলিপূর্ণ জল এবং ঘৃতসংযুক্ত তণ্ডুল গ্রহণ করিবে, পরে উদয়মান চন্দ্রের অভিমুখে থাকিয়া তাঁহার উদ্দেশে সেই জল ও তণ্ডুলরূপ উপহার দান করিবে; তাহা হইলে সেই মানুষের অগ্নিকার্য্য এবং দক্ষিণাগ্নি, গার্হপত্য ও আহবনীযরূপ তিনটী অগ্নিতে হোম করার ফল হইবে ॥৫০—৫১॥

যে নির্ব্বোধ মানুষ অমাবস্যাতিথিতে কোন মহাবৃক্ষ বিনাশ করে, এমন কি, তাহার একটী পত্র পর্য্যন্ত ছেদন করে, সেই মানুষ ব্রহ্মহত্যার পাপে লিপ্ত হয় ॥৫২॥

বুদ্ধিশূন্য যে লোক অমাবস্যাতিথিতে দন্তকাষ্ঠ ব্যবহার করে, তাহার চন্দ্রহত্যার পাপ হয় এবং পিতৃলোকেরা উদ্বিগ্ন হইয়া থাকেন ॥৫৩॥

যে লোক পর্ব্বমাত্রে দন্তকাষ্ঠ ব্যবহার করে, দেবতারা তাহার হব্য গ্রহণ করেন না এবং পিতৃলোকেরা তাহার উপর কুপিত হন, আর তাহার সজাতীয়গণ ও বংশ হ্রাস পায়' ॥৫৪॥

লক্ষ্মী বলিলেন—'যে গৃহে সাধারণ ভাজন, বা ভগ্নভাজন বা আসন

---

(৫৪) কুলে বংশোঽস্য হীযতে—নি।

দেবতাঃ পিতরশ্চৈব উৎসবে পর্ব্বণীষু বা।
নিরাশাঃ প্রতিগচ্ছন্তি কশ্মলোপহতাদ্‌গৃহাৎ ॥৫৬॥

অঙ্গিরা উবাচ।

যস্তু সংবৎসরং পূর্ণং দদ্যাদ্দীপং করঞ্জকে।
সুবর্চ্চলামূলহস্তঃ প্রজা তস্য বিবর্দ্ধতে ॥৫৭॥

গার্গ্য উবাচ।

আতিথ্যং সততং কুর্য্যাদ্দীপং দদ্যাৎ প্রতিশ্রয়ে।
বর্জ্জযানো দিবা স্বাপ্নং ন চ মাংসানি ভক্ষয়েৎ ॥৫৮॥
গো ব্রাহ্মণং ন হিংস্যাচ্চ পুষ্করাণি চ কীর্ত্তয়েৎ।
এষ শ্রেষ্ঠতমো ধর্ম্মো সরহস্যো মহাফলঃ ॥৫৯॥
অপি ক্রতুশতৈরিষ্ট্বা ক্ষয়ং গচ্ছতি তদ্ধবিঃ।
ন তু ক্ষীয়ন্তি তে ধর্ম্মাঃ শ্রদ্দধানৈঃ প্রযোজিতাঃ ॥৬০॥

ভারতকৌমুদী

দেবতা ইতি। পর্ব্বণীষু দেবপূজাযাত্রাদিষু। দীর্ঘত্বমার্ষম্ ॥৫৬॥

য ইতি। করঞ্জকে বৃক্ষবিশেষমূলে। সুবর্চ্চলা লতাবিশেষস্তস্যা মূলং হস্তে যস্য সঃ, প্রজা সন্তানঃ ॥৫৭।

আতিথ্যমিতি। প্রতিশ্রয়ে গৃহে। বর্জ্জযানো বর্জ্জয়ন্, স্বাপং নিদ্রাম্ ॥৫৮॥

গবিতি। পুষ্করাণি পুষ্করাদিতীর্থনামানি। সরহস্যো গুপ্তঃ ॥৫৯॥

অপীতি। ইষ্ট্বা দেবান্ পূজয়িত্বা তদ্ধবিঃ পূজাদ্রব্যম্। ক্ষীয়ন্তি ক্ষীয়ন্তে, প্রযোজিতাঃ কৃতাঃ ॥৬০॥

ইতস্ততঃ বিক্ষিপ্ত থাকে এবং যে গৃহ আবর্জ্জনায় পরিপূর্ণ রহে; সেই গৃহে স্ত্রীলোকেরা মরিয়া যায় ॥৫৫॥

উৎসবে বা পর্বকালে দেবগণ ও পিতৃগণ নিরাশ হইয়া আবর্জ্জনাপূর্ণ গৃহ হইতে ফিরিয়া যান' ॥৫৬॥

অঙ্গিরা বলিলেন—'যে লোক সুবর্চ্চলা লতার মূল হস্তে রাখিয়া পূর্ণ এক-বৎসর যাবৎ করঞ্জবৃক্ষের মূলে দীপ দান করে, তাহার সন্তান বৃদ্ধি পায়' ॥৫৭॥

গার্গ্য বলিলেন—'মানুষ দিবানিদ্রা ত্যাগ করিয়া প্রত্যহ অতিথি সৎকার করিবে, গৃহে প্রদীপ দিবে এবং মাংস ভক্ষণ করিবে না ॥৫৮॥

গো ও ব্রাহ্মণের হিংসা করিবে না এবং তীর্থের নাম কীর্ত্তন করিবে; এই গুপ্ত শ্রেষ্ঠতম ধর্ম্ম মহাফল উৎপাদন করে ॥৫৯॥

বহু যজ্ঞ করিলে তাহার দ্রব্যও ক্ষয় পায়; কিন্তু শ্রদ্ধাশীল মানুষ কৃত এই সকল ধর্ম্ম ক্ষয় পায় না ॥৬০॥

ইদঞ্চ পরমং গুহ্যং সরহস্যং নিবোধত।
শ্রাদ্ধকল্পে চ দৈবে চ তৈথিকে পর্ব্বণীষু চ ॥৬১॥
রজস্বলা চ যা নারী শ্বিত্রিকাপুত্রিকা চ যা।
এতাভিশ্চক্ষুষা দৃষ্টং হবির্নাশ্নন্তি দেবতাঃ।
পিতরশ্চ ন তুষ্যন্তি বর্ষাণ্যস্য ত্রয়োদশ ॥৬২॥ (যুগ্মকম্)
শুক্লবাসাঃ শুচির্ভূত্বা ব্রাহ্মণান্ স্বস্তি বাচয়েৎ।
কীর্ত্তয়েদ্ভারতঞ্চৈব তথা স্যাদক্ষয়ং হবিঃ ॥৬৩॥

ধৌম্য উবাচ।

ভিন্নভাণ্ডঞ্চ খট্বাঞ্চ কক্কুটং শুনকং তথা।
অপ্রশস্তানি সর্ব্বাণি যশ্চ বৃক্ষো গৃহেরুহঃ ॥৬৪॥

ভাবতকৌমুদী

ইদমিতি। রহস্যং নির্জ্জনাবির্ভাবত্বেন সহেতি তৎ। তৈথিকে তিথিকর্ত্তব্যে, অত্রাপি পর্ব্বণীতি দীর্ঘত্বমার্ষম্। শ্বিত্রিকা শ্বিত্ররোগগ্রস্তা, অপুত্রিকা বন্ধ্যা। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬১—৬২॥

শুক্লেতি। ভারতং মহাভারতস্য কঞ্চিদংশম্, সর্ব্বকীর্ত্তনাসম্ভবাৎ ॥৬৩॥

ভিন্নেতি। ভিন্নভাণ্ডং বিদীর্ণভাজনম্, শুনকং কক্কুরম্, আহরিতি শেষঃ। গৃহেরুহো ভবন-সন্নিধানোৎপন্নঃ ॥৬৪॥

ভাবতভাবদীপঃ

কেনেতি ॥১—২॥ পাদৌ স্বীয়াবপ্যভিবাদ্যৌ সন্ধ্যায়াং শিষ্টাচারাৎ, চক্রে গোময়োপলিপ্তে মণ্ডলে সুদর্শনমন্ত্রেণ পূজিতে ॥৩—৫৬॥ করঞ্জস্বর্চ্চলে বৃক্ষবল্লিবিশেষৌ ॥৫৭—৬১॥ অপুত্রিকেতি

গুপ্তস্থানে আবির্ভূত এবং অত্যন্ত গোপনীয় এই বৃত্তান্ত আপনারা শ্রবণ করুন; দেবশ্রাদ্ধ, তিথিশ্রাদ্ধ ও পর্ব্বশ্রাদ্ধে রজস্বলা, শ্বিত্ররোগগ্রস্তা এবং বন্ধ্যা যে নারী তাহারা যে দ্রব্য দর্শন করে; সেই দ্রব্য দেবতারা ভোজন করেন না এবং ত্রয়োদশ বৎসর যাবৎ সেই শ্রাদ্ধকর্ত্তার উপরে পিতৃলোকেরা সন্তুষ্ট থাকেন না ॥৬১—৬২॥

মানুষ শুক্ল বস্ত্রধারী ও পবিত্র হইয়া বৈধকার্য্যে ব্রাহ্মণগণদ্বারা স্বস্তিবাচন করাইবে এবং মহাভারতের কোন অংশ পড়াইবে; তাহা হইলে সেই কার্য্যের দ্রব্য সকল অক্ষয় হইবে' ॥৬৩॥

ধৌম্য বলিলেন—'ভগ্নভাণ্ড, খট্বা, কুক্কুট এবং কুক্কুর আর গৃহের নিকটে উৎপন্ন যে বৃক্ষ এই সমস্ত দ্রব্যকে অপ্রশস্ত বলা হয় ॥৬৪॥

ভিন্নভাণ্ডে কলিং প্রাহুঃ খট্বায়াস্তু ধনক্ষয়ঃ।
কুক্কুটে শুনকে চৈব হবির্নাশ্নন্তি দেবতাঃ।
বৃক্ষমূলে ধ্রুবং সত্ত্বং তস্মাদ্বৃক্ষং ন রোপয়েৎ ॥৬৫॥

জমদগ্নিরুবাচ।

যো যজেদশ্বমেধেন বাজপেয়শতেন চ।
অবাক্‌শিরা বা লম্বেত সত্রং বা স্ফীতমাহরেৎ ॥৬৬॥
ন যস্য হৃদয়ং শুদ্ধং নরকং স ধ্রুবং ব্রজেৎ।
তুল্যং যজ্ঞস্য সত্যঞ্চ হৃদয়স্য চ শুদ্ধতা ॥৬৭॥ (যুগ্মকম্)
শুদ্ধেন মনসা দত্ত্বা সক্তুপ্রস্থং দ্বিজাতয়ে।
ব্রহ্মলোকমনুপ্রাপ্তঃ পর্য্যাপ্তং তন্নিদর্শনম্ ॥৬৮॥

বায়ুরুবাচ।

কিঞ্চিদ্ধর্ম্মং প্রবক্ষ্যামি মানুষাণাং সুখাবহম্।
সরহস্যাশ্চ যে দোষাস্তান্ শৃণুধ্বং সমাহিতাঃ ॥৬৯॥

ভারতকৌমুদী

ভিন্নেতি। কলিং কলহম্। সত্ত্বং সর্পাদিজন্তুঃ, ন রোপয়েৎ গৃহসন্নিধানে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৫॥

য ইতি। অবাক্‌শিরা অধোমস্তকঃ। সত্রং যজ্ঞম্, স্ফীতং বিশালম্, আহরেদনুতিষ্ঠেৎ। শুদ্ধং কামক্রোধাদিরহিতম্ ॥৬৬—৬৭॥

শুদ্ধেনেতি। পর্য্যাপ্তং প্রচুরম্, তস্য নিদর্শনং দৃষ্টান্তঃ ॥৬৮॥

কিঞ্চিদিতি। সরহস্যা গুপ্তাঃ ॥৬৯॥

ভগ্নভাণ্ডে শ্রাদ্ধ করিলে কলহ হয়, খট্বায় বসিয়া শ্রাদ্ধ করিলে ধনক্ষয় হইয়া থাকে, কুক্কুট ও কুক্কুরসংস্পৃষ্ট হবি দেবতারা ভোজন করেন না এবং বৃক্ষমূলে হিংস্র প্রাণী থাকে; অতএব গৃহের নিকটে বৃক্ষ রোপণ করিবে না' ॥৬৫॥

জমদগ্নি বলিলেন—'যে লোক অশ্বমেধযজ্ঞ বা শতবাজপেয়যজ্ঞ করে কিংবা যে লোক অধোমস্তক হইয়া ঝুলিতে থাকে, অথবা যে ব্যক্তি অন্য বিশাল যজ্ঞ করে; তাহাদের মধ্যে যাহার হৃদয় শুদ্ধ নহে, সে নিশ্চয়ই নরকে গমন করিয়া থাকে। কারণ, যজ্ঞ, সত্য ও হৃদয়শুদ্ধতা এই তিনটাই সমান ॥৬৬-৬৭॥

অনেক লোকই শুদ্ধচিত্তে এবং এক ব্রাহ্মণকে এক প্রস্থ সক্তু দান করিয়া ব্রহ্মলোক লাভ করিয়াছিল; তাহার নিদর্শন প্রচুরই পাওয়া যায়' ॥৬৮॥

---

(৬৮) ইতঃ পরং '.. সপ্তবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বৰ্দ্ধ, '.. নবত্যধিকশততমোঽধ্যায়ঃ'—নি।

অগ্নিকার্য্যঞ্চ কর্ত্তব্যং পরমান্নেন ভোজনম্।
দীপকশ্চাপি কর্ত্তব্যঃ পিতৃণাং সতিলোদকঃ ॥৭০॥
এতেন বিধিনা মর্ত্ত্যঃ শ্রদ্দধানঃ সমাহিতঃ।
চতুরো বার্ষিকান্মাসান্ যো দদাতি তিলোদকম্ ॥৭১॥
ভোজনঞ্চ যথাশক্ত্যা ব্রাহ্মণে বেদপারগে।
পশুবন্ধশতস্যেহ ফলং প্রাপ্নোতি পুষ্কলম্ ॥৭২॥ (যুগ্মকম্)
ইদঞ্চৈবাপরং গুহ্যমপ্রশস্তং নিবোধত।
অগ্নেস্তু বৃষলো নেতা হবির্মূঢ়শ্চ যোষিতঃ ॥৭৩॥
মন্যতে ধর্ম্ম এবেতি স চাধর্ম্মেণ লিপ্যতে।
অগ্নয়স্তস্য কুপ্যন্তি শূদ্রযোনিং স গচ্ছতি ॥৭৪॥

ভাবতকৌমুদী

অগ্নীতি। অগ্নিকার্য্যং হোমঃ, ভোজনং ব্রাহ্মণানাম্ ॥৭০॥

এতেনেতি। চতুরশ্চতুঃসংখ্যকান্, বার্ষিকান্ বর্ষাকালীনান্ আষাঢ়াদীন্। পশূনামশ্বানাং বন্ধো বধায় বন্ধনং যেষু তেষামশ্বমেধযজ্ঞানাং শতস্য, পুষ্কলং প্রচুরম্ ॥৭১—৭২॥

ইদমিতি। বৃষলঃ শূদ্রঃ হবিষি হবনীয়দ্রব্যে মূঢ়ঃ কর্ত্তব্যতাজ্ঞানহীনঃ, যোষিতশ্চ অগ্নের্নেত্র্যো ইতি বচনবিপরিণামেন সম্বন্ধঃ ॥৭৩॥

মন্যত ইতি। মন্যতে দ্বিজাতিরিতি শেষঃ, শূদ্রকর্ত্তৃকাগ্ন্যানয়নং যোষিৎকর্ত্তৃকাগ্ন্যানয়নমধর্ম্ম ইতি ॥৭৪॥

বায়ু বলিলেন—'মনুষ্যগণের সুখজনক কোন ধর্ম্ম আমি বলিতেছি এবং যে সকল দোষ গুপ্ত রহিয়াছে; তাহাও আপনারা মনোযোগী হইয়া শ্রবণ করুন ॥৬৯॥

হোম এবং পিতৃশ্রাদ্ধে পরমান্নদ্বারা ব্রাহ্মণ ভোজন, প্রদীপ দান ও তিলযুক্ত জল দান করিবে ॥৭০॥

যে মানুষ শ্রদ্ধাশীল ও মনোযোগী হইয়া এই বিধানে বর্ষাকালের আষাঢ়-প্রভৃতি চারিমাস পিতৃলোকের উদ্দেশে তিলযুক্ত জল এবং শক্তি অনুসারে বেদপারদর্শী ব্রাহ্মণকে খাদ্য দান করে, সেই মানুষ এই জগতে শত অশ্বমেধ-যজ্ঞের প্রচুর ফল লাভ করে ॥৭১—৭২॥

হবনীয় দ্রব্যবিষয়ে মূঢ় শূদ্র বা স্ত্রীলোক যে হোমের অগ্নি লইয়া যায়, ইহাই আর একটী গোপনীয় অপ্রশস্ত কার্য্য বলিয়া আপনারা অবগত হউন ॥৭৩॥

---

(৭৩) হবির্মূঢ়াশ্চ যোষিতঃ—নি।

পিতরশ্চ ন তুষ্যন্তি সহ দৈবৈর্বিশেষতঃ।
প্রায়শ্চিত্তস্তু যত্তত্র ব্রুবতস্তন্নিবোধ মে।
যৎ কৃত্বা তু নরঃ সম্যক্ সুখী ভবতি বিজ্বরঃ ॥৭৫॥
গবাং মূত্রপুরীষেণ পয়সা চ ঘৃতেন চ।
অগ্নিকার্য্যং ত্র্যহং কুর্য্যান্নিরাহারঃ সমাহিতঃ ॥৭৬॥
ততঃ সংবৎসরে পূর্ণে প্রতিগৃহ্ণন্তি দেবতাঃ।
হৃষ্যন্তি পিতরশ্চাস্য শ্রাদ্ধকাল উপস্থিতে ॥৭ ॥

ভারতকৌমুদী

পিতর ইতি। ন তুষ্যন্তি তাভ্যামগ্ন্যানয়নেন, বিজ্বরঃ নিঃসন্তাপঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৫॥

প্রায়শ্চিত্তমাহ গবামিতি। পয়সা দুগ্ধেন ॥৭৬॥

তত ইতি। প্রতিগৃহ্ণন্তি পূজাদ্রব্যমিতি শেষঃ ॥৭৭॥

ভারতভাবদীপঃ

ছেদঃ ॥৬২—৭১॥ সত্বং বৃশ্চিকসর্পাদি, ন রোপয়েৎ গৃহে ইতি শেষঃ ॥৭২॥ অগ্নেরনীস্থস্য প্রত্যক্ষস্য বা বৈদিকব্রাহ্মণং দেশান্তপ্রাপয়ো যস্য শূদ্রঃ স্যাদ্যদি যোষিতঃ হবিষা সোমাজ্যপয়ঃপ্রভৃতিনা যজ্ঞাবশিষ্টেন ইড়াদিস্থানীয়েন মূঢ়াঃ স্যুস্তর্হি তস্য দোষঃ ॥৭৩—৭৪॥ প্রায়শ্চিত্তঞ্চ বক্ষ্যামীতি শেষঃ ॥৭৫—৭৭॥

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে
সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ ॥১০৭॥

যে দ্বিজাতি, ইহাকে ধর্ম্ম বলিয়াই মনে করেন, তিনি অধর্ম্মে লিপ্ত হন; আর তাঁহার উপরে অগ্নি কুপিত হন এবং তিনি শূদ্রযোনিতে জন্মগ্রহণ করেন ॥৭৪॥

বিশেষতঃ, দেবগণের সহিত পিতৃলোকেরা তাঁহার উপরে সন্তুষ্ট হন না। তাহাতে যে প্রায়শ্চিত্ত কর্ত্তব্য, তাহা আমি বলিতেছি, আপনারা শ্রবণ করুন। সমীচীনভাবে যে প্রায়শ্চিত্ত করিয়া মানুষ সুখী ও সন্তাপশূন্য হয় ॥৭৫॥

মানুষ উপবাসী থাকিয়া এবং একাগ্রচিত্ত হইয়া তিন দিন যাবৎ গোময়, গোমূত্র, গোদুগ্ধ ও গোঘৃতদ্বারা হোম করিবে ॥৭৬॥

তাহার পর এক বৎসর পূর্ণ হইলে দেবতারা তাহার পূজার দ্রব্য গ্রহণ করেন এবং শ্রাদ্ধের কাল উপস্থিত হইলে, পিতৃলোকেরাও তাহার উপরে সন্তুষ্ট হন ॥৭৭॥

এষ হ্যধর্ম্মো ধর্ম্মশ্চ সরহস্যঃ প্রকীর্ত্তিতঃ।
মর্ত্ত্যানাং স্বর্গকামানাং প্রেত্য স্বর্গসুখাবহঃ ॥৭৮॥

লোমশ উবাচ।

পরদারেষু যে সক্তা অকৃত্বা দারসংগ্রহম্।
নিরাশাঃ পিতরস্তেষাং শ্রাদ্ধকালে ভবন্তি হ ॥৭৯॥
পরদাররতির্যশ্চ যশ্চ বন্ধ্যামুপাসতে।
ব্রহ্মস্বং হরতে যশ্চ সমদোষা ভবন্তি তে ॥৮০॥
অসম্ভাষ্যা ভবন্ত্যেতে পিতৄণাং নাত্রসংশয়ঃ।
দেবতাঃ পিতরশ্চৈষাং নাভিনন্দন্তি তদ্ধবিঃ ॥৮১॥
তস্মাৎ পরস্য বৈ দারাংস্ত্যজেদ্বন্ধ্যাঞ্চ যোষিতম্।
ব্রহ্মস্বং হি ন হর্ত্তব্যামাত্মনো হিতমিচ্ছতা ॥৮২॥
শ্রূয়তাং চাপরং গুহ্যং রহস্যং ধর্ম্মসংহিতম্।
শ্রদ্দধানেন কর্ত্তব্যং গুরূণাং বচনং সদা ॥৮৩॥

ভাবতকৌমুদী

এষ ইতি। সরহস্যো গুপ্তঃ, প্রেত্য মৃত্বা ॥৭৮॥
পরেতি। নিরাশাঃ কব্যানামগ্রহণাদিতি ভাবঃ ॥৭৯॥
পরেতি। পরদারেষু রতিঃ সংসর্গো যস্য সঃ, উপাসতে উপাস্তে গচ্ছতীত্যর্থঃ ॥৮০॥
অসম্ভাষ্যা ইতি। ধর্ম্মান্তরসম্বন্ধেন সম্ভাষাসম্ভবেঽপীতি ভাবঃ ॥৮১॥
তস্মাদিতি। বন্ধ্যামাত্মভার্য্যামপি ত্যজেন্ন গচ্ছেদিত্যর্থঃ ॥৮২॥

এই আমি গুপ্ত ধর্ম্ম ও অধর্ম্ম বলিলাম; এই ধর্ম্ম স্বর্গাভিলাষী মনুষ্যগণের মৃত্যুর পরে স্বর্গসুখ উৎপাদন করে' ॥৭৮॥

লোমশ বলিলেন—'যাহারা বিবাহ না করিয়া পরভার্য্যায় আসক্ত হয়, তাহাদের পিতৃলোকেরা শ্রাদ্ধকালে নিরাশ হইয়া থাকেন ॥৭৯॥

যে লোক পরদার সংসর্গ করে কিংবা যে মানুষ বন্ধ্যা-স্ত্রী সঙ্গম করে এবং যে ব্যক্তি ব্রহ্মস্ব হরণ করে; তাহারা সকলেই সমান দোষভাগী হয় ॥৮০॥

ইহারা পিতৃলোকদের সম্ভাষণের অযোগ্য হয়, এবিষয়ে কোন সন্দেহ নাই। বিশেষতঃ, দেবগণ ও পিতৃগণ তাহাদের প্রদত্ত দ্রব্যের আদর করেন না ॥৮১॥

অতএব পরস্ত্রী ও বন্ধ্যাস্ত্রী বর্জ্জন করিবে এবং নিজের হিতাভিলাষী লোক ব্রহ্মস্ব হরণ করিবে না ॥৮২॥

---

(৭৮) ইতঃ পরং '...অষ্টাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '...একনবত্যধিকশততমোঽধ্যায়ঃ'—নি।

দ্বাদশ্যাং পৌর্ণমাস্যাঞ্চ মাসি মাসি ঘৃতাক্ষতম্ ।
ব্রাহ্মণেভ্যঃ প্রযচ্ছেত তস্য পুণ্যং নিবোধত ॥৮৪॥
সোমশ্চ বর্দ্ধতে তেন সমুদ্রশ্চ মহোদধিঃ ।
অশ্বমেধচতুর্ভাগং ফলং সৃজতি বাসবঃ ॥৮৫॥
দানেনৈতেন তেজস্বী বীর্য্যবাংশ্চ ভবেন্নরঃ ।
প্রীতশ্চ ভগবান্ সোম ইষ্টান্ কামান্ প্রযচ্ছতি ॥৮৬॥
শ্রূয়তাং চাপরো ধর্ম্মঃ সরহস্যো মহাফলঃ ।
ইদং কলিযুগং প্রাপ্য মানুষাণাং সুখাবহঃ ॥৮৭॥
কল্যমুত্থায় যো মর্ত্ত্যঃ স্নাতঃ শুক্লেন বাসসা ।
তিলপাত্রং প্রযচ্ছেত ব্রাহ্মণেভ্যঃ সমাহিতঃ ॥৮৮॥
তিলোদকঞ্চ যো দদ্যাৎ পিতৃণাং মধুনা সহ ।
দীপকং কৃসরঞ্চৈব শ্রূয়তাং তস্য যৎ ফলম্ ॥৮৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

শ্রূয়তামিতি । গুহ্যং মূঢ়েষু গোপনীয়ম্, রহস্যং গুপ্তম্ ॥৮৩॥

দ্বাদশ্যামিতি । পৌর্ণমাসীসাহচর্য্যাদ্দ্বাদশ্যাং শুক্লায়ামেব ॥৮৪॥

সোম ইতি । তেন দানকারিণা জনেন হেতুনা, সোমশ্চন্দ্রঃ মহোদধিঃ সমুদ্রশ্চ বর্দ্ধতে । তৎ পুণ্যেনৈবানযোর্বৃদ্ধিরিতি ভাবঃ । সৃজতি দদাতি, বাসব ইন্দ্রঃ ॥৮৫॥

দানেনেতি । ভগবান্ মাহাত্ম্যবান্, সোমশ্চন্দ্রঃ ॥৮৬॥

শ্রূয়তামিতি । ইদং ভাবি, প্রাপ্য বিদ্যমানানামিতি শেষঃ ॥৮৭॥

আপনারা গোপনীয় ও গুপ্ত ধর্ম্মসম্বন্ধ অপর বিষয় শ্রবণ করুন । মানুষ শ্রদ্ধাশীল হইয়া সর্ব্বদাই গুরুজনের বাক্য পালন করিবে ॥৮৩॥

মানুষ প্রত্যেক মাসে শুক্লপক্ষের দ্বাদশী ও পূর্ণিমা তিথিতে ব্রাহ্মণগণকে ঘৃতসংযুক্ত তণ্ডুল দান করিবে । আপনারা সেই দাতার পুণ্যের বিষয় শ্রবণ করুন ॥৮৪॥

চন্দ্র ও মহোদধি সমুদ্র সেই দাতার পুণ্যের ফলেই বৃদ্ধি পান এবং ইন্দ্র তাঁহাকে অশ্বমেধযজ্ঞের চারিভাগের এক ভাগের ফল দান করেন ॥৮৫॥

মানুষ এই দানের ফলে তেজস্বী ও বলবান্ হয় এবং ভগবান্ চন্দ্র সন্তুষ্ট হইয়া তাহাকে অভীষ্ট বস্তু সকল দান করেন ॥৮৬॥

আপনারা গুপ্ত ও মহাফলজনক অপর ধর্ম্ম শ্রবণ করুন । সেই ধর্ম্ম ভাবী কলিযুগের মনুষ্যগণের সুখজনক হইবে ॥৮৭॥

তিলপাত্রে ফলং প্রাহ ভগবান্ পাকশাসনঃ।
গোপ্রদানঞ্চ যঃ কুর্য্যাদ্ভূমিদানঞ্চ শাশ্বতম্ ॥৯০॥
অগ্নিষ্টোমঞ্চ যো যজ্ঞং যজেত বহুদক্ষিণম্।
তিলপাত্রং সহৈতেন সমং মন্যন্তি দেবতাঃ ॥৯১॥ (যুগ্মকম্)
তিলোদকং সদা শ্রাদ্ধে মন্যন্তে পিতরোঽক্ষয়ম্।
দীপে চ কৃসরে চৈব প্রীয়ন্তেঽস্য পিতামহাঃ ॥৯২॥
স্বর্গে চ পিতৃলোকে চ পিতৃদেবাভিপূজিতম্।
এবমেতন্ময়োদ্দিষ্টমৃষিদৃষ্টং পুরাতনম্ ॥৯৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসন-পর্ব্বণি দানধর্ম্মে দেবরহস্যে সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

কল্যমিতি। কল্যং প্রাতঃ, শুক্লেন বাসসা সহ। কৃসরং তিলতণ্ডুলম্, যৎ ফলং তৎ শ্রূয়তাম্ ॥৮৮—৮৯॥

তিলেতি। তিলপাত্রে দত্তে ইতি শেষঃ। পাকশাসন ইন্দ্রঃ। শাশ্বতং নিত্যম্। তিলপাত্রং তিলপাত্রদানম্, এতেন গোপ্রদানাদিনা ॥৯০—৯১॥

তিলেতি। তিলোদকং তিলোদকদানম্, দীপে চ কৃসরে চৈব দত্তে ইতি শেষঃ ॥৯২॥

স্বর্গ ইতি। পিতৃদেবাভিপূজিতমেতৎ কার্য্যমিতি শেষঃ ॥৯৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

যে মানুষ প্রাতঃকালে শয্যা হইতে উঠিয়া স্নান করিয়া একাগ্র চিত্ত হইয়া ব্রাহ্মণগণকে শুক্লবর্ণ বস্ত্রের সহিত তিলপাত্র দান করে এবং যে লোক পিতৃগণের উদ্দেশে মধুর সহিত তিলযুক্ত জল, দীপ ও তিলতণ্ডুল দান করে, তাহার যে ফল হয়, তাহা শ্রবণ করুন ॥৮৮—৮৯॥

ভগবান্ ইন্দ্র, তিলপাত্র দানের ফল বলিয়া থাকেন যে, যে লোক প্রত্যহ গোদান ও ভূমি দান করে এবং যে মানুষ বহু দক্ষিণাযুক্ত অগ্নিষ্টোমযজ্ঞ করে; দেবতারা এই সকল দানের সহিত তিলপাত্র দানকে সমান বলিয়া মনে করেন ॥৯০—৯১॥

পিতৃলোকেরা শ্রাদ্ধে তিলযুক্ত জলদানকে সর্ব্বদাই অক্ষয় ফলজনক বলিয়া মনে করেন এবং দীপ ও তিল তণ্ডুল দান করিলে পিতৃলোকেরা শ্রাদ্ধকর্ত্তার উপরে সন্তুষ্ট হন ॥৯২॥

---

* '...একোনত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, 'দ্বিনবত্যধিকশততমোঽধ্যায়ঃ'—নি।

অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

ভীষ্ম উবাচ।

ততস্তু ঋষিগণা সর্ব্বে পিতরশ্চ সদেবতাঃ।
অরুন্ধতীং তপোবৃদ্ধামপৃচ্ছন্ত সমাহিতাঃ ॥১॥
অরুন্ধতী তপোবৃদ্ধা সমানব্রতচারিণী।
সমানশীলা বীর্য্যেণ বসিষ্ঠস্য মহাত্মনঃ ॥২॥
ত্বত্তো ধর্ম্মরহস্যানি শ্রোতুমিচ্ছামহে বয়ম্।
যত্তে গুহ্যতমং ভদ্রে! তৎ প্রভাষিতুমর্হসি ॥৩॥

অরুন্ধত্যুবাচ।

তপোবৃদ্ধির্ম্ময়া প্রাপ্তা ভবতাং স্মরণেন বৈ।
ভবতাঞ্চ প্রসাদেন ধর্ম্মান্ বক্ষ্যামি শাশ্বতান্ ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। দেবতাভিঃ সহেতি সদেবতাঃ। সমাহিতা একাগ্রচিত্তাঃ ॥১॥
অরুন্ধতীতি। বীর্য্যেণ তপঃপ্রভাবেণ সমানেতি শেষঃ ॥২॥
ত্বত্ত ইতি। ধর্ম্মস্য রহস্যানি গুপ্তবিষয়ান্, স্বধর্ম্মম্ ॥৩॥
তপ ইতি। ভবতাং মহাধার্ম্মিকাণাম্। শাশ্বতান্ নিত্যান্ ॥৪॥

স্বর্গে দেবগণ এবং পিতৃলোকে পিতৃগণ এই সকল দানের প্রশংসা করিয়াছেন। এই আমি আপনাদের নিকটে ঋষি-পর্য্যালোচিত পুরাতন ধর্ম্ম বলিলাম' ॥৯৩॥

—ঃ*ঃ—

ভীষ্ম বলিলেন—'তাহার পর সকল ঋষিগণ, পিতৃগণ ও দেবগণ একাগ্রচিত্ত হইয়া তপোবৃদ্ধা অরুন্ধতীর নিকট প্রশ্ন করিলেন ॥১॥

কারণ, তপোবৃদ্ধা অরুন্ধতী মহাত্মা বসিষ্ঠের সমান ব্রতচারিণী, সমান স্বভাবা এবং তপঃপ্রভাবেও মহাত্মা বসিষ্ঠেরই তুল্যা ॥২॥

ভদ্রে! আমরা আপনার নিকট ধর্ম্মসম্বন্ধে গুপ্ত বিষয় শুনিতে ইচ্ছা করি। অতএব আপনার নিকটে যে অতি গুপ্ত ধর্ম্ম আছে, তাহা আপনি বলিতে পারেন' ॥৩॥

(৪) ভবতাং শরণেন বৈ—পি।

সগুহ্যান্ সরহস্যাংশ্চ তান্ শৃণুধ্বমশেষতঃ।
শ্রদ্দধানে প্রযোক্তব্যা যস্য শুদ্ধং তথা মনঃ ॥৫॥
অশ্রদ্দধানো মানী চ ব্রহ্মহা গুরুতল্পগঃ।
অসম্ভাষ্যা হি চত্বারো নৈষাং ধর্ম্মং প্রকাশয়েৎ ॥৬॥
অহন্যহনি যো দদ্যাৎ কপিলাং দ্বাদশীঃ সমাঃ।
মাসি মাসি চ সত্রেণ যো যজেত সদা নরঃ ॥৭॥
গবাং শতসহস্রঞ্চ যো দদ্যাজ্জ্যেষ্ঠপুষ্করে।
ন তদ্ধর্ম্মফলং তুল্যমতিথির্যস্য তুষ্যতি ॥৮॥ (যুগ্মকম্)
শ্রূয়তাং চাপরো ধর্ম্মো মনুষ্যাণাং সুখাবহঃ।
শ্রদ্দধানেন কর্ত্তব্যঃ সরহস্যো মহাফলঃ ॥৯॥

ভাবতকৌমুদী

সেতি। গুহ্যৈর্গোপনীয়বিষয়ৈঃ সহেতি তান্, রহস্যৈর্নির্জ্জনালোচনৈঃ সহেতি তান্, তান্ ধর্ম্মান্। শ্রদ্দধানে জনে ॥৫॥

অশ্রদিতি। মানী মূর্খোঽপি প্রাজ্ঞত্বেন গর্ব্বী ॥৬॥

অহনীতি। দ্বাদশীর্দ্বাদশ। ঈপ্রত্যয আর্ষঃ। সমা বৎসরান্। সত্রেণ তদাখ্যেন যজ্ঞেন। জ্যেষ্ঠপুষ্করে তন্নামকে তীর্থে ॥৭—৮॥

শ্রূয়তামিতি। সরহস্যো গুপ্তাবিষ্কারঃ ॥৯॥

অরুন্ধতী বলিলেন—'মহাধার্ম্মিকগণ। আমি আপনাদিগকে শ্রবণ করাব জন্যই তপোবৃদ্ধি লাভ করিয়াছি এবং এখনও আপনাদের অনুগ্রহেই সনাতন ধর্ম্ম বলিব ॥৪॥

গুপ্ত ও নির্জ্জন জাত সেই সকল ধর্ম্ম আপনারা সর্ব্বপ্রকারে শ্রবণ করুন। যে লোক শ্রদ্ধাশীল এবং যে লোকের চিত্ত শুদ্ধ থাকে, তাহাদের নিকটেই এই সকল ধর্ম্ম আপনারাও বলিবেন ॥৫॥

অবিশ্বাসী, অভিমানী, ব্রহ্মহত্যাকারী ও গুরুভার্য্যাগামী—এই চারিজন অসম্ভাষ্য; সুতরাং ইহাদের নিকটে ধর্ম্ম প্রকাশ করিবে না ॥৬॥

যে লোক, বার বৎসর যাবৎ প্রত্যহ কপিলা গোদান করে কিংবা যে মানুষ প্রত্যেক মাসে সত্রযাগ করিতে থাকে অথবা যে ব্যক্তি জ্যেষ্ঠপুষ্কর তীর্থে লক্ষ গোদান করে; তাহাদের ধর্ম্মও অতিথি সন্তোষক লোকের ধর্ম্মের তুল্য নহে ॥৭—৮॥

আপনারা মনুষ্যগণের সুখজনক অপর ধর্ম্ম শ্রবণ করুন; শ্রদ্ধাশীল ব্যক্তি গুপ্ত ও মহাফলজনক এই ধর্ম্মের অনুষ্ঠান করিবেন ॥৯॥

কল্যমুত্থায় গোমধ্যে গৃহ্য দর্ভান্ সহোদকান্।
নিষিঞ্চেত গবাং শৃঙ্গে মস্তকেন চ তজ্জলম্।
প্রতীচ্ছেত নিরাহারস্তস্য ধর্ম্মফলং শৃণু ॥১০॥
শ্রূয়ন্তে যানি তীর্থানি ত্রিষু লোকেষু কর্হিচিৎ।
সিদ্ধচারণজুষ্টানি সেবিতানি মহর্ষিভিঃ।
অভিষেকঃ সমস্তেষাং গবাং শৃঙ্গোদকস্য চ ॥১১॥
সাধু সাধ্বিতি চোদ্দিষ্টং দৈবতৈঃ পিতৃভিস্তথা।
ভূতৈশ্চৈব সুসন্তুষ্টৈঃ পূজিতা সাপ্যরুন্ধতী ॥১২॥

ব্রহ্মোবাচ।

অহো ধর্ম্মো মহাভাগে! সরহস্য উদাহৃতঃ।
বরং দদামি তে ধন্যে! তপস্তে বর্দ্ধতাং সদা ॥১৩॥

যম উবাচ।

রমণীয়া কথা দিব্যা যুষ্মত্তো যা ময়া শ্রুতা।
শ্রূয়তাং চিত্রগুপ্তস্য ভাষিতং মম চ প্রিয়ম্ ॥১৪॥

ভারতকৌমুদী

কল্যমিতি। কল্যং প্রাতঃ, গৃহ্য গৃহীত্বা। প্রতীচ্ছেত গৃহ্নীয়াৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১০॥

শ্রূয়ন্ত ইতি। সিদ্ধৈশ্চারণৈশ্চ দেবযোনিবিশেষৈর্জুষ্টানি সেবিতানি। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১১॥

সাধ্বিতি। উদ্দিষ্টমুক্তম্। ভূতৈর্দেবযোনিবিশেষৈঃ ॥১২॥

অহো ইতি। সরহস্যো গুপ্তঃ। হে ধন্যে! পুণ্যবতি! ॥১৩॥

মানুষ উপবাসী থাকিয়া প্রাতঃকালে শয্যা হইতে উঠিয়া গোসমূহের মধ্যে যাইয়া কুশ ও জলগ্রহণ করিয়া সেই জল গোসমূহের শৃঙ্গে সেচন করিবে; তৎপরে মস্তকদ্বারা সেই জল গ্রহণ করিবে। তাহার ধর্ম্মফল শ্রবণ করুন ॥১০॥

ত্রিভুবনে যে কোন স্থানে মহর্ষিগণ, সিদ্ধগণ ও চারণগণ-সেবিত যে সকল তীর্থ শুনা যায়; সেই সকল তীর্থে স্নান করার তুল্যই গো-শৃঙ্গজলে স্নান করা ॥১১॥

দেবগণ, পিতৃগণ ও ভূতগণ অত্যন্ত সন্তুষ্ট হইয়া 'সাধু সাধু' বলিলেন এবং সেই অরুন্ধতীর প্রশংসাও করিলেন' ॥১২॥

ব্রহ্মা বলিলেন—'মহাভাগে! তুমি গোপনীয় ধর্ম্মই বলিয়াছ; অতএব পুণ্যবতি! আমি তোমাকে বর দিতেছি, সর্ব্বদাই তোমার ধর্ম্ম বৃদ্ধি লাভ করুক' ॥১৩॥

রহস্যং ধর্ম্মসংযুক্তং শক্যং শ্রোতুং মহর্ষিভিঃ।
শ্রদ্দধানেন মর্ত্ত্যেন আত্মনো হিতমিচ্ছতা ॥১৫॥
নহি পুণ্যং তথা পাপং কৃতং কিঞ্চিদ্বিনশ্যতি।
পর্ব্বকালে চ যৎ কিঞ্চিদাদিত্যং চাধিতিষ্ঠতি ॥১৬॥
প্রেতলোকং গতে মর্ত্ত্যে তত্তৎ সর্ব্বং বিভাবসুঃ।
প্রতিজানাতি পুণ্যাত্মা তচ্চ তত্রোপযুজ্যতে ॥১৭॥ (যুগ্মকম্)
কিঞ্চিদ্ধর্ম্মং প্রবক্ষ্যামি চিত্রগুপ্তমতং শুভম্।
পানীয়ঞ্চৈব দীপঞ্চ দাতব্যং সততং তথা ॥১৮॥
উপানহৌ চ চ্ছত্রঞ্চ কপিলা চ যথাতথম্।
পুষ্করে কপিলা দেয়া ব্রাহ্মণে বেদপারগে ॥১৯॥

ভাবতকৌমুদী

রমণীয়েতি। যা শ্রুতা তদ্বৎ রমণীয়মিতি শেষঃ ॥১৪॥

রহস্যমিতি। রহস্যং গোপনীয়বিষয়ঃ ॥১৫॥

নহীতি। বিনশ্যতি ভোগং বিনা। পর্ব্বকালে অষ্টম্যাদৌ অধিতিষ্ঠতি দানেনোপগচ্ছতি। বিভাবসুঃ সূর্য্যঃ। প্রতিজানাতি তস্মৈ দাতুম্ ॥১৬—১৭॥

কিঞ্চিদিতি। দাতব্যমিতি ভাবে তব্যপ্রত্যয়াৎ "কাং দিশং গন্তব্য"মিত্যাদিবৎ কর্ম্মণি দ্বিতীয়ৈব ॥১৮॥

উপেতি। উপানহৌ চর্ম্মপাদুকাদ্বয়ম্। পুষ্করে তীর্থে ॥১৯॥

যম বলিলেন—'আমি আপনাদের নিকট হইতে যে মনোহর অলৌকিক কথা শুনিলাম, ইহারই তুল্য, আমার ও প্রিয় চিত্রগুপ্তের কথা এখন আপনারা শ্রবণ করুন ॥১৪॥

মহর্ষিরা সেই গোপনীয় ধর্ম্মসংবদ্ধ বাক্য শুনিবার যোগ্য এবং শ্রদ্ধাশীল ও নিজের হিতৈষী মানুষও তাহা শুনিতে পারে ॥১৫॥

পূর্ব্বকৃত কোন পুণ্য বা কোন পাপ ভোগব্যতীত বিনষ্ট হয় না। অষ্টমী-প্রভৃতি পর্ব্বকালে প্রদত্ত যে কিছু দ্রব্য সূর্য্যের নিকট উপস্থিত হয়, মানুষ পরলোকে গমন করিলে সূর্য্য সেই সমস্ত দ্রব্য আবার তাহাকে দান করিবার প্রতিজ্ঞা করেন, তাহাতে পুণ্যাত্মা মানুষ সেই পরলোকে থাকিয়া সেই সমস্ত দ্রব্যই ভোগ করেন ॥১৬—১৭॥

চিত্রগুপ্তের অভিমত মঙ্গলজনক কোন ধর্ম্ম আমি বলিতেছি। সর্ব্বদাই জল ও দীপ দান করিবে ॥১৮॥

অগ্নিহোত্রঞ্চ যত্নেন সর্বশঃ প্রতিপালয়েৎ।
অয়ঞ্চৈবাহপরো ধর্ম্মশ্চিত্রগুপ্তেন ভাষিতঃ ॥২০॥
ফলমস্য পৃথক্ত্বেন শ্রোতুমর্হন্তি সত্তমাঃ।
প্রলয়ং সর্ব্বভূতৈস্তু গন্তব্যং কালপর্য্যয়াৎ ॥২১॥
তত্র দুর্গমনুপ্রাপ্তাঃ ক্ষুত্তৃষ্ণাপরিপীড়িতাঃ।
দহ্যমানা বিপচ্যন্তে ন তত্রাস্তি পলায়নম্ ॥২২॥
অন্ধকারং তমো ঘোরং প্রবিশন্ত্যল্পবুদ্ধয়ঃ।
তত্র ধর্ম্মং প্রবক্ষ্যামি যেন দুর্গাণি সন্তরেৎ ॥২৩॥
অল্পব্যয়ং মহার্থঞ্চ প্রেত্য চৈব সুখোদয়ম্।
পানীয়স্য গুণা দিব্যাঃ প্রেতলোকে বিশেষতঃ ॥২৪॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

অগ্নীতি। প্রতিপালয়েৎ প্রতীক্ষেত কুর্ব্বীতেত্যর্থঃ ॥২০॥

ফলমিতি। অত্রাপি গন্তব্যমিতি ভাবে তব্যপ্রত্যয়াৎ প্রলয়মিতি কর্ম্মণি দ্বিতীয়া। কালস্য পর্য্যয়াৎ ক্রমাৎ ॥২১॥

তত্রেতি। দুর্গং দুর্গমং নরকম্। পলায়নং নাস্তি ন সম্ভবতি যমানুচরৈর্বাধ্যত্বাৎ ॥২২॥

অন্ধেতি। অন্ধং করোতীত্যন্ধকারম্। কর্ম্মণ্যণ্। অল্পো ব্যয়ো যস্মিন্ তম্, মহানর্থঃ প্রয়োজনং যস্মাত্তম্, প্রেত্য পরলোকে, সুখস্য উদয়ো যস্মাত্তম্ ॥২৩—২৪॥

ভাবতভাবদীপঃ

তত ইতি ॥১—৪॥ প্রয়োক্তব্যা ধর্ম্মা বাচ্যাঃ ॥৫—১৬॥ প্রতিজানাত্যর্পয়তি, উপযুজ্যতে পুণ্যপাপকর্ত্তা ॥১৭—২০॥ প্রকৃষ্টো লয়োহদর্শনং যস্মাত্তং প্রলয়ং মরণম্ ॥২১—৪০॥

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাধিকশততমোহধ্যায়ঃ ॥১০৮॥

চর্ম্ম পাদুকাযুগল, ছত্র ও কপিলা ধেনু যথাযথভাবে দান করিবে; কিন্তু পুষ্করতীর্থে বেদপারগামী ব্রাহ্মণকেই কপিলা দিবে ॥১৯॥

সর্ব্ব প্রযত্নে অগ্নিহোত্র করিবে। চিত্রগুপ্তভাষিত এই আর একটী ধর্ম্ম কথিত হইতেছে ॥২০॥

সাধুশ্রেষ্ঠগণ! আপনারা এই ধর্ম্মের পৃথক্ পৃথক্ ফল শুনিতে পারেন। সমস্ত প্রাণীরই কালক্রমে লয় পাইতে হইবে ॥২১॥

তাহাতে পাপী লোকেরা দুর্গম নরকে যায়, সেখানে ক্ষুধা ও তৃষ্ণায় পরিপীড়িত হয় এবং দুঃখানলে দগ্ধ হইতে থাকে; কিন্তু সে স্থানে পলায়ন করা সম্ভবপর হয় না ॥২২॥

তত্র পুণ্যোদকা নাম নদী তেষাং বিধীয়তে।
অক্ষয়ং সলিলং তত্র শীতলং হ্যমৃতোপমম্ ॥২৫॥
স তত্র তোয়ং পিবতি পানীয়ং যঃ প্রযচ্ছতি।
প্রদীপস্য প্রদানেন শ্রূয়তাং গুণবিস্তরঃ ॥২৬॥
তমোঽন্ধকারং নিয়তং দীপদো ন প্রপশ্যতি।
প্রভাং চাস্য প্রযচ্ছন্তি সোমভাস্করপাবকাঃ ॥২৭॥
দেবতাশ্চানুমন্যন্তে বিমলাঃ সর্ব্বতো দিশঃ।
দ্যোততে চ যথাদিত্যঃ প্রেতলোকগতো নরঃ ॥২৮॥
তস্মাদ্দীপঃ প্রদাতব্যঃ পানীয়ঞ্চ বিশেষতঃ।
কপিলাং যে প্রযচ্ছন্তি ব্রাহ্মণে বেদপারগে ॥২৯॥
পুষ্করে চ বিশেষেণ শ্রূয়তাং তস্য যৎ ফলম্।
গোশতং সবৃষং তেন দত্তং ভবতি শাশ্বতম্ ॥৩০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত্রেতি। পুণ্যং পবিত্রমুদকং যস্যাঃ সা ॥২৫॥
স ইতি। পানীয়ং পানযোগ্যং জলম্। গুণবিস্তরঃ ফলবাহুল্যম্ ॥২৬॥
তম ইতি। তমস্তিমিরম্, দীপদঃ প্রদীপদাতা ॥২৭॥
দেবতা ইতি। অনুমন্যন্তে তস্য বিচরণায়ানুজানন্তি ॥২৮॥

অল্প বুদ্ধি লোকেরা অন্ধত্বজনক ভীষণ অন্ধকারে প্রবেশ করে। আমি সে বিষয়ে ধর্ম্ম বলিতেছি, যে ধর্ম্মের গুণে মানুষ দুর্গম নরক সকল উত্তীর্ণ হইতে পারে; যে ধর্ম্মানুষ্ঠানে ব্যয় অল্প এবং ফল প্রচুর হয় আর পরলোকে যে ধর্ম্ম সুখ উৎপাদন করে। জলের অলৌকিক গুণ পরলোকে বিশেষভাবেই হইয়া থাকে ॥২৩—২৪॥

সেই পরলোকে জলদাতাদের জন্য পুণ্যোদকা নামে একটী নদী নির্দ্দিষ্ট আছে। সেই নদীতে অক্ষয়, শীতল ও অমৃততুল্য জল রহিয়াছে ॥২৫॥

যে লোক ইহলোকে জল দান করে, সেই লোক পরলোকে সেই নদীতে জল পান করিয়া থাকে। এখন প্রদীপ দানের বহুতর ফল শ্রবণ করুন ॥২৬॥

দীপদাতা নিশ্চয়ই অন্ধত্বজনক অন্ধকার দেখিতে পায় না। কারণ, চন্দ্র, সূর্য্য ও অগ্নি তাহাকে আলোক দান করিয়া থাকেন ॥২৭॥

দেবতারা তাহার বিচরণের জন্য নির্ম্মল সমস্ত দিক্ অনুমোদন করেন; বিশেষতঃ, সেই মানুষ পরলোকে যাইয়া নিজেও সূর্য্যের ন্যায়ই প্রকাশ পায় ॥২৮॥

পাপং কর্ম্ম চ যৎ কিঞ্চিদ্‌ব্রহ্মহত্যাসমং ভবেৎ।
শোধযেৎ কপিলা হ্যেকা প্রদত্তং গোশতং যথা ॥৩১॥
তস্মাত্তু কপিলা দেয়া কৌমুদ্যাং জ্যেষ্ঠপুষ্করে।
ন তেষাং বিষমং কিঞ্চিন্ন দুঃখং ন চ কণ্টকাঃ ॥৩২॥
উপানহৌ চ যো দদ্যাৎ পাত্রভূতে দ্বিজোত্তমে।
ছত্রদানে সুখাং ছায়াং লভতে পরলোকগঃ ॥৩৩॥
নহি দত্তস্য দানস্য নাশোঽস্তীহ কদাচন।
চিত্রগুপ্তমতং শ্রুত্বা হৃষ্টরোমা বিভাবসুঃ ॥৩৪॥
উবাচ দেবতাঃ সর্বাঃ পিতৄংশ্চৈব মহাদ্যুতিঃ।
শ্রুতং হি চিত্রগুপ্তস্য ধর্ম্মগুহ্যং মহাত্মনঃ ॥৩৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তস্মাদিতি। পানীযং জলম্। পুষ্করে তীর্থে ॥২৯—৩০॥

পাপমিতি। শোধযেন্নাশযেৎ, একা কপিলা দত্তেতি শেষঃ ॥৩১॥

তস্মাদিতি। কৌমুদ্যাং কার্ত্তিকপৌর্ণমাস্যাম্, জ্যেষ্ঠপুষ্করে তদাখ্যে তীর্থে। বিষমং বিপৎ, কণ্টকাঃ শত্রবঃ ॥৩২॥

উপেতি। উপানহৌ চর্ম্মপাদুকাযুগলম্ ॥৩৩॥

নহীতি। দত্তস্য কৃতস্য। বিভাবসুঃ সূর্য্যঃ। ধর্ম্মগুহ্যং গোপ্যং ধর্ম্মম্ ॥৩৪—৩৫॥

অতএব মানুষ প্রদীপ ও বিশেষ ফলের জন্য জল দান করিবে এবং আরও অধিক ফলের জন্য পুষ্করতীর্থে বেদপারদর্শী ব্রাহ্মণকে যাঁহারা কপিলা ধেনু দান করেন; তাঁহাদের যে ফল হয়, তাহা শ্রবণ করুন। যিনি পুষ্করতীর্থে একটী কপিলা ধেনু দান করেন; তাঁহার নিত্য বৃষের সহিত একশত গো দান করা হয় ॥২৯—৩০॥

ব্রহ্মহত্যার তুল্য যে কিছু পাপ হয়, শত গোদানের ন্যায় একটী কপিলা দানে সেই পাপ নষ্ট করে ॥৩১॥

অতএব মানুষ, জ্যেষ্ঠপুষ্করতীর্থে কার্ত্তিক মাসের পূর্ণিমাতে কপিলা দান করিবে; তাহা হইলে তাহার কোন বিপদ, কোন দুঃখ বা শত্রু হইবে না ॥৩২॥

যে লোক উপযুক্ত পাত্র ব্রাহ্মণকে চর্ম্ম পাদুকাযুগল দান করে কিংবা ছত্র দান করে, সেই লোক পরলোকে যাইয়া সুখজনক ছায়া লাভ করিয়া থাকে ॥৩৩॥

এই জগতে কৃতদানের কখনও নাশ নাই। চিত্রগুপ্তের মত শুনিয়া

শ্রদ্দধানাশ্চ যে মর্ত্ত্যা ব্রাহ্মণেষু মহাত্মসু।
দানমেতৎ প্রযচ্ছন্তি ন তেষাং বিদ্যতে ভয়ম্ ॥৩৬॥
কর্ম্মদোষাস্ত্বিমে পঞ্চ যেষাং নাস্তীহ নিষ্কৃতিঃ।
অসম্ভাষ্যা অনাচারা বর্জ্জনীয়া নরাধমাঃ ॥৩৭॥
ব্রহ্মহা চৈব গোঘ্নশ্চ পরদাররতশ্চ যঃ।
অশ্রদ্দধানশ্চ নরঃ স্ত্রিয়ং যশ্চোপজীবতি ॥৩৮॥
প্রেতলোকগতা হ্যেতে নরকে পাপকর্ম্মিণঃ।
পচ্যন্তে বৈ যথা মীনাঃ পূযশোণিতভোজনাঃ ॥৩৯॥ (যুগ্মকম্)
অসম্ভাষ্যাঃ পিতৄণাঞ্চ দেবানাঞ্চৈব পঞ্চ তে।
স্নাতকানাঞ্চ বিপ্রাণাং যে চান্যে চ তপোধনাঃ ॥৪০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসন-
পর্ব্বণি দানধর্ম্মে চিত্রগুপ্তরহস্যেঽষ্টাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

শ্রদিতি। মর্ত্ত্যা মানবাঃ। প্রযচ্ছন্তি কুর্ব্বন্তি ॥৩৬॥

কর্ম্মেতি। নিষ্কৃতিঃ প্রায়শ্চিত্তম্। অনাচারাঃ সদাচারশূন্যাঃ ॥৩৭॥

ব্রহ্মহেতি। উপজীবতি পরপুরুষায় নিযোজ্য তদ্দত্তধনেন জীবিকাং নির্ব্বাহয়তি। নরকে পূযশোণিতপূর্ণে ॥৩৮—৩৯॥

মহাতেজা সূর্য্য বিস্ময়ে রোমাঞ্চিত হইয়া সমস্ত দেবগণ ও পিতৃগণকে বলিলেন—'মহাত্মা চিত্রগুপ্তের অভিমত গোপনীয় ধর্ম্ম শুনিলাম ॥৩৪—৩৫॥

শ্রদ্ধাশীল যে সকল মানুষ মহাত্মা ব্রাহ্মণগণকে এই কপিলা দান করেন, তাঁহাদের কোন ভয় থাকে না ॥৩৬॥

এই পাঁচটী কর্ম্মদোষ। এই জগতে যে সকল কর্ম্মদোষের প্রায়শ্চিত্ত নাই। সদাচারশূন্য এই নরাধমদিগের সম্ভাষণ করিবে না; ইহাদিগকে বর্জ্জনই করিবে ॥৩৭॥

যে লোক ব্রহ্মহত্যাকারী, যে মানুষ গোঘাতক, যে পুরুষ পরদাররনিরত, যে মনুষ্য ধর্ম্মে বিশ্বাস করে না এবং যে ব্যক্তি নিজভার্য্যাদ্বারা জীবিকানির্ব্বাহ করে; এই সকল পাপকর্ম্মীরা পরলোকে যাইয়া, পূযশোণিতপূর্ণ নরকে সেই পূযশোণিতভোজী হইয়া মৎস্যের ন্যায় পচিতে থাকে ॥৩৮—৩৯॥

---

* 'ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, 'ত্রিনবত্যধিকশততমোঽধ্যায়ঃ'—নি।

নবাধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

ভীষ্ম উবাচ।

ততঃ সর্বে মহাভাগা দেবাশ্চ পিতরশ্চ হ।
ঋষয়শ্চ মহাভাগাঃ প্রমথান্ বাক্যমব্রুবন্॥১॥
ভবন্তো বৈ মহাভাগা অপরোক্ষনিশাচরাঃ।
উচ্ছিষ্টানশুচীন্ ক্ষুদ্রান্ কথং হিংসথ মানবান্॥২॥
কে চ স্মৃতাঃ প্রতীঘাতা যেন মর্ত্ত্যান্ন হিংসথ।
রক্ষোঘ্নানি চ কানি স্যুর্যৈর্গৃহেষু প্রণশ্যথ।
শ্রোতুমিচ্ছাম যুষ্মাকং সর্বমেতন্নিশাচরাঃ॥৩॥

ভারতকৌমুদী

অসম্ভাষ্যা ইতি। স্নাতকানাং গৃহমেধিনাম্॥৪০॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মেঽষ্টাধিকশততমোঽধ্যায়ঃ॥০॥

—ঃ*ঃ—

তত ইতি। মহান্ ভাগো ভাগ্যং যেষাং তে, "ভাগো রূপার্দ্ধকে ভাগ্যৈকদেশয়োঃ" ইতি হেমচন্দ্রঃ। প্রমথান্ তদাখ্যান্ শিবানুচরান্॥১॥

ভবন্ত ইতি। অপরোক্ষং প্রত্যক্ষং নিশায়াং চরন্তীতি তে, উচ্ছিষ্টান্ বক্ষ্যমাণানপবিত্রান্ পারিভাষিকান্, অশুচীন্ স্বভাবাদপবিত্রান্॥২॥

সেই পঞ্চবিধ পাপীই দেবগণ, পিতৃগণ, স্নাতক ব্রাহ্মণগণ এবং অন্য যে সকল তপস্বী আছেন; তাঁহাদের অসম্ভাবণীয়' ॥৪০॥

—ঃ*ঃ—

ভীষ্ম বলিলেন—'তাহার পর মহাভাগ্যশালী সকল দেবগণ, পিতৃগণ ও ঋষিগণ প্রমথগণকে এই কথা বলিয়াছিলেন—॥১॥

'আপনারা মহাভাগ্যশালী, প্রত্যক্ষভাবে রাত্রিতে বিচরণ করেন; সুতরাং জিজ্ঞাস্য এই যে, আপনারা উচ্ছিষ্ট, অপবিত্র ও ক্ষুদ্র মনুষ্যগণকে কি প্রকারে হিংসা করিয়া থাকেন ? ॥২॥

প্রমথা ঊচুঃ।

মৈথুনেন সদোচ্ছিষ্টাঃ কৃতে চৈবাধরোত্তরে।
মোহান্মাংসানি খাদেত বৃক্ষমূলে চ যঃ স্বপেৎ ॥৪॥
আমিষং শীর্ষতো যস্ত পাদতো যশ্চ সংবিশেৎ।
তত উচ্ছিষ্টকাঃ সর্বে বহুচ্ছিদ্রাশ্চ মানবাঃ ॥৫॥
উদকে চাপ্যমেধ্যানি শ্লেষ্মাণঞ্চ প্রমুঞ্চতি।
এতে ভক্ষ্যাশ্চ বধ্যাশ্চ মানুষা নাত্র সংশয়ঃ ॥৬॥

ভারতকৌমুদী

ক ইতি। প্রতীঘাতাঃ প্রতীকারোপায়াঃ, যেন প্রতীঘাতোপায়সমূহেন। রক্ষোঘ্নানি রাক্ষসনিবারকাণি, কানি কর্ম্মাণি প্রণস্যথ যূয়মদৃশ্যা ভবথ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩॥

মৈথুনেনেতি। মৈথুনেন স্ত্রীসংসর্গেণ কৃতেন উচ্ছিষ্টা স্নানাকরণাদপবিত্রাঃ, অধরোত্তরে উত্তরাধরয়োরধরোত্তরভাবে কৃতে সতি অপকৃষ্টস্যোৎকর্ষে উৎকৃষ্টস্য চাপকর্ষে কৃতে সতীত্যর্থঃ। স্বপেৎ স্বপ্যাৎ, সোঽপি উচ্ছিষ্ট ইত্যর্থঃ ॥৪॥

আমিষমিতি। যস্য শয়ানস্য শীর্ষতো শিরোদেশে আমিষং মাংসং বর্ত্ততে, যশ্চ পাদতঃ পাদতলে আমিষং কৃত্বা সংবিশেৎ শয়ীত। ততস্তেভ্যঃ কারণেভ্য ইমে সর্ব্বে উচ্ছিষ্টকা উচ্যন্তে, বহুনি ছিদ্রাণি কর্ত্তব্যভ্রংশা মূত্রপুরীষত্যাগানন্তরা স্নানাদয়ো যেষাং তে, মানবাশ্চ উচ্ছিষ্টকাঃ ॥৫॥

উদক ইতি। উদকে জলে অমেধ্যানি অপবিত্রাণি মূত্রপুরীষাদীনি ॥৬॥

নিশাচরগণ! আপনাদের হিংসার প্রতীকারের উপায় কি কি? যাহাতে আপনারা মনুষ্যগণের হিংসা করিতে পারেন না এবং রাক্ষসনিবারক কার্য্যই বা কি কি? সে গুলির প্রভাবে আপনারা মনুষ্যগণের গৃহে দৃষ্টিগোচর হন না। আপনাদের মুখে এই সমস্ত শুনিতে আমরা ইচ্ছা করি' ॥৩॥

প্রমথগণ বলিলেন—'যে লোক মৈথুন করিয়া স্নান করে না, যে মানুষ অপকৃষ্টকে উৎকৃষ্ট এবং উৎকৃষ্টকে অপকৃষ্ট করে, যে ব্যক্তি মোহবশতঃ বৃথামাংস ভক্ষণ করিয়া থাকে এবং যে ব্যক্তি বৃক্ষমূলে শয়ন করে; তাহারা সকলেই সর্ব্বদা উচ্ছিষ্ট বলিয়া কথিত হয় ॥৪॥

যে শয়িত ব্যক্তির মস্তকে সংলগ্ন অবস্থায় মাংস থাকে এবং যে শয়িত লোকের চরণে সংলগ্নভাবে মাংস রহে এবং যে সকল মানুষের বহুতর কর্ত্তব্যের ত্রুটি হয়; তাহারা সকলেই সেই সেই কারণে উচ্ছিষ্ট বলিয়া কথিত হয় ॥৫॥

আর যে লোক জলে মূত্র ও বিষ্ঠাপ্রভৃতি অপবিত্র বস্তু এবং শ্লেষ্মা ত্যাগ করে, এই সকল মানুষ আমাদের ভক্ষ্য ও বধ্য; এবিষয়ে কোন সন্দেহ নাই ॥৬॥

এবং শীলসমাচারান্ ধর্ষয়ামো হি মানবান্।
শ্রূয়ন্তাঞ্চ প্রতীঘাতা যৈর্ন শক্নুম হিংসিতুম্ ॥৭॥
গোরোচনাসমালম্ভো বচাহস্তশ্চ যো ভবেৎ।
ঘৃতাক্ষতঞ্চ যো দদ্যান্মস্তকে তৎপরায়ণঃ।
যে চ মাংসং ন খাদন্তি তান্ন শক্নুম হিংসিতুম্ ॥৮॥
যস্য চাগ্নির্গৃহে নিত্যং দিবারাত্রৌ চ দীপ্যতে।
তরক্ষোশ্চর্ম্ম দংষ্ট্রাশ্চ তথৈব গিরিকচ্ছপঃ ॥৯॥
আজ্যধূমো বিড়ালশ্চ ছাগঃ কৃষ্ণোঽথ পিঙ্গলঃ।
যেষামেতানি তিষ্ঠন্তি গৃহেষু গৃহমেধিনাম্ ॥১০॥
তান্যধৃষ্যাণ্যগারাণি পিশিতাশৈঃ সুদারুণৈঃ।
লোকানস্মদ্বিধা যে চ বিচরন্তি যথাসুখম্ ॥১১॥ (বিশেষকম্)

এবমিতি। ধর্ষযামঃ অভিভবামঃ। প্রতীঘাতাঃ প্রতীকারাঃ ॥৭॥

গবিতি। গোরোচনযা সমালম্ভো গাত্রলেপনং যস্য সঃ, তৎ পরায়ণো ঘৃতাক্ষতভোক্তঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৮॥

যস্যেতি। তরক্ষোর্ব্যাঘ্রবিশেষস্য, দংষ্ট্রা দন্তাঃ, গিরিকচ্ছপঃ পার্ব্বত্যকূর্ম্মঃ। গৃহমেধিনাং গৃহস্থানাম্, পিশিতাশৈর্মাংসভোজিভিঃ ॥৯—১১॥

এই প্রকার স্বভাব ও আচারযুক্ত মানুষগণকেই আমরা অভিভূত করিয়া থাকি। এখন আপনারা ইহার প্রতীকারের উপায সকল শ্রবণ করুন; যে গুলির ফলে আমরা মনুষ্যদিগকে হিংসা করিতে সমর্থ হই না। ॥৭॥

যাহার অঙ্গে গোরোচনা লিপ্ত থাকে, যে লোক হস্তে বচ ধারণ করে, ঘৃত ও অক্ষতের ভক্ত যে লোক মস্তকে তাহা ধারণ করিয়া থাকে এবং যাহারা মাংস খায় না; তাহাদিগকে আমরা হিংসা করিতে সমর্থ হই না ॥৮॥

যাহার গৃহে প্রত্যহ দিনে ও রাত্রিতে অগ্নি জ্বলে এবং ব্যাঘ্রের চর্ম্ম, দন্ত ও পার্ব্বত্যকূর্ম্ম থাকে; বিশেষতঃ ঘৃতের ধূম, বিড়াল এবং কৃষ্ণবর্ণ বা পিঙ্গলবর্ণ ছাগল—এইগুলি যে সকল গৃহস্থের গৃহে থাকে; অতিভীষণ মাংসভোজী রাক্ষসেরা সেই সকল গৃহ অভিভূত করিতে পারে না এবং আমাদের মত যে সকল ভূত যথাসুখে বিচরণ করে, তাহারা সেই সকল গৃহস্থকেও আক্রমণ করিতে সমর্থ হয় না ॥৯—১১॥

---

(৭) শ্রূয়তাঞ্চ প্রতীঘাতাঃ ··পি, শ্রূয়তাশ্চ ·প্রতীঘাতান্—বঙ্গ বর্দ্ধ।

(৮) রোচনয়া সমালব্ধঃ—পি।

তস্মাদেতানি গেহেষু রক্ষোঘ্নানি বিশাংপতে।।
এতদ্বঃ কথিতং সর্বং যত্র বঃ সংশযো মহান্ ॥১২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসন-
পর্ব্বণি দানধর্ম্মে প্রমথরহস্যে নবাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

দশাধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

ভীষ্ম উবাচ।
ততঃ পদ্মপ্রতীকাশঃ পদ্মোদ্ভূতঃ পিতামহঃ।
উবাচ বচনং দেবান্ বাসবঞ্চ শচীপতিম্ ॥১॥

ভাবতকৌমুদী

তস্মাদিতি। রক্ষোঘ্নানি রাক্ষসাদিনিবারকাণি, হে বিশাংপতে। প্রজাপতে! ॥১২॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহা
ভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নবাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তত ইতি। পদ্মপ্রতীকাশো রক্তপদ্মতুল্যবর্ণঃ, পিতামহো ব্রহ্মা ॥১॥

ভারতভাবদীপঃ

ততঃ সর্ব্বে ইতি ॥১—৩॥ অধরোত্তরেবাস্তে অধর উত্তরঃ শ্রেষ্ঠো যত্র, শ্রেষ্ঠস্যাবমানে কৃতে সতি ॥৪॥ আমিষং মাংসং শিরসি দধানঃ পাদতঃ শয্যায়াং পাদস্থানে শিরঃ কৃত্বা যঃ সংবিশেৎ ॥৫—৮॥ তরক্ষোর্ব্যাঘ্রস্য, গিরিকচ্ছপঃ পর্ব্বতদরীশায়ী স্থলকূর্ম্মঃ ॥৯—১২॥
ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে
নবাধিকশততমোঽধ্যায়ঃ ॥১০৯॥

—:*:—

অতএব প্রজাপতি! এই সকল দ্রব্যই গৃহস্থের গৃহে রাক্ষসনিবারক বলিয়া কথিত হয়। যে বিষয়ে আপনাদের গুরুতর সংশয় ছিল, এই আমরা আপনাদের নিকট সেই সমস্ত বলিলাম' ॥১২॥

—:*:—

---

* '...একত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '..চতুর্নবত্যধিকশততমোঽধ্যায়ঃ'—নি।

অয়ং মহাবলো নাগো রসাতলচরো বলী।
তেজস্বী রেণুকো নাগ মহাসত্ত্বপরাক্রমঃ ॥২॥
অতিতেজস্বিনঃ সর্ব্বে মহাবীর্য্যা মহাগজাঃ।
ধারয়ন্তি মহীং কৃৎস্নাং সশৈলবনকাননাম্ ॥৩॥
ভবদ্ভিঃ সমনুজ্ঞাতো রেণুকস্তান্মহাগজান্।
ধর্ম্মগুহ্যানি সর্বাণি গত্বা পৃচ্ছতু তত্র বৈ ॥৪॥
পিতামহবচঃ শ্রুত্বা তে দেবা রেণুকং তদা।
প্রেষয়ামাসুরব্যগ্রা যত্র তে ধরণীধরাঃ ॥৫॥

রেণুক উবাচ।

অনুজ্ঞাতোঽস্মি দেবৈশ্চ পিতৃভিশ্চ মহাবলাঃ!।
ধর্ম্মগুহ্যানি যুষ্মাকং শ্রোতুমিচ্ছামি তত্ত্বতঃ।
কথয়ধ্বং মহাভাগাঃ! যদ্বস্তত্ত্বং মনীষিতম্ ॥৬॥

ভারতকৌমুদী

অয়মিতি। বলং সৈন্যমস্যাস্তীতি বলী। মহান্তৌ সত্ত্বপরাক্রমৌ অধ্যবসায়বিক্রমৌ যস্য সঃ ॥২॥

অতীতি। শৈলৈঃ পর্ব্বতৈঃ বনৈরুদ্যানৈঃ কাননৈররণ্যৈশ্চ সহেতি তাম্ ॥৩॥

ভবদ্ভিরিতি। গুহ্যানি গোপ্যানি ধর্ম্মাণীতি ধর্ম্মগুহ্যানি। "অগ্নিষ্টোক" ইত্যাদিবদ্বিশেষণস্য পরনিপাতঃ ॥৪॥

পিতেতি। অব্যগ্রা অনাকুলাঃ, ধরণীধরা গজাঃ ॥৫॥

ভীষ্ম বলিলেন—'তাহার পর রক্তপদ্মের ন্যায় রক্তবর্ণ নারায়ণের নাভিপদ্ম হইতে উৎপন্ন ব্রহ্মা শচীপতি ইন্দ্রকে এবং অন্যান্য দেবতাকে এই কথা বলিলেন—॥১॥

'পাতালচারী, সৈন্যসম্পন্ন, তেজস্বী, অত্যন্ত অধ্যবসায় ও পরাক্রমশালী এই মহাবল রেণুক রহিয়াছেন ॥২॥

সকলেই অত্যন্ত তেজস্বী ও মহাবল এই মহাহস্তিগণ পর্ব্বত, উদ্যান ও বনের সহিত সমগ্র পৃথিবী ধারণ করিতেছেন ॥৩॥

অতএব দেবগণ তোমাদের অনুমতিক্রমে রেণুক সেই স্থানে যাইয়া মহাহস্তিগণের নিকটে সমস্ত গোপনীয় ধর্ম্ম জিজ্ঞাসা করুন' ॥৪॥

তখন সেই দেবতারা ব্রহ্মার বাক্য শুনিয়া অনাকুলভাবে যাইয়া যেখানে সেই মহাহস্তিগণ ছিল, সেই স্থানে রেণুককে প্রেরণ করিলেন ॥৫॥

দিগ্‌গজা ঊচুঃ।

কার্ত্তিকে মাসি চাশ্লেষা বহুলস্যাষ্টমী শিবা।
তেন নক্ষত্রযোগেন যো দদাতি গুড়ৌদনম্ ॥৭॥
ইমং মন্ত্রং জপন্ শ্রাদ্ধে যতাহারো হ্যকোপনঃ।
বলদেবপ্রভৃতয়ো যে নাগা বলবত্তরাঃ ॥৮॥
অনন্তা হ্যক্ষয়া নিত্যং ভোগিনঃ সুমহাবলাঃ।
তেষাং কুলোদ্ভবা যে চ মহাভূতা ভুজঙ্গমাঃ ॥৯॥
তে মে বলিং প্রতীচ্ছন্তু বলতেজোঽভিবৃদ্ধয়ে।
যদা নারায়ণঃ শ্রীমানুজ্জহার বসুন্ধরাম্ ॥১০॥
তদ্বলং তস্য দেবস্য ধরামুদ্ধরতস্তথা।
এবমুক্ত্বা বলিং তত্র বল্মীকে তু নিবেদয়েৎ ॥১১॥ (কুলকম্)

ভারতকৌমুদী

অন্বিতি। বো যুষ্মাকং যৎ তত্ত্বং গুহ্যধর্ম্মযাথার্থ্যম্, মনীষিতমভীষ্টম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥

কার্ত্তিক ইতি। বহুলস্য কৃষ্ণপক্ষস্য, শিবা মঙ্গলকারিণী। যতাহারো হবিষ্যভোজী, ভোগিনঃ ফণাবন্তঃ। মহাভূতাঃ প্রশস্তপ্রাণিনঃ। প্রতীচ্ছন্তু গৃহ্লন্তু, বল্মীকে উয়ীকামৃত্তিকায়াম্ ॥৭—১১॥

বেণুক বলিলেন—'মহাবল দিগ্‌গজগণ! দেবগণ ও পিতৃগণ আমাকে অনুমতি করিয়াছেন যে, (তুমি যাইয়া প্রার্থনা কর) আমরা আপনাদের গোপনীয় ধর্ম্ম যথার্থরূপে শুনিতে ইচ্ছা করি; অতএব মহাভাগগণ! আপনাদের অভীষ্ট যে ধর্ম্মতত্ত্ব, তাহা আপনারা বলুন' ॥৬॥

দিগ্‌গজগণ বলিল—'কার্ত্তিকমাসে কৃষ্ণপক্ষে মঙ্গলকারিণী যে অষ্টমী তিথি, তাহাতে অশ্লেষানক্ষত্র হইলে, সেই নক্ষত্রযোগে যে লোক হবিষ্যাশী ও কোপশূন্য হইয়া শ্রাদ্ধে এই মন্ত্র পাঠ করিতে থাকিয়া গুড়যুক্ত অন্ন দান করে; (এই সেই মন্ত্র) 'অত্যন্ত বলশালী, অসীম, অক্ষয়, সর্ব্বদা ফণাধারী ও অতি-শক্তিসম্পন্ন বলদেবপ্রভৃতি যে সকল নাগ ছিলেন, তাঁহাদের বংশে যে সমস্ত মহাপ্রাণিস্বরূপ নাগ জন্মিয়াছেন, তাঁহারা বল ও তেজ বৃদ্ধির নিমিত্ত আমার উপহার গ্রহণ করুন। যখন ভগবান্ নারায়ণ পৃথিবী উত্তোলন করিয়াছিলেন, সেই পৃথিবী উত্তোলন করিবার সময়ে সেই নারায়ণদেবের যে বল ছিল, সেই বল আমার হউক'—এই মন্ত্র পাঠ করিয়া সেই লোক বল্মীকমৃত্তিকার উপরে উপহার দান করিবে ॥৭—১১॥

---

(১০) তে মে বলিং প্রয়চ্ছন্তু—বঙ্গ বর্দ্ধ।

গজেন্দ্রকুসুমাকীর্ণং নীলবস্ত্রানুলেপনম্।
নির্ব্বপেত্তস্তু বল্মীকে অস্তং যাতে দিবাকরে ॥১২॥
এবং তুষ্টাস্ততঃ সর্বে অধস্তাদ্ভারপীড়িতাঃ।
শ্রমং তং নাববুধ্যামো ধারয়ন্তো বসুন্ধরাম্ ॥১৩॥
এবং মন্যামহে সর্বে ভারার্ত্তা নিরপেক্ষিণঃ।
ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বৈশ্যঃ শূদ্রো বা যদ্যুপোষিতঃ ॥১৪॥
এবং সংবৎসরং কৃত্বা দানং বহুফলং লভেৎ।
বল্মীকে বলিমাদায় তন্নো বহুফলং মতম্ ॥১৫॥ (যুগ্মকম্)
যে চ নাগা মহাবীর্য্যাস্ত্রিষু লোকেষু কৃৎস্নশঃ।
কৃতাতিথ্যা ভবেয়ুস্তে শতং বর্ষাণি তত্ত্বতঃ ॥১৬॥
দিগ্‌গজানাঞ্চ তচ্ছ্রুত্বা দেবতাঃ পিতরস্তথা।
ঋষয়শ্চ মহাভাগাঃ পূজয়ন্তি স্ম রেণুকম্ ॥১৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসন-পর্ব্বণি দানধর্ম্মে দিগ্‌গজরহস্যে দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

গজেতি। গজেন্দ্রকুসুমানি স্বনামপ্রসিদ্ধানি পুষ্পাণি তৈরাকীর্ণম্, নীলে বস্ত্রানুলেপনে যত্র তম্, তমুপহারম্, নির্ব্বপেদ্দদ্যাৎ ॥১২॥

এবমিতি। অধস্তাৎ স্থিতাঃ, পৃথিব্যাভারেণ পীড়িতাঃ ॥১৩॥

এবমিতি। নিরপেক্ষিণস্তদ্ভারবহনে উদাসীনাঃ, আদায় গৃহীত্বা স্থিতানাম্ ॥১৪—১৫॥

য ইতি। কৃতমাতিথ্যমুপহারদানং যেষাং তে ॥১৬॥

সূর্য্য অস্তাচলে গমন করিলে, গজেন্দ্র পুষ্পসংযুক্ত এবং নীলবস্ত্র ও নীলানু-লেপনসম্পন্ন সেই উপহার বল্মীক মৃত্তিকার উপরে দান করিবে ॥১২॥

এইরূপ করিলে, আমরা মস্তকে পৃথিবী ধারণ করিতে থাকিয়া এবং তাহার ভারে পীড়িত হইয়াও সন্তুষ্ট হওয়ার জন্য সেই ব্যাপারটাকে পরিশ্রম বলিয়াই মনে করি না ॥১৩॥

আমরা সকলেই পৃথিবীর ভারে পীড়িত হইয়াও এইরূপ করার জন্য সেই ভারকে তুচ্ছ মনে করিয়া থাকি। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য বা শূদ্র উপবাসী থাকিয়া এক বৎসর যাবৎ এইরূপ করিয়া যদি উপহার দান করেন; তাহা হইলে তিনি বহু ফল লাভ করিতে পারেন এবং বল্মীক মৃত্তিকার উপরে প্রদত্ত সেই উপহার গ্রহণ করিয়া আমরাও তাহা বহু ফল বলিয়াই মনে করি ॥১৪-১৫॥

---

* '…দ্বাত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '… পঞ্চনবত্যধিকশততমোঽধ্যায়ঃ'—নি।

একাদশাধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

মহেশ্বর উবাচ।

সারমুদ্ধৃত্য যুষ্মাভিঃ সাধুধর্ম্ম উদাহৃতঃ।
ধর্ম্মগুহ্যমিদং মত্তঃ শৃণুধ্বং সর্ব্ব এব হ ॥১॥
যেষাং ধর্ম্মাশ্রিতা বুদ্ধিঃ শ্রদ্দধানাশ্চ যে নরাঃ।
তেষাং স্যাদুপদেষ্টব্যঃ সরহস্যো-মহাফলঃ ॥২॥
নিরুদ্বিগ্নস্তু যো দদ্যান্মাসমেকং গবাহ্নিকম্।
একভক্তং তথাশ্নীয়াচ্ছ্রূয়তাং তস্য যৎ ফলম্ ॥৩॥

ভারতকৌমুদী

দিগিতি। পূজয়ন্তি প্রশংসন্তি স্ম রেণুকেনৈব তদানয়নাৎ ॥১৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

সারমিতি। সর্ব্বৈরেবানুষ্ঠেয়ত্বাদেবাস্য ধর্ম্মস্য সাধুত্বমিতি ভাবঃ। মত্তো মম সকাশাৎ ॥১॥

যেষামিতি। রহস্যেন গোপনীয়বিষয়েণ সহেতি সরহস্যঃ ॥২॥

নিরিতি। গোরাহ্নিকঃ প্রত্যহং দেয়ো ঘাসজলাদিস্তম্ ॥৩॥

ত্রিভুবনে যে সকল মহাবল নাগ রহিয়াছেন; তাঁহারা সকলেই শত বৎসর যাবৎ সেই উপহার দানে কৃতাতিথ্য হইয়া থাকেন ॥১৬॥

দিগ্‌গজগণের সেই গোপনীয় ধর্ম্ম শুনিয়া মহাভাগ দেবগণ, পিতৃগণ ও ঋষিগণ রেণুকের প্রশংসা করিলেন' ॥১৭॥

—:*:—

মহাদেব বলিলেন—'আপনারা সমস্ত ধর্ম্মের সার উত্তোলন করিয়া উৎকৃষ্ট ধর্ম্ম সকল বলিলেন। এখন আপনারা সকলেই আমার নিকট হইতেও এই গোপনীয় ধর্ম্ম শ্রবণ করুন ॥১॥

যাহাদের বুদ্ধি ধর্ম্মাবলম্বিনী এবং যে সকল মানুষ ধর্ম্মে বিশ্বাসী; তাহাদের নিকটেই মহাফলজনক এই গোপনীয় ধর্ম্ম বলা উচিত ॥২॥

(২) যেষাং বিদ্যাশ্রিতা বুদ্ধিঃ—পি।

ইমা গাবো মহাভাগাঃ পবিত্রং পরমং স্মৃতাঃ।
ত্রীন্ লোকান্ ধারয়ন্তি স্ম সদেবাসুরমানুষান্ ॥৪॥
তাসু চৈব মহাপুণ্যং শুশ্রূষা চ মহাফলম্।
অহন্যহনি ধর্ম্মেণ যুজ্যতে বৈ গবাহ্নিকঃ ॥৫॥
ময়াহ্যেতে হ্যনুজ্ঞাতাঃ পূর্বমাসন্ কৃতে যুগে।
ততোঽহমনুনীতো বৈ ব্রহ্মণা পদ্মযোনিনা ॥৬॥
তস্মাদ্‌ব্রজস্থানগতস্তিষ্ঠত্যুপরি মে বৃষঃ।
রমেঽহং সহ গোভিশ্চ তস্মাৎ পূজ্যাঃ সদৈব তাঃ।
মহাপ্রভাবা বরদা বরান্ দদ্যুরুপাসিতাঃ ॥৭॥

ভাবতকৌমুদী

কথমিত্থং গোসেবা কর্ত্তব্যেত্যাহ ইমা ইতি। পবিত্রং বস্তু ॥৪॥

তাস্বিতি। শুশ্রূষা গাত্রসংবাহনাদিপরিচর্য্যা, মহাফলং জনয়তীতি শেষঃ। গোরাহ্নিকঃ প্রত্যহং সেবকঃ ॥৫॥

ময়েতি। অনুজ্ঞাতা ইমং ধর্ম্মমনুষ্ঠাতুমনুমতা মানুষা ইতি শেষঃ। অনুনীত ইদানীমিতি বক্তুমিতি শেষঃ ॥৬॥

তস্মাদিতি। তস্মাদ্‌গোসেবায়া মহাফলজনকত্বাৎ, ব্রজস্থানগতো গোষ্ঠস্থিতো বৃষঃ, মে মম উপরি ধ্বজোপরিদেশে তিষ্ঠতি। উপাসিতাঃ সেবিতাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

যে মানুষ প্রসন্নচিত্ত হইয়া একমাস যাবৎ প্রত্যহ কোন গরুকে ঘাস ও জল প্রভৃতি দান করে এবং প্রতিদিন একবারমাত্র নিরামিষ ভোজন করিয়া থাকে, তাহার যে ফল হয়, তাহা শ্রবণ করুন ॥৩॥

মহাভাগ্যবতী এই গো সকল পরম পবিত্র বস্তু এবং ইঁহারাই দেবগণ, অসুরগণ ও মনুষ্যগণের সহিত ত্রিভুবন রক্ষা করিতেছেন ॥৪॥

সেই গোগণের শুশ্রূষা করা মহাপুণ্যজনক এবং অন্যান্যবিধ মহাফলজনক; সুতরাং প্রত্যহ গোসেবাকারী মানুষ বিশেষ ধর্ম্মশালী হইয়া থাকে ॥৫॥

আমি পূর্ব্বে সত্যযুগে এই ধর্ম্মের অনুষ্ঠান করিবার জন্য মনুষ্যগণকে অনুমতি দিয়াছিলাম; তাহার পর এখন আবার পদ্মযোনি ব্রহ্মা গোপনীয় ধর্ম্ম বলিবার জন্য অনুনয় করিয়াছেন বলিয়া সেই ধর্ম্ম বলিলাম ॥৬॥

সেই জন্যই গোষ্ঠস্থিত বৃষ আমার উপরে অর্থাৎ আমার ধ্বজের শীর্ষদেশে

---

(৪) পবিত্রং পরমং স্মৃতম্—পি।

(৫) তাসাঞ্চৈব মহাপুণ্যং শুশ্রূষধ্বং দিবৌকসঃ।। অহন্যহনি যো মর্ত্ত্যো যুজ্যতে বৈ গবাহ্নিকে ॥—পি।

তা গাবোঽস্যানুমন্যন্তে সর্ব্বকর্ম্মসু যৎ ফলম্।
তস্য তত্র চতুর্ভাগো যো দদাতি গবাহ্নিকম্ ॥৮॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসন-
পর্ব্বণি দানধর্ম্মে মহাদেবরহস্যে একাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ।

স্কন্দ উবাচ।

মমাপ্যনুমতো ধর্ম্মস্তং শৃণুধ্বং সমাহিতাঃ।
নীলষণ্ডস্য শৃঙ্গাভ্যাং গৃহীত্বা মৃত্তিকাস্তু যঃ।
অভিষেকং ত্র্যহং কুর্য্যাত্তস্য ধর্ম্মং নিবোধত ॥১॥

ভারতকৌমুদী

তা ইতি। অস্য চিরগোসেবকস্য তস্য তদীয়ফলস্য ॥৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসন-
পর্ব্বণি দানধর্ম্মে একাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

মমেতি। অনুমতঃ অভিমতঃ, নীলষণ্ডস্য নীলবৃষস্য, শৃঙ্গাভ্যাং শৃঙ্গদ্বয়াৎ। অভিষেকং গাত্রে তন্মৃত্তিকালেপনপূর্ব্বকং স্নানম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥

থাকে এবং আমিও গোগণের সহিত থাকিয়া আনন্দ অনুভব করি; অতএব মহাপ্রভাবশালিনী ও বরদায়িনী গোসকল সর্ব্বদাই পূজনীয় এবং তাঁহাদের পূজা করিলে তাঁহারা বরদান করিয়া থাকেন ॥৭॥

সেই গোগণ গোসেবকের সমস্ত কার্য্যে যে ফল দান করিবার অনুমতি করেন; যে লোক গবাহ্নিক অর্থাৎ এক মাস যাবৎ প্রত্যহ গোকে ঘাস-জলাদি দান করে, তাহার সেই চিরগোসেবকের ফলের চারিভাগের এক ভাগ ফল হয়' ॥৮॥

—:*:—

কার্ত্তিক বলিলেন—'আপনারা মনোযোগী হইয়া আমারও অভিপ্রেত প্রসিদ্ধ ধর্ম্ম শ্রবণ করুন। যে লোক নীলবৃষের শৃঙ্গদ্বয় হইতে মৃত্তিকা গ্রহণ

---

* '...ত্রয়স্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, 'ষণ্ণবত্যধিকশততমোঽধ্যায়ঃ'—নি।

শোধয়েদশুভং সর্ব্বমাধিপত্যং পরত্র চ।
যাবচ্চ জায়তে মর্ত্ত্যস্তাবচ্ছূরো ভবিষ্যতি ॥২॥
ইদং চাপ্যপরং গুহ্যং সরহস্যং নিবোধত।
প্রগৃহ্যোদুম্বরং পাত্রং পক্বান্নং মধুনা সহ ॥৩॥
সোমস্যোত্তিষ্ঠমানস্য পৌর্ণমাস্যাং বলিং হরেৎ।
তস্য ধর্ম্মফলং নিত্যং শ্রদ্দধানা নিবোধত ॥৪॥ (যুগ্মকম্)
সাধ্যা রুদ্রাস্তথাদিত্যা বিশ্বেদেবাস্তথাশ্বিনৌ।
মরুতো বসবশ্চৈব প্রতিগৃহ্নন্তি তং বলিম্ ॥৫॥
সোমশ্চ বর্দ্ধতে তেন সমুদ্রশ্চ মহোদধিঃ।
এষ ধর্ম্মো ময়োদ্দিষ্টঃ সরহস্যঃ সুখাবহঃ ॥৬॥

ভারতকৌমুদী

শোধয়েদিতি। শোধয়েন্নাশয়েৎ। পরত্র পরজন্মনি চ আধিপত্যং লভেতেতি শেষঃ। জায়তে মরণাৎ পরং পুনরুৎপদ্যতে জীবতীত্যর্থঃ ॥২॥

ইদমিতি। অপরং ধর্ম্মম্, গুহ্যং গোপনীয়ম্, সরহস্যং গুপ্তম্। ঔদুম্বরং তাম্রময়ং পাত্রম্, তত্র চ মধুনা সহ পক্বান্নং প্রগৃহ্য, উত্তিষ্ঠমানস্যোদয়মানস্য সোমস্য চন্দ্রস্যোদ্দেশে, পৌর্ণমাস্যাং বলিমুপহারম্, হরেদদ্যাৎ ॥৩—৪॥

সাধ্যা ইতি। অশ্বিনৌ অশ্বিনীকুমারদ্বয়ম্। মরুতো বায়বঃ ॥৫॥

সোম ইতি। সোমশ্চন্দ্রঃ, তেন উপহারদানেন ॥৬॥

করিয়া তাহা গায়ে মাখিয়া তিন দিন যাবৎ এক একবার স্নান করে, তাহার ধর্ম্ম আপনারা শ্রবণ করুন ॥১॥

সেই লোক সমস্ত অমঙ্গল দূর করিতে পারে, পরজন্মে প্রভুত্ব লাভ করে এবং যতকাল জীবিত থাকে, ততকাল বীর হয় ॥২॥

এই আর একটী গুপ্ত ও গোপনীয় ধর্ম্ম আপনারা শ্রবণ করুন। তাম্রপাত্রে মধুর সহিত পক্ব অন্ন গ্রহণ করিয়া পূর্ণিমাতিথিতে উদয়মান চন্দ্রের উদ্দেশ্যে সেই উপহার দান করিবে। তাহার অক্ষয় ধর্ম্মফল আপনারা বিশ্বস্ত হইয়া শ্রবণ করুন ॥৩—৪॥

সাধ্যগণ, রুদ্রগণ, আদিত্যগণ, বিশ্বদেবগণ, অশ্বিনীকুমারদ্বয়, মরুদ্‌গণ ও বসুগণ সেই উপহার গ্রহণ করিয়া থাকেন ॥৫॥

সেই উপহার দানের ফলে চন্দ্র এবং মহাজলনিধি সমুদ্র বৃদ্ধি পায়। এই আমি গুপ্ত ও সুখজনক ধর্ম্ম বলিলাম ॥৬॥

বিষ্ণুরুবাচ।

ধর্ম্মগুহ্যানি সর্বাণি দেবতানাং মহাত্মনাম্।
ঋষীণাঞ্চৈব গুহ্যানি যঃ পঠেদাহ্নিকং সদা ॥৭॥
শৃণুয়াদ্বানসূয়শ্চ শ্রদ্দধানঃ সমাহিতঃ।
নাস্য বিঘ্নঃ প্রভবতি ভয়ং চাস্য ন বিদ্যতে ॥৮॥ (যুগ্মকম্)
যে চ ধর্ম্মাঃ শুভাঃ পুণ্যাঃ সরহস্যা উদাহৃতাঃ।
তেষাং ধর্ম্মফলং তস্য যঃ পঠেত জিতেন্দ্রিয়ঃ ॥৯॥
নাস্য পাপং প্রভবতি ন চ পাপেন লিপ্যতে।
পঠিত্বা শ্রাবয়িত্বাপি শ্রুত্বা বা লভতে ফলম্ ॥১০॥
ভুঞ্জতে পিতরো দেবা হব্যং কব্যমথাক্ষয়ম্।
শ্রাবয়ংশ্চাপি বিপ্রেন্দ্রান্ পর্ব্বসু প্রযতো নরঃ ॥১১॥
ঋষীণাং দেবতানাঞ্চ পিতৃণাঞ্চৈব নিত্যদা।
ভবত্যভিমতঃ শ্রীমান্ ধর্ম্মেষু প্রযতঃ সদা ॥১২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ধর্ম্মেতি। আহ্নিকং প্রত্যহম্। সমাহিত একাগ্রচিত্তঃ ॥৭—৮॥

য ইতি। সরহস্যা গুপ্তাঃ। তেষাং ধর্ম্মাণাম্। ফলমিতি বিভক্তিলোপ আর্ষঃ ॥৯॥

নেতি। পাপং পূর্ব্বকৃতম্, ন প্রভবতি ক্ষীণতয়া কিমপি কর্ত্তুং ন শক্নোতি, পাপেন নূতনেন ॥১০॥

ভুঞ্জত ইতি। পর্ব্বসু অষ্টম্যাদিষু। অভিমতঃ প্রিয়ঃ, শ্রীমান্ সম্পদ্যুক্তঃ ॥১১—১২॥

বিষ্ণু বলিলেন—'যে লোক চিরদিন প্রত্যহ মহাত্মা দেবগণ ও ঋষিগণের এই সমস্ত গুপ্তধর্ম্ম পাঠ করে, কিংবা যে মানুষ অসূয়াশূন্য, শ্রদ্ধাশীল ও একাগ্রচিত্ত হইয়া ইহা শ্রবণ করে, তাহার কোন বিঘ্ন হয় না কিংবা তাহার কোন ভয় থাকে না ॥৭—৮॥

এই মহাত্মারা শুভজনক ও পবিত্র যে সকল গুপ্তধর্ম্ম বলিলেন, যে লোক জিতেন্দ্রিয় হইয়া ইহা করে, তাহার সেই সকল ধর্ম্মের ফল হয় ॥৯॥

আর তাহার পূর্ব্বকৃত পাপ প্রভাব প্রকাশ করিতে পারে না কিংবা নূতন পাপেও সে লিপ্ত হয় না, অতএব মানুষ, ইহা পাঠ করিয়া এবং শুনাইয়া, আর শুনিয়া উক্ত ফল সকল লাভ করিবে ॥১০॥

---

(১০) পঠেদ্বা শ্রাবয়েদ্বাপি—বঙ্গ বর্দ্ধ। (১১) শ্রাবয়েচ্চাপি বিপ্রেন্দ্রান্—পি।

কৃত্বাপি পাপকং কর্ম্ম মহাপাতকবর্জ্জিতম্।
রহস্যধর্ম্মং শ্রুত্বেমং সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥১৩॥

ভীষ্ম উবাচ।

এতদ্ধর্ম্মরহস্যং বৈ দেবতানাং নরাধিপ।।
ব্যাসোদ্দিষ্টং ময়া প্রোক্তং সর্ব্বদেবনমস্কৃতম্ ॥১৪॥
পৃথিবী রত্নসম্পূর্ণা জ্ঞানং চেদমনুত্তমম্।
ইদমেব ততঃ শ্রাব্যমিতি মন্যেত ধর্ম্মবিৎ ॥১৫॥
নাশ্রদ্দধানায় ন নাস্তিকায় ন নষ্টধর্ম্মায় ন নির্ঘৃণায়।
ন হেতুদুষ্টায় গুরুদ্বিষে বা নানাত্মভূতায় নিবেদ্যমেতৎ ॥১৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসন-
পর্ব্বণি দানধর্ম্মে স্কন্দদেবরহস্যে দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

কৃত্বেতি। মহাপাতকান্যাহ মনুঃ—"ব্রহ্মহত্যা সুরাপানং স্তেয়ং গুর্ব্বঙ্গনাগমঃ। মহান্তি পাতকান্যাহুঃ সংসর্গশ্চাপি তৈঃ সহ॥" রহস্যধর্ম্মং গুপ্তধর্ম্মম্ ॥১৩॥

এতদিতি। ধর্ম্মরহস্যং গুপ্তং ধর্ম্মম্। ব্যাসেনোদ্দিষ্টমুক্তম্ ॥১৪॥

পৃথিবীতি। রত্নসম্পূর্ণা পৃথিবী যথাঽনুত্তমা, তথা ইদম্ এতদ্বিষয়কং জ্ঞানঞ্চ, ন বিদ্যতে উত্তমং যস্মাত্তৎ তাদৃশম্ ॥১৫॥

বিশেষতঃ, দেবগণ ও পিতৃগণ তাহার প্রদত্ত অক্ষয় হব্য ও কব্য ভোগ করেন। তারপর মানুষ সংযত হইয়া পর্ব্বকালে ব্রাহ্মণশ্রেষ্ঠগণকে ইহা শুনাইয়া দেবগণ, ঋষিগণ ও পিতৃগণের সর্ব্বদা প্রিয়, সম্পত্তিশালী এবং নিরন্তর ধর্ম্মে নিরত হয় ॥১১—১২॥

মানুষ মহাপাতক ভিন্ন অন্য পাপ কর্ম্ম করিয়াও এই সকল গুপ্ত ধর্ম্ম শুনিয়া সেই সমস্ত পাপ হইতে মুক্ত হয়' ॥১৩॥

ভীষ্ম বলিলেন—'নরনাথ! বেদব্যাস দেবগণের এই সমস্ত গুপ্তধর্ম্ম বলিয়াছিলেন; আমি আবার এখন তোমার নিকট বলিলাম; এই সকল ধর্ম্ম সমস্ত দেবতারও আদৃত ॥১৪॥

রত্নপূর্ণা পৃথিবী যেমন সর্ব্বাপেক্ষা উত্তম, তেমন এই সকল ধর্ম্মের জ্ঞানও সর্ব্বাপেক্ষা উত্তম। অতএব ধর্ম্মজ্ঞ মানুষ, এই বিষয়টাকে শ্রাব্য বলিয়া মনে করিবেন ॥১৫॥

---

(১৬) ন নষ্টধর্ম্মায় ন নির্গুণায়·· গুরুদ্বিষেণ চ পি।

* '…চতুস্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বৰ্দ্ধ ' সপ্তনবত্যধিকশততমোঽধ্যায়ঃ'—নি।

ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

যুধিষ্ঠির উবাচ।

কে ভোজ্যা ব্রাহ্মণস্যেহ কে ভোজ্যাঃ ক্ষত্রিয়স্য হ।
তথা বৈশ্যস্য কে ভোজ্যাঃ কে শূদ্রস্য চ ভারত।॥১॥

ভীষ্ম উবাচ।

ব্রাহ্মণা ব্রাহ্মণস্যেহ ভোজ্যা যে চৈব ক্ষত্রিযাঃ।
বৈশ্যাশ্চাপি তথা ভোজ্যাঃ শূদ্রাশ্চ পরিবর্জ্জিতাঃ॥২॥

ভারতকৌমুদী

নেতি। নির্ঘৃণায় নির্দ্দযায়। হেতুভির্হেতুবাদৈর্দুষ্টায়, অনাত্মভূতায় অনাত্মীয়ায়, নিবেদ্যং জ্ঞাপনীয়ম্॥১৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি
দানধর্ম্মে দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ॥০॥

—ঃ*ঃ—

ক ইতি। কে বর্ণাঃ, ভোজ্যা ভোজ্যান্নাঃ॥১॥

ব্রাহ্মণা ইতি। ইহ জগতি ব্রাহ্মণস্য ব্রাহ্মণা ভোজ্যা ভোজ্যান্নাঃ। "রাজান্নং তেজ আদত্তে" ইত্যাদিমনুবচনন্তু ক্ষত্রিয়স্বামিকক্ষত্রিয়পক্কান্নপরম্, অত্র তু অন্নপদং ক্ষত্রিয়স্বামিকমাত্রপরমিত্যবিরোধঃ॥২॥

অশ্রদ্ধাশালী, নাস্তিক, ধর্ম্মশূন্য, নির্দ্দয, হেতুবাদদুষ্ট, গুরুদ্বেষী বা অনাত্মীয় লোকদিগেব নিকটে এই সকল ধর্ম্ম বলিবে না'॥১৬॥

—ঃ*ঃ—

যুধিষ্ঠির বলিলেন—'ভবতনন্দন! এই জগতে ব্রাহ্মণ কোন্ কোন্ বর্ণের অন্ন ভোজন কবিতে পাবেন? ক্ষত্রিয় কাহার কাহার অন্ন ভক্ষণ করিতে সমর্থ হন? বৈশ্য কোন্ কোন্ জাতির অন্ন খাইতে পারেন? শূদ্রই বা কাহার কাহার অন্ন ভোজন কবিবেন?'॥১॥

ভীষ্ম বলিলেন—'এই জগতে ব্রাহ্মণ ব্রাহ্মণেব অন্ন ভোজন করিতে পারেন এবং যাহাবা ক্ষত্রিয বা বৈশ্য, তাহাদেব অন্নও ভোজন করিতে পারেন, কিন্তু শূদ্রের অন্ন বর্জ্জন কবিবেন॥২॥

ব্রাহ্মণা ক্ষত্রিয়া বৈশ্যা ভোজ্যা বৈ ক্ষত্রিয়স্য হ।
বর্জ্জনীয়াস্তু বৈ শূদ্রাঃ সর্ব্বভক্ষা বিকর্ম্মিণঃ ॥৩॥
বৈশ্যাস্তু ভোজ্যা বিপ্রাণাং ক্ষত্রিয়াণাং তথৈব চ।
নিত্যাগ্নয়ো বিবিক্তাশ্চ চাতুর্ম্মাস্যরতাশ্চ যে ॥৪॥
শূদ্রাণামথ যো ভুঙ্‌ক্তে স ভুঙ্‌ক্তে পৃথিবীমলম্।
মলং নৃণাং স পিবতি মলং ভুঙ্‌ক্তে জনস্য চ ॥৫॥
শূদ্রাণাং যস্তথা ভুঙ্‌ক্তে স ভুঙ্‌ক্তে পৃথিবীমলম্।
পৃথিবী মলমশ্নাতি যে দ্বিজাঃ শূদ্রভোজিনঃ ॥৬॥
শূদ্রস্য কর্ম্মনিষ্ঠায়াং বিকর্ম্মস্থোঽপি পচ্যতে।
ব্রাহ্মণঃ ক্ষত্রিযো বৈশ্যো বিকর্ম্মস্থশ্চ পচ্যতে ॥৭॥
যাঁহারা ক্রোধবশতঃ পরের হৃদয়বিদারক বাক্য বলেন না, ক্রুদ্ধ হইয়াও শান্ত বাক্যই বলিয়া থাকেন; সেই মানুষেরা স্বর্গে গমন করেন ॥২৫॥

দেবি! বুদ্ধিমান্ মানুষেরা সর্ব্বদা মঙ্গলজনক ও সত্যগুণসম্পন্ন এই বাক্যসম্বন্ধীয় ধর্ম্মের সেবা করিবেন; আর মিথ্যা বাক্য সর্ব্বদাই বর্জ্জন করিবেন' ॥২৬॥

পার্ব্বতী বলিলেন—'মহাভাগ! পিনাকপাণি! দেবদেব! মানুষ যে মানসিক কর্ম্মের ফলে বদ্ধ হয়, তাহা আপনি আমার নিকট বলুন' ॥২৭॥

---

(২৩) সর্ব্বভূতা দয়াবন্তঃ—পি।

মহেশ্বর উবাচ।

মানসেনেহ ধর্ম্মেণ সংযুক্তাঃ পুরুষাঃ সদা।
স্বর্গং গচ্ছন্তি কল্যাণি! তন্মে কীর্ত্তয়তঃ শৃণু ॥২৮॥
দুষ্প্রণীতেন মনসা দুষ্প্রণীততরাকৃতিঃ।
মনো বধ্যতি যেনেহ শৃণু বাক্যং শুভাননে! ॥২৯॥
অরণ্যে বিজনে ন্যস্তং পরস্বং দৃশ্যতে যদা।
মনসাপি ন হিংসন্তি তে নরাঃ স্বর্গগামিনঃ ॥৩০॥
গ্রামে গৃহে বা যে দ্রব্যং পারক্যং বিজনে স্থিতম্।
নাভিনন্দন্তি বৈ নিত্যং তে নরাঃ স্বর্গগামিনঃ ॥৩১॥

ভারতকৌমুদী

মানসেনেতি। মনসোঽয়মিতি মানসস্তেন ॥২৮॥

দুরিতি। দুষ্প্রণীতেন দুষ্টপথে চালিতেন মনসা, দুষ্প্রণীততরা অতীবদুষ্টরূপা আকৃতিঃ স্যাদাত্মনস্ত ॥২৯॥

অরণ্য ইতি। পরস্বং পরকীয়বস্তু ছাগাদিকম্ ॥৩০॥

গ্রাম ইতি। পারক্যং পরকীয়ম্। নাভিনন্দন্তি নাদ্রিয়ন্তে ॥৩১॥

ভারতভাবদীপঃ

নিম্মিতঃ ॥১৫—১৭॥ নর্ম্ম কৌটিল্যং বিনা প্রগাদৌ সর্পভ্রমোৎপাদনম্। হাস্যং তাদৃশমেব মাত্রাদিষু দোষারোষপূর্ব্বকং গালনম্ ॥১৮—২৯॥ হিংসন্ত্যাদানেন তৎস্বামিনং ন পীডয়ন্তি ॥৩০—৫৮॥

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে
দ্বাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২২॥

মহাদেব বলিলেন—'কল্যাণি! এই জগতে মানসিক ধর্ম্মযুক্ত মানুষেরা স্বর্গে গমন করেন, সেই ধর্ম আমি বলিতেছি। তুমি আমার নিকট শ্রবণ কর ॥২৮॥

সুমুখি! মনকে দুষ্ট পথে চালাইলে মানুষের আকৃতিও দুষ্ট হইয়া থাকে। সে যাহা হউক, যাহাতে মন বদ্ধ হয়, সেই বিষয়ের বাক্য শ্রবণ কর ॥২৯॥

বনে বা নির্জ্জন স্থানে স্থাপিত পরকীয় বস্তু যখন দেখা যায়, তখন মনে মনেও যাঁহারা তাহার হিংসা না করেন, সেই মানুষেরা স্বর্গে যাইয়া থাকেন ॥৩০॥

যাঁহারা গ্রামে, গৃহে বা অন্য কোন নির্জ্জন স্থানে স্থিত পরকীয় দ্রব্যের আদর করেন না, সেই মানুষেরা স্বর্গে যাইয়া থাকেন ॥৩১॥

---

(২৮) তন্মে নিগদতঃ শৃণু—পি।

তথৈব পরদারান্ যে কামবৃত্তান্ রহোগতান্।
মনসাপি ন হিংসন্তি তে নরাঃ স্বর্গগামিনঃ ॥৩২॥
শক্রুং মিত্রঞ্চ যে নিত্যং তুল্যেন মনসা নরাঃ।
ভজন্তি মৈত্রাঃ সঙ্গম্য তে নরাঃ স্বর্গগামিনঃ ॥৩৩॥
শ্রুতবন্তো দয়াবন্তঃ শুচয়ঃ সত্যসঙ্গরাঃ।
স্বৈরর্থৈঃ পরিসন্তুষ্টাস্তে নরাঃ স্বর্গগামিনঃ ॥৩৪॥
অবৈরা যে ত্বনায়াসা মৈত্রীচিত্তরতাঃ সদা।
সর্বভূতদয়াবন্তস্তে নরাঃ স্বর্গগামিনঃ ॥৩৫॥
শ্রদ্ধাবন্তো দয়াবন্তশ্চোক্ষাশ্চোক্ষজনপ্রিয়াঃ।
ধর্ম্মাধর্ম্মবিদো নিত্যং তে নরাঃ স্বর্গগামিনঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

তথেতি। কামবৃত্তান্ কামপ্রকাশে প্রবৃত্তান্, রহোগতান্ নির্জ্জনস্থিতান্, ন হিংসন্তি রমণেন ধর্ম্মনাশান্ন পীডযন্তি ॥৩২॥

শক্রমিতি। মৈত্রা মিত্রতাপন্নাঃ সন্তঃ, সঙ্গম্য মিলিত্বা ॥৩৩॥

শ্রুতেতি। শ্রুতবন্তঃ শাস্ত্রজ্ঞানবন্তঃ, সত্যসঙ্গরাঃ সত্যপ্রতিজ্ঞাঃ ॥৩৪॥

অবৈরা ইতি। অনয়াসাঃ পরপীড়নায ক্লেশরহিতাঃ, মৈত্র্যাং বন্ধুতাযাং চিত্তানি রতানি যেষাং তে ॥৩৫॥

শ্রদ্ধেতি। শ্রদ্ধা "শাস্ত্রার্থে দৃঢপ্রত্যয়ঃ" ইতি স্মার্ত্তঃ, চোক্ষা বিচক্ষণাঃ, চোক্ষজনপ্রিযা বিচক্ষণহৃদ্যাঃ ॥৩৬॥

যাঁহাবা নির্জ্জনস্থিত কামপ্রবৃত্ত পবস্ত্রীব প্রতি মনে মনেও কাম অলবম্বন কবেন না, সেই মানুষেবা স্বর্গে গমন কবেন ॥৩২॥

যে মানুষেবা সর্ব্বদা মিত্রভাবাপন্ন ও মিলিত হইযা সমান মনে শক্র ও মিত্রেব সেবা কবেন, সেই মানুষেবা স্বর্গে গিযা থাকেন ॥৩৩॥

যাঁহারা শাস্ত্রজ্ঞানী, দয়ালু ও সত্যপ্রতিজ্ঞ হন এবং আপন ধনেই সন্তুষ্ট থাকেন, সেই মানুষেরা স্বর্গে গমন কবেন ॥৩৪॥

যাঁহাবা সর্ব্বদা শক্রতাশূন্য, পবপীড়নে পবিশ্রম বহিত, সকলেবই মিত্রতায় নিবত এবং সর্বভূতে দযাশীল; সেই মানুষেবা স্বর্গবাসী হন ॥৩৫॥

যাঁহাবা শ্রদ্ধাশীল, দয়ালু, বিচক্ষণ, বিচক্ষণ লোকেব প্রিয় এবং সর্বদা ধর্মাধর্মভিজ্ঞ, সেই মানুষেবা স্বর্গে যাইয়া থাকেন ॥৩৬॥

---

(৩৩) তুল্যেন মনসা নরঃ—বঙ্গ বর্দ্ধ।

শুভানামশুভানাঞ্চ কর্ম্মণাং ফলসঞ্চয়ে।
বিপাকজ্ঞাশ্চ যে দেবি! তে নরাঃ স্বর্গগামিনঃ ॥৩৭॥
ন্যায়োপেতা গুণোপেতা দেবদ্বিজপরাঃ সদা।
সমুত্থানমনুপ্রাপ্তাস্তে নরাঃ স্বর্গগামিনঃ ॥৩৮॥
শুভৈঃ কর্ম্মফলৈর্দেবি! ময়ৈতে পরিকীর্ত্তিতাঃ।
স্বর্গমার্গপরা ভূয়ঃ কিং ত্বং শ্রোতুমিহেচ্ছসি ॥৩৯॥

উমোবাচ।

মহান্মে সংশয়ঃ কশ্চিন্মর্ত্ত্যান্ প্রতি মহেশ্বর!।
তস্মাত্ত্বং নৈপুণেনাদ্য মম ব্যাখ্যাতুমর্হসি ॥৪০॥
কেনায়ুর্লভতে দীর্ঘং কর্ম্মণা পুরুষঃ প্রভো!।
তপসা বাঽপি দেবেশ! কেনায়ুর্লভতে মহৎ ॥৪১॥

ভাবতকৌমুদী

শুভানামিতি। ফলানাং সঞ্চয়ে জননে, বিপাকজ্ঞা পরিণামবিদঃ ॥৩৭॥
ন্যায়েতি। সমুত্থানং সৎকার্য্যে সমীচীনমুদ্যমম্ ॥৩৮॥
শুভৈরিতি। স্বর্গমার্গপরা স্বর্গপথেচ্ছবঃ ॥৩৯॥
মহানিতি। মর্ত্ত্যান্ মানুষান্। নৈপুণেন নিপুণভাবেন ॥৪০॥
কেনেতি। আয়ুর্জীবনকালম্, পুরুষো মানবঃ ॥৪১॥

দেবি! যাঁহারা ফলজনক বিষয়ে সৎ কার্য্যে ও অসৎ কার্য্যের পরিণাম জানেন ; সেই মানুষেরা স্বর্গে গমন করেন ॥৩৭॥

যাঁহারা ন্যায়বান্, গুণবান্, দেবব্রাহ্মণপরায়ণ এবং বিশেষ উদ্যমশালী, সেই লোকেরা স্বর্গেই গিয়া থাকেন ॥৩৮॥

দেবি! যাঁহারা শুভ কর্মের ফলে স্বর্গে যাইতে ইচ্ছা করেন, এই আমি তাঁহাদের নাম কীর্ত্তন করিলাম, তুমি এখন আর কি শুনিতে ইচ্ছা কর?' ॥৩৯॥

পার্ব্বতী বলিলেন—'মহেশ্বর! মনুষ্যগণের বিষয়ে আমার আর একটী গুরুতর সন্দেহ আছে, অতএব আপনি এখন আমার নিকট নিপুণভাবে সেই সেই সন্দেহের উত্তর বলিতে পারেন ॥৪০॥

প্রভু! দেবেশ্বর! মানুষ কোন্ কর্মের ফলে দীর্ঘায়ু লাভ করে এবং কোন্ তপস্যার ফলেই বা প্রশস্ত আয়ু লাভ করিয়া থাকে? ॥৪১॥

---

(৩৯) স্বর্গমার্গোপগা ভূয়ঃ—পি।

ক্ষীণায়ুঃ কেন ভবতি কর্ম্মণা ভুবি মানবঃ।
বিপাকং কর্ম্মণাং দেব! বক্তুমর্হস্যনিন্দিত! ॥৪২॥
অপরে চ মহাভাগ্যা মন্দভাগ্যাস্তথাপরে।
অকুলীনাস্তথা চান্যে কুলীনাশ্চ তথাপরে ॥৪৩॥
দুর্দ্দর্শাঃ কেচিদাভান্তি নরাঃ কাষ্ঠময়া ইব।
প্রিয়দর্শস্তথা চান্যে দর্শনাদেব মানবাঃ ॥৪৪॥
দুষ্প্রজ্ঞাঃ কেচিদাভান্তি কেচিদাভান্তি পণ্ডিতাঃ।
মহাপ্রজ্ঞাস্তথৈবান্যে জ্ঞানবিজ্ঞানভাবিনঃ ॥৪৫॥
অল্পা বাধাস্তথা কেচিন্মহাবাধাস্তথাপরে।
দৃশ্যন্তে পুরুষা দেব! তন্মে শংসিতুমর্হসি ॥৪৬॥

মহেশ্বর উবাচ।

হন্ত তেঽহং প্রবক্ষ্যামি দেবি! কর্ম্মফলোদয়ম্।
মর্ত্ত্যলোকে নরঃ সর্ব্বো যেন স্বং ফলমশ্নুতে ॥৪৭॥

ভাবতকৌমুদী

ক্ষীণেতি। ক্ষীণায়ুরল্পায়ুঃ। বিপাকং পরিণামম্ ॥৪২॥
অপর ইতি। 'অপরে কিয়ন্তঃ। উচ্চকুলোৎপন্নত্বং কুলীনত্বম্ ॥৪৩॥
দুরিতি। দুর্দ্দর্শাঃ কুৎসিতাঃ, কাষ্ঠময়াঃ কাষ্ঠরূপাঃ ॥৪৪॥
দুরিতি। জ্ঞানবিজ্ঞানযোর্ভাবাঃ সত্তা এষাং সন্তীতি তে ॥৪৫॥
অল্পেতি। অল্প আবাধো বিঘ্নো যেষাং তে। তদ্বৈষম্যম্ ॥৪৬॥

অনিন্দিত! দেব! মর্ত্ত্যলোকে মানুষ কোন্ কর্ম্মের ফলে অল্পায়ু হয় এবং কর্ম্মের পরিণামও আপনি বলিতে পারেন ॥৪২॥

অনেকে অত্যন্ত ভাগ্যবান্ হন, আবার কেহ কেহ মন্দভাগ্যও হইয়া থাকে এবং বহু লোক উচ্চ কুলে, আবার অনেকে নীচ কুলে জন্মিয়া থাকেন ॥৪৩॥

কতকগুলি মানুষ দর্শনমাত্রই কাষ্ঠস্বরূপ কুদৃশ্যরূপে প্রকাশ পায়, আবার অনেক মানুষ দৃষ্টিমাত্রই প্রিয়দর্শন বলিয়া মনে হয় ॥৪৪॥

কতকগুলি মানুষ নির্ব্বোধরূপে প্রকাশ পায়, আবার অনেকগুলি লোক পণ্ডিত বলিয়া বোধ হয় এবং অপর কতকগুলি মানুষ জ্ঞান-বিজ্ঞানশালী মহাবুদ্ধি বলিয়া ধারণা হইয়া থাকে ॥৪৫॥

দেব! কতকগুলি লোককে অল্পবিঘ্নযুক্ত, অন্য কতকগুলি লোককে গুরুতর বিঘ্নসমন্বিত দেখা যায়; সেই বৈষম্যের কারণ আপনি আমার নিকট বলুন' ॥৪৬॥

---

(৪৫) জ্ঞানবিজ্ঞানভাগিনঃ—পি।

প্রাণাতিপাতে যো রৌদ্রো দণ্ডহস্তোদ্যতঃ সদা।
নিত্যমুদ্যতশস্ত্রশ্চ হন্তি ভূতগণান্নরঃ ॥৪৮॥
নির্দ্দয়ঃ সর্বভূতানাং নিত্যমুদ্বেগকারকঃ।
অপি কীটপিপীলানামশরণ্যঃ সুনির্ঘৃণঃ ॥৪৯॥
এবম্ভূতো নরো দেবি! নিরয়ং প্রতিপদ্যতে।
বিপরীতস্তু ধর্ম্মাত্মা রূপবানভিজায়তে ॥৫০॥ (বিশেষকম্)
নিরয়ং যাতি হিংসাত্মা যাতি স্বর্গমহিংসকঃ।
যাতনাং নিরযে রৌদ্রাং স কৃচ্ছ্রাং লভতে নরঃ ॥৫১॥
যঃ কশ্চিন্নিরয়াত্তস্মাৎ সমুত্তরতি কর্হিচিৎ।
মানুষ্যং লভতে চাপি হীনায়ুস্তত্র জায়তে ॥৫২॥
পাপেন কর্ম্মণা দেবি! বদ্ধো হিংসারতির্নরঃ।
অপ্রিয়ঃ সর্ব্বভূতানাং হীনায়ুরুপজায়তে ॥৫৩॥

ভাবতকৌমুদী

হন্তেতি। কর্ম্মফলস্য উদযমুৎপত্তিম্। স্বং নিজকর্ম্মজনিতম্ ।৪৭॥
প্রাণেতি। প্রাণাতিপাতে প্রাণিনাং প্রাণসংহারে, বৌদ্রো ভীষণঃ, দণ্ডহস্তশ্চাসৌ উদ্যতশ্চেতি দণ্ডহস্তোদ্যতঃ, অশরণ্যঃ অরক্ষকঃ, সুনির্ঘৃণঃ অতীবনির্দ্দযঃ। নিরয়ং নরকম্ ॥৪৮—৫০॥
নিরয়মিতি। হিংসা আত্মনি মনসি যস্য সঃ। স হিংসকঃ ॥৫১॥
য ইতি। সমুত্তবতি যাতনাভোগেন পাপক্ষয়াৎ। মানুষ্যং মনুষ্যত্বম্ ॥৫২।
পাপেনেতি। হিংসাযাং রতিরনুরাগো যস্য সঃ।৫৩॥

মহাদেব বলিলেন—'ভাল দেবি! আমি তোমাব নিকট কর্ম্মফলেব উৎপত্তি বলিতেছি, যাহাতে মর্ত্ত্যলোকে সমস্ত মানুষ নিজকর্ম্মেব ফল ভোগ করে ॥৪৭॥

দেবি! মানুষ দণ্ড ধাবণ করিয়া বৌদ্র মূর্ত্তি হইয়া সর্ব্বদা প্রাণিগণেব প্রাণ সংহাবে উদ্যত হয় এবং সর্বদা অস্ত্র উত্তোলন কবিয়া প্রাণিগণকে সংহাব করে; সর্ব্বদা সমস্ত প্রাণীর উপবে নির্দ্দয ও উদ্বেগজনক হয, এমন অত্যন্ত নির্দ্দয হয় যে, কীট-পিপীলিকাগণকে পর্য্যন্ত রক্ষা কবে না; এইরূপ মানুষ নবকে গমন কবে; আব ইহাব বিপরীত ধর্ম্মাত্মা মানুষ রূপবান্ হন ॥৪৮—৫০॥

হিংসাপ্রবৃত্তিসম্পন্ন মানুষ নবকে যায়, আব হিংসাপ্রবৃত্তিশূন্য লোক স্বর্গে যাইযা থাকেন। সেই হিংস্র মানুষ নবকে যাইযা ভীষণ ও কষ্টজনক যাতনা ভোগ করে ॥৫১॥

যে কোন মানুষ সেই নরক হইতে উত্তীর্ণ হয এবং কখনও মনুষ্যত্ব লাভ কবে; সেই জন্মে সে অল্পায়ু হইয়া থাকে ॥৫২॥

যস্তু শুক্লাভিজাতীয়ঃ প্রাণিঘাতবিবর্জ্জকঃ।
নিক্ষিপ্তশস্ত্রো নির্দ্দণ্ডো ন হিংসতি কদাচন ॥৫৪॥
ন ঘাতয়তি নো হন্তি ঘ্নন্তং নৈবানুমোদতে।
সর্ব্বভূতেষু সস্নেহো যথাত্মনি তথা পরে ॥৫৫॥
ঈদৃশঃ পুরুষোৎকর্ষো দেবি! দেবত্বমশ্নুতে।
উপপন্নান্ সুখান্ ভোগানুপাশ্নাতি মুদা যুতঃ ॥৫৬॥ (বিশেষকম্)
অথ চেন্মানুষে লোকে কদাচিদুপপদ্যতে।
তত্র দীর্ঘায়ুরুৎপন্নঃ স নরঃ সুখমেধতে ॥৫৭॥
এষ দীর্ঘায়ুষাং মার্গঃ সুবৃত্তানাং সুকর্ম্মিণাম্।
প্রাণিহিংসাবিমোক্ষেণ ব্রহ্মণা সমুদীরিতঃ ॥৫৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে উমামহেশ্বরসংবাদে দ্বাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

য ইতি। শুক্লাভিজাতীয়ঃ পুণ্যাত্মা, পাপস্য কৃষ্ণতয়া পুণ্যস্য শুক্লত্বৌচিত্যাৎ "মালিন্যং ব্যোম্নি পাপে" ইত্যাদিসাহিত্যদর্পণোক্তেঃ। নিক্ষিপ্তশস্ত্রঃ ত্যক্তাস্ত্রঃ, আত্মনি যথা সস্নেহঃ তথা পরেঽপি সস্নেহঃ, অতএব সর্ব্বভূতেষু সস্নেহঃ। পুরুষেষু উৎকর্ষো যস্য সঃ ॥৫৪—৫৬॥

অথ ইতি। উপপদ্যতে উৎপদ্যতে। সুখং যথা স্যাৎ তথা, এধতে বর্দ্ধতে ॥৫৭॥

এষ ইতি। সুবৃত্তানাং সদাচারানাম্। প্রাণিহিংসায়া বিমোক্ষেণ বিমোক্ষার্থিনা ॥৫৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে দ্বাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

দেবি! হিংস্রস্বভাব মানুষ পাপকর্ম্মের ফলে বদ্ধ ও সমস্ত প্রাণীর অপ্রিয়ভাবে অল্পায়ু হইয়া জন্মগ্রহণ করে ॥৫৩॥

পুণ্যাত্মা, প্রাণিহিংসারহিত, অস্ত্রত্যাগী, এমন কি যষ্টি পর্য্যন্ত রহিত যে মানুষ কখনও হিংসা করেন না, নিজে বধ করেন না, অন্যকে দিয়া বধ করান না কিংবা কেহ বধ করিতে লাগিলে তাহার অনুমোদনও করেন না, তারপর যেমন নিজের উপরে, তেমন পরের উপরেও স্নেহশীল থাকেন বলিয়া সমস্ত প্রাণীতেই স্নেহশীল থাকেন; দেবি! এই প্রকার উৎকৃষ্ট পুরুষ দেবত্ব লাভ করেন এবং আনন্দিত হইয়া নিজে নিজে উপস্থিত সুখজনক ভোগ্য বস্তু সকল ভোগ করিয়া থাকেন ॥৫৪—৫৬॥

সেই উৎকৃষ্ট মানুষ কখনও যদি মনুষ্যলোকে জন্মগ্রহণ করেন; তবে দীর্ঘায়ুরূপে উৎপন্ন হইয়া সুখে উন্নতি লাভ করিয়া থাকেন ॥৫৭॥

---

(৫৮) সুবৃত্তানাং সুকর্ম্মণাম্ পি। * '...চতুশ্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ।

ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

উমোবাচ।

কিংশীলঃ কিংসমাচারঃ পুরুষঃ কৈশ্চ কর্ম্মভিঃ।
স্বর্গং সমভিপদ্যেত সম্প্রদানেন কেন বা ॥১॥

মহেশ্বর উবাচ।

দাতা ব্রাহ্মণসৎকর্ত্তা দীনার্থকৃপণাদিষু।
ভক্ষ্যভোজ্যান্নপানানাং বাসসাঞ্চ প্রদায়কঃ ॥২॥
প্রতিশ্রয়ান্ সভাঃ কূপান্ প্রপাঃ পুষ্করিণীস্তথা।
নৈত্যকানি চ সর্ব্বাণি কিমিচ্ছকমতীব চ ॥৩॥
আসনং শয়নং যানং ধনং রত্নং গৃহং তথা।
শস্যজাতানি সর্বাণি গাঃ ক্ষেত্রাণ্যথ যোষিতঃ ॥৪॥
সুপ্রতীতমনা নিত্যং যঃ প্রয়চ্ছতি মানবঃ।
এবম্ভূতো নরো দেবি! দেবলোকেঽভিজায়তে ॥৫॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

কিমিতি। কিং কীদৃশং শীলং স্বভাবো যস্য সঃ। এবমন্যত্র ॥১॥

দাতেতি। দীনশ্চ অর্থকৃপণো ধনব্যয়ে কুণ্ঠিতাশ্চ তদাদিষু দাতা, ব্রাহ্মণানাং সৎকর্ত্তা সম্মানকারী, ভক্ষ্যং চর্ব্যং পিষ্টকাদিঃ ভোজ্যং পায়সাদি অন্নমোদনং পানং জলঞ্চ তেষাং বাসসাঞ্চ প্রদায়কো দাতা। প্রতিশ্রয়ান্ আশ্রয়স্থানানি, প্রপাঃ পানীয়শালাঃ, নৈত্যকানি নিত্যপ্রয়োজনীয়ানি পাকপাত্রাদীনি, কিমিচ্ছকং কিং নেতুমিচ্ছা কিমিচ্ছা তৎপ্রশ্নেন দেয়ং দ্রব্যং কিমিচ্ছকম্, শয়নং শয্যাম্। সুপ্রতীতম্ অতীবপ্রসন্নং মনো যস্য সঃ ॥২—৫॥

দেবি! প্রাণিহিংসানিবৃত্তিকামী ব্রহ্মা দীর্ঘায়ু, সদাচারী ও সৎকর্ম্মকারী মনুষ্যগণের এই পন্থা বলিয়াছেন' ॥৫৮॥

—ঃ*ঃ—

পার্ব্বতী বলিলেন—'কীদৃশ স্বভাব ও কি প্রকার আচারযুক্ত মানুষ কোন্ কর্ম ও কীদৃশ দানদ্বারা স্বর্গ লাভ করে?' ॥১॥

মহাদেব বলিলেন—'দেবি! ব্রাহ্মণের সম্মানকারী দরিদ্র ও কৃপণদিগকে ধনদাতা এবং ভক্ষ্য, ভোজ্য, অন্ন, পানীয় ও বস্ত্রের দানকারী, আর আশ্রয়-

তত্রোষ্য সুচিরং কালং ভুক্ত্বা ভোগাননুত্তমান্।
সহাপ্সরোভির্ম্মুদিতো রমতে নন্দনাদিষু ॥৬॥
তস্মাৎ স্বর্গাচ্চ্যুতো লোকান্মানুষেষু প্রজায়তে।
মহাভোগকুলে দেবি! ধনধান্যসমন্বিতঃ ॥৭॥
তত্র কামগুণৈঃ সর্ব্বৈঃ সমুপেতো মুদা যুতঃ।
মহাভোগো মহাকোশো ধনী ভবতি মানবঃ ॥৮॥
এতে দেবি! মহাভাগাঃ প্রাণিনো দানশীলিনঃ।
ব্রহ্মণা বৈ পুরা প্রোক্তাঃ সর্ব্বস্য প্রিয়দর্শনাঃ ॥৯॥
অপরে মানবা দেবি! প্রদানকৃপণা দ্বিজৈঃ।
যাচিতা ন প্রযচ্ছন্তি বিদ্যমানেঽপ্যবুদ্ধয়ঃ ॥১০॥

ভারতকৌমুদী

তত্রেতি। উষ্য বাসং কৃত্বা। নন্দনাদিষু ইন্দ্রোদ্যানপ্রভৃতিষু ॥৬॥

তস্মাদিতি। মহান্ ভোগো যস্মিন্ তৎ তাদৃশং কুলং তত্র ॥৭॥

তত্রেতি। কামাঃ কাম্যাঃ পদার্থাঃ, গুণা বিদ্যাদয়শ্চ তৈঃ মহান্ কোশো ধনপাত্রং যস্য সঃ ॥৮॥

এত ইতি। প্রিয়ং দর্শনং যেষাং তে ॥৯॥

অপর ইতি। বিদ্যমানেঽপি দানযোগ্যে ধনে বর্ত্তমানেঽপি ॥১০॥

স্থান, সভা, ভবন, কূপ, পানীয়শালা, পুষ্করিণী, সর্বপ্রকার নিত্য প্রয়োজনীয় দ্রব্য, কি গ্রহণ কবিতে ইচ্ছা করেন, এইরূপ প্রশ্ন করিলে, প্রার্থী যাহা বিশেষভাবে প্রার্থনা করে তাহা, আসন, শয্যা, যান, ধন, রত্ন, গৃহ, সর্ব্বপ্রকার শস্য, গো, ক্ষেত্র ও স্ত্রী—এই সকল দ্রব্য যিনি প্রসন্ন চিত্তে প্রত্যহ দান করেন; সেইরূপ মানুষ স্বর্গলোকে যাইয়া থাকেন ॥২—৫॥

সেই মানুষ দেবলোকে দীর্ঘকাল বাস এবং সর্বোত্তম ভোগ সকল করিয়া নন্দনবনপ্রভৃতি স্থানে আনন্দিত চিত্তে অপ্সরাদের সহিত রমণ কবেন ॥৬॥

দেবি! ভোগে পুণ্যক্ষয় হইলে, সেই মানুষ সেই স্বর্গ হইতে বিচ্যুত হইয়া মনুষ্যমধ্যে মহাভোগসম্পন্ন বংশে ধনধান্যসমন্বিত অবস্থায় জন্মগ্রহণ করেন ॥৭॥

পরে সেই মানুষ সমস্ত অভীষ্ট বস্তু ও বিদ্যাপ্রভৃতি গুণসম্পন্ন, মহাভোগী ও আনন্দিত হইয়া মহাকোশশালী ধনী হন ॥৮॥

দেবি! পূর্ব্বে ব্রহ্মা বলিয়াছেন যে, দানশীল এই সকল মহাত্মারা সকলেরই প্রিয়দর্শন হইয়া থাকেন ॥৯॥

---

(৬) রমিত্বা নন্দনাদিষু—পি।

দীনান্ধকৃপণান্ দৃষ্ট্বা ভিক্ষুকানতিথীনপি।
যাচ্যমানা নিবর্ত্তন্তে জিহ্বালোভসমন্বিতাঃ ॥১১॥
ন ধনানি ন বাসাংসি ন ভোগান্ন চ কাঞ্চনম্।
ন গাবো নান্নবিকৃতিং প্রযচ্ছন্তি কদাচন ॥১২॥
অপ্রবৃত্তাশ্চ যে লুব্ধা নাস্তিকা দানবর্জ্জিতাঃ।
এবম্ভূতা নরা দেবি! নিরয়ং যান্ত্যবুদ্ধয়ঃ ॥১৩॥
তে বৈ মনুষ্যতাং যান্তি যদা কালস্য পর্য্যয়ে।
ধনরিক্তে কুলে জন্ম লভন্তে স্বল্পবুদ্ধয়ঃ ॥১৪॥
ক্ষুৎপিপাসাপরীতাশ্চ সর্ব্বলোকবহিষ্কৃতাঃ।
নিরাশাঃ সর্ব্বভোগেভ্যো জীবন্ত্যধমজীবিকাম্ ॥১৫॥

ভাবতকৌমুদী

দিনেতি। কৃপণাঃ ক্ষুদ্রাঃ। ঈদৃশঃ প্রায়েণৈব ভোজনপ্রিয়া লুব্ধাশ্চ ভবন্তীতি ভাবঃ ॥১১॥
নেতি। ভোগান্ বাসগৃহাণি। অন্নবিকৃতিং বিকৃতমপ্যন্নম্ ॥১২॥
অপ্রবৃত্তা ইতি। অপ্রবৃত্তা সৎকর্ম্মণীতি শেষঃ ॥১৩॥
ত ইতি। পর্য্যয়ে অতিক্রমে। ধনেন রিক্তে শূন্যে ॥১৪॥
ক্ষুদিতি। ক্ষুৎপিপাসাভ্যাং পরীতা ব্যাপ্তাঃ। অধমজীবিকাং প্রাপ্নোতি শেষঃ ॥১৫॥

দেবি! দানকৃপণ ও নির্ব্বোধ অন্য মানুষেরা প্রার্থী আসিয়া প্রার্থনা করিলে, ধন থাকিতেও দান করে না ॥১০॥

জিহ্বালোভযুক্ত সেই মানুষেরা দরিদ্র, অন্ধ, ক্ষুদ্র, ভিক্ষুক ও অতিথিদিগকে দেখিয়া প্রার্থিত হইয়াও নিবৃত্তি পায় অর্থাৎ দান করে না ॥১১॥

তাহারা কখনও ধন, বস্ত্র, বাসস্থান, স্বর্ণ, গো, এমন কি বিকৃত অন্ন পর্য্যন্ত দান করে না ॥১২॥

যাহারা সৎকার্য্যে প্রবৃত্ত হয় না, লোভী, নাস্তিক ও দানবিহীন থাকে; দেবি! এইরূপ অল্প বুদ্ধি সেই মানুষেরা নরকে যায় ॥১৩॥

তাহার পর ভোগে পাপক্ষয় হইলে কালক্রমে যখন তাহারা মনুষ্যত্ব লাভ করে, তখন ধনশূন্য বংশে জন্মগ্রহণ করিয়া থাকে ॥১৪॥

সেই অবস্থায় তাহারা ক্ষুধা ও পিপাসায় আক্রান্ত, সমাজবহিষ্কৃত এবং সমস্ত ভোগ হইতে নিরাশ হইয়া, নিকৃষ্ট জীবিকা অবলম্বন করিয়া জীবিত থাকে ॥১৫॥

---

(১৪) তে চেন্মনুষ্যতাং যান্তি যদা কালস্য পর্য্যয়াৎ—পি।

অল্পভোগকুলে জাতা অল্পভোগরতা নরাঃ।
অনেন কর্ম্মণা দেবি! ভবন্ত্যধনিনো নরাঃ ॥১৬॥
অপরে স্তম্ভিনো নিত্যং মানিনঃ পাপতো রতাঃ।
আসনার্হস্য যে পীঠং ন প্রযচ্ছন্ত্যচেতসঃ ॥১৭॥
মার্গার্হস্য চ যে মার্গং ন যচ্ছন্ত্যল্পবুদ্ধয়ঃ।
পাদ্যার্হস্য চ যে পাদ্যং ন দদত্যল্পবুদ্ধয়ঃ ॥১৮॥
অর্ঘ্যার্হান্ন চ সৎকারৈরর্চ্চয়ন্তি যথাবিধি।
অর্ঘ্যমাচমনীয়ং বা ন যচ্ছন্ত্যবুধা নরাঃ ॥১৯॥
গুরুং চাভিগতং প্রেম্ণা গুরুবন্ন বুভূষতে।
অভিমানপ্রবৃত্তেন লোভেন সমবস্থিতাঃ ॥২০॥
সম্মান্যাংশ্চাবমন্যন্তে বৃদ্ধান্ পরিভবন্তি চ।
এবংবিধা নরা দেবি! সর্বে নিরয়গামিনঃ ॥২১॥ (কুলকম্)

ভাবতকৌমুদী

অল্পেতি। অল্পো ভোগো যত্র তাদৃশং যৎ কুলং তত্র ॥১৬॥

অপর ইতি। স্তম্ভিনো ধনগর্ব্বাৎ সম্মানার্হসমীপেঽপি তূষ্ণীভূতাঃ। আসনার্হস্য আসন-দানযোগ্যস্য জনস্য। মার্গার্হস্য গমনপথদানযোগ্যস্য। অর্ঘ্যার্হান্ অর্ঘ্যদানযোগ্যান্ জনান্। ন বুভূষতে অবনতা ভবিতুং নেচ্ছন্তি। পরিভবন্তি তিরস্কুর্ব্বন্তি ॥১৭—২১॥

দেবি! সেই মানুষেরা এই কর্ম্মের ফলে অল্প ভোগীদের বংশে জন্মিয়া নির্ধন হইয়া অল্প ভোগেই নিরত থাকে ॥১৬॥

দেবি! অপ্রশস্ত চিত্ত অপর যে সকল লোক সর্ব্বদা ধনগর্ব্বে স্তব্ধ ও অভিমানী হইয়া আসনদানের যোগ্য লোককে আসন দান না করে; যে অল্প বুদ্ধি লোকেরা গমনের পথ ছাড়িয়া দিবার লোককে গমনের পথ না দেয়, অল্প বুদ্ধিসম্পন্ন যে সকল লোক পাদ্যদানের যোগ্য লোককে পাদ্যদান না করে, যে মূর্খ লোকেরা অর্ঘ্যদানের যোগ্য লোকদিগকে যথাবিধানে সদ্ব্যবহার করিয়া সম্মানিত না করে কিংবা অর্ঘ্য ও আচমনীয় দেয় না; অথবা গুরু উপস্থিত হইলে ভক্তিবশতঃ গুরুর নিকটে যেমন অবনত হইতে হয়, তেমন অবনত হইতে ইচ্ছা করে না, প্রত্যুত অভিমান বা লোভবশতঃ দাঁড়াইয়াই থাকে অথবা যে সকল লোক সম্মানের যোগ্য বৃদ্ধদিগকে অপমান বা তিরস্কার করে; সেই প্রকার সমস্ত লোকই নরকে যাইয়া থাকে ॥১৭—২১॥

তে বৈ যদি নরাস্তস্মান্নিরয়াদুত্তরন্তি বৈ।
বর্ষপূগৈস্ততো জন্ম লভন্তে কুৎসিতে কুলে ॥২২॥
শ্বপাকপুক্কসাদীনাং কুৎসিতানামচেতসাম্।
কুলেষু তেষু জায়ন্তে গুরুবৃদ্ধাপচায়িনঃ ॥২৩॥
ন স্তব্ধী ন চ মানী যো দেবতাদ্বিজপূজকঃ।
লোকপূজ্যো নমস্কর্ত্তা প্রশ্রিতো মধুরং বচঃ ॥২৪॥
সর্ব্ববর্ণপ্রিয়করঃ সর্ব্বভূতহিতঃ সদা।
অদ্বেষী সুমুখঃ শ্লক্ষ্ণঃ স্নিগ্ধবাণীপ্রদঃ সদা ॥২৫॥
স্বাগতেনৈব সর্ব্বেষাং ভূতানামবিহিংসকঃ।
যথার্হসৎক্রিয়াপূর্ব্বমর্চ্চয়ন্নবতিষ্ঠতি ॥২৬॥
মার্গার্হায় দদন্মার্গং গুরুং গুরুবদর্চ্চয়ন্।
অতিথিপ্রগ্রহরতস্তথাভ্যাগতপূজকঃ ॥২৭॥
এবম্ভূতো নরো দেবি! স্বর্গতিং প্রতিপদ্যতে।
ততো মানুষতাং প্রাপ্য বিশিষ্টকুলজো ভবেৎ।২৮॥ (কুলকম্)

ভারতকৌমুদী

ত ইতি। বর্ষপূগৈর্ব্বৎসরসমূহৈঃ ॥২২॥
শ্বপাকেতি। গুরূন্ বৃদ্ধাংশ্চ অপচিন্বন্তি অবজানন্তীতি তে ॥২৩॥
নেতি। স্তব্ধী তূষ্ণীম্ভূতঃ, নমস্কর্ত্তা মান্যেভ্যঃ, প্রশ্রিতো লোকপ্রণয়ী, মধুরং বচো বক্তীতি শেষঃ। শ্লক্ষ্ণঃ কোমলঃ, স্নিগ্ধবাণীপ্রদঃ স স্নেহভাষী। যথার্হা সৎক্রিয়া নমস্কারাদিঃ পূর্ব্বস্মিন্ কর্ম্মণি যস্য তদ্যথা তথা, অর্চ্চয়ন্ গুরুজনমিতি শেষঃ। অতিথেঃ প্রগ্রহে গ্রহণে রতঃ। প্রতিপদ্যতে প্রাপ্নোতি ॥২৪—২৮॥

ভারতভাবদীপঃ

কিমিতি ॥১—২॥ নৈত্যকানি নিত্যদেয়ানি, কিমিচ্ছসীতি পৃষ্ট্বা যদীপ্সিতং দীয়তে তৎ কিমিচ্ছকম্ ॥৩—১০॥ অতিথীন্ দৃষ্ট্বা তৈর্যাচ্যমানাঃ সন্তো নিবর্ত্তন্তে ন প্রযচ্ছন্তি ॥১১—২২॥

সেই মানুষেরা বহু বৎসর ভোগে পাপক্ষয় হওয়ায় সেই নরক হইতে যদি উত্তীর্ণ হয়; তবে তাহার পরে কুৎসিত বংশে জন্ম গ্রহণ করে ॥২২॥

গুরু ও বৃদ্ধজনের অপমানকারী লোকেরা অপ্রশস্ত চিত্ত, শ্বপাক ও পুক্কসপ্রভৃতির সেই কুৎসিত বংশে জন্ম গ্রহণ করে ॥২৩॥

যে লোক স্তব্ধ বা অভিমানী হন না, দেবতা ও ব্রাহ্মণগণের পূজা করেন, লোকের সম্মানযোগ্য হন, গুরুজনকে নমস্কার করেন, প্রণয়পূর্ব্বক মধুর বাক্য

(২৪) ন দম্ভী ন চ মানী যঃ—পি।

তত্রাসৌ বিপুলৈর্ভোগৈঃ সর্বরত্নসমাযুতঃ।
যথার্হদাতা চার্হেষু ধর্ম্মচর্য্যা পরো ভবেৎ ॥২৯॥
সম্মতঃ সর্বভূতানাং সর্ব্বলোকনমস্কৃতঃ।
স্বকর্ম্মফলমাপ্নোতি স্বয়মেব নরঃ সদা ॥৩০॥
উদাত্তকুলজাতীয় উদাত্তাভিজনঃ সদা।
এষ ধর্ম্মো ময়া প্রোক্তো বিধাত্রা স্বয়মীরিতঃ ॥৩১॥
যস্তু রৌদ্রসমাচারঃ সর্বসত্ত্বভয়ঙ্করঃ।
হস্তাভ্যাং যদি বা পদ্ভ্যাং রজ্জ্বা দণ্ডেন বা পুনঃ ॥৩২॥
লোষ্টৈঃ স্তম্ভৈরায়ুধৈর্ব্বা জন্তূন্ বাধতি শোভনে।।
হিংসার্থং নিকৃতিপ্রজ্ঞঃ প্রোদ্বেজয়তি চৈব হি ॥৩৩॥
উপক্রামতি জন্তূংশ্চ উদ্বেগজননঃ সদা।
এবংশীলসমাচারো নিরয়ং প্রতিপদ্যতে ॥৩৪॥ (বিশেষকম্)

ভাবতকৌমুদী

তত্রেতি। অর্হেষু যোগ্যেষু পাত্রেষু, যথার্হদাতা যোগ্যবস্তুদানকারী ॥২৯॥

সম্মত ইতি। সম্মতঃ অভিপ্রেতঃ প্রিয ইত্যর্থঃ ॥৩০॥

উদাত্তেতি। উদাত্তমুচ্চং যৎ কুলং তত্র জাতীয়ো জন্মবান্, উদাত্তা উদারস্বভাবা অভিজনাঃ পরিজনা যস্য স তাদৃশো ভবতি ॥৩১॥

বলেন, সকল লোকেব প্রিয়কার্য্য কবেন, সর্ব্বদা সকল প্রাণীব হিতে নিবত থাকেন, কাহারও বিদ্বেব কবেন না, প্রসন্ন বদন, কোমল ও স্বাগত সম্ভাষণপূর্বক সকলের প্রতিই সস্নেহভাষী হন; প্রাণিগণের হিংসা কবেন না, গুরুজন উপস্থিত হইলে যথাযোগ্য সৎকার কবিয়া তাঁহাব সেবা কবতঃ অবস্থান করেন, গমনের পথ দিবার যোগ্য লোককে পথ দান করেন, গুরুকে গুরুর যোগ্য পূজা কবেন, অতিথিগ্রহণে নিরত থাকেন এবং অভ্যাগতের প্রতি সম্মান করেন; দেবি! এই প্রকার মানুষ প্রথমে স্বর্গলাভ কবেন; তৎপবে মনুষ্যত্ব লাভ কবিয়া উচ্চবংশে উৎপন্ন হন ॥২৪—২৮॥

সেই জন্মে সেই মানুষ সমস্ত রত্নসম্পন্ন, প্রচুব ভোগযুক্ত, যোগ্যজনকে যোগ্যবস্তু দানকারী ও ধর্ম্মাচবণপরায়ণ হন ॥২৯॥

এবং তিনি সমস্ত লোকের প্রিয় ও সর্বলোকের পূজা হইয়া সর্বদাই আপন কর্ম্মেব ফল লাভ করেন ॥৩০॥

সেই মানুষ উচ্চবংশে উৎপন্ন হন এবং তাঁহাব পবিজনবর্গও সর্ব্বদা উদাবস্বভাব হইয়া থাকে। স্বয়ং বিধাতাব উক্ত ধর্ম্ম এই আমি বলিলাম ॥৩১॥

স বৈ মনুষ্যতাং গচ্ছেদ্‌যদি কালস্য পর্য্যয়াৎ।
বহ্বাবাধপরিক্লিষ্টে জায়তে সোঽধমে কুলে ॥৩৫॥
লোকদ্বেষ্যোঽধমঃ পুংসাং স্বয়ং কর্ম্মফলৈঃ কৃতৈঃ।
এষ দেবি! মনুষ্যেষু বোদ্ধব্যো জ্ঞাতিবন্ধুষু ॥৩৬॥
অপরঃ সর্ব্বভূতানি দয়াবাননুপশ্যতি।
মৈত্রদৃষ্টিঃ পিতৃসমো নির্ব্বৈরো নিয়তেন্দ্রিয়ঃ ॥৩৭॥
নোদ্বেজয়তি ভূতানি ন বিঘাতয়তে তথা।
হস্তপাদৈঃ সুনিয়তৈর্বিশ্বাস্যঃ সর্বজন্তুষু ॥৩৮॥
ন রজ্জ্বা ন চ দণ্ডেন ন লোষ্টৈর্নায়ুধেন চ।
উদ্বেজয়তি ভূতানি শ্লক্ষ্ণকর্ম্মা দয়াপরঃ ॥৩৯॥
এবং শীলসমাচারঃ স্বর্গে সমুপজায়তে।
তত্রাসৌ ভবনে দিব্যে মুদা বসতি দেববৎ ॥৪০॥ (কলাপকম্)

ভাবতকৌমুদী

স ইতি। রৌদ্রো ভীষণঃ সমাচারো ব্যবহারো যস্য সঃ, সর্ব্বেষাং সত্ত্বানাং প্রাণিনাং ভয়ঙ্করঃ। বাধতি বাধতে পীড়য়তি, নিকৃতিং শঠতাং প্রজানাতীতি সঃ। উপক্রাময়তি আক্রাময়তি। প্রতিপদ্যতে প্রাপ্নোতি ॥৩২—৩৪॥

স ইতি। পর্য্যয়াদতিক্রমাৎ। বহুভিরাবাধৈরুপদ্রবৈঃ পরিক্লিষ্টে ॥৩৫॥

লোকেতি। পুংসাং মধ্যে অধমো বোদ্ধব্য ইতি সম্বন্ধঃ ॥৩৬॥

অপর ইতি। মিত্রেণ বন্ধুভাবেন দৃষ্টির্যস্য সঃ, বিঘাতয়তে বিনাশয়তি, শ্লক্ষ্ণং কোমলং কর্ম্ম যস্য সঃ, সমুপজায়তে উপস্থিতো ভবতি ॥৩৭—৪০॥

কিন্তু শোভনে! ভীষণ ব্যবহারকারী, সমস্ত প্রাণীর ভয়জনক ও শঠতাভিজ্ঞ যে লোক হস্ত, পদ, রজ্জু, দণ্ড, লোষ্ট্র, স্তম্ভ বা অস্ত্রদ্বারা বধ করিবার জন্য প্রাণিগণের পীড়া, উদ্বেগ এবং আক্রমণ করে, সর্ব্বদা উদ্বেগজনক এইরূপ স্বভাব ও আচারযুক্ত লোক নরকে যায় ॥৩২—৩৪॥

সেই লোক যদি কালক্রমে মনুষ্যত্ব লাভ করে, তবে বহু উপদ্রবযুক্ত অধম বংশে উৎপন্ন হয় ॥৩৫॥

দেবি! এই মানুষ নিজকৃত কর্ম্মের ফলে লোকের বিদ্বেষের পাত্র এবং মনুষ্য-মধ্যে ও জ্ঞাতি-বন্ধুগণের মধ্যে পুরুষাধম হয় বলিয়া জানিবে ॥৩৬॥

অন্য মানুষ বন্ধুর ন্যায় দৃষ্টিতে সমস্ত প্রাণীকে দর্শন করে, সমস্ত প্রাণীর উপরে পিতার ন্যায় দয়ালু থাকে এবং শত্রুতাশূন্য হয়, বিশেষতঃ ইন্দ্রিয়গুলিকে

---

(৩৫) কুলে জায়তি শোভনে।—পি।

স চেৎ কর্ম্মক্ষয়ান্মর্ত্ত্যো মনুষ্যেষূপজায়তে ।
অল্পাবাধো নিরাতঙ্কঃ স জাতঃ সুখমেধতে ॥৪১॥
সুখভাগী নিরায়াসো নিরুদ্বেগঃ সদা নরঃ ।
এষ দেবি ! সতাং মার্গো বাধা যত্র ন বিদ্যতে ॥৪২॥
উমোবাচ ।
ইমে মনুষ্যা দৃশ্যন্তে ঊহাপোহবিশারদাঃ ।
জ্ঞানবিজ্ঞানসম্পন্নাঃ প্রজ্ঞাবন্তোঽর্থকোবিদাঃ ॥৪৩॥
দুষ্প্রজ্ঞাশ্চাপরে দেব ! জ্ঞানবিজ্ঞানবর্জ্জিতাঃ ।
কেন কর্ম্মবিশেষেণ প্রজ্ঞাবান্ পূরুষো ভবেৎ ।৪৪॥

ভাবতকৌমুদী

স ইতি । মর্ত্ত্যো মনুষ্যঃ । অল্প আবাধঃ পীড়া যস্য সঃ, এধতে বর্দ্ধতে ॥৪১॥
সুখেতি । নিরায়াসঃ পরিশ্রমশূন্যঃ । বাধা পীড়া ॥৪২॥
ইম ইতি । ঊহাপোহবিশারদা বাদপ্রতিবাদদক্ষাঃ । অর্থকোবিদা বিষয়তত্ত্বজ্ঞাঃ ॥৪৩॥
দুরিতি । দুষ্প্রজ্ঞা দুর্বুদ্ধয়ঃ । প্রজ্ঞাবান্ বুদ্ধিমান্ ॥৪৪॥

ভারতভাবদীপঃ

গুরুবৃদ্ধাপচায়িনঃ গুরূণাং বৃদ্ধানাঞ্চ হীনত্বসম্পাদকাঃ ॥২৩—২৬॥ গুরুবৎ পিতৃবৎ ॥২৭—৩০॥ উদাত্তং প্রশস্তম্ ॥৩১—৪২॥ ঊহঃ সিদ্ধান্তঃ, অপোহঃ পূর্ব্বপক্ষঃ ॥৪৩—৬৪॥

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে
ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২৩॥

সংযত রাখে; সেই লোক সুসংযত হস্ত বা পদদ্বারা প্রাণিগণের উদ্বেগ উৎপাদন করে না বা বধ করে না ; প্রত্যুত সকল প্রাণীরই বিশ্বাসের পাত্র হয়। তারপর কোমল কার্য্যকারী ও দয়ালু সেই লোক রজ্জু, দণ্ড, লোষ্ট্র বা অস্ত্রদ্বারা প্রাণিগণের উদ্বেগ জন্মায় না ; এইরূপ স্বভাব ও আচারসম্পন্ন মানুষ স্বর্গে গমন এবং সেখানে গমন করিয়া দেবতার ন্যায় স্বর্গীয় গৃহে আনন্দে বাস করে ॥৩৭—৪০॥

সেই মানুষ যদি ভোগে পুণ্যক্ষয়ের পর মনুষ্যমধ্যে জন্মগ্রহণ করে, তবে অল্প পীড়াযুক্ত ও নিরাতঙ্ক হইয়া অনায়াসে উন্নতি লাভ করিয়া থাকে ॥৪১॥

আর সেই মানুষ সর্বদা সুখভোগ করে এবং পরিশ্রমশূন্য ও নিরুদ্বেগ থাকে। দেবি ! ইহাই সজ্জনের পথ, যে পথে কোন বাধা থাকে না' ॥৪২॥

পার্বতী বলিলেন—'এই এক প্রকার মানুষ দেখা যায় ; ইহারা বাদপ্রতিবাদে নিপুণ, জ্ঞানবিজ্ঞানসম্পন্ন, বুদ্ধিমান্ ও অর্থতত্ত্বজ্ঞ ॥৪৩॥

অল্পপ্রজ্ঞো বিরূপাক্ষ ! কথং ভবতি মানবঃ।
এতং মে সংশযং ছিন্ধি সর্ব্বধর্ম্মবিদাংবর ! ॥৪৫॥
জাত্যন্ধাশ্চাপরে দেব ! রোগার্ত্তাশ্চাপরে তথা।
নরাঃ ক্লীবাশ্চ দৃশ্যন্তে কারণং ব্রূহি তত্র বৈ ॥৪৬॥

মহেশ্বর উবাচ।

ব্রাহ্মণান্ বেদবিদুষঃ সিদ্ধান্ ধর্ম্মবিদস্তথা।
পরিপৃচ্ছন্ত্যহরহঃ কুশলাঃ কুশলং তথা ॥৪৭॥
বর্জ্জয়ন্তোঽশুভং কর্ম্ম সেবমানাঃ শুভং তথা।
লভন্তে স্বর্গতিং নিত্যমিহলোকে তথা সুখম্ ॥৪৮॥
স চেন্মানুষতাং যাতি মেধাবী তত্র জায়তে।
শ্রুতং প্রজ্ঞানুগঞ্চাস্য কল্যাণমুপজায়তে ॥৪৯॥

ভাবতকৌমুদী

অল্পেতি। বিরূপাণি চন্দ্রসূর্য্যাগ্নিরূপত্বাৎ পরস্পরবিরুদ্ধলক্ষণানি অক্ষীণি যস্য তৎ সম্বোধনম্ ॥৪৫॥

জাতীতি। জাত্যন্ধা জন্মান্ধাঃ, রোগার্ত্তাশ্চিররোগপীড়িতাঃ ॥৪৬॥

ব্রাহ্মণানিতি। কুশলা বাঙ্নিপুণাঃ, কুশলং মঙ্গলম্ ॥৪৭॥

বর্জ্জয়ন্তীতি। সেবমানা অনুতিষ্ঠন্তঃ, শুভং কর্ম্ম ॥৪৮॥

স ইতি। শ্রুতং শাস্ত্রজ্ঞানম্, প্রজ্ঞানুগং জ্ঞানানুসারি ॥৪৯॥

অপর কতকগুলি লোক দেখা যায়, ইহারা বুদ্ধিশূন্য ও জ্ঞানবিজ্ঞানবর্জ্জিত; অতএব দেব ! মানুষ কোন্ কর্ম্ম বিশেষের ফলে বুদ্ধিমান্ হয় ? ॥৪৪॥

এবং সর্বধর্ম্মজ্ঞশ্রেষ্ঠ বিরূপাক্ষ ! মানুষ কেনই বা অল্পবুদ্ধিযুক্ত হইয়া থাকে; আপনি আমার এই সংশয় ছেদন করুন ॥৪৫॥

দেব ! অনেক মানুষকে জন্মান্ধ, অন্য বহু লোককে চিররোগার্ত্ত এবং বহু ব্যক্তিকে জন্মনপুংসক দেখা যায়, আপনি সেই সমস্ত বিষয়ের কারণ বলুন' ॥৪৬॥

মহাদেব বলিলেন—'বাক্‌পটু লোকেরা প্রত্যহ বেদজ্ঞসিদ্ধ ও ধর্ম্মজ্ঞ ব্রাহ্মণগণের নিকট তাঁহাদের মঙ্গল জিজ্ঞাসা করেন ॥৪৭॥

তাঁহারা সর্বদা শুভ কর্ম্মের অনুষ্ঠান করেন এবং অমাঙ্গলিক কর্ম্ম বর্জ্জন করিয়া থাকেন; সুতরাং তাঁহারা ইহলোকে সুখ এবং পরলোকে স্বর্গ লাভ করেন ॥৪৮॥

(৪৫) এতন্মে সংশযং ছিন্ধি—বঙ্গ বর্দ্ধ। (৪৮) লভন্তে সদ্‌গতিং নিত্যম্—পি।

পরদারেষু যে চাপি চক্ষুর্দুষ্টং প্রযুঞ্জতে।
তেন দুষ্টস্বভাবেন জাত্যন্ধাস্তে ভবন্তি হি ॥৫০॥
মনসা তু প্রদুষ্টেন নগ্নাং পশ্যন্তি যে স্ত্রিয়ম্।
রোগার্ত্তাস্তে ভবন্তীহ নরা দুষ্কৃতকর্ম্মিণঃ ॥৫১॥
যে তু মূঢ়া দুরাচারা বিযোনৌ মৈথুনে রতাঃ।
পুরুষেষু সুদুষ্প্রজ্ঞাঃ ক্লীবত্বমুপযান্তি তে ॥৫২॥
পশূংশ্চ যে ঘাতযন্তি যে চৈব গুরুতল্পগাঃ।
প্রকীর্ণমৈথুনা যে চ ক্লীবা জায়ন্তি তে নরাঃ ॥৫৩॥
উমোবাচ।
সাবদ্যং কিন্নু বৈ কর্ম্ম নিরবদ্যং তথৈব চ।
শ্রেয়ঃ কুর্ব্বন্নবাপ্নোতি মানবো দেবসত্তম ! ॥৫৪॥

ভারতকৌমুদী

পরেতি। দুষ্টং কামেন, প্রযুঞ্জতে নিক্ষিপন্তি ॥৫০॥
মনসেতি। প্রদুষ্টেন কামাকুলতযেতি ভাবঃ ॥৫১॥
য ইতি। বিযোনৌ অগম্যাযোনৌ। সুদুষ্প্রজ্ঞা অতীবদুর্ব্বুদ্ধয়ঃ ॥৫২॥
পশূনিতি। প্রকীর্ণং নানাযোনিষু সংসক্তং মৈথুনং যেষাং তে ॥৫৩॥
সেতি। শ্রেয়ঃ পুণ্যতয়া মঙ্গলজনকং কর্ম্ম কুর্ব্বন্ মানবঃ, অবদ্যেন নিন্দয়া সহেতি সাবদ্যম্, নির্ন বিদ্যতে অবদ্যং নিন্দা যত্র তাদৃশং কর্ম্মফলমবাপ্নোতি ।৫৪॥

সেই সমস্ত লোক যদি মনুষ্যত্ব লাভ করেন; তবে সেই জন্মে মেধাবী হন এবং তাঁহাদের শাস্ত্রজ্ঞান ও শাস্ত্রজ্ঞানের অনুরূপ মঙ্গল হইতে থাকে ॥৪৯॥

যাহারা পরস্ত্রীর প্রতি কামদুষ্ট চক্ষু নিক্ষেপ করে, তাহারা সেই দুষ্টস্বভাব-নিবন্ধন জন্মান্ধ হয় ॥৫০॥

যাহারা কামদুষ্ট মনে বিবস্ত্রা পরস্ত্রী দর্শন করে, সেই পাপকর্ম্মা মানুষেরা এই জগতে চিররোগার্ত্ত হয় ॥৫১॥

দুরাচার যে সকল মূর্খ অগম্যা স্ত্রীর মৈথুনে ব্যাপৃত হয়, পুরুষের মধ্যে অতি দুর্ব্বুদ্ধি সেই মানুষেরা নপুংসকত্ব প্রাপ্ত হইয়া থাকে ॥৫২॥

যাহারা অবৈধভাবে পশুবধ করে কিংবা গুরুভার্য্যাগামী এবং নানা স্ত্রীর মৈথুনে প্রবৃত্ত হয়, সেই মানুষেরা নপুংসক হইয়া থাকে' ॥৫৩॥

পার্বতী বলিলেন—'দেবশ্রেষ্ঠ ! মানুষ কোন্ মাঙ্গলিক কর্ম্ম করিতে থাকিয়া নিন্দনীয় বা অনিন্দনীয় ফল লাভ করে ?' ॥৫৪॥

(৫৩) পশূন্ যে রক্ষযন্তি স্ম ক্লীবত্বং যান্তি তে নরাঃ—পি।

মহেশ্বর উবাচ।

শ্রেয়াংসং মার্গমন্বিচ্ছন্ সদা যঃ পৃচ্ছতি দ্বিজান্।
ধর্ম্মান্বেষী গুণাকাঙ্ক্ষী স স্বর্গং সমুপাশ্নুতে ॥৫৫॥
যদি মানুষতাং দেবি! কদাচিৎ পরিগচ্ছতি।
মেধাবী ধারণাযুক্তঃ প্রায়স্তত্রাভিজায়তে ॥৫৬॥
এষ দেবি! সতাং ধর্ম্মো মন্তব্যো ভূতিকারকঃ।
নৃণাং হিতার্থায় ময়া তব বৈ সমুদাহৃতঃ ॥৫৭॥

উমোবাচ।

অপরে স্বল্পবিজ্ঞানা ধর্ম্মবিদ্বেষিণো নরাঃ।
ব্রাহ্মণান্ বেদবিদুষো নেচ্ছন্তি পরিসর্পিতুম্ ॥৫৮॥
ব্রতবন্তো নরাঃ কেচিচ্ছ্রদ্ধাধর্ম্মপরায়ণাঃ।
অব্রতা ভ্রষ্টনিয়মাস্তথান্যে রাক্ষসোপমাঃ ॥৫৯॥
যজ্বানশ্চ তথৈবান্যে নির্হোমাশ্চ তথাপরে।
কেন কর্ম্মবিপাকেন ভবন্তীহ বদস্ব মে ॥৬০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

শ্রেয়াংসমিতি। গুণান্ যশো লোকসন্তোষাদীন্ আকাঙ্ক্ষতীতি সঃ ॥৫৫॥
যদীতি। যদীত্যনেন প্রাণ্যন্তরতাপ্রাপ্তিরপি সূচিতা ॥৫৬॥
এষ ইতি। মন্তব্যঃ স্বীকর্ত্তব্যঃ, ভূতিকারকঃ সম্পজ্জনকঃ ॥৫৭॥
অপর ইতি। পরিসর্পিতুম্ উপদেশলাভার্থমুপগন্তুম্ ॥৫৮॥
ব্রতেতি। ব্রতবন্তো ব্রহ্মচর্য্যাদিনিয়মবন্তঃ। যজ্বানো যথাবিধিযজ্ঞকারিণঃ ॥৫৯—৬০॥

মহাদেব বলিলেন—'যে লোক মঙ্গলময় পথ অবলম্বন করিয়া ধর্ম্মান্বেষী ও গুণাভিলাষী হইয়া ব্রাহ্মণগণের নিকট সর্বদা জিজ্ঞাসা করে, সেই লোক স্বর্গ লাভ করিয়া থাকে ॥৫৫॥

দেবি! সেই লোক যদি কখনও মনুষ্যত্ব লাভ করে; তবে তখন সে প্রায়ই মেধাবী ও ধারণাশক্তিসম্পন্ন হইয়া থাকে ॥৫৬॥

দেবি। এই সম্পজ্জনক সজ্জনের ধর্ম্ম সকলেরই স্বীকার করা উচিত। আমি মনুষ্যগণের হিতের নিমিত্ত তোমার নিকট ইহা বলিলাম' ॥৫৭॥

পার্ব্বতী বলিলেন—'অল্পজ্ঞানী ও ধর্ম্মদ্বেষী অন্য মানুষেরা বেদবিদ্ ব্রাহ্মণগণের নিকট গমন করিতে ইচ্ছা করে না ॥৫৮॥

দেব! কতকগুলি মানুষ ব্রতানুষ্ঠানসম্পন্ন, শ্রদ্ধাশীল ও ধর্ম্মপরায়ণ; অন্য অনেক মানুষ ব্রতশূন্য ও নিয়মভ্রষ্ট, আবার অনেকে একেবারে রাক্ষসের তুল্য,

মহেশ্বর উবাচ।

আগমা লোকধর্ম্মাণাং মর্য্যাদাঃ সর্ব্বনির্ম্মিতাঃ।
প্রামাণ্যেনানুবর্ত্তন্তে দৃশ্যন্তে চ দৃঢ়ব্রতাঃ ॥৬১॥
অধর্ম্মং ধর্ম্মমিত্যাহুর্যে চ মোহবশং গতাঃ।
অব্রতা নষ্টমর্য্যাদাস্তে প্রোক্তা ব্রহ্মরাক্ষসাঃ ॥৬২॥
তে চেৎ কালকৃতোদ্‌যোগাৎ সম্ভবন্তীহ মানুষাঃ।
নির্হোমা নির্ব্বষট্‌কারাস্তে ভবন্তি নরাধমাঃ ॥৬৩॥
এষ দেবি! ময়া সর্ব্বঃ সংশয়চ্ছেদনায় তে।
কুশলাকুশলো নৃণাং ব্যাখ্যাতো ধর্ম্মসাগরঃ ॥৬৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে উমামহেশ্বরসংবাদে ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

আগমা ইতি। লোকধর্ম্মাণাম্, আগমা নিয়ামকানি শাস্ত্রাণি, সর্ব্বৈর্লোকৈর্নির্ম্মিতা আচরিতাঃ, মর্য্যাদা আচারাশ্চ বিদ্যন্তে, লোকাশ্চ প্রামাণ্যেন তানাগমান্ তাশ্চ মর্য্যাদাঃ, অনুবর্ত্তন্তে অনুসরন্তি, তে চ লোকাঃ তেষাগমেষু তাসু মর্য্যাদাসু চ দৃঢ়ব্রতা দৃশ্যন্তে। ত এব ধার্ম্মিকা ইতি ভাবঃ ॥৬১॥

অধর্ম্মমিতি। নষ্টমর্য্যাদা ভ্রষ্টতদাচারাঃ ॥৬২॥

ত ইতি। কালেন ঈশ্বররূপেণ কৃতোদ্‌যোগাৎ কর্ম্মবশেন কৃতজননোদ্যমাৎ ॥৬৩॥

অনেক লোক যাজ্ঞিক, আবার বহু ব্যক্তি হোমশূন্য দৃষ্টিগোচর হয়; সুতরাং মানুষেরা কোন্ কোন্ কর্ম্মের ফলে এইরূপ বিবিধ প্রকার হয়; তাহা আপনি এখন আমার নিকট বলুন' ॥৫৯—৬০॥

মহাদেব বলিলেন—'মনুষ্যধর্ম্মের নিয়ামক শাস্ত্র এবং তদনুসারে সকলের আচরিত আচার রহিয়াছে; তাহার প্রামাণ্য স্বীকার করিয়া তদনুসারে যাঁহারা চলেন, তাঁহাদিগকে ধর্ম্মে দৃঢ়ব্রত দেখা যায় ॥৬১॥

আর যাহারা মোহের বশীভূত হইয়া অধর্ম্মকে ধর্ম্ম বলে, কোন ব্রত করে না এবং আচারও মানে না, তাহাদিগকে ব্রহ্মরাক্ষস বলা হইয়াছে ॥৬২॥

তাহারা নরক ভোগের পরে যদি কালক্রমে এই জগতে মনুষ্য হইয়া জন্মগ্রহণ করে, তবে তাহারাই হোম ও বষট্‌কারশূন্য নরাধম হইয়া থাকে ॥৬৩॥

---

* '..পঞ্চচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ।

চতুর্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ❋ঃ—

নারদ উবাচ।

এবমুক্ত্বা মহাদেবঃ শ্রোতুকামঃ স্বযং প্রভুঃ।
অনুকূলাং প্রিয়াং ভার্য্যাং পার্শ্বস্থাং সমভাষত ॥১॥

মহেশ্বর উবাচ।

পরাবরজ্ঞে! ধর্ম্মজ্ঞে! তপোবননিবাসিনি!।
সাধ্বি! সুভ্রু! সুকেশান্তে! হিমবৎপর্বতাত্মজে! ॥২॥
দক্ষে! শমদমোপেতে! নির্ম্মমে! ধর্ম্মচারিণি!।
পৃচ্ছামি ত্বাং বরারোহে! পৃষ্টা বদ মমেপ্সিতম্ ॥৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এষ ইতি। কুশলাকুশলো মঙ্গলামঙ্গলজনকঃ, ব্যাখ্যাত উক্তঃ, ধর্ম্মঃ সাগর ইব স বিস্তারাতিশয্যাৎ ॥৬৪॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যাযামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ❋ঃ—

এবমিতি। অনুকূলাং সর্ব্বেষ্বেব কার্য্যেষু স্বমতানুসারিণীম্ ॥১॥

পরেতি। হে পরাবরজ্ঞে। সর্ব্বেষামুৎকর্ষাপকর্ষাভিজ্ঞে। শোভনা কেশান্তাঃ কেশশেষা যস্যাস্তৎ সম্বোধনম্। দক্ষে। সর্ব্বকার্য্যনিপুণে। নির্ম্মমে। সর্ব্বত্র মমতাশূন্যে। ॥২—৩॥

দেবি! এই আমি তোমার সংশযচ্ছেদনের নিমিত্ত মনুষ্যগণের মঙ্গলামঙ্গল-জনক সমুদ্রতুল্য সমস্ত ধর্ম্ম বলিলাম' ॥৬৪॥

—ঃ❋ঃ—

নারদ বলিলেন—'প্রভু মহাদেব এইরূপ বলিযা নিজেও কিছু শুনিতে ইচ্ছা করিয়া পার্শ্ববর্ত্তিনী অনুকূলা প্রিযতমা ভার্য্যাকে বলিতে লাগিলেন ॥১॥

মহাদেব বলিলেন—'সুভ্রু। সাধ্বি। তুমি সকলেরই উৎকর্ষ ও অপকর্ষ এবং ধর্ম্ম জান, তপোবনে বাস কর, হিমালযের তনয়া, সমস্ত কার্য্যে নিপুণা, শমদম-সম্পন্না, মমতাশূন্যা ও ধর্ম্মচারিণী। অতএব হে সুকেশান্তে। হে বরারোহে।

(১) এষ শ্লোকঃ পি নাস্তি। শিব উবাচ। পি।

সাবিত্রী ব্রহ্মণঃ সাধ্বী কৌশিকস্য শচী সতী।
মার্কণ্ডেয়স্য ধূমোর্ণা ঋদ্ধির্বৈশ্রবণস্য চ ॥৪॥
বরুণস্য তথা গৌরী সূর্য্যস্য চ সুবর্চ্চলা।
রোহিণী শশিনঃ সাধ্বী স্বাহা চৈব বিভাবসোঃ ॥৫॥
অদিতিঃ কশ্যপস্যাথ সর্বাস্তাঃ পতিদেবতাঃ।
পৃষ্টাশ্চোপাসিতাশ্চৈব তাস্ত্বয়া দেবি! নিত্যশঃ ॥৬॥ (বিশেষকম্)
তেন ত্বাং পরিপৃচ্ছামি ধর্ম্মজ্ঞে! ধর্ম্মবাদিনি!।
স্ত্রীধর্ম্মং শ্রোতুমিচ্ছামি ত্বয়োদাহৃতমাদিতঃ ॥৭॥
সধর্ম্মচারিণী মে ত্বং সমশীলা সমব্রতা।
সমানসারবীর্য্যা চ তপস্তীব্রং কৃতঞ্চ তে ॥৮॥
ত্বয়া হ্যুক্তো বিশেষেণ গুণবান্ স ভবিষ্যতি।
লোকে চৈব ত্বয়া দেবি! প্রমাণত্বমুপেষ্যতি ॥৯॥

ভারতকৌমুদী

সাবিত্রীতি। সাবিত্রী নাম। এবমন্যত্র। কৌশিকস্য ইন্দ্রস্য। বৈশ্রবণস্য কুবেরস্য। বিভাবসোরগ্নেঃ, উপাসিতা উপদেশগ্রহণায় ॥৪—৬॥

তেনেতি। আদিতঃ প্রথমত এব ত্বয়া উদাহৃতমুক্তম্ ॥৭॥

সেতি। সমানে সারবীর্য্যে স্থৈর্য্যশক্তী যস্যাঃ সা, তে ত্বয়া ॥৮॥

ত্বয়েতি। গুণবানুৎকর্ষবান্, স স্ত্রীধর্মঃ। ত্বয়া উক্তত্বাদিতি শেষঃ ॥৯॥

তোমাকে আমি জিজ্ঞাসা করিতেছি; সুতরাং তুমিও আমার অভীষ্ট বিষয় বল ॥২—৩॥

সাধ্বী সাবিত্রী ব্রহ্মার, সতী শচী ইন্দ্রের, ধূমোর্ণা মার্কণ্ডেয়ের, ঋদ্ধি কুবেরের, গৌরী বরুণের, সুবর্চ্চলা সূর্য্যের, রোহিণী চন্দ্রের, সাধ্বী স্বাহা অগ্নির এবং অদিতি কশ্যপের পত্নী। দেবি! তুমি সর্ব্বদা সেই সকল পতিদেবতা স্ত্রী-দিগকে জিজ্ঞাসা করিয়াছ এবং তাঁহাদের উপাসনাও করিয়াছ ॥৪—৬॥

ধর্মজ্ঞে! ধর্মবাদিনি! সেইজন্যই আমি তোমাকে জিজ্ঞাসা করিতেছি; প্রথম হইতে তোমার উক্ত স্ত্রীধর্ম আমি শুনিতে ইচ্ছা করি ॥৭॥

তুমি আমার সহধর্ম্মিণী এবং তোমার স্বভাব, নিয়ম, সার ও শক্তি আমারই সমান; বিশেষতঃ গুরুতর তপস্যাও করিয়াছ ॥৮॥

দেবি! তুমি স্ত্রীধর্ম বলিলে সেই ধর্ম বিশেষ উৎকর্ষশালী হইবে এবং তুমি বলিয়াছ বলিয়া তাহা জগতে প্রামাণ্য লাভ করিবে ॥৯॥

---

(৮) সহধর্মচারিণী মে ত্বম্—বঙ্গ বর্দ্ধ। (৯) লোকে চৈব তথা দেবি!—পি।

স্রিয়শ্চৈব বিশেষেণ স্ত্রীজনস্য গতিঃ পরা।
গৌর্গাং গচ্ছতি সুশ্রোণি! লোকেষ্বেষা গতিঃ সদা ॥১০॥
মম চার্দ্ধং শরীরস্য তব চার্দ্ধেন নির্ম্মিতম্।
সুরকার্য্যকরী চ ত্বং লোকসন্তানকারিণী ॥১১॥
তব সর্ব্বঃ সুবিদিতঃ স্ত্রীধর্ম্মঃ শাশ্বতঃ শুভে।।
তস্মাদশেষতো ব্রূহি স্বধর্ম্মং বিস্তরেণ মে ॥১২॥

উমোবাচ।

ভগবন্। সর্ব্বভূতেশ। ভূতভব্যভবোত্তম।।
ত্বৎপ্রসাদাদিয়ং দেব! বাক্ চৈব প্রতিভাতি মে ॥১৩॥
ইমাস্তু নদ্যো দেবেশ! সর্বতীর্থোদকৈর্যুতাঃ।
উপস্পর্শনহেতোস্ত্বামুপযান্তি সমীপতঃ ॥১৪॥

ভারতকৌমুদী

স্রিয় ইতি। স্রিয় এব স্ত্রীজনস্য বিশেষেণ গতিরাশ্রয়ঃ। উক্তার্থে দৃষ্টান্তমাহ্ গৌর্ধেনুঃ, গাং ধেনুং গচ্ছতি অনুসরতি। গতিঃ রীতিঃ ॥১০॥

মমেতি। সুরকার্য্যকরী রূপান্তরেণাসুরসংহারাৎ ॥১১॥

তবেতি। শাশ্বতশ্চিরন্তনঃ। স্বধর্ম্মং স্ত্রীধর্ম্মম্ ॥১২॥

ভগবন্নিতি। ভূতানামতীতানাম্, ভব্যানাং ভবিষ্যতাম্, ভবানাং বর্ত্তমানানাঞ্চ লোকানাং মধ্যে উত্তম।। প্রতিভাতি স্ফুরতি ॥১৩॥

ইমা ইতি। উপস্পর্শনহেতোঃ স্নানাচমনাদিনিমিত্তম্ ॥১৪॥

সুনিতম্বে! স্ত্রীলোকেরাই স্ত্রীলোকদের প্রধান গতি। দেখ, গরু গরুরই অনুসরণ করে; সুতরাং ইহাই জগতে চিরন্তন রীতি ॥১০॥

দেবি! তোমার শরীরের অর্দ্ধদ্বারা আমার শরীরের অর্দ্ধ নির্ম্মিত হইয়াছে। বিশেষতঃ, তুমি দেবকার্য্যসম্পাদিনী এবং লোকের সন্তানকারিণী ॥১১॥

কল্যাণি! চিরন্তন সমস্ত স্ত্রীধর্ম্মই তোমার বিশেষভাবে বিদিত আছে; অতএব বিস্তরক্রমে তুমি আমার নিকট সমস্ত নিজ ধর্ম্ম বল' ॥১২॥

পার্ব্বতী বলিলেন—'ভগবন্। সর্ব্বভূতেশ্বর! ভূতভবিষ্যৎ ও বর্ত্তমানের শ্রেষ্ঠ। দেব! আপনার অনুগ্রহেই আমার এই বাক্য স্ফূর্ত্তি হইতেছে ॥১৩॥

দেবেশ্বর! সর্বতীর্থজলযুক্তা এই নদীগুলি আপনার স্নান ও আচমনাদির জন্যই আপনার নিকট দিয়া যাইতেছে ॥১৪॥

---

(১০) গৌর্য্যাং গচ্ছতি সুশ্রোণি!—বঙ্গ বর্দ্ধ।

(১৩) ত্বৎ প্রভাবাদিয়ং দেব! বাক্ চৈবং প্রতিভাতি মে—পি।

এতাভিঃ সহ সংমন্ত্র্য প্রবক্ষ্যাম্যনুপূর্বশঃ।
প্রভবন্ যোঽনহংবাদী স বৈ পুরুষ উচ্যতে ॥১৫॥
স্ত্রী চ ভূতেশ! সততং স্ত্রিয়মেবানুধাবতি।
ময়া সম্মানিতাশ্চৈব ভবিষ্যন্তি সরিদ্বরাঃ ॥১৬॥
এষা সরস্বতী পুণ্যা নদীনামুত্তমা নদী।
প্রথমা সর্বসরিতাং নদী সাগরগামিনী ॥১৭॥
বিপাশা চ বিতস্তা চ চন্দ্রভাগা ইরাবতী।
শতদ্রুর্দেবিকা সিন্ধুঃ কৌশিকী গৌতমী তথা ॥১৮॥
তথা দেবনদী চেয়ং সর্ব্বতীর্থাভিসংবৃতা।
গগনাদ্‌গাং গতা দেবী গঙ্গা সর্ব্বসরিদ্বরা ॥১৯॥
ইত্যুক্ত্বা দেবদেবস্য পত্নীধর্ম্মভৃতাংবরা।
স্মিতপূর্বমথাভাষ্য সর্বাস্তাঃ সরিতস্তথা ॥২০॥

ভারতকৌমুদী

এতাভিরিতি। সংমন্ত্র্য আলোচ্য। প্রভবন্ প্রভুঃ সন্, অনহংবাদী অহঙ্কারশূন্যঃ। ভবান্ খল্বিত্থম্ভূত এব পুরুষ ইতি ভাবঃ ॥১৫॥

স্ত্রীতি। অনুধাবতি অনুসরতি। অতএবাহমিমাম্ অনুসরামীতি ভাবঃ। ভবিষ্যন্তি মৎ-প্রশ্নোত্তরদানে অনুকূলা ইতি শেষঃ ॥১৬॥

এষেতি। প্রথমা প্রথমোৎপন্না ॥১৭॥

বিপাশেতি। দেবিকাসিন্ধুশ্চ নদীবিশেষযোর্নামনী ॥১৮॥

তথেতি। সর্ব্বৈস্তীর্থৈরভিসংবৃতা সম্মানিতা। গাং পৃথিবীম্ ॥১৯॥

আমি ইহাদের সহিত আলোচনা করিয়া আনুপূর্ব্বীক স্ত্রীধর্ম বলিব। যিনি প্রভু হইয়াও অহঙ্কারশূন্য হন, তাঁহাকেই পুরুষ বলা হয় ॥১৫॥

ভূতেশ্বর! স্ত্রীলোক সর্ব্বদা স্ত্রীলোকেরই অনুসরণ করে। তারপর আমি ইহাদের সম্মান করিলে, এই নদীশ্রেষ্ঠারা আমার প্রশ্নের উত্তর দানে সম্মত হইবেন ॥১৬॥

এই পবিত্রা সরস্বতী নদী সমস্ত নদীর মধ্যে শ্রেষ্ঠা এবং এই নদী সকল নদীর প্রথমে উৎপন্না ও সাগরগামিনী ॥১৭॥

তারপর বিপাশা, বিতস্তা, চন্দ্রভাগা, ইরাবতী, শতদ্রু, দেবিকা, সিন্ধু, কৌশিকী ও গৌতমী নদী রহিয়াছেন ॥১৮॥

আর সর্বতীর্থসম্মানিতা, আকাশ হইতে ভূতলে অবতীর্ণা ও সর্বনদীশ্রেষ্ঠা এই দেবনদী গঙ্গাদেবী প্রবাহিতা হইতেছেন' ॥১৯॥

অপৃচ্ছদ্দেবমহিষী স্ত্রীধর্ম্মং ধর্ম্মবৎসলা।
স্ত্রীধর্ম্মকুশলাস্তা বৈ গঙ্গাদ্যাঃ সরিতাংবরাঃ ॥২১॥ (যুগ্মকম্)

উমোবাচ।

অয়ং ভগবতা প্রোক্তঃ প্রশ্নঃ স্ত্রীধর্ম্মসংশ্রিতঃ।
তং তু সংমন্ত্র্য যুষ্মাভির্ব্বক্তুমিচ্ছামি শঙ্করম্ ॥২২॥
ন চৈকসাধ্যং পশ্যামি বিজ্ঞানং ভুবি কিঞ্চন।
দিবি বা সাগরগমাস্তেন বো মানয়াম্যহম্ ॥২৩॥
এবং সর্ব্বাঃ সরিচ্ছ্রেষ্ঠাঃ পৃষ্টাঃ পুণ্যতমাঃ শিবাঃ।
ততো দেবনদী গঙ্গা নিযুক্তা প্রতিপূজ্য চ ॥২৪॥
বহ্বীভির্বুদ্ধিভিঃ স্ফীতা স্ত্রীধর্ম্মজ্ঞা শুচিস্মিতা।
শৈলরাজসুতাং দেবীং পুণ্যা পাপভয়াপহা ॥২৫॥
বুদ্ধ্যা বিনয়সম্পন্না সর্ব্বধর্ম্মবিশারদা।
সস্মিতং বহুবুদ্ধ্যাঢ্যা গঙ্গা বচনমব্রবীৎ ॥২৬॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ইতীতি। স্মিতপূর্ব্বম্ ঈষদ্ধাস্যপূর্ব্বকম্। দেবমহিষী মহাদেবপত্নী, স্ত্রীধর্ম্মে কুশলা নিপুণাঃ ॥২০—২১॥

অয়মিতি। ভগবতা শঙ্করেণ। যুষ্মাভিঃ সহ সংমন্ত্র্য ॥২২॥

নেতি। একয়া সাধ্যং সম্পাদ্যম্। হে সাগরগমাঃ! সমুদ্রগামিন্যঃ। ॥২৩॥

এবমিতি। শিবা মঙ্গলজনিকাঃ। নিযুক্তা অন্যাভির্নদীভির্ব্বক্তুং ব্যাপারিতা। শুচিস্মিতা শুভ্রমৃদুহাস্যা। বহুবুদ্ধ্যাঢ্যা নানাবিধবুদ্ধিযুক্তা ॥২৪—২৬॥

এই কথা বলিয়া ধর্ম্মবৎসলা দেবদেবপত্নী মহাদেবমহিষী ধার্ম্মিকশ্রেষ্ঠা পার্ব্বতী মৃদু হাস্যপূর্ব্বক সেই সকল নদীকে সম্বোধন করিয়া স্ত্রীধর্ম্মনিপুণা সেই গঙ্গাপ্রভৃতি নদীশ্রেষ্ঠাগণের নিকট স্ত্রীধর্ম্ম জিজ্ঞাসা করিলেন ॥২০—২১॥

পার্ব্বতী বলিলেন—'নদীগণ! ভগবান্ শঙ্কর স্ত্রীধর্ম্ম বিষয়ে এই প্রশ্ন করিয়াছেন। আমি আপনাদের সহিত আলোচনা করিয়া তাঁহাকে সেই ধর্ম্ম বলিতে ইচ্ছা করি ॥২২॥

হে সাগরগামিনীগণ! পৃথিবীতে বা স্বর্গে কোন জ্ঞানই একজন নিষ্পাদ্য দেখিতে পাই না; সেই জন্যই আমি আপনাদিগকে প্রমাণ করিতেছি' ॥২৩॥

পার্ব্বতী এইভাবে পুণ্যতমা ও মঙ্গলজনিকা সমস্ত নদীশ্রেষ্ঠাদিগকে জিজ্ঞাসা করিলেন। তাহার পর অন্য নদীগণ পার্ব্বতীর প্রতি পূজা করিয়া দেবনদী

গঙ্গোবাচ।

ধন্যাস্ম্যনুগৃহীতাস্মি দেবি! ধর্ম্মপরায়ণে!।
যা ত্বং সর্বজগন্মান্যা নদীং মানয়সেঽনঘে! ॥২৭॥
প্রভবন্! পৃচ্ছতে যো হি সম্মানয়তি বা পুনঃ।
নূনং মন্যে সধর্ম্মাত্মা পণ্ডিতাখ্যাং স গচ্ছতি ॥২৮॥
জ্ঞানবিজ্ঞানসম্পন্নানূহাপোহবিশারদান্।
প্রবক্তৃন্ পৃচ্ছতে যোঽন্যান্ স বৈ নাপদমৃচ্ছতি ॥২৯॥
অন্যথা বহুবুদ্ধ্যাঢ্যো বাক্যং বদতি সংসদি।
অন্যথৈব হ্যহংবাদী দুর্ব্বলং বদতে বচঃ ॥৩০॥

ভারতকৌমুদী

ধন্যেতি। মানয়সে প্রমাণত্বেন গৌরবাস্পদীকরোষি ॥২৭॥

প্রভবন্নিতি। প্রভবন্ প্রভাববান্ সন্, পৃচ্ছতে পরং পৃচ্ছতি ॥২৮॥

জ্ঞানেতি। উহাপোহবিশারদান্ বাদপ্রতিবাদদক্ষান্ ॥২৯॥

অথেতি। অন্যথা অন্যপ্রকারম্, সারগর্ভং বাক্যম্। অন্যথৈব অন্যপ্রকারমেব অসারং বচঃ, অহংবাদী অহঙ্কারবান্ জনঃ, দুর্ব্বলং জ্ঞানে নিকৃষ্টং জনম্ ॥৩০॥

গঙ্গাকে বলিবার জন্য নিযুক্ত করিলেন। তখন বহুবুদ্ধিসম্পন্না, স্ত্রীধর্ম্মাভিজ্ঞা, শুভ্রহাসিনী, পুণ্যকারিণী, পাপভয়নাশিনী, বিনয়সম্পন্না, সর্বধর্ম্মবিশারদা ও বিবিধ বুদ্ধিযুক্তা গঙ্গা মন্দ হাস্য করিয়া বুদ্ধি অনুসারে দেবী পার্ব্বতীকে এই সকল বাক্য বলিলেন—॥২৪—২৬॥

'নিষ্পাপে! ধর্ম্মপরায়ণে! দেবি! যিনি সর্বজগৎ পূজনীয়া, সেই আপনি যে নদীকে সম্মানিত করিতেছেন, সেই নদী আমি ধন্যা ও অনুগৃহীতা হইলাম'॥২৭॥

যিনি প্রভাবশালী হইয়াও অন্যের নিকট জিজ্ঞাসা করেন বা অন্যকে সম্মান করেন; আমি মনে করি, নিশ্চয়ই তিনি ধর্মাত্মা এবং নিশ্চয়ই তিনি পণ্ডিত নাম লাভ করেন ॥২৮॥

যিনি জ্ঞানবিজ্ঞানসম্পন্ন এবং বাদ-প্রতিবাদে দক্ষ অন্য বাগ্মীদের নিকট জিজ্ঞাসা করেন; তিনি কখনও বিপদে পতিত হন না ॥২৯॥

বিবিধ বুদ্ধিসম্পন্ন মানুষ সভায় অন্য প্রকার বাক্য বলেন; আর অহঙ্কারশালী লোক জ্ঞানদুর্ব্বল লোকের নিকট অন্য প্রকার বাক্য বলিয়া থাকে ॥৩০॥

---

(২৭) নদীর্মানয়সেঽনঘে!—পি। (২৯) স বৈ নাপদমর্হতি—পি।

দিব্যজ্ঞানে! দিবিশ্রেষ্ঠে! দিব্যৈঃ পুণ্যৈঃ সহোত্থিতে!।
ত্বমেবার্হসি নো দেবি! স্ত্রীধর্ম্মাননুভাষিতুম্ ॥৩১॥
ততঃ সারাধিতা দেবী গঙ্গয়া বহুভির্গুণৈঃ।
প্রাহ সর্ব্বমশেষেণ স্ত্রীধর্ম্মং সুরসুন্দরী ॥৩২॥
উমোবাচ।
স্ত্রীধর্ম্মো মাং প্রতি যথা প্রতিভাতি যথাবিধি।
তমহং কীর্ত্তয়িষ্যামি তথৈব প্রশ্রিতো ভব ॥৩৩॥
স্ত্রীধর্ম্মঃ পূর্ব্ব এবায়ং বিবাহে বন্ধুভিঃ কৃতঃ।
সহধর্ম্মচরী ভর্ত্তুর্ভবত্যগ্নিসমীপতঃ ॥৩৪॥
সুস্বভাবা সুবচনা সুবৃত্তা সুখদর্শনা।
অনন্যচিত্তা সুমুখী ভর্ত্তুঃ সা ধর্ম্মচারিণী ॥৩৫॥

ভারতকৌমুদী

দিব্যেতি। দিব্যমলৌকিকং জ্ঞানং যস্যাস্তৎসম্বোধনম্। উত্থিতে! উৎপন্নে!। নঃ অস্মাকং স্ত্রীণাং মধ্যে ॥৩১॥

তত ইতি। আরাধিতা সম্যক্ স্তুতা ॥৩২॥

স্ত্রীতি। প্রতিভাতি স্ফুরতি। প্রশ্রিতঃ প্রণিধানবান্ ॥৩৩॥

স্ত্রীতি। সহধর্ম্মচরী "সপত্নীকো ধর্ম্মমাচরেৎ" ইতি শাস্ত্রাৎ ॥৩৪॥

স্বিতি। সুবৃত্তা সচ্চরিত্রা, ন বিদ্যতে অন্যস্মিন্ পুরুষে চিত্তং যস্যাঃ সা ॥৩৫॥

দেবি! আপনি অলৌকিক জ্ঞানসম্পন্না, স্বর্গলোকমধ্যে শ্রেষ্ঠা এবং অলৌকিক পুণ্যের সহিতই উৎপন্না; অতএব আমাদের মধ্যে আপনিই স্ত্রীধর্ম বলিতে পারেন' ॥৩১॥

তাহার পর গঙ্গা বহুতর গুণ উল্লেখ করিয়া প্রশংসা করিলে, সুরসুন্দরী সেই পার্ব্বতী দেবী শেষ না রাখিয়া সমস্ত স্ত্রীধর্ম বলিতে লাগিলেন ॥৩২॥

পার্বতী বলিলেন—'দেবদেব! আমার মনে স্ত্রীধর্ম যে প্রকার উদিত হইতেছে; তাহা আমি যথাবিধানে বলিতেছি; আপনিও সেইরূপই মনোযোগী হউন ॥৩৩॥

বিবাহের সময়ে কন্যার বন্ধুবর্গ পূর্বেই এই স্ত্রীধর্ম আবিষ্কার করিয়া গিয়াছেন যে, বিবাহকালে অগ্নির নিকটে স্ত্রী ভর্তার সহধর্মচারিণী হইবেন ॥৩৪॥

যে স্ত্রী সৎস্বভাবা, প্রিয়ভাষিণী, সচ্চরিত্রা, সুদৃশ্যা, অনন্যচিত্তা ও সুমুখী—সেই স্ত্রী ভর্তার সধর্মচারিণী হইতে পারেন ॥৩৫॥

সা ভবেদ্ধর্ম্মপরমা সা ভবেদ্ধর্ম্মভাগিনী।
দেববৎ সততং সাধ্বী যা ভর্ত্তারং প্রপশ্যতি ॥৩৬॥
শুশ্রূষাং পরিচারঞ্চ দেববদ্যা করোতি চ।
নান্যভাবা হ্যবিমনাঃ সুব্রতা সুখদর্শনা ॥৩৭॥
পুত্রবক্ত্রমিবাভীক্ষ্ণং ভর্ত্তুর্ব্বদনমীক্ষতে।
যা সাধ্বী নিয়তাহারা সা ভবেদ্ধর্ম্মচারিণী ॥৩৮॥
শ্রুত্বা দম্পতিধর্ম্মং বৈ সহধর্ম্মং কৃতং শুভম্।
যা ভবেদ্ধর্ম্মপরমা নারী ভর্ত্তৃসমব্রতা ॥৩৯॥
দেববৎ সততং সাধ্বী ভর্ত্তারমনুপশ্যতি।
দম্পত্যোরেষ বৈ ধর্ম্মঃ সহধর্ম্মকৃতঃ শুভঃ ॥৪০॥
শুশ্রূষাং পরিচারঞ্চ দেবতুল্যং প্রকুর্ব্বতী।
বশ্যাভাবেন সুমনাঃ সুব্রতা সুখদর্শনা।
অনন্যচিত্তা সুমুখী ভর্ত্তুঃ সা ধর্ম্মচারিণী ॥৪১॥

ভারতকৌমুদী

সেতি। ধর্ম্ম এব পরমঃ শ্রেষ্ঠো যস্যাঃ সা ॥৩৬॥

শুশ্রূষামিতি। পরিচারং সমন্তাদ্বিচরণম্। অবিমনা অবিরুদ্ধচিত্তা ॥৩৭॥

পুত্রেতি। অভীক্ষ্ণং সর্ব্বদা, ঈক্ষতে সস্নেহং পশ্যতি ॥৩৮॥

শ্রুত্বেতি। কৃতং মুনিভিঃ প্রবর্ত্তিতম্। ভর্ত্তুঃ সমং তুল্যং ব্রতং নিয়মো যস্যাঃ সা ॥৩৯॥

দেববদিতি। সহধর্ম্মতয়া কৃত ইতি সহধর্ম্মকৃতঃ, ভাবপ্রধাননির্দ্দেশাৎ। দম্পত্যোরিত্যুক্তে ভর্ত্তাপি সাধ্বীং ভার্য্যাং দেবীমিব পশ্যতীতি সূচিতম্ ॥৪০॥

যে সাধ্বী স্ত্রী ভর্ত্তাকে সর্ব্বদা দেবতার ন্যায় দর্শন করেন; তিনি নামে ধর্ম-পরমা হন এবং ধর্মভাগিনীও হইয়া থাকেন ॥৩৬॥

অনন্যচিত্তা, অবিরুদ্ধমনা, সুনিয়মা ও সুখদর্শনা যে নারী দেবতার ন্যায় ভর্ত্তার শুশ্রূষা ও অনুসরণ করেন, তিনিও ধর্মভাগিনী হন ॥৩৭॥

যে সাধ্বী স্ত্রী পুত্রের মুখের ন্যায় ভর্ত্তার মুখও সর্ব্বদা সস্নেহে দর্শন করেন এবং সংযতভোজনা হন, তিনি ধর্মচারিণী হইয়া থাকেন ॥৩৮॥

যে নারী মুনিগণ প্রবর্ত্তিত মঙ্গলজনক দম্পতিধর্মরূপ সহধর্ম শ্রবণ করিয়া ভর্ত্তার সমান ব্রতচারিণী হন; তিনি সেই ধর্মের গুণে প্রধান হইয়া থাকেন ॥৩৯॥

সাধ্বী স্ত্রী সর্ব্বদাই ভর্ত্তাকে দেবতার ন্যায় দর্শন করেন। পতি ও পত্নীর এই মঙ্গলময় ধর্মকেই মুনিরা সহধর্মরূপে প্রবর্ত্তিত করিয়াছেন ॥৪০॥

---

(৩৭) শুশ্রূষাং পরিচর্য্যাঞ্চ—পি। (৩৮) যা সাধ্বী নিয়তাচারা—পি।

পরুষাণ্যপি চোক্তা যা দৃষ্টা দুষ্টেন চক্ষুষা।
সুপ্রসন্নমুখী ভর্ত্তুর্যা নারী সা পতিব্রতা ॥৪২॥
ন চন্দ্রসূর্য্যৌ ন তরুং পুন্নাম্না যা নিরীক্ষতে।
ভর্ত্তৃবর্জ্জং বরারোহা সা ভবেদ্ধর্ম্মচারিণী ॥৪৩॥
দরিদ্রং ব্যাধিতং দীনমধ্বনা পরিকর্শিতম্।
পতিং পুত্রমিবোপাস্তে সা নারী ধর্ম্মচারিণী ॥৪৪॥
যা নারী প্রযতা দক্ষা যা নারী পুত্রিণী ভবেৎ।
পতিব্রতা পতিপ্রাণা সা নারী ধর্ম্মভাগিনী ॥৪৫॥

ভারতকৌমুদী

শুশ্রূষামিতি। পরিচারং পত্যুঃ সমস্তাদ্বিচরণম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪১॥
পরুষাণীতি। পরুষাণি নিষ্ঠুরবচনানি পত্যা উক্তাপি দৃষ্টাপি চ ॥৪২॥
নেতি। পুংনাম্না বিশিষ্টং তরুং বনস্পতিমপি ॥৪৩॥
দরিদ্রমিতি। দীনং দুঃস্থম্, পরিকর্শিতং পরিশ্রান্তম্ ॥৪৪॥
যেতি। প্রযতা সংযতা, দক্ষা গৃহকার্য্যনিপুণা ॥৪৫॥

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১—৮॥ গুণবান্ স স্ত্রীধর্ম্মঃ ॥৯॥ গৌর্য্যাং ভূমৌ গচ্ছত্যনাদিপরম্পরয়া চলতি ॥১০—৪০॥ বশ্যাভাবেন মন্ত্রাদিনা বশীকরণং বিনা ॥৪১—৪২॥ চন্দ্রসূর্য্যৌ তরুমপি যা পুরুষনাম-

---

যে নারী প্রসন্নচিত্তা, সুনিয়মা, সুখদর্শনা, অনন্যচিত্তা ও প্রফুল্লবদনা হইয়া বশীভূতভাবে দেবতার তুল্য পতির শুশ্রূষা ও নিকটে বিচরণ করেন, সেই নারী ধর্মচারিণী বলিয়া গণ্য হন ॥৪১॥

ভর্ত্তা নিষ্ঠুর বাক্য বলিলেও কিংবা রুক্ষ দৃষ্টিতে দর্শন করিলেও যে নারী অত্যন্ত প্রসন্নবদনাই থাকেন, সেই নারী পতিব্রতা ॥৪২॥

যে নারী পতি ব্যতীত চন্দ্রসূর্য্য কিংবা পুরুষ নাম বিশিষ্ট কোন বৃক্ষের প্রতিও সকাম দৃষ্টিপাত না করেন, সেই নারীই উত্তমা স্ত্রী ও ধর্মচারিণী বলিয়া গণ্য হন ॥৪৩॥

পতি দরিদ্র, রোগগ্রস্ত, দুঃস্থ বা পথশ্রান্ত হইলে যে নারী পুত্রের ন্যায় তাঁহার শুশ্রূষা করেন; সেই নারী ধর্ম্মচারিণী ॥৪৪॥

যে নারী সংযতা ও গৃহকার্য্যনিপুণা হন কিংবা যে নারী পুত্রবতী হইয়াও পতিব্রতা এবং পতিপ্রাণাই থাকেন, সেই নারীই ধর্মভাগিনী হন ॥৪৫॥

---

(৪৩) · পুন্নাম্নো যা নিরীক্ষতে—বঙ্গ বর্দ্ধ। (৪৫) পতিশ্রুষা পতিপ্রাণা—পি।

শুশ্রূষাং পরিচর্য্যাঞ্চ করোত্যবিমনাঃ সদা।
সুপ্রতীতা বিনীতা চ সা নারী ধর্ম্মভাগিনী ॥৪৬॥
বিভর্ত্ত্যন্নপ্রদানেন কুটুম্বং চৈব নিত্যদা।
ন কামেষু ন ভোগেষু নৈশ্বর্য্যে ন সুখে তথা।
স্পৃহা যস্যা যথা পত্যৌ সা নারী ধর্ম্মভাগিনী ॥৪৭॥
কল্যোত্থানরতির্নিত্যং গৃহশুশ্রূষণে রতা।
সুসংমৃষ্টক্ষয়া চৈব গোশকৃৎকৃতলেপনা ॥৪৮॥
অগ্নিকার্য্যপরা নিত্যং সদা পুষ্পবলিপ্রদা।
দেবতাতিথিভৃত্যানাং নির্বাপ্য পতিনা সহ ॥৪৯॥
শেষান্নমুপভুঞ্জানা যথান্যায়ং যথাবিধি।
তুষ্টপুষ্টজনা নিত্যং নারী ধর্ম্মেণ যুজ্যতে ॥৫০॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

শুশ্রূষামিতি। পরিচর্য্যাং ভর্ত্তুঃ পরিতো বিচরণম্। সুপ্রতীতা অতীববিশ্বস্তা ॥৪৬॥

বিভর্ত্তীতি। কুটুম্বং পরিজনম্। যস্যা নার্য্যাঃ পত্যৌ যথা স্পৃহা ইচ্ছয়া আকর্ষণম্, তথা কামাদিষু ন। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৭॥

কল্যেতি। নিত্যং প্রত্যহম্, কল্যে প্রত্যূষে উত্থানে, রতিরিচ্ছা যস্যাঃ সা, গৃহস্য শুশ্রূষণে শোভাসম্পাদনাদৌ রতা, সুসংসৃষ্টঃ পরিমার্জ্জিতঃ ক্ষয়ো গৃহং যয়া সা, "নিলয়াপচয়ৌ ক্ষয়ৌ" ইত্যমরঃ, গোশকৃতা গোময়েন কৃতং লেপনং যয়া সা, ধর্ম্মভাগিনীত্যনুবৃত্তিঃ ॥৪৮॥

অগ্নীতি। অগ্নিকার্য্যপরা পাকসম্পাদনাৎ, পুষ্পবলিপ্রদা দেবপূজায়াং পুষ্পোপহারদাত্রী। নির্ব্বাপ্য অন্নাদিকং দত্ত্বা। তুষ্টাঃ পুষ্টাশ্চ জনাঃ পরিজনা যয়া সা ॥৪৯—৫০॥

যে নারী সর্ব্বদা প্রসন্নচিত্তা হইয়া ভর্ত্তার শুশ্রূষা ও নিকটে বিচরণ করেন এবং ভর্ত্তার অত্যন্ত বিশ্বস্তা ও বিনয়সম্পন্না থাকেন, সেই নারীই ধর্ম্ম-ভাগিনী ॥৪৬॥

যে নারী প্রত্যহ অন্নদান করিয়া পরিজনবর্গের ভরণ করেন এবং যে নারীর পতির প্রতি যেমন আকর্ষণ থাকে; তেমন আকর্ষণ কামে, ভোগে, প্রভুত্বে ও সুখে থাকে না; সেই নারীই ধর্ম্মভাগিনী হন ॥৪৭॥

যে নারী প্রত্যহ প্রত্যূষে গাত্রোত্থান করেন, গৃহের শোভা সম্পাদন করিয়া থাকেন, গৃহকে পরিমার্জ্জিত রাখেন এবং গোময়দ্বারা গৃহ লেপন করেন, সেই নারীই ধর্ম্মভাগিনী হইয়া থাকেন ॥৪৮॥

যে নারী প্রত্যহ পাকপ্রভৃতি করায় অগ্নিকার্য্যপরায়ণা থাকেন; দেবতাকে নিত্য পুষ্প উপহার দেন, পতির সহিত দেবতা, অতিথি ও ভৃত্য-

শ্বশ্রূশ্বশুরয়োঃ পাদৌ তোষয়ন্তী গুণান্বিতা।
মাতাপিতৃপরা নিত্যং যা নারী সা তপোধনা ॥৫১॥
ব্রাহ্মণান্ দুর্ব্বলানাথান্ দীনান্ধকৃপণাংস্তথা।
বিভর্ত্ত্যন্নেন যা নারী সা পতিব্রতভাগিনী ॥৫২॥
ব্রতং চরতি যা নিত্যং দুশ্চরং লঘুসত্ত্বয়া।
পতিচিত্তা পতিহিতা সা পতিব্রতভাগিনী ॥৫৩॥
পুণ্যমেতত্তপশ্চৈব স্বর্গশ্চৈব সনাতনঃ।
সা নারী ভর্ত্তৃপরমা ভবেদ্ভর্ত্তৃব্রতা সতী ॥৫৪॥
পতির্হি দেবো নারীণাং পতির্বন্ধুঃ পতির্গতিঃ।
পত্যা সমা গতির্নাস্তি দৈবতং বা যথা পতিঃ ॥৫৫॥

ভারতকৌমুদী

শ্বশ্রিবিতি। তোষয়ন্তী সংবাহনাদিনা পরিচরন্তী ॥৫১॥
ব্রাহ্মণানিতি। কৃপণঃ ক্ষুদ্রঃ। বিভর্ত্তি পুষ্ণাতি।৫২॥
ব্রতমিতি। লঘু অল্পম্, সত্ত্বং বিষয়ান্তরাধ্যবসায়ো যস্যাং তয়া বুদ্ধ্যা ॥৫৩॥
পুণ্যমিতি। এতৎ পতিসেবনম্। ভর্ত্তৈব পরমো যস্যাঃ সা ॥৫৪॥

ভাবতভাবদীপঃ

ত্বাম্ নিরীক্ষতে কিমু নরং পশুং বেতি ভাবঃ ॥৪৩—৪৭॥ সুসংমৃষ্টক্ষয়া শোধিতগৃহা ॥৪৮—৫২॥ লঘুসত্ত্বয়া শীঘ্রমর্য্যাদাববোধিন্যা বুদ্ধ্যা ॥৫৩—৬১॥

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভাবতভাবদীপে
চতুর্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২৪॥

দিগকে অন্ন দান করিয়া নিজে শেষান্ন ভোজন করেন এবং প্রত্যহ যথানিয়মে ও যথাবিধানে পরিজনবর্গকে হৃষ্টপুষ্ট করিয়া থাকেন; সেই নারী ধর্মভাগিনী হন ॥৪৯—৫০॥

গুণবতী যে নারী সর্ব্বদা শ্বশ্রূ ও শ্বশুরের চরণযুগলের সেবা করেন এবং মাতা ও পিতার উপরে ভক্তি করিয়া থাকেন; সেই নারী তপোধনা বলিয়া অভিহিত হন ॥৫১॥

যে নারী অন্নদ্বারা ব্রাহ্মণ, দুর্ব্বল, অনাথ, দরিদ্র, অন্ধ ও ক্ষুদ্র লোকদিগকে ভরণ করেন; সেই নারী পতিব্রতাধর্ম্মের অধিকারিণী হন ॥৫২॥

যে নারী সর্ব্বদা পতিগতচিত্তা ও পতির হিতকারিণী হইয়া একাগ্রচিত্তে দুষ্কর ব্রত করেন, তিনি পতিব্রতা ধর্ম্মের অধিকারিণী হন ॥৫৩॥

যে নারী পতিসর্ব্বস্বা, পতিব্রতা ও সতী হন; সেই নারীর পক্ষে, এই পতিসেবা পুণ্যের হেতু, তপস্যা ও সনাতন স্বর্গস্বরূপ হইয়া থাকে ॥৫৪॥

পতিপ্রসাদঃ স্বর্গো বা তুল্যো নার্য্যা ন বা ভবেৎ।
অহং স্বর্গং ন হীচ্ছেয়ং ত্বয্যপ্রীতে মহেশ্বর! ॥৫৬॥
যত্ত্বকার্য্যমধর্ম্মং বা যদি বা প্রাণনাশনম্।
পতির্ব্রূয়াদ্দরিদ্রো বা ব্যাধিতো বা কথঞ্চন ॥৫৭॥
আপন্নো রিপুসংস্থো বা ব্রহ্মশাপার্দ্দিতোঽপি বা।
আপদ্ধর্ম্মাননুপ্রেক্ষ্য তৎকার্য্যমবিশঙ্কয়া ॥৫৮॥ (যুগ্মকম্)
এষ দেব! ময়া প্রোক্তঃ স্ত্রীধর্ম্মো বচনাত্তব।
যা ত্বেবংভাবিনী নারী সা পতিব্রতভাগিনী ॥৫৯॥

নারদ উবাচ।

ইত্যুক্তঃ স তু দেবেশঃ প্রতিপূজ্য গিরেঃ সুতাম্।
লোকান্ বিসর্জ্জয়ামাস সর্ব্বৈরনুচরৈর্ব্বৃতান্ ॥৬০॥

ভারতকৌমুদী

পতিরিতি। গতিরাশ্রয়ঃ। দৈবতং দেবতা ॥৫৫॥

পতীতি। পত্যুঃ প্রসাদঃ অনুগ্রহঃ। ন বা ভবেৎ, পতিপ্রসাদঃ স্বর্গাদপি শ্রেষ্ঠ ইত্যাশয়ঃ ॥৫৬॥

যদীতি। অকার্য্যং নিন্দনীয়ং কর্ম্ম। আপন্ন আপদং প্রাপ্তঃ। কার্য্যং কর্ত্তব্যম্ ॥৫৭—৫৮॥

এষ ইতি। বচনাদাদেশাৎ। এবংভাবিনী ইত্থম্ভূতা ॥৫৯॥

ইতীতি। দেবেশো মহাদেবঃ, প্রতিপূজ্য প্রশস্য ॥৬০॥

নারীর পক্ষে পতিই দেবতা, পতিই বন্ধু এবং পতিই গতি; আর নারীর পক্ষে পতির তুল্য আশ্রয় নাই এবং পতি যেমন দেবতা, তেমন দেবতাও নাই ॥৫৫॥

পতির অনুগ্রহ বা স্বর্গ এই দুইই নারীর নিকট সমান কিংবা সমান নাও হইতে পারে (অর্থাৎ নারীর পক্ষে স্বর্গাপেক্ষাও পতির অনুগ্রহ শ্রেষ্ঠ); সুতরাং মহেশ্বর! আপনি অসন্তুষ্ট হইবার সম্ভব হইলে আমি স্বর্গও ইচ্ছা করি না ॥৫৬॥

দরিদ্র বা কোন প্রকার রোগগ্রস্ত, বিপন্ন, শত্রুহস্তগত কিংবা ব্রহ্মশাপগ্রস্ত হইয়া পতি যদি কিছু বলেন; তবে তাহা যদি অকর্ত্তব্য বা পাপের কার্য্য কিংবা প্রাণনাশকও হয়; তথাপি ভার্য্যা আপদ্ধর্ম লক্ষ্য করিয়া নিঃশঙ্ক চিত্তে তাহা করিবেন ॥৫৭—৫৮॥

দেব! এই আমি আপনার আদেশে স্ত্রীধর্ম বলিলাম। যে নারী এইরূপ হন, তিনি পতিব্রতাধর্মের অধিকারিণী হইয়া থাকেন' ॥৫৯॥

ততো যযুর্ভূতগণাঃ সরিতশ্চ যথাগতম্।
গন্ধর্বাপ্সরসশ্চৈব প্রণম্য শিরসা ভবম্ ॥৬১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসনপর্ব্বণি
দানধর্ম্মে স্ত্রীধর্ম্মকথনে চতুর্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

পঞ্চবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

ঋষয় ঊচুঃ।
পিনাকিন্! ভগনেত্রঘ্ন! সর্ব্বলোকনমস্কৃত!।
মাহাত্ম্যং বাসুদেবস্য শ্রোতুমিচ্ছামঃ শঙ্কর! ॥১॥

ভারতকৌমুদী

তত ইতি। সরিতো গঙ্গাদ্যা নদ্যঃ। ভবং মহাদেবম্ ॥৬১॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি
দানধর্ম্মে চতুর্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

পিনাকিন্নিতি। হে পিনাকিন্! পিনাকধনুর্দ্ধর! ভগস্য তদাখ্যদেবস্য নেত্রং হন্তি দক্ষযজ্ঞে নাশয়তীতি তৎসম্বোধনম্ ॥১॥

নারদ বলিলেন—'পার্ব্বতী এইরূপ বলিলে সেই মহাদেব পার্বতীর প্রশংসা করিয়া সমস্ত অনুচরবেষ্টিত উপস্থিত লোকদিগকে বিদায় দিলেন ॥৬০॥

তাহার পর ভূতগণ, নদীগণ, গন্ধর্বগণ ও অপ্সরোগণ মস্তকদ্বারা মহাদেবকে নমস্কার করিয়া যথাস্থানে চলিয়া গেলেন' ॥৬১॥

—:*:—

ঋষিগণ বলিলেন—'পিনাকধনুর্দ্ধর! ভগনেত্রনাশক! সর্ব্বলোকনমস্কৃত! শঙ্কর! আমরা বাসুদেবের মাহাত্ম্য শুনিতে ইচ্ছা করি' ॥১॥

* 'ষট্‌চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ।

(১) শ্রোতুমিচ্ছামি শঙ্কর!—বঙ্গ বর্দ্ধ।

মহেশ্বর উবাচ।

পিতামহাদপি বরঃ শাশ্বতঃ পুরুষো হরিঃ।
কৃষ্ণো জাম্বুনদাভাসো ব্যভ্রে সূর্য্য ইবোদিতঃ ॥২॥
দশবাহুর্ম্মহাতেজা দেবতারিনিসূদনঃ।
শ্রীবৎসাঙ্কো হৃষীকেশঃ সর্ব্বদৈবতপূজিতঃ ॥৩॥
ব্রহ্মা তস্যোদরভবস্তস্যাহঞ্চ শিরোভবঃ।
শিরোরুহেভ্যো জ্যোতীংষি রোমভ্যশ্চ সুরাসুরাঃ ॥৪॥
ঋষয়ো দেহসম্ভূতাস্তস্য লোকাশ্চ শাশ্বতাঃ।
পিতামহগৃহং সাক্ষাৎ সর্ব্বদেবগৃহঞ্চ সঃ ॥৫॥
সোঽস্যাঃ পৃথিব্যাঃ কৃৎস্নায়াঃ স্রষ্টা ত্রিভুবনেশ্বরঃ।
সংহর্ত্তা চৈব ভূতানাং স্থাবরস্য চরস্য চ ॥৬॥

ভাবতকৌমুদী

পিতেতি। পিতামহাদ্‌ব্রহ্মণঃ, শাশ্বতো নিত্যঃ। জাম্বুনদাভাসো জম্বুতুল্যদ্যুতিঃ, বিগতমভ্রং মেঘো যস্মাৎ তস্মিন্ গগনে উদিতঃ সূর্য্য ইব তেজস্বীতি শেষঃ ॥২॥

দশেতি। শ্রীবৎসো বক্ষো রোমাবর্ত্তঃ অঙ্কশ্চিহ্নং যস্য সঃ, হৃষীকা মায়া তস্যা ঈশো নিয়ন্তা ॥৩॥

ব্রহ্মেতি। উদরভবো নাভিপদ্মজাতত্বাৎ। শিরোরুহেভ্যঃ কেশেভ্যঃ, জ্যোতীংষি গ্রহনক্ষত্রাণি সম্ভূতানীতি শেষঃ ॥৪॥

ঋষয় ইতি। লোকা গোলোকাদয়ঃ। পিতামহস্য ব্রহ্মণো গৃহমাশ্রয়স্থানম্ ॥৫॥

মহাদেব বলিলেন—'সনাতন পুরুষ হরি ব্রহ্মা অপেক্ষাও শ্রেষ্ঠ এবং সেই কৃষ্ণ জম্বুবর্ণ ও মেঘশূন্য গগনোদিত সূর্য্যের ন্যায় তেজস্বী ॥২॥

তিনি দশবাহু, মহাতেজা, অসুরহন্তা, শ্রীবৎসচিহ্নিত, মায়ার অধীশ্বর ও সমস্ত দেবগণ পূজিত ॥৩॥

ব্রহ্মা তাঁহার নাভিপদ্ম হইতে উৎপন্ন হইয়াছেন, আমি মস্তক হইতে জন্মিয়াছি, কেশকলাপ হইতে গ্রহনক্ষত্র আবির্ভূত হইয়াছেন এবং লোম হইতে দেবগণ ও অসুরগণ জন্মগ্রহণ করিয়াছেন ॥৪॥

ঋষিগণ তাঁহার দেহ হইতে জন্মিয়াছেন, শাশ্বত লোক সকলও তাঁহার দেহ হইতেই উৎপন্ন হইয়াছে এবং তিনি সাক্ষাৎ ব্রহ্মার ও সমস্ত দেবতার আশ্রয়স্থান ॥৫॥

---

(২) শিব উবাচ। পিতামহাদপি পরঃ জাম্বুনদাভোঽংসো—পি।

(৩) সর্ব্বদৈবতযূথপঃ—পি। (৪) তস্যাহঞ্চাবরোঽভবম্‌···রোমমধ্যাৎ—পি।

স হি দেববরঃ সাক্ষাদ্দেবনাথঃ পরন্তপঃ।
সর্বজ্ঞঃ সর্বসংশ্লিষ্টঃ সর্ব্বগঃ সর্ব্বতোমুখঃ ॥৭॥
পরমাত্মা হৃষীকেশঃ সর্বব্যাপী মহেশ্বরঃ।
ন তস্মাৎ পরমং ভূতং ত্রিষু লোকেষু কিঞ্চন ॥৮॥
সনাতনো বৈ মধুহা গোবিন্দ ইতি বিশ্রুতঃ।
স সর্বান্ পার্থিবান্ সংখ্যে ঘাতয়িষ্যতি মানদঃ ॥৯॥
সুরকার্য্যার্থমুৎপন্নো মানুষং বপুরাস্থিতঃ।
ন হি দেবগণাঃ শক্তাস্ত্রিবিক্রমবিনাকৃতাঃ ॥১০॥
ভুবনে দেবকার্য্যাণি কর্ত্তুং নায়কবর্জ্জিতাঃ।
নায়কঃ সর্বভূতানাং সর্বদেবনমস্কৃতঃ ॥১১॥

ভারতকৌমুদী

স ইতি। কৃৎস্নায়াঃ সর্ব্বস্যাঃ। চরস্য জঙ্গমস্য ॥৬॥

স ইতি। সর্ব্বেষু পদার্থেষু সংশ্লিষ্টঃ সংসক্তঃ ব্রহ্মরূপত্বাৎ সঃ, সর্ব্বদর্শিত্বাৎ ॥৭॥

পরমেতি। পরমং শ্রেষ্ঠম্, ভূতং প্রাণী ॥৮॥

সনেতি। মধুং নাম দৈত্যং হতবানিতি মধুহা ॥৯॥

সুরেতি। ত্রিবিক্রমেণ কৃষ্ণেন বিনাকৃতা বিরহিতাঃ ॥১০॥

ভুবন ইতি। যেন হি তে দেবাস্ত্রিবিক্রমবিনা কৃতাঃ সন্তঃ, দেবকার্য্যাণি কর্ত্তুং নায়কবর্জ্জিতাঃ স্যুঃ ॥১১॥

ত্রিভুবনাধিপতি সেই কৃষ্ণ, এই সমগ্র পৃথিবীর এবং সমস্ত স্থাবর ও জঙ্গম প্রাণীর সৃষ্টিকর্ত্তা ও সংহারকারী ॥৬॥

তিনি দেবশ্রেষ্ঠ, দেবগণের রক্ষক, শত্রুসন্তাপক, সর্বজ্ঞ, সাক্ষাৎভাবে সর্ব্বসংসক্ত, সর্ব্বগামী ও সর্ব্বদর্শী ॥৭॥

কৃষ্ণই পরমাত্মা, মায়ার নিয়ন্তা, সর্বব্যাপী ও মহেশ্বর এবং ত্রিভুবনে তাঁহা হইতে প্রধান কোন ভূত নাই ॥৮॥

সনাতন, মধুহন্তা ও গোবিন্দ নামে বিখ্যাত এবং মাননীয়গণের মানদাতা, সেই কৃষ্ণ যুদ্ধে (কুরুক্ষেত্র সমরে) সমস্ত রাজাকে বিনাশ করাইবেন ॥৯॥

তিনি দেবকার্য্য সাধনের জন্য মনুষ্যদেহ ধারণ করিয়া উৎপন্ন হইয়াছেন। কারণ, দেবগণ কৃষ্ণ ব্যতীত এই গুরুতর কার্য্য করিতে সমর্থ নহেন ॥১০॥

কারণ, দেবতারা কৃষ্ণ না থাকিলে দেবকার্য্য করিবার পক্ষে নায়কবিহীন হইয়া পড়েন। যে হেতু কৃষ্ণ সর্ব্বভূতের নায়ক এবং সর্ব্বদেবনমস্কৃত ॥১১॥

---

(১০) মানুষং বপুরাশ্রিতঃ—পি।

এতস্য দেবনাথস্য দেবকার্য্যপরস্য চ।
ব্রহ্মভূতস্য সততং ব্রহ্মর্ষিশরণস্য চ ॥১২॥
ব্রহ্মা বসতি গর্ভস্থঃ শরীরে সুখসংস্থিতঃ।
সর্ব্বঃ সুখং সংশ্রিতশ্চ শরীরে সুখসংস্থিতঃ ॥১৩॥ (যুগ্মকম্)
সর্ব্বাঃ সুখং সংশ্রিতাশ্চ শরীরে তস্য দেবতাঃ।
স দেবঃ পুণ্ডরীকাক্ষঃ শ্রীগর্ভঃ শ্রীসহোষিতঃ ॥১৪॥
শার্ঙ্গচক্রায়ুধঃ খড়্গী সর্বনাগরিপুধ্বজঃ।
উত্তমেন স শীলেন দমেন চ শমেন চ ॥১৫॥
পরাক্রমেণ বীর্য্যেণ বপুষা দর্শনেন চ।
আরোহেণ প্রমাণেন ধৈর্য্যেণার্জ্জবসম্পদা ॥১৬॥
আনৃশংস্যেন রূপেণ বলেন চ সমন্বিতঃ।
অস্ত্রৈঃ সমুদিতঃ সর্বৈর্দিব্যৈরদ্ভুতদর্শনৈঃ ॥১৭॥ (বিশেষকম্)
যোগমায়ঃ সহস্রাক্ষো নিরপায়ো মহামনাঃ।
বীরো মিত্রজনশ্লাঘী জ্ঞাতিবন্ধুজনপ্রিয়ঃ ॥১৮॥

ভারতকৌমুদী

এতস্যেতি। ব্রহ্মভূতস্য পরমাত্মরূপস্য, ব্রহ্মর্ষীণাং শরণস্য রক্ষকস্য, গর্ভস্থো নাভিপদ্মস্থিতঃ, সর্ব্বো মহাদেবঃ। "ঈশ্বরঃ সর্ব্ব ঈশানঃ" ইত্যমরঃ ॥১২—১৩॥

সর্ব্বা ইতি। শ্রীঃ শোভা গর্ভে দেহমধ্যে যস্য সঃ, শ্রিযা লক্ষ্মীদেব্যা সহ উষিতঃ স্থিতঃ ॥১৪॥

শার্ঙ্গেতি। সর্বনাগরিপুর্গরুড়ো ধ্বজে যস্য সঃ, দমেন বহিরিন্দ্রিয়দমনেন, শমেন অন্তরিন্দ্রিয়দমনেন চ। আরোহেণ স্থৌল্যেন, প্রমাণেন দৈর্ঘ্যেন, আর্জ্জবসম্পদা সরলতাবাহুল্যেন, আনৃশংস্যেন দয়য়া, সমুদিতঃ সম্পন্নঃ ॥১৫—১৭॥

দেবগণের প্রভু, দেবকার্য্য তৎপর, ব্রহ্মস্বরূপ এবং সর্ব্বদা ব্রহ্মর্ষিগণের রক্ষক এই নারায়ণের নাভিপদ্মে থাকিয়া ব্রহ্মা সুখে ইঁহারই শরীরে বাস করিতেছেন; আর মহাদেবও ইঁহার শরীরে সুখে রহিয়াছেন ও সুখভোগ করিতেছেন ॥১২—১৩॥

সমস্ত দেবতাও তাঁহার শরীরে সুখে আছেন। সেই দেব নারায়ণ শ্রীসমন্বিত ও শ্রীর সহিত বাস করেন ॥১৪॥

তিনি শার্ঙ্গ ধনু, সুদর্শন চক্র ও খড়্গধারী এবং গরুড়ধ্বজ। আর উত্তম স্বভাব, শম, দম, পরাক্রম, বল, উৎকৃষ্ট দেহ ও আকৃতি, স্থূলতা, দৈর্ঘ্য, ধৈর্য্য, সরলতা, দয়া, রূপ ও শক্তিসমন্বিত এবং অদ্ভুতদর্শন ও অলৌকিক সমস্ত অস্ত্রযুক্ত ॥১৫-১৭॥

ক্ষমাবাংশ্চানহংবাদী ব্রাহ্মণ্যো ব্রহ্মনায়কঃ।
ভয়হর্ত্তা ভয়ার্ত্তানাং মিত্রাণাং নন্দিবর্দ্ধনঃ ॥১৯॥
শরণ্যঃ সর্বভূতানাং দীনানাং পালনে রতঃ।
শ্রুতবানর্থসম্পন্নঃ সর্বভূতনমস্কৃতঃ ॥২০॥
সমাশ্রিতানাং বরদঃ শত্রূণামপি ধর্ম্মবিৎ।
নীতিজ্ঞো নীতিসম্পন্নো ব্রহ্মবাদী জিতেন্দ্রিয়ঃ ॥২১॥
ভবার্থমিহ দেবানাং বুদ্ধ্যা পরময়া যুতঃ।
প্রাজাপত্যে শুভে মার্গে মানবে ধর্ম্মসংস্কৃতে ॥২২॥
সমুৎপৎস্যতি গোবিন্দো মনোর্ব্বংশে মহাত্মনঃ।
অঙ্গো নাম মনোঃ পুত্রো হ্যন্তর্ধামা ততঃ পরঃ ॥২৩॥
অন্তর্ধাম্নো হবির্ধামা প্রজাপতিরনিন্দিতঃ।
প্রাচীনবর্হির্ভবিতা হবির্ধাম্নঃ সুতো মহান্ ॥২৪॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

যোগেতি। যোগমায়া অস্যাস্তীতি যোগমায়ঃ অর্শ আদিত্বাদৎ, সহস্রাক্ষঃ সহস্রনয়ন ইব সর্বদর্শিত্বাৎ, নিরপায়ো ধ্বংসশূন্যঃ ॥১৮॥

ক্ষমাবানিতি। অনহংবাদী অহঙ্কারশূন্যঃ, ব্রাহ্মণ্যো ব্রাহ্মণেষু সদ্ব্যবহর্ত্তা, ব্রহ্মণায়কো ব্রাহ্মণানাং পরিচালকঃ ॥১৯॥

শরণ্য ইতি। শরণ্যো রক্ষকশ্রেষ্ঠঃ। শ্রুতবান্ শাস্ত্রজ্ঞানবান্ ॥২০॥

সমিতি। বরদঃ অভীষ্টদাতা। ব্রহ্মবাদী বেদবক্তা ॥২১॥

ভবেতি। ভবার্থং মঙ্গলার্থম্। প্রজাপতির্মনুরেব তৎপ্রবর্ত্তিত ইতি প্রাজাপত্যে, মানবে মনুপ্রচারিতে মার্গে স্থিত ইতি শেষঃ। অন্তর্ধামা নাম। প্রাচীনবর্হিরপি নাম ॥২২—২৪॥

কৃষ্ণ যোগমায়াযুক্ত, সহস্র নয়ন, ধ্বংসশূন্য, প্রশস্ত চিত্ত, বীর, মিত্রলোকের প্রশংসাকারী এবং জ্ঞাতি ও বন্ধুজনের প্রিয় ॥১৮॥

তিনি ক্ষমাশীল, অহঙ্কারশূন্য, ব্রাহ্মণের সঙ্গে সদ্ব্যবহারকারী, ব্রাহ্মণগণের পরিচালক, ভয়ার্ত্তগণের ভয়হর্ত্তা এবং মিত্রগণের আনন্দবর্দ্ধক ॥১৯॥

কৃষ্ণ সমস্ত প্রাণীর রক্ষক, দীন পালনে নিরত, শাস্ত্রজ্ঞানশালী, ধনসম্পন্ন এবং সর্ব্বভূতনমস্কৃত ॥২০॥

কৃষ্ণ শরণাপন্ন, শত্রুগণেরও অভীষ্টদাতা, ধর্ম্মবিৎ, নীতিজ্ঞ, নীতিযুক্ত, বেদবক্তা ও জিতেন্দ্রিয় ॥২১॥

দেবগণের মঙ্গলের নিমিত্ত ভগবান্ নারায়ণ মহাত্মা মনুর বংশে এই জগতে

---

(২১) সমাশ্রিতানাং মৃদকৃৎ—পি।

তস্য প্রচেতঃপ্রমুখা ভবিষ্যন্তি দশাত্মজাঃ।
প্রাচেতসস্তথা দক্ষো ভবিতেহ প্রজাপতিঃ ॥২৫॥
দাক্ষায়ণ্যাস্তথাদিত্যো মনুরাদিত্যতস্তথা।
মনোশ্চ বংশজ ইলা সুদ্যুম্নশ্চ ভবিষ্যতি ॥২৬॥
বুধাৎ পুরূরবাশ্চাপি তস্মাদায়ুর্ভবিষ্যতি।
নহুষো ভবিতা তস্মাদ্‌যযাতিস্তস্য চাত্মজঃ ॥২৭॥
যদুস্তস্মান্মহাসত্ত্বঃ ক্রোষ্টা তস্মাদ্‌ভবিষ্যতি।
ক্রোষ্টুশ্চৈব মহান্ পুত্রো বৃজিনীবান্ ভবিষ্যতি ॥২৮॥
বৃজিনীবতশ্চ ভবিতা উষঙ্গুরপরাজিতঃ।
উষঙ্গোর্ভবিতা পুত্রঃ শূরশ্চিত্ররথস্তথা।
তস্য ত্ববরজঃ পুত্রঃ শূরো নাম ভবিষ্যতি ॥২৯॥

ভারতকৌমুদী

তস্যেতি। দক্ষো নাম, প্রজানাং পতির্নিয়ন্তা।২৫॥
দাক্ষেতি। দাক্ষায়ণ্যা দক্ষতনয়ায়া অদিত্যাঃ, আদিত্যঃ সূর্য্যঃ ॥২৬॥
বুধাদিতি। ইলাতো বুধস্তস্মাদ্‌বুধাৎ ॥২৭॥
যদুরিতি। মহাসত্ত্বো মহাবলঃ। বৃজিনীবান্ নাম ॥২৮॥
বৃজিনীতি। শূরো বীরঃ, চিত্ররথো নাম। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৯॥

'গোবিন্দ' নাম ধারণ করিয়া উৎপন্ন হইবেন; তিনি অত্যন্ত বুদ্ধিমান্ হইয়া ধর্ম্মসম্পন্ন প্রজাপতি মনুর প্রবর্ত্তিত মঙ্গলময় পথে চলিবেন। মনুর পুত্র অঙ্গ, অঙ্গের পুত্র অন্তর্ধামা, অন্তর্ধামার পুত্র হবির্ধামা। এই হবির্ধামা অনিন্দিত প্রজাপতি হইবেন; প্রাচীনবর্হিনামে সেই হবির্ধামের একটী উত্তম পুত্র জন্মিবে ॥২২—২৪॥

সেই প্রাচীনবর্হির প্রচেতাপ্রভৃতি দশটী পুত্র হইবে এবং প্রচেতার পুত্র দক্ষ মর্ত্ত্যলোকে প্রজাপতি হইবেন ॥২৫॥

সেই দক্ষকন্যা অদিতির গর্ভে সূর্য্য জন্মিবেন এবং সূর্য্য হইতে মনু। আবার মনুর বংশে ইলা ও সুদ্যুম্ন উৎপন্ন হইবেন ॥২৬॥

সেই ইলা হইতে বুধ, বুধ হইতে পুরূরবা, পুরূরবা হইতে আয়ু জন্মিবেন এবং আয়ু হইতে নহুষ ও নহুষ হইতে যযাতি জন্মগ্রহণ করিবেন ॥২৭॥

সেই যযাতি হইতে মহাবল যদু এবং যদু হইতে ক্রোষ্টা জন্মিবেন। আবার সেই ক্রোষ্টা হইতে বৃজিনীবান্ নামে প্রশস্ত একটী পুত্র হইবে ॥২৮॥

---

(২৯) উষদ্গুরপরাজিতঃ। উষদ্গোর্ভবিতা—পি।

তেষাং বিখ্যাতবীর্য্যাণাং চরিত্রগুণশালিনাম্।
যজ্বনাং সুবিশুদ্ধানাং বংশে ব্রাহ্মণসম্মতে ॥৩০॥
স শূরঃ ক্ষত্রিয়শ্রেষ্ঠো মহাবীর্য্যো মহাযশাঃ।
স্ববংশবিস্তরকরং জনয়িষ্যতি মানদঃ ॥৩১॥
বসুদেব ইতি খ্যাতং পুত্রমানকদুন্দুভিম্।
তস্য পুত্রশ্চতুর্বাহুর্ব্বাসুদেবো ভবিষ্যতি ॥৩২॥ (বিশেষকম্)
দাতা ব্রাহ্মণসৎকর্ত্তা ব্রহ্মভূতো দ্বিজপ্রিয়ঃ।
রাজ্ঞো মাগধসংরুদ্ধান্মোক্ষয়িষ্যতি যাদবঃ ॥৩৩॥
জরাসন্ধস্তু রাজানং নির্জ্জিত্য গিরিগহ্বরে।
সর্বপার্থিবরত্নাঢ্যো ভবিষ্যতি সবীর্য্যবান্ ॥৩৪॥
পৃথিব্যামপ্রতিহতো বীর্য্যেণ চ ভবিষ্যতি।
বিক্রমেণ চ সম্পন্নঃ সর্বপার্থিবপার্থিবঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

তেষামিতি। যজ্বনাং যথাবিধিযজ্ঞকারিণাম্। মাননীয়ানাং মানং দদাতীতি সঃ। "আনক এব দুন্দুভিরস্য" ইতি রঘুনাথঃ। চতুর্ব্বাহুর্জন্মকালে ॥৩০—৩২॥

দাতেতি। ব্রহ্মভূতঃ পরমাত্মরূপঃ। মাগধেন মগধরাজেন জরাসন্ধেন সংরুদ্ধানাবদ্ধান্, রাজ্ঞো নৃপতীন্, যাদবঃ কৃষ্ণঃ ॥৩৩॥

জরেতি। গিরিগহ্বরে গিরিব্রজে। স কৃষ্ণঃ ॥৩৪॥

পৃথিব্যামিতি। সর্ব্বেষাং পার্থিবানাং রাজ্ঞাম্, পার্থিবো রাজা ॥৩৫॥

সেই বৃজিনীবান্ হইতে অপরাজিত উষঙ্গু জন্মিবেন এবং উষঙ্গু হইতে বীর চিত্ররথ উৎপন্ন হইবেন; আর শূরনামে তাঁহার কনিষ্ঠ পুত্র জন্মিবেন ॥২৯॥

বিখ্যাত বীর্য্য, চরিত্রগুণসম্পন্ন, যজ্ঞকারী ও নির্ম্মল চিত্ত সেই ক্ষত্রিয়গণের ব্রাহ্মণপ্রিয় বংশে ক্ষত্রিয়শ্রেষ্ঠ, মহাবীর, মহাযশা ও মানিগণের মানদাতা, সেই শূর নিজবংশবিস্তারকারী বসুদেব ও আনকদুন্দুভি নামে বিখ্যাত একটী পুত্র উৎপাদন করিবেন, বাসুদেব তাঁহারই পুত্র হইবেন এবং জন্মকালে তাঁহার চারিটী বাহু হইবে ॥৩০—৩২॥

দাতা, ব্রাহ্মণগণের সম্মানকারী, ব্রাহ্মণগণের প্রিয় ও পরব্রহ্মস্বরূপ সেই কৃষ্ণ জরাসন্ধকর্ত্তৃক আবদ্ধ রাজগণকে মুক্ত করিবেন ॥৩৩॥

বলবান্ বাসুদেব, গিরিব্রজনগরে রাজা জরাসন্ধকে জয় করিয়া তাঁহার সমস্ত রত্নসম্পন্ন হইবেন ॥৩৪॥

বিক্রমসম্পন্ন কৃষ্ণ নিজের বাহুবলে পৃথিবীতে অপ্রতিহত এবং সমস্ত রাজার রাজা হইবেন ॥৩৫॥

শূরসেনেষু সংবৃদ্ধো দ্বারকায়াং বসন্ প্রভুঃ।
পালয়িষ্যতি গাং দেবীং বিজিত্য নয়বিৎ সদা ॥৩৬॥
তং ভবন্তঃ সমাসাদ্য বাঙ্মাল্যৈরর্হণৈর্বরৈঃ।
অর্চ্চয়ন্তু যথান্যায়ং ব্রহ্মাণমিব শাশ্বতম্ ॥৩৭॥
যো হি মাং দ্রষ্টুমিচ্ছেত ব্রহ্মাণঞ্চ পিতামহম্।
দ্রষ্টব্যস্তেন ভগবান্ বাসুদেবঃ প্রতাপবান্ ॥৩৮॥
দৃষ্টে তস্মিন্নহং দৃষ্টো ন মেঽত্রাস্তি বিচারণা।
পিতামহো বা দেবেশ ইতি বিত্ত তপোধনাঃ! ॥৩৯॥
স যস্য পুণ্ডরীকাক্ষঃ প্রীতিযুক্তো ভবিষ্যতি।
তস্য দেবগণঃ প্রীতো ব্রহ্মপূর্ব্বো ভবিষ্যতি ॥৪০॥

ভারতকৌমুদী

শূরেতি। শূরসেনেষু তদাখ্যে দেশে, সংবৃদ্ধ উন্নতিং প্রাপ্তঃ। গাং পৃথিবীম্ ॥৩৬॥
তমিতি। বাচ এব মাল্যানি তৈঃ স্তবৈঃ, অর্হণৈঃ পূজাদ্রব্যৈশ্চ ॥৩৭॥
য ইতি। অস্মাকং ত্রয়াণামেবাভিন্নত্বাদিতি ভাবঃ ॥৩৮॥
দৃষ্ট ইতি। অত্রাপি পূর্ব্ববদেব ভাবঃ। বিত্ত জানীত ॥৩৯॥
স ইতি। ব্রহ্মপূর্ব্বো ব্রহ্মাদিঃ, তস্য সর্বদেবময়ত্বাৎ ॥৪০॥

প্রভাবশালী ও নীতিজ্ঞ কৃষ্ণ শূরসেন দেশে বৃদ্ধি প্রাপ্ত হইয়া, দ্বারকানগরে বাস করিতে থাকিয়া, পৃথিবী জয় করিয়া সর্ব্বদা তাহা পালন করিবেন ॥৩৬॥

মুনিগণ! আপনারা তাঁহার নিকটে উপস্থিত হইয়া নানাবিধ স্তব ও উৎকৃষ্ট পূজা দ্রব্যদ্বারা যথানিয়মে ব্রহ্মার ন্যায় সেই সনাতন নারায়ণের পূজা করিবেন ॥৩৭॥

যিনি আমাকে এবং পিতামহ ব্রহ্মাকে দর্শন করিতে ইচ্ছা করেন; তাঁহার প্রতাপশালী ভগবান্ বাসুদেবকে দর্শন করা উচিত ॥৩৮॥

তপোধনগণ! ইহা আপনারা জানিয়া রাখুন যে, সেই বাসুদেবকে দর্শন করিলে আমাকে এবং দেবেশ্বর ব্রহ্মাকেও দর্শন করা হয়; এবিষয়ে আমার কোন সন্দেহ নাই ॥৩৯॥

সেই পুণ্ডরীকাক্ষ যাঁহার উপরে সন্তুষ্ট হইবেন, ব্রহ্মাদি দেবগণও তাঁহার উপরে সন্তুষ্ট হইবেন ॥৪০॥

---

(৩৬) শূরসংহননো ভূত্বা—পি।

যশ্চ তং মানবে লোকে সংশ্রয়িষ্যতি কেশবম্।
তস্য কীর্ত্তির্জযশ্চৈব স্বর্গশ্চৈব ভবিষ্যতি ॥৪১॥
ধর্ম্মাণাং দেশিকঃ সাক্ষাৎ স ভবিষ্যতি ধর্ম্মভাক্।
ধর্ম্মবদ্ভিঃ স দেবেশো নমস্কার্য্যঃ সদোত্থিতৈঃ ॥৪২॥
ধর্ম্ম এব পরো হি স্যাত্তস্মিন্নভ্যর্চ্চিতে বিভৌ।
স হি দেবো মহাতেজাঃ প্রজাহিতচিকীর্ষযা ॥৪৩॥
ধর্ম্মার্থং পুরুষব্যাঘ্র ঋষিকোটীঃ সসর্জ্জ হ।
তাঃ সৃষ্টস্তেন বিভুনা পর্বতে গন্ধমাদনে। ৪৪॥
সনৎকুমারপ্রমুখাস্তিষ্ঠন্তি তপসান্বিতাঃ।
তস্মাৎ স বাগ্মী ধর্ম্মজ্ঞো নমস্যো দ্বিজপুঙ্গবাঃ! ॥৪৫॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

য ইতি। মানবে লোকে মর্ত্ত্যলোকে ॥৪১॥

ধর্ম্মাণামিতি। দেশিক উপদেষ্টা। উত্থিতৈ উদ্‌যোগিভিঃ সদ্ভিঃ ॥৪২॥

ধর্ম্ম ইতি। পরঃ প্রধানঃ প্রজানাং লোকানাং হিতচিকীর্ষযা হিতকরণেচ্ছয়া সর্ব্বদা প্রবর্ত্তত ইতি শেষঃ ॥৪৩॥

ধর্ম্মার্থমিতি। পুরুষব্যাঘ্রো নারাযণঃ, সসর্জ্জ উৎপাদযামাস। তস্মাৎ জনকরূপত্বাৎ ॥৪৪—৪৫॥

যে মানুষ মর্ত্ত্যলোকে সেই নাবাযণেব আশ্রয লইবে, তাহাব কীর্ত্তি, জয ও স্বর্গ হইবে ॥৪১॥

ধার্ম্মিক সেই কেশব সাক্ষাৎ ধর্ম্মেব উপদেশক হইবেন; অতএব ধাম্মিক লোকেবা উদ্‌যোগী হইযা সর্ব্বদা সেই দেবদেবকে নমস্কার করিবেন ॥৪২॥

সেই প্রভুর পূজা কবিলে পবম ধর্ম্মই হইয়া থাকে। কাবণ, সেই মহাতেজা নারাযণ লোকেব হিতসাধন কবিবার ইচ্ছায় সর্ব্বদা তাহাতে প্রবৃত্ত আছেন ॥৪৩॥

ব্রাহ্মণশ্রেষ্ঠগণ! পুরুষশ্রেষ্ঠ নাবাযণ ধর্ম্মেব জন্যই কোটী কোটী ঋষি সৃষ্টি কবিযাছেন। নাবায়ণ সৃষ্টি কবিলে সনৎকুমাবপ্রভৃতি সেই ঋষিগণ তপস্যা করিতে থাকিয়া গন্ধমাদনপর্বতে অবস্থান কবিতেছেন; অতএব সেই বাগ্মী ও ধর্মজ্ঞ নারাযণকে নমস্কাব কবা উচিত ॥৪৪—৪৫॥

---

(৪১) যশ্চ তং মানবো লোকে ভবিষ্যতি ন সংশয়ঃ—পি।

দিবিশ্রেষ্ঠো হি ভগবান্ হরির্নারায়ণঃ প্রভুঃ।
বন্দিতো হি স বন্দেত মানিতো মানয়ীত চ।
অর্হিতশ্চার্হয়েন্নিত্যং পূজিতঃ প্রতিপূজয়েৎ ॥৪৬॥
দৃষ্টঃ পশ্যেদহরহঃ সংশ্রিতঃ প্রতিসংশ্রয়েৎ।
অর্চ্চিতশ্চার্চ্চয়েন্নিত্যং স দেবো দ্বিজসত্তমাঃ! ॥৪৭॥
এতত্ত্বনবদ্যস্য বিষ্ণোর্বৈ পরমং ব্রতম্।
আদিদেবস্য মহতঃ সজ্জনাচরিতং সদা ॥৪৮॥
ভুবনেহভ্যর্চ্চিতো নিত্যং দেবৈরপি সনাতনঃ।
অভয়েনানুরূপেণ যুজ্যন্তে তমনুব্রতাঃ ॥৪৯॥
কর্ম্মণা মনসা বাচা স নমস্যো দ্বিজৈঃ সদা।
যত্নবদ্ভিরুপস্থায় দ্রষ্টব্যো দেবকীসুতঃ ॥৫০॥

ভারতকৌমুদী

দিবীতি। বন্দেত বন্দনীয়ং কুর্য্যাৎ, মানয়ীত মাননীয়ং বিদধীত। অর্হিতো বাচা, পূজিতঃ পুষ্পাদিনা। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৬॥

দৃষ্ট ইতি। ভক্ত্যা দৃষ্টঃ, পশ্যেৎ সদয়ম্ ॥৪৭॥

এতদিতি। অনবদ্যস্য অনিন্দনীয়স্য, ব্রতং নিয়মঃ ॥৪৮॥

ভুবন ইতি। তং বিষ্ণুম্ অনু লক্ষ্যীকৃত্য ব্রতং যেষাং তে ॥৪৯॥

কর্ম্মণেতি। উপস্থায় উপগম্য ॥৫০॥

ভারতভাবদীপঃ

পিনাকিন্নিতি। অস্মিন্নধ্যায়ে যো হি মাং দ্রষ্টুমিচ্ছেতেতি শ্লোকদ্বয়েন ব্রহ্মবিষ্ণুরুদ্রাণামৈকাত্ম্যং দর্শিতং যৎ প্রাগুপদর্শিত, তদেবাত্রোপসংহৃতমিতি বোধ্যম্ ॥১—৪৫॥ অর্হিতঃ পুষ্প-

---

স্বর্গের শ্রেষ্ঠ ও প্রভাবশালী ভগবান্ হরিনারায়ণের বন্দনা করিলে, তিনিও বন্দনীয় করেন, সম্মানিত করিলে সম্মান করেন, স্তব করিলে স্তবের যোগ্য করেন এবং পূজা করিলে প্রতিপূজিত করিয়া থাকেন ॥৪৬॥

ব্রাহ্মণশ্রেষ্ঠগণ! প্রত্যহ ভক্তিপূর্বক নারায়ণকে দর্শন করিলে, তিনিও স্নেহের সহিত দর্শন করেন, তাঁহাকে আশ্রয় করিলে তিনিও আশ্রয় করেন এবং পূজা করিলে পূজা করিয়া থাকেন ॥৪৭॥

অনিন্দনীয় আদিদেব ও মহান্ সেই বিষ্ণুর ইহাই পরম ব্রত এবং এইরূপই সর্ব্বদা সজ্জনোচিত আচরণ ॥৪৮॥

জগতে দেবতারাও সর্বদা সেই সনাতনের অর্চ্চনা করিয়া থাকেন এবং তাঁহার অনুগামী লোকেরা অনুরূপ অভয়যুক্ত হইয়া থাকে ॥৪৯॥

এষ বোঽভিহিতো মার্গো ময়া বৈ মুনিসত্তমাঃ।
তং দৃষ্ট্বা সর্ব্বশো দেবং দৃষ্টাঃ স্যুঃ সুরসত্তমাঃ ॥৫১॥
মহাবরাহং তং দেবং সর্ব্বলোকপিতামহম্।
অহং চৈব নমস্যামি নিত্যমেব জগৎপতিম্ ॥৫২॥
তত্র চ ত্রিতয়ং দৃষ্টং ভবিষ্যতি ন সংশয়ঃ।
সমস্তা হি বয়ং দেবাস্তস্য দেহে বসামহে ॥৫৩॥
তস্য চৈবাগ্রজো ভ্রাতা সিতাদ্রিনিচয়প্রভঃ।
হলী বল ইতি খ্যাতো ভবিষ্যতি ধরাধরঃ ॥৫৪॥
ত্রিশিরাস্তস্য দেবস্য শাতকুম্ভময়ো দ্রুমঃ।
ধ্বজস্তৃণেন্দ্রো দেবস্য ভবিষ্যতি রথাশ্রিতঃ ॥৫৫॥

ভাবতকৌমুদী

এষ ইতি। বো যুষ্মাকম্, সুরসত্তমা ইন্দ্রাদয়ো দেবশ্রেষ্ঠাঃ "সর্ব্বদেবময়ো হরি"রিতি স্মৃতেঃ ॥৫১॥

মহেতি। সর্ব্বলোকপিতামহং জনকস্যাপি জনকত্বাৎ ॥৫২॥

তত্রেতি। তত্র কৃষ্ণে দৃষ্টে সতি, ত্রিতয়ং ব্রহ্মবিষ্ণুশিবানাং ত্রয়ম্ ॥৫৩॥

তস্যেতি। সিতাদ্রিনিচয়প্রভঃ শুভ্রপ্রস্তরসমূহতুল্যবর্ণঃ। ধরাং পৃথিবীং ধরতীতি ধরাধরো বাসুকিঃ ॥৫৪॥

ত্রীতি। ত্রিশিরা মস্তকত্রয়যুক্তঃ, শাতকুম্ভময়ঃ স্বর্ণময়ঃ, তৃণেন্দ্রোদ্রুমস্তালবৃক্ষঃ ॥৫৫॥

দ্বিজাতিরা কায়মনোবাক্যে সর্বদা সেই নারায়ণকে নমস্কার করিবেন এবং উপস্থিত হইয়া সযত্নে তাঁহাকে দর্শন করিবেন ॥৫০॥

মুনিশ্রেষ্ঠগণ! এই আমি আপনাদের নিকটে উৎকৃষ্ট পথ বলিলাম। সেই বাসুদেবকে সর্বপ্রকারে দর্শন করিলে সমস্ত দেবশ্রেষ্ঠগণকেই দেখা হয় ॥৫১॥

মহাবরাহরূপধারী, সমস্ত লোকের পিতামহ ও জগদীশ্বর সেই বাসুদেবকে আমিও সর্বদাই নমস্কার করি ॥৫২॥

সেই বাসুদেবকে দর্শন করিলে ব্রহ্মা, বিষ্ণু ও শিব—এই তিনজনকেই দেখা হইবে, এবিষয়ে কোন সন্দেহ নাই। কারণ, আমরা সমস্ত দেবতারাই তাঁহার শরীরে বাস করিয়া থাকি ॥৫৩॥

স্বয়ং অনন্তনাগ যাইয়া শুভ্র পাষাণসমানবর্ণ হলধর ও বলরাম নামে বিখ্যাত সেই বাসুদেবের অগ্রজ ভ্রাতা হইবেন ॥৫৪॥

তিনটী মস্তকযুক্ত ও স্বর্ণময় একটী তালবৃক্ষ সেই বলরামের রথে ধ্বজ হইবে ॥৫৫॥

শিরো নাগৈর্ম্মহাভোগৈঃ পরিকীর্ণং মহাত্মভিঃ।
ভবিষ্যতি মহাবাহোঃ সর্ব্বলোকেশ্বরস্য চ ॥৫৬॥
চিন্তিতানি সমেষ্যন্তি শস্ত্রাণ্যস্ত্রাণি চৈব হ।
অনন্তশ্চ স এবোক্তো ভগবান্ হরিরব্যয়ঃ ॥৫৭॥
সমাদিষ্টশ্চ বিবুধৈর্দর্শয় ত্বমিতি প্রভো!।
সুপর্ণো যস্য বীর্য্যেণ কশ্যপস্যাত্মজো বলী।
অন্তং নৈবাশকদ্‌দ্রষ্টুং দেবস্য পরমাত্মনঃ ॥৫৮॥
স চ শেষো বিচরতে পরয়া বৈ মুদা যুতঃ।
অন্তর্ব্বসতি ভোগেন পরিরভ্য বসুন্ধরাম্ ॥৫৯॥
য এব বিষ্ণুঃ সোঽনন্তো ভগবান্ বসুধাধরঃ।
যো রামঃ স হৃষীকেশো যোঽচ্যুতঃ স ধরাধরঃ ॥৬০॥

ভারতকৌমুদী

শির ইতি। মহাভোগৈর্ব্বিশালদেহৈঃ, পরিকীর্ণং পরিবেষ্টিতম্ ॥৫৬॥

চিন্তিতানীতি। সন্নিধৌ হিংসাসাধকানি শস্ত্রাণি "শসু হিংসায়া"মিতি ধাত্বর্থানুসারাৎ, ক্ষেপেণ দূরে হিংসাসাধকানি অস্ত্রাণি "অসু ক্ষেপণে" ইতি ধাত্বর্থানুসরণাৎ ॥৫৭॥

সমিতি। দর্শয় পশ্য। সুপর্ণো গরুড়ঃ। দেবস্য হরেঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৮॥

স ইতি। শেষঃ অনন্তনাগঃ, অন্তর্ব্বসতি বলরামদেহস্য, ভোগেন ফণয়া, বসুন্ধরাং পৃথিবীং পরিরভ্য আলিঙ্গ্য ধৃত্বা ॥৫৯॥

য ইতি। ধরাধরঃ পৃথিবীধারী ॥৬০॥

বিশাল দেহ ও মহাত্মা নাগগণ মহাবাহু ও সর্ব্বলোকেশ্বর বলরামের মস্তক পরিবেষ্টন করিয়া রহিবেন ॥৫৬॥

চিন্তা করিবামাত্র বলরামের নিকটে সমস্ত অস্ত্র ও শস্ত্র উপস্থিত হইবে। যিনি অনশ্বর ভগবান্ হরি, তিনিই অনন্ত বলিয়া অভিহিত হইয়া থাকেন ॥৫৭॥

একদা দেবগণ গরুড়কে আদেশ করিয়াছিলেন যে, 'প্রভাবশালী! তুমি নারায়ণের দেহের শেষ দর্শন কর দেখি', তাহার পর কশ্যপের পুত্র বলবান্ গরুড় যে পরমাত্মা নারায়ণের শক্তির গুণে তাঁহার দেহের শেষ দর্শন করিতে সমর্থ হন নাই ॥৫৮॥

সেই হরিস্বরূপ অনন্তনাগই অত্যন্ত আনন্দিত হইয়া মর্ত্ত্যলোকে বিচরণ করিবেন এবং ফণার উপরে পৃথিবী ধারণ করিয়া বলরামের দেহের ভিতরে বাস করিবেন ॥৫৯॥

এই যিনি বিষ্ণু, তিনি ভগবান্ পৃথিবীবাহী অনন্ত; আবার যিনি রাম, তিনিই কৃষ্ণ এবং যিনি কৃষ্ণ, তিনিই অনন্তরূপ রাম ॥৬০॥

---

(৫৭) অনন্তভূতো বেদোক্তঃ—পি।

তাবুভৌ পুরুষব্যাঘ্রৌ দিব্যৌ দিব্যপরাক্রমৌ।
দ্রষ্টব্যৌ মাননীয়ৌ চ চক্রলাঙ্গলধারিণৌ ॥৬১॥
এষ বোঽনুগ্রহঃ প্রোক্তো ময়া পুণ্যস্তপোধনাঃ।।
যত্নবন্তো যদুশ্রেষ্ঠং পূজয়েয়ুঃ প্রযত্নতঃ ॥৬২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে পুরুষোত্তমমাহাত্ম্যে পঞ্চবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—ঃ*ঃ—

ষড়্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

নারদ উবাচ।

অথ ব্যোম্নি মহাঞ্ছব্দঃ সবিদ্যুৎ স্তনয়িত্নুমান্।
মেঘৈশ্চ গগনং নীলং সংরুদ্ধমভবদ্ঘনৈঃ ॥১॥

ভারতকৌমুদী

তাবিতি। চক্রধারী কৃষ্ণঃ, লাঙ্গলধারী চ রামস্তৌ ॥৬১॥

এষ ইতি। বো যুষ্মাকমন্তিকে, অনুগৃহ্যতে অনেনেতি অনুগ্রহো বৃত্তান্তঃ ॥৬২॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে পঞ্চবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

ধূপাদিনার্চ্চিতঃ, পূজিতঃ বাচা চ মহীকৃতঃ ॥৪৬॥ অর্চ্চিতো মনসা ধ্যাতঃ ॥৪৭—৫৪॥ তৃণেন্দ্রঃ তালদ্রুমঃ ॥৫৫—৬২॥

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২৫॥

অলৌকিক ও অলৌকিক পরাক্রমশালী এবং চক্র ও লাঙ্গলধারী সেই পুরুষশ্রেষ্ঠ রাম ও কৃষ্ণকে আপনারা দেখিবেন ও পূজা করিবেন ॥৬১॥

তপোধনগণ। এই আমি আপনাদের নিকট অনুগ্রাহক ও পুণ্যজনক বৃত্তান্ত বলিলাম, যাহার ফলে আপনারা যত্নপূর্ব্বক যদুবংশশ্রেষ্ঠ কৃষ্ণকে পূজা করিবেন' ॥৬২॥

---

* 'সপ্তচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ।

প্রাবৃষীব চ পর্জ্জন্যো ববৃষে নির্ম্মলং পয়ঃ।
তমশ্চৈবাভবদ্‌ঘোরং দিশশ্চ ন চকাশিরে ॥২॥
ততো দেবগিরৌ তস্মিন্ রম্যে পুণ্যে সনাতনে।
ন শর্ব্বং ভূতসঙ্ঘং বা দদৃশুর্মুনয়স্তদা ॥৩॥
ব্যভ্রঞ্চ গগনং সদ্যঃ ক্ষণেন সমপদ্যত।
তীর্থযাত্রাং ততো বিপ্রা জগ্মুশ্চান্যে যথাগতম্ ॥৪॥
তদদ্ভুতমচিন্ত্যঞ্চ দৃষ্ট্বা তে বিস্মিতাঽভবন্।
শঙ্করস্যোময়া সার্দ্ধং সংবাদং তৎকথাশ্রয়ম্ ॥৫॥
স ভবান্ পুরুষব্যাঘ্র! ব্রহ্মভূতঃ সনাতনঃ।
যদর্থমনুশিষ্টাঃ স্মো গিরিপৃষ্ঠে মহাত্মনা ॥৬॥
দ্বিতীয়ং ত্বদ্ভুতমিদং ত্বত্তেজঃ কৃতমদ্য বৈ।
দৃষ্ট্বা চ বিস্মিতাঃ কৃষ্ণ! সা চ নঃ স্মৃতিরাগতা ॥৭॥

ভারতকৌমুদী

অথেতি। স্তনয়িত্নুমান্ গর্জ্জনবান্। ঘনৈর্নিবিড়ৈঃ ॥১॥
প্রাবৃষীতি। প্রাবৃষি বর্ষাসু, পর্জ্জন্যো মেঘঃ ॥২॥
তত ইতি। শর্ব্বং মহাদেবম্, ন দদৃশুঃ তমসাবৃতত্বাৎ ॥৩॥
ব্যভ্রমিতি। বিগতমভ্রং মেঘো যস্মাৎ তৎ, সমপদ্যত সঞ্জাতম্ ॥৪॥
তদিতি। সংবাদং শ্রুত্বেতি শেষঃ। বিস্মিতাঽভবন্নিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৫॥
ইদানীং নারদঃ সন্নিহিতং কৃষ্ণমাহ স ইতি। ব্রহ্মভূতঃ পরমাত্মস্বরূপঃ। যদর্থং ভবদ্দর্শনার্থম্, অনুশিষ্টা উপদিষ্টাঃ স্মো বয়ম্, গিরিপৃষ্ঠে হিমালয়োপরি, মহাত্মনা মহাদেবেন ॥৬॥

নারদ বলিলেন—'তাহার পর আকাশে বিদ্যুৎ ও গর্জ্জনযুক্ত বৃষ্টির মহাশব্দ হইতে লাগিল এবং নীলবর্ণ আকাশ নিবিড় মেঘে আবৃত হইয়া গেল ॥১॥

ক্রমে বর্ষাকালের ন্যায় মেঘ নির্ম্মল জল বর্ষণ করিতে লাগিল, ভয়ঙ্কর অন্ধকার উপস্থিত হইল এবং দিক্ সকল প্রকাশ পাইল না ॥২॥

তাহার পর মুনিগণ সেই মনোহর ও চিরন্তন পবিত্র হিমালয়পর্ব্বতে মহাদেবকেও ভূতসমূহকে আর দেখিতে পাইলেন না ॥৩॥

আবার তৎক্ষণাৎ আকাশ মেঘশূন্য হইয়া গেল, তাহার পর ব্রাহ্মণেরা তীর্থযাত্রায় গমন করিলেন, অন্য সকলেও যথাস্থানে চলিয়া গেল ॥৪॥

তাহারা কিন্তু অদ্ভুত ও অচিন্তনীয় সেই ব্যাপার দেখিয়া এবং পার্বতীর সহিত মহাদেবের ধর্ম্মকথাশ্রিত সংবাদ শুনিয়া বিস্ময়াপন্ন হইলেন ॥৫॥

---

(৬) সর্ব্বভূতসনাতনঃ…পি, · তদর্থমনুশিষ্টাঃ স্মঃ… বঙ্গ বর্দ্ধ।

এতত্তে দেবদেবস্য মাহাত্ম্যং কথিতং প্রভো!।
কপর্দ্দিনো গিরীশস্য মহাবাহো! জনার্দ্দন!॥৮॥
ইত্যুক্তঃ স তদা কৃষ্ণস্তপোবননিবাসিভিঃ।
মানয়ামাস তান্ সর্ব্বানৃষীন্ দেবকিনন্দনঃ॥৯॥
অথর্ষয়ঃ সম্প্রহৃষ্টাঃ পুনস্তে কৃষ্ণমব্রুবন্।
পুনঃ পুনর্দর্শয়াস্মান্ সদৈব মধুসূদন!॥১০॥
ন হি নঃ সা রতিঃ স্বর্গে যা চ ত্বদ্দর্শনে বিভো!।
তদৃতঞ্চ মহাবাহো! যদাহ ভগবান্ ভবঃ॥১১॥
এতত্তে সর্ব্বমাখ্যাতং রহস্যমরিকর্শন!।
ত্বমেব হ্যর্থতত্ত্বজ্ঞঃ পৃষ্টোঽস্মান্ পৃচ্ছসে যদা॥১২॥

ভারতকৌমুদী

দ্বিতীয়মিতি। প্রথমং তদানীং মহাদেবতেজসা কৃতম্, অদ্য তু ত্বত্তেজঃকৃতমিদং দ্বিতীয়মদ্ভুতম্। সা মহাদেবকৃতাদ্ভুতবিষয়া॥৭॥

এতদিতি। তে তব সমীপে, কথিতমস্মাভিঃ। কপর্দ্দিনো জটাজূটধারিণঃ॥৮॥

ইতীতি। মানয়ামাস অর্ঘ্যাদিভিঃ পূজয়ামাস॥৯॥

অথেতি। অস্মান্ দর্শয় আত্মানমিতি শেষঃ॥১০॥

নহীতি। রতিরনুরাগঃ, ঋতং সত্যম্, ভবো মহাদেবঃ॥১১॥

এতদিতি। রহস্যং গুপ্তং বৃত্তম্, অর্থতত্ত্বজ্ঞঃ সর্ব্ববিষয়মর্ম্মবিৎ॥১২॥

পুরুষশ্রেষ্ঠ নারায়ণ! আপনিই সেই সনাতন পরব্রহ্মস্বরূপ কৃষ্ণ। আপনার দর্শনের জন্যই মহাত্মা মহাদেব হিমালয়পর্ব্বতের উপরে আমাদিগকে উপদেশ দিয়াছিলেন॥৬॥

কৃষ্ণ! আজ আপনার তেজঃকৃত এই দ্বিতীয় অদ্ভুত দেখিয়া আমরা বিস্ময়াপন্ন হইয়াছি এবং সেই মহাদেবকৃত অদ্ভুত ব্যাপারের সেই স্মৃতি আমাদের উপস্থিত হইয়াছে॥৭॥

প্রভু মহাবাহু জনার্দ্দন! এই আমরা আপনার নিকটে জটাজূটধারী দেবদেব মহাদেবের মাহাত্ম্য বলিলাম'॥৮॥

তপোবনবাসী মুনিরা এইরূপ বলিলে, তখন দেবকিনন্দন কৃষ্ণ সেই সকল মুনির পূজা করিলেন॥৯॥

তাহার পর সেই মুনিরা সন্তুষ্ট হইয়া পুনরায় কৃষ্ণকে বলিলেন—'মধুসূদন! আপনি সর্বদাই আমাদিগকে বার বার দর্শন দান করুন॥১০॥

প্রভু! আপনার দর্শনে আমাদের যেরূপ অনুরাগ আছে, স্বর্গে সেরূপ অনুরাগ নাই। মহাবাহু! ভগবান্ মহাদেব যাহা বলিয়াছেন, তাহা সত্য॥১১॥

তদস্মাভিরিদং গুহ্যং ত্বৎপ্রিয়ার্থমুদাহৃতম্।
ন চ তেঽবিদিতং কিঞ্চিত্ত্রিষু লোকেষু বিদ্যতে ॥১৩॥
জন্ম চৈব প্রসূতিশ্চ যচ্চান্যৎ কারণং বিভো!।
বয়ন্তু বহুচাপল্যাদশক্তা গুহ্যধারণে ॥১৪॥
ততঃ স্থিতে ত্বয়ি বিভো! লঘুত্বাৎ প্রলপামহে।
ন হি কিঞ্চিত্তদাশ্চর্য্যং যন্ন বেত্তি ভবানিহ ॥১৫॥
দিবি বা ভুবি বা দেব! সর্বং হি বিদিতং তব।
সাধযাম বয়ং কৃষ্ণ! বুদ্ধিং পুষ্টিমবাপ্নুহি ॥১৬॥

ভাবতকৌমুদী

তদিতি। গুহ্যং গোপনীযমাখ্যানম্ ॥১৩॥

জন্মেতি। জন্ম গর্ভে প্রথমোৎপত্তিঃ, প্রসূতির্ভূমৌ গর্ভাৎ পতনম্, কাবণং তবাবির্ভাবে হেতুঃ। বহুচাপল্যাৎ অত্যন্তচাঞ্চল্যাৎ, গুহ্যানাং গোপনীযানাং তব জন্মাদীনাং ধারণে তদ্বৃত্তান্তসংবরণে বয়ম্ অশক্তাঃ ॥১৪॥

তত ইতি। স্থিতে সন্নিধৌ বিদ্যমানে, লঘুত্বাৎ চপলস্বভাবত্বাৎ, প্রলপামহে ব্রূমঃ ॥১৫॥

দিবীতি। সাধয়াম গচ্ছাম, "প্রায়েণ ণ্যন্তকসাধির্গমে স্থানে প্রযুজ্যতে" ইতি সাহিত্য-দর্পণাৎ ॥১৬॥

শক্রদমন! আপনিই সমস্ত বিষয়েব মর্ম্ম জানেন; সুতবাং আমরা আপনাব নিকট জিজ্ঞাসা করিয়াছিলাম; তাহাতে আপনি আবার যাহা আমাদেব নিকট জিজ্ঞাসা কবিয়াছেন; এই আমরা আপনাব নিকট সেই সমস্ত গুপ্ত বিষয় বলিলাম ॥১২॥

দেব! আপনাব প্রীতিব জন্য আমবা এই সেই গোপনীয় বিষয় বলিলাম; কিন্তু ত্রিভুবনে কিছুই আপনাব অবিদিত নাই ॥১৩॥

প্রভু! জননীব গর্ভে আপনার উৎপত্তি, প্রসব এবং আবির্ভাবে অন্য যে কারণ ছিল; অত্যন্ত চঞ্চলতাবশতঃ আমরা সেই গোপনীয় বিষয় সংবরণ কবিতে সমর্থ নহি ॥১৪॥

প্রভু! সেই জন্য আপনি সম্মুখে থাকিতে চঞ্চলতাবশতঃ আমবা বলিতেছি। এই জগতে আপনি যাহা জানেন না, সেরূপ আশ্চর্য্য কিছু নাই ॥১৫॥

দেব! স্বর্গে বা মর্ত্ত্যে সমস্তই আপনাব বিদিত আছে। সে যাহা হউক, আমবা এখন চলিয়া যাই, আপনি বুদ্ধি ও উন্নতি লাভ করুন ॥১৬॥

---

(১৪) বয়ন্তু বটুচাপল্যাৎ—পি।

পুত্রস্তে সদৃশস্তাত। বিশিষ্টো বা ভবিষ্যতি।
মহাপ্রভাবসংযুক্তো দীপ্তিকীর্ত্তিকরঃ প্রভুঃ ॥১৭॥

ভীষ্ম উবাচ।

ততঃ প্রণম্য দেবেশং যাদবং পুরুষর্ষভম্।
প্রদক্ষিণমুপাবৃত্য প্রজগ্মুস্তে মহর্ষয়ঃ ॥১৮॥
সোঽয়ং নারায়ণঃ শ্রীমান্ দীপ্ত্যা পরময়া যুতঃ।
ব্রতং যথাবত্তচ্চীর্ত্বা দ্বারকাং পুনরাগমৎ ॥১৯॥
পূর্ণে চ দশমে মাসি পুত্রোঽস্য পরমাদ্ভুতঃ।
রুক্মিণ্যাং সম্মতো জজ্ঞে শূরো বংশধরঃ প্রভো। ॥২০॥
স কামঃ সর্ব্বভূতানাং সর্ব্বভাবগতো নৃপ!।
অসুরাণাং সুরাণাঞ্চ চরত্যন্তর্গতঃ সদা ॥২১॥

ভারতকৌমুদী

পুত্র ইতি। দীপ্তির্বংশস্যোজ্জ্বলতা, প্রভুঃ প্রভাবশালী ॥১৭॥

তত ইতি। যাদবং যদুবংশীয়ং কৃষ্ণম্। উপাবৃত্য পরিভ্রম্য ॥১৮॥

স ইতি। শ্রীমান্ ঐশ্বর্য্যবান্, দীপ্ত্যা তেজসা, চীর্ত্বা চরিত্বা ॥১৯॥

পূর্ণ ইতি। সম্মতো লোকপ্রিয়ঃ ॥২০॥

স ইতি। কামো নাম অভিলাষাপরপর্য্যায়ঃ, অতএব সর্ব্বভূতানাং সর্ব্বভাবগতঃ সকলাবস্থাস্থিতঃ ॥২১॥

তাত! আপনার তুল্য কিংবা আপনা অপেক্ষাও উত্তম মহাপ্রভাবযুক্ত, বংশের উজ্জ্বলতাকারী, কীর্ত্তিজনক ও প্রভুত্বশালী আপনার পুত্র হইবে' ॥১৭॥

ভীষ্ম বলিলেন—'তাহার পর সেই মহর্ষিরা দেবাধিপতি ও পুরুষশ্রেষ্ঠ কৃষ্ণকে নমস্কার ও প্রদক্ষিণ করিয়া প্রস্থান করিলেন ॥১৮॥

এই সেই ঐশ্বর্য্যশালী ও মহাতেজা কৃষ্ণ যথাবিধানে সেই ব্রত আচরণ করিয়া পুনরায় দ্বারকানগরীতে আগমন করিলেন ॥১৯॥

রাজা! দশম মাস পূর্ণ হইলে রুক্মিণীর গর্ভে কৃষ্ণের একটী লোকপ্রিয়, বীর, বংশরক্ষক ও পরমাশ্চর্য্য পুত্র জন্মগ্রহণ করিল ॥২০॥

রাজা! কৃষ্ণের সেই পুত্রের নাম 'কাম', এই কাম সমস্ত প্রাণীর সমস্ত অবস্থাতেই চিত্তে থাকেন এবং দেবতা ও অসুরগণের অন্তরে সর্ব্বদাই বিচরণ করেন ॥২১॥

---

(১৮) যাদবং পুরুষোত্তমম্—পি।

সোঽয়ং পুরুষশার্দ্দূলো মেঘবর্ণশ্চতুর্ভুজঃ।
সংশ্রিতঃ পাণ্ডবান্ প্রেম্ণা ভবন্তশ্চৈনমাশ্রিতাঃ ॥২২॥
কীর্ত্তির্লক্ষ্মীর্ধৃতিশ্চৈব স্বর্গমার্গস্তথৈব চ।
যত্রৈষ সংস্থিতস্তত্র দেবো বিষ্ণুস্ত্রিবিক্রমঃ ॥২৩॥
সেন্দ্রা দেবাস্ত্রয়স্ত্রিংশদেষ নাত্র বিচারণা।
আদিদেবো মহাদেবঃ সর্ব্বভূতপ্রতিশ্রয়ঃ ॥২৪॥
অনাদিনিধনো ব্যক্তো মহাত্মা মধুসূদনঃ।
অয়ং জাতো মহাতেজাঃ সুরাণামর্থসিদ্ধয়ে ॥২৫॥
সুদুস্তরার্থতত্ত্বস্য বক্তা কর্ত্তা চ মাধবঃ।
তব পার্থ! জয়ঃ কৃৎস্নস্তব কীর্ত্তিস্তথাতুলা ॥২৬॥
তবেয়ং পৃথিবী দেবী কৃৎস্না নারায়ণাশ্রয়াৎ।
অয়ং নাথস্তবাচিন্ত্যো যস্য নারায়ণো গতিঃ ॥২৭॥

ভাবতকৌমুদী

স ইতি। সোঽয়ং কৃষ্ণঃ, চতুর্ভুজো নারায়ণঃ ॥২২॥
কীর্ত্তিরিতি। ধৃতির্ধৈর্য্যম্, স্বর্গমার্গো যজ্ঞাদিসৎকার্য্যম্ ॥২৩॥
সেন্দ্রা ইতি। "সর্ব্বদেবময়ো হরি"রিতি স্মৃতেঃ ॥২৪॥
অনাদীতি। ব্যক্তো মানুষরূপেণ স্পষ্টীভূতঃ ॥২৫॥
সুদুরিতি। সুদুস্তরার্থতত্ত্বস্য অতিদুর্ব্বোধবিষয়মর্ম্মণঃ ॥২৬॥

পুরুষশ্রেষ্ঠ ও মেঘের ন্যায় শ্যামবর্ণ সেই নারায়ণস্বরূপ এই কৃষ্ণ প্রণয়বশতঃ পাণ্ডবগণকে আশ্রয় করিয়াছেন এবং তোমরা পাণ্ডবেরাও ইঁহাকে আশ্রয় করিয়াছ ॥২২॥

যে স্থানে কীর্ত্তি, লক্ষ্মী, ধৈর্য্য ও ধর্ম্ম থাকে, সেই স্থানে এই ত্রিবিক্রমদেব বিষ্ণুও থাকেন ॥২৩॥

আদিদেব, মহাদেব ও সমস্ত প্রাণীর আশ্রয় এই বিষ্ণুই ইন্দ্রপ্রভৃতি তেত্রিশ দেবতা, এই বিষয়ে কোন বিচার নাই ॥২৪॥

অনাদি, অনন্ত, মানুষরূপে ব্যক্ত, মহাত্মা ও মহাতেজা এই মধুসূদন দেবগণের প্রয়োজন সিদ্ধির নিমিত্ত জন্মগ্রহণ করিয়াছেন ॥২৫॥

কৃষ্ণ অতি দুর্ব্বোধ্য বিষয়ের বক্তা এবং কর্ত্তা। পৃথানন্দন! সেই কৃষ্ণের অনুগ্রহে তোমার সম্পূর্ণ জয় ও অতুলনীয় কীর্ত্তি হইয়াছে ॥২৬॥

---

(২৬) সুদুস্তরাত্মতত্ত্বস্য—পি।

স ভবাংস্ত্বমুপাধ্বর্য্যু রণাগ্নৌ হুতবান্ নৃপান্।
কৃষ্ণস্রুবেণ মহতা যুগান্তাগ্নিসমেন বৈ ॥২৮॥ (যুগ্মকম্)
দুর্য্যোধনশ্চ শোচ্যোঽসৌ সপুত্রভ্রাতৃবান্ধবঃ।
কৃতবান্ যোঽবুধঃ ক্রোধাদ্ধরিগাণ্ডীবিবিগ্রহম্ ॥২৯॥
দৈতেয়া দানবেন্দ্রাশ্চ মহাকায়া মহাবলাঃ।
চক্রাগ্নৌ ক্ষয়মাপন্না দাবাগ্নৌ শলভা ইব ॥৩০॥
প্রতিযোদ্ধুং ন শক্যো হি মানুষৈরেষ সংযুগে।
বিহীনৈঃ পুরুষব্যাঘ্র! সত্ত্বশক্তিবলাদিভিঃ ॥৩১॥
জয়ো যোগী যুগান্তাভঃ সব্যসাচী রণাগ্রগঃ।
তেজসা হতবান্ সর্ব্বং সুযোধনবলং নৃপ! ॥৩২॥

ভারতকৌমুদী

ভবেতি। নাথঃ প্রভুঃ, গতিরাশ্রয়ঃ। উপাধ্বর্য্যুঃ অগ্নিসন্নিহিতযজুর্ব্বেদী ঋত্বিক্, রণ এবাগ্নিস্তস্মিন্। কৃষ্ণ এব স্রুবো হোমপাত্রং তেন ॥২৭—২৮॥

দুর্য্যোধন ইতি। অবুধো মূর্খঃ, হরিগাণ্ডীবিভ্যাং কৃষ্ণার্জ্জুনাভ্যাং সহ বিগ্রহং যুদ্ধম্ ॥২৯॥

দৈতেয়া ইতি। চক্রং সুদর্শন এবাগ্নিস্তস্মিন্। শলভাঃ পতঙ্গাঃ ॥৩০॥

প্রতীতি। সংযুগে যুদ্ধে। সত্ত্বমধ্যবসায়ঃ, শক্তিঃ শিক্ষাপাটবং বলং দৈহিকসামর্থ্যঞ্চ তদাদিভির্বিহীনৈঃ ॥৩১॥

জয় ইতি। জয়ঃ খল্বর্জ্জুনস্য নামান্তরম্, যোগী অক্ষয়কবচেন সন্নদ্ধদেহঃ "যোগঃ সন্নহনোপায়-ধ্যানসঙ্গতিযুক্তিষু" ইত্যমরঃ। যুগস্য অন্তো নাশো যস্মাৎ স যুগান্তো বহ্নিস্তদাভঃ, সব্যেন বামহস্তেনাপি সচতে শস্ত্রং গৃহ্লাতীতি সব্যসাচী ॥৩২॥

নারায়ণকে আশ্রয় করায় এই সমগ্র পৃথিবী তোমার হইয়াছে, আর অচিন্তনীয় এই কৃষ্ণ তোমার রক্ষক। নারায়ণ যাহার গতি, সেই যুধিষ্ঠির তুমি যুধিষ্ঠির। ঋত্বিক্স্বরূপ তুমি প্রলয়কালীন অগ্নির তুল্য বিশাল কৃষ্ণরূপ স্রুবদ্বারা যুদ্ধরূপ অগ্নিতে রাজগণকে আহুতি দিয়াছ ॥২৭—২৮॥

যে মূর্খ ক্রোধবশতঃ কৃষ্ণ ও অর্জ্জুনের সহিত যুদ্ধ করিয়াছে, সেই দুর্য্যোধন পুত্র, ভ্রাতা ও বন্ধুবর্গের সহিত শোকের বিষয় হইয়াছে ॥২৯॥

বিশাল দেহ ও মহাশক্তিসম্পন্ন দৈত্য ও দানবগণ, দাবাগ্নিতে পতঙ্গগণের ন্যায় এই কৃষ্ণের চক্রাগ্নিতে ধ্বংসপ্রাপ্ত হইয়াছে ॥৩০॥

নরশ্রেষ্ঠ! অধ্যবসায়, শিক্ষানৈপুণ্য ও দৈহিক বল প্রভৃতি শূন্য মানুষেরা সমরাঙ্গনে এই কৃষ্ণের সহিত প্রতিযুদ্ধ করিতে সমর্থ হইতে পারে না ॥৩১॥

রাজা! অক্ষয়কবচধারী, যুদ্ধে অগ্রগামী ও প্রলয়াগ্নির ন্যায় তেজস্বী অর্জ্জুন আপন তেজে দুর্য্যোধনের সমস্ত সৈন্য সংহার করিয়াছেন ॥৩২॥

যত্তু গোবৃষভাঙ্কেন মুনিভিঃ সমুদাহৃতম্ ।
পুরাণং হিমবৎপৃষ্ঠে তন্মে নিগদতঃ শৃণু ॥৩৩॥
যাবত্তস্য ভবেৎ পুষ্টিস্তেজো দীপ্তিঃ পরাক্রমঃ ।
প্রভাবঃ সন্নতির্জন্ম কৃষ্ণে তত্ত্রিগুণং বিভৌ ॥৩৪॥
কঃ শক্নোত্যন্যথাকর্ত্তুং তদ্‌যদি স্যাত্তথা শৃণু ।
যত্র কৃষ্ণো হি ভগবাংস্তত্র পুষ্টিরনুত্তমা ॥৩৫॥
বয়ং ত্বিহাল্পমতয়ঃ পরতন্ত্রাঃ সুবিক্লবাঃ ।
জ্ঞানপূর্ব্বং প্রপন্নাঃ স্মো মৃত্যোঃ পন্থানমব্যয়ম্ ॥৩৬॥
ভবাংশ্চাপ্যার্জবপরঃ পূর্ব্বং কৃত্বা প্রতিশ্রয়ম্ ।
রাজবৃত্তং ন লভতে প্রতিজ্ঞাপালনে রতঃ ॥৩৭॥

ভারতকৌমুদী

যদিতি। গোবৃষভো গোশ্রেষ্ঠো বৃষঃ অঙ্কশ্চিহ্নং যস্য তেন বৃষধ্বজেন শিবেন ॥৩৩॥

যাবদিতি। তস্যার্জ্জুনস্য পুষ্টির্দেহশক্তিঃ, দীপ্তিঃ সাহসম্। সন্নতির্বিনয়নম্রতা, জন্ম জননাবধিসৌভাগ্যম্ ॥৩৪॥

ক ইতি। তৎ পুষ্ট্যাদিকং সর্ব্বম্, তথা তাদৃশম্। পুষ্টির্বৃদ্ধিঃ ॥৩৫॥

বযমিতি। পরতন্ত্রাঃ পরাধীনাঃ, সুবিক্লবা অস্থিরচিত্তাঃ ॥৩৬॥

ভবানিতি। আর্জ্জবপরঃ সরলতাপরায়ণঃ, প্রতিশ্রয়ং প্রতিজ্ঞাম্, রাজবৃত্তং রাজ্যম্ ॥৩৭॥

পূর্ব্বকালে মহাদেব মুনিগণের সহিত মিলিত হইয়া হিমালয়পর্ব্বতে যাহা বলিয়াছিলেন ; তাহা আমি বলিতেছি, তুমি শ্রবণ কর ॥৩৩॥

অর্জ্জুনের যে পরিমাণে দেহের শক্তি, তেজ, সাহস, পরাক্রম, প্রভাব, বিনয়নম্রতা ও জন্মাবধি সৌভাগ্য আছে ; প্রভু কৃষ্ণে তাহার তিন গুণ রহিয়াছে ॥৩৪॥

তাহা যদি সেইরূপ হয়, তবে কোন্ লোক তাহার অন্য প্রকার করিতে সমর্থ হইবে ? অতএব শ্রবণ কর, ভগবান্ কৃষ্ণ যে পক্ষে থাকেন, সেই পক্ষে সর্ব্বোত্তম উন্নতি হইবেই ॥৩৫॥

আমরা অল্পবুদ্ধি, পরাধীন ও অস্থিরচিত্ত ; সুতরাং জানিয়া শুনিয়াই অনশ্বর মৃত্যুপথ আশ্রয় করিয়াছিলাম ॥৩৬॥

তুমি সরল চিত্ত ; সুতরাং পূর্ব্বে প্রতিজ্ঞা করিয়া সেই প্রতিজ্ঞাপালনে নিরত থাকিয়া রাজ্য গ্রহণ কর নাই ॥৩৭॥

---

(৩৫) কঃ শক্তপ্যন্যথাকর্ত্তুম্—পি।

তথৈবাত্মবধং লোকে রাজংস্ত্বং বহু মন্যসে।
ন হি প্রতিজ্ঞা যা দত্তা তাং প্রহাতুমরিন্দম ! ॥৩৮॥
কালেনায়ং জনঃ সর্ব্বো নিহতো রণমূর্দ্ধনি।
বয়ঞ্চ কালেন হতাঃ কালো হি পরমেশ্বরঃ ॥৩৯॥
ন হি কালেন কালজ্ঞঃ স্পৃষ্টঃ শোচিতুমর্হসি।
কালো লোহিতরক্তাক্ষঃ কৃষ্ণো দণ্ডী সনাতনঃ ॥৪০॥
তস্মাৎ কুন্তীসুত ! জ্ঞাতীন্নেহ শোচিতুমর্হসি।
ব্যপেতমন্যুর্নিত্যং ত্বং ভব কৌরবনন্দন ! ॥৪১॥
মাধবস্যাস্য মাহাত্ম্যং শ্রুতং যৎ কথিতং ময়া।
তদেব তাবৎ পর্য্যাপ্তং সজ্জনস্য নিদর্শনম্ ॥৪২॥
ব্যাসস্য বচনং শ্রুত্বা নারদস্য চ ধীমতঃ।
স্বয়ং চৈব মহারাজ ! কৃষ্ণস্যার্হতমস্য বৈ ॥৪৩॥

ভারতকৌমুদী

তথেতি। আত্মবধং বনবাসকষ্টাদিনা নিজবিনাশম্ ॥৩৮॥

কালেনেতি। পরমেশ্বরঃ সর্ব্বসংহারকত্বাৎ ॥৩৯॥

নহীতি। কালজ্ঞঃ কালপ্রভাববিৎ। যমরূপেণ কালং বর্ণয়তি কাল ইতি ॥৪০॥

তস্মাদিতি। ব্যপেতস্তিরোহিতো মন্যুঃ শোকদৈন্যং যস্য সঃ ॥৪১॥

মাধবস্যেতি। তচ্ছ্রবণম্, পর্য্যাপ্তং যথেষ্টং জাতম্ ॥৪২॥

শত্রুদমন রাজা ! তুমি জগতে আপনাদের বিনাশ বরং ভাল মনে করিয়াছ, কিন্তু তথাপি যে প্রতিশ্রুতি দিয়াছিলে, তাহা পরিত্যাগ করিতে ইচ্ছা কর নাই ॥৩৮॥

কাল সমরাঙ্গনে এই সমস্ত লোককে সংহার করিয়াছে, আমাদিগকেও কালই বধ করিয়াছে। কারণ, কালই পরমেশ্বর ॥৩৯॥

যুধিষ্ঠির। তুমি কালের প্রভাব জান, সুতরাং সেই কালকর্তৃক সংস্পৃষ্ট হইয়া শোক করিতে পার না। কারণ, কাল রক্তের ন্যায় লোহিত নয়ন, কৃষ্ণবর্ণ, দণ্ডধারী ও সনাতন ॥৪০॥

অতএব কৌরবনন্দন। কুন্তীপুত্র। তুমি জ্ঞাতিগণের জন্য শোক করিতে পার না, সর্ব্বদাই শোকবিহীন থাক ॥৪১॥

আমি যাহা বলিয়াছি, এই কৃষ্ণের সেই মাহাত্ম্য তুমি শুনিয়াছ, তাহাই তোমার পক্ষে সজ্জনের যথেষ্ট নিদর্শন হইয়াছে ॥৪২॥

(৪২) তদেব তব পর্য্যাপ্তম্—পি।

প্রভাবশ্চর্ষিপূগস্য কথিতঃ সুমহাত্ময়া।
মহেশ্বরস্য সংবাদং শৈলপুত্র্যাশ্চ ভারত! ॥৪৪॥
ধারয়িষ্যতি যশ্চৈনং মহাপুরুষসম্ভবম্।
শৃণুয়াৎ কথয়েদ্বা যঃ স শ্রেয়ো লভতে পরম্ ॥৪৫॥ (বিশেষকম্)
ভবিতারশ্চ তস্যার্থ সর্ব্বে কামা যথেপ্সিতাঃ।
প্রেত্য স্বর্গং চ লভতে নরো নাস্ত্যত্র সংশয়ঃ ॥৪৬॥
ন্যায্যঃ শ্রেয়োঽভিকামেন প্রতিপত্তুং জনার্দ্দনঃ।
এষ এবাক্ষয়ো বিপ্রৈঃ স্তুতো রাজন্! জনার্দ্দনঃ ॥৪৭॥
মহেশ্বরমুখোৎসৃষ্টা যে চ ধর্ম্মগুণাঃ স্মৃতাঃ।
তে ত্বয়া মনসা ধার্য্যাঃ কুরুরাজ! দিবানিশম্ ॥৪৮॥
এবং তে বর্ত্তমানস্য সম্যগ্দণ্ডধরস্য চ।
প্রজাপালনদক্ষস্য স্বর্গলোকো ভবিষ্যতি ॥৪৯॥

ভাবতকৌমুদী

ব্যাসস্যেতি। অর্হতমস্য প্রশস্ততমস্য। ঋষীণাং পূগস্য সমূহস্য। ধারয়িষ্যতি মনসি রক্ষিষ্যতি, মহাপুরুষস্য কৃষ্ণস্য সম্ভবং জন্মাখ্যানম্ ॥৪৩—৪৫॥

ভবিতার ইতি। তস্য পূর্ব্বোক্তধারকাদেঃ। প্রেত্য পরলোকে ॥৪৬॥

ন্যায্য ইতি। শ্রেয়োঽভিকামেন মঙ্গলার্থিনা জনেন, প্রতিপত্তুং লব্ধুম্ ॥৪৭॥

মহেশ্বরেতি। মহেশ্বরমুখেন উৎসৃষ্টা উচ্চারিতাঃ ॥৪৮॥

এবমিতি। সম্যগ্দণ্ডধরস্য প্রজাসু ন্যায্যদণ্ডকারিণঃ ॥৪৯॥

ভরতনন্দন মহারাজ! আমি নিজে জ্ঞানী বেদব্যাস ও নারদের বাক্য শুনিয়া প্রশস্ততম কৃষ্ণের, ঋষিগণের অতি মহাপ্রভাব বলিয়াছি। যে লোক এই প্রভাব এবং শিব-পার্ব্বতীর সংবাদ শুনিয়া মনে রাখিবে কিংবা যে ব্যক্তি মহাপুরুষ কৃষ্ণের উৎপত্তি শুনিবে বা যে বলিবে, তাহারা সকলেই পরম মঙ্গল লাভ করিবে ॥৪৩—৪৫॥

সেই ব্যক্তিগণের সমস্ত অভীষ্ট সফল হইবে এবং সেই ব্যক্তিগণ মৃত্যুর পরে স্বর্গ লাভ করিবে, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৪৬॥

রাজা! মঙ্গলার্থী লোকের পক্ষে কৃষ্ণের শরণাপন্ন হওয়া উচিত। কারণ, ব্রাহ্মণেরা এই অক্ষয় কৃষ্ণেরই স্তব করিয়াছেন ॥৪৭॥

কুরুরাজ! স্বয়ং মহাদেব যে সকল ধর্ম্ম ও কৃষ্ণের গুণ বলিয়াছেন; দিবারাত্র সেই সকল ধর্ম্ম ও গুণ মনে রাখিবে ॥৪৮॥

ধর্ম্মেণাপি সদা রাজন্! প্রজা রক্ষিতুমর্হসি।
যস্তস্য বিপুলো দণ্ডঃ সম্যগ্‌ধর্ম্মঃ স কীর্ত্ত্যতে ॥৫০॥
য এষ কথিতো রাজন্! ময়া সজ্জনসন্নিধৌ।
শঙ্করস্যোময়া সার্দ্ধং সংবাদো ধর্ম্মসংহিতঃ ॥৫১॥
শ্রুত্বা বা শ্রোতুকামো বাপ্যর্চ্চয়েদ্‌বৃষভধ্বজম্।
বিশুদ্ধেনেহ ভাবেন য ইচ্ছেদ্‌ভূতিমাত্মনঃ ॥৫২॥ (যুগ্মকম্)
এষ তস্যানবদ্যস্য নারদস্য মহাত্মনঃ।
সন্দেশো দেবপূজার্থং তং তথা কুরু পাণ্ডব! ॥৫৩॥
এতদত্যদ্ভুতং বৃত্তং পুণ্যে হিমবতি প্রভো!।
বাসুদেবস্য কৌন্তেয়! স্থাণোশ্চৈব স্বভাবজম্ ॥৫৪॥
দশ বর্ষসহস্রাণি বদর্য্যামেব শাশ্বতঃ।
তপশ্চচার বিপুলং সহ গাণ্ডীবধন্বনা ॥৫৫॥

ভাবতকৌমুদী

ধর্ম্মেণেতি। তস্য প্রজাগণস্য বিপুলো দণ্ডো বিপুলেঽপরাধে ॥৫০॥
য ইতি। ধর্ম্মেণ সংহিতঃ সংবদ্ধঃ। ভাবেন অভিপ্রায়েণ, ভূতিং সম্পদম্ ॥৫১—৫২॥
এষ ইতি। অনবদ্যস্য অনিন্দনীয়স্য। সন্দেশো বাচিকম্ ॥৫৩॥
এতদিতি। বৃত্তং বৃত্তান্তঃ ॥৫৪॥

তুমি এইভাবে চলিলে, প্রজাবর্গের ন্যায্য দণ্ড দান করিলে এবং প্রজা-পালনে নিপুণ হইলে তোমার স্বর্গ লাভ হইবে ॥৪৯॥

রাজা! তুমি ধর্ম্মানুসারে সর্ব্বদা প্রজা পালন করিতে পার। প্রজাবর্গের গুরুতর অপরাধে যে গুরুতর দণ্ড দান করা হয়, তাহাকে সমীচীন ধর্ম্মই বলা হইয়া থাকে ॥৫০॥

রাজা! আমি সজ্জনগণের সন্নিধানে পার্ব্বতীর সহিত মহাদেবের এই যে ধর্ম্মসংবদ্ধ সংবাদ বলিলাম; যিনি নিজের সম্পদ ইচ্ছা করেন, তিনি এই সংবাদ শুনিয়া বা শুনিবার অভিলাষী হইয়া বিশুদ্ধ চিত্তে মহাদেবের পূজা করিবেন ॥৫১—৫২॥

পাণ্ডুনন্দন! মহাদেবের পূজার জন্য অনিন্দনীয় মহাত্মা নারদের এই সন্দেশ (খবর), অতএব তুমি নারদের সেই সন্দেশ পালন কর ॥৫৩॥

কুন্তীনন্দন রাজা! পবিত্র হিমালয়পর্ব্বতে বাসুদেব ও মহাদেবের স্বভাব-জাত এই অদ্ভুত বৃত্তান্ত হইয়াছিল ॥৫৪॥

---

(৫৩) তং তথা কুরু পার্থিব!—পি। (৫৪) পুণ্যেতি ভবতি প্রভো!—বঙ্গ বর্দ্ধ।

ত্রিযুগৌ পুণ্ডরীকাক্ষৌ বাসুদেবধনঞ্জয়ৌ।
বিদিতৌ নারদাদেতৌ মম ব্যাসাচ্চ পার্থিব ! ॥৫৬॥
বাল এব মহাবাহুশ্চকার কদনং মহৎ।
কংসস্য পুণ্ডরীকাক্ষো জ্ঞাতিত্রাণার্থকারণাৎ ॥৫৭॥
কর্ম্মণামস্য কৌন্তেয় ! নান্তং সংখ্যাতুমুৎসহে।
শাশ্বতস্য পুরাণস্য পুরুষস্য যুধিষ্ঠির ! ॥৫৮॥
ধ্রুবং শ্রেয়ঃ পরং তাত ! ভবিষ্যতি তবোত্তমম্।
যস্য তে পুরুষব্যাঘ্র ! সখা চায়ং জনার্দ্দনঃ ॥৫৯॥
দুর্য্যোধনং তু শোচামি প্রেত্য লোকেঽপি দুর্ম্মতিম্।
যৎকৃতে পৃথিবী সর্ব্বা বিনষ্টা সহয়দ্বিপা ॥৬০॥

ভাবতকৌমুদী

দশেতি। এষ নারায়ণঃ। গাণ্ডীবধন্বনা অর্জ্জুনেন ॥৫৫॥

ত্রীতি। ত্রয়ো যুগা রথযুগকাষ্ঠানি তৎ পরিমাণানি যয়োস্তৌ, "যানাদ্যঙ্গে যুগঃ পুংসি যুগং যুগ্মে কৃতাদিষ্বি"ত্যমরঃ, পুণ্ডরীকাক্ষৌ পদ্মনয়নৌ ॥৫৬॥

বাল ইতি। কদনং বধেন পীডনম্। জ্ঞাতীনাং ত্রাণমেবার্থো বিষয়স্তস্য কারণাৎ ॥৫৭॥

কর্ম্মণামিতি। উৎসহে শক্নোমি। শাশ্বতস্য নিত্যস্য ॥৫৮॥

ধ্রুবমিতি। ধ্রুবং নিশ্চিতম্, শ্রেয়ো মঙ্গলম্, পরমনন্তরম্ ॥৫৯॥

দুর্য্যোধনমিতি। প্রেত্য পরস্মিন্। হয়ৈরশ্বৈঃ, দ্বিপৈর্হস্তিভিশ্চ সহেতি সা ॥৬০॥

সনাতন এই নারায়ণ নররূপী অর্জ্জুনের সহিত বদরিকাশ্রমে দশ সহস্র বৎসর গুরুতর তপস্যা করিয়াছিলেন ॥৫৫॥

রাজা ! ত্রিযুগপরিমিত দেহ অর্থাৎ অত্যন্ত দীর্ঘাকৃতি ও পদ্মনয়ন এই কৃষ্ণ ও অর্জ্জুনকে আমি নারদ ও বেদব্যাসের নিকট হইতে জানিয়াছি ॥৫৬॥

এই মহাবাহু কৃষ্ণ বাল্যকালেই জ্ঞাতিগণকে রক্ষা করিবার জন্য গুরুতর পীড়ন করিয়া কংসকে বধ করিয়াছিলেন ॥৫৭॥

কুন্তীনন্দন যুধিষ্ঠির ! সনাতন ও পুরাণপুরুষ এই কৃষ্ণের কর্ম্মের সংখ্যা করিতে আমি সমর্থ নহি ॥৫৮॥

পুরুষশ্রেষ্ঠ ! বৎস ! এই জনার্দ্দন যে তোমার সখা, সেই তোমার ইহার পর অবশ্যই পরম মঙ্গল হইবে ॥৫৯॥

কিন্তু দুর্ম্মতি দুর্য্যোধন পরলোকে যাইয়া থাকিলেও তাহার জন্য আমি শোক করি। কারণ, যাহার জন্য হস্তী ও অশ্বগণের সহিত সমগ্র পৃথিবী বিনষ্ট হইয়াছে ॥৬০॥

দুর্য্যোধনাপরাধেন কর্ণস্য শকুনেস্তথা।
দুঃশাসনচতুর্থানাং কুরবো নিধনং গতাঃ ॥৬১॥
বৈশম্পায়ন উবাচ।
এবং সম্ভাষমাণে তু গাঙ্গেয়ে পুরুষর্ষভে।
তূষ্ণীং বভূব কৌরব্যো মধ্যে তেষাং মহাত্মনাম্ ॥৬২॥
তচ্ছ্রুত্বা বিস্ময়ং জগ্মুর্ধৃতরাষ্ট্রাদয়ো নৃপাঃ।
সম্পূজ্য মনসা কৃষ্ণং সর্ব্বে প্রাঞ্জলয়োঽভবন্ ॥৬৩॥
ঋষয়শ্চাপি তে সর্বে নারদপ্রমুখাস্তদা।
প্রতিগৃহ্যাভ্যনন্দন্ত তদ্বাক্যং প্রতিপূজ্য চ ॥৬৪॥
ইত্যেতদখিলং সর্ব্বৈঃ পাণ্ডবো ভ্রাতৃভিঃ সহ।
শ্রুতবান্ সুমহাশ্চর্য্যং পুণ্যং ভীষ্মানুশাসনম্ ॥৬৫॥

ভাবতকৌমুদী

দুর্য্যোধনেতি। দুঃশাসনশ্চতুর্থো যেষাং তেষামপরাধেন ॥৬১॥
এবমিতি। গাঙ্গেয়ে গঙ্গাপুত্রে ভীষ্মে। কৌরব্যো যুধিষ্ঠিরঃ ॥৬২॥
তদিতি। তৎ ভীষ্মবাক্যম্। প্রাঞ্জলয়ঃ কৃষ্ণং প্রতি কৃতাঞ্জলয়ঃ ॥৬৩॥
ঋষয় ইতি। প্রতিগৃহ্য অঙ্গীকৃত্য, প্রতিপূজ্য প্রশস্য ॥৬৪॥
ইতীতি। পাণ্ডবো যুধিষ্ঠিরঃ, ভীষ্মস্য অনুশাসনমুপদেশম্ ॥৬৫॥

হায়! দুর্য্যোধন, কর্ণ, শকুনি ও দুঃশাসন—এই চারিজনের অপরাধে কৌরবগণ নিধনপ্রাপ্ত হইয়াছেন' ॥৬১॥

বৈশম্পায়ন বলিলেন—পুরুষশ্রেষ্ঠ ভীষ্ম সেই মহাত্মাদের মধ্যে এইরূপ বলিতে লাগিলে, যুধিষ্ঠির নীরব হইলেন ॥৬২॥

ভীষ্মের সেই বাক্য শুনিয়া ধৃতরাষ্ট্রপ্রভৃতি রাজারা সকলেই বিস্ময়াপন্ন হইলেন এবং মনে মনে কৃষ্ণের পূজা করিয়া তাঁহার প্রতি অঞ্জলি বন্ধন করিলেন ॥৬৩॥

এবং নারদপ্রভৃতি সেই ঋষিরা সকলেও ভীষ্মের বাক্যের স্বীকার ও প্রশংসা করিয়া ভীষ্মকে অভিনন্দিত করিলেন ॥৬৪॥

যুধিষ্ঠির সকল ভ্রাতার সহিত মিলিত হইয়া অত্যাশ্চর্য্য ও পবিত্র ভীষ্মের এই সমস্ত উপদেশ শ্রবণ করিলেন ॥৬৫॥

যুধিষ্ঠিরস্তু গাঙ্গেয়ং বিশ্রান্তং ভূরিদক্ষিণম্ ।
পুনরেব মহাবুদ্ধিঃ পর্য্যপৃচ্ছন্মহীপতিঃ ॥৬৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে মহাপুরুষপ্রস্তাবে ষড়্‌বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:#:—

সপ্তবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ।

—:#:—

বৈশম্পায়ন উবাচ ।

শ্রুত্বা ধর্ম্মানশেষেণ পাবনানি চ সর্ব্বশঃ ।
যুধিষ্ঠিরঃ শান্তনবং পুনরেবাভ্যভাষত ॥১॥

যুধিষ্ঠির উবাচ ।

কিমেকং দৈবতং লোকে কিং বাপ্যেকং পরায়ণম্ ।
স্তুবন্তঃ কং কমর্চ্চন্তঃ প্রাপ্নুয়ুর্ম্মানবাঃ শুভম্ ॥২॥

ভাবতকৌমুদী

যুধীতি । বিশ্রান্তং বাক্যোচ্চারণপবিশ্রমাৎ তূষ্ণীম্ভাবেন কৃতবিশ্রামম্ ॥৬৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে ষড়্‌বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:#:—

শ্রুত্বেতি । পাবনানি উপাখ্যানানি । শান্তনবং ভীষ্মম্ ॥১॥

কিমিতি । একং প্রধানম্, পরায়ণং পরমাশ্রয়ঃ ॥২॥

তাহার পর যজ্ঞে প্রচুর দক্ষিণাদাতা ভীষ্ম একটু বিশ্রাম করিলে, মহাবুদ্ধি রাজা যুধিষ্ঠির পুনরায় তাঁহার নিকট জিজ্ঞাসা করিলেন ॥৬৬॥

—:#:—

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠির সমস্ত ধর্ম্ম ও সকল পুণ্যজনক উপাখ্যান শুনিয়া পুনরায় ভীষ্মকে বলিলেন ॥১॥

যুধিষ্ঠির বলিলেন—'জগতে প্রধান দেবতা কে ? প্রধান বা পরমাশ্রয়ই বা কে ? মনুষ্যগণ কাহার স্তব বা কাহার পূজা করিয়া মঙ্গল লাভ করে ? ॥২॥

---

(৬৬) পর্য্যপৃচ্ছন্মহামতিঃ—পি । * '· অষ্টচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ ।

কো ধর্ম্মঃ সর্বধর্ম্মাণাং ভবতঃ পরমো মতঃ।
কিং জপন্মুচ্যতে জন্তুর্জ্জন্মসংসারবন্ধনাৎ ॥৩॥

ভীষ্ম উবাচ।

জগৎপ্রভুং দেবদেবমনন্তং পুরুষোত্তমম্।
স্তবন্নামসহস্রেণ পুরুষঃ সততোত্থিতঃ ॥৪॥
তমেব চার্চ্চয়ন্নিত্যং ভক্ত্যা পুরুষমব্যয়ম্।
ধ্যায়ংস্তবন্নমস্যংশ্চ যজমানস্তমেব চ ॥৫॥
অনাদিনিধনং বিষ্ণুং সর্বলোকমহেশ্বরম্।
লোকাধ্যক্ষং স্তবন্নিত্যং সর্ব্বদুঃখাতিগো ভবেৎ ॥৬॥
ব্রহ্মণ্যং সর্ব্বধর্ম্মজ্ঞং লোকানাং কীর্ত্তিবর্দ্ধনম্।
লোকনাথং মহদ্ভূতং সর্ব্বভূতভবোদ্ভবম্ ॥৭॥ (কলাপকম্)
এষ মে সর্বধর্ম্মাণাং ধর্ম্মোঽধিকতমো মতঃ।
যদ্ভক্ত্যা পুণ্ডরীকাক্ষং স্তবৈরর্চ্চেন্নরঃ সদা ॥৮॥

ভারতকৌমুদী

ক ইতি। জন্তুর্মানুষঃ, জন্মনা যঃ সংসারো মর্ত্ত্যাদাবাগমনং তদেব বন্ধনং তস্মাৎ ॥৩॥

জগদিতি। সততোত্থিতঃ সর্ব্বদোদ্যোগী। অর্চ্চয়ন্ মনসা, যজমানঃ পুষ্পাদিনা পূজয়ন্। লোকাধ্যক্ষং জগন্নিয়ন্তারম্, ব্রাহ্মণ্যং বেদহিতম্, মহদ্ভূতং প্রধানং প্রাণিনম্, সর্ব্বভূতভবোদ্ভবং সমস্তভূতভবিষ্যদ্বর্ত্তমানরূপম্। ৪—৭॥

এষ ইতি। পুণ্ডরীকাক্ষং পদ্মনয়নং বিষ্ণুম্ ॥৮॥

আপনার মতে সমস্ত ধর্ম্মের মধ্যে কোন্ ধর্ম্ম প্রধান এবং মানুষ কোন্ মন্ত্র জপ করিয়া সংসারবন্ধন হইতে মুক্ত হয়?' ॥৩॥

ভীষ্ম বলিলেন—'মানুষ সর্ব্বদা উদ্যোগী হইয়া জগতের প্রভু, দেবতার দেবতা ও অবিনশ্বর পুরুষোত্তমের সহস্র নামদ্বারা স্তব করিয়া এবং সর্ব্বদা ভক্তিপূর্বক অনশ্বর সেই পুরুষের অর্চ্চনা, ধ্যান, স্তব, নমস্কার ও সেবা করিয়া আর অনাদি, অনন্ত, সমস্ত লোকের মহেশ্বর ও জগতের নিয়ন্তা বিষ্ণুর স্তব করিয়া সমস্ত দুঃখ অতিক্রম করিতে পারে। কারণ, তিনি বেদের হিতকারী, সর্বধর্ম্মজ্ঞ, মানুষের কীর্ত্তিবর্দ্ধক, জগতের নাথ, মহাপ্রাণী এবং ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানস্বরূপ ॥৪—৭॥

মানুষ যে সর্বদা ভক্তিপূর্বক স্তবদ্বারা বিষ্ণুর অর্চ্চনা করে—ইহাই আমার মতে সমস্ত ধর্ম্মের মধ্যে প্রধানতম ধর্ম্ম ॥৮॥

পরমং যো মহত্তেজঃ পরমং যো মহত্তপঃ।
পরমং যো মহদ্‌ব্রহ্ম পরমং যঃ পরায়ণম্ ॥৯॥
পবিত্রাণাং পবিত্রং যো মঙ্গলানাঞ্চ মঙ্গলম্।
দৈবতং দেবতানাঞ্চ ভূতানাং যোঽব্যয়ঃ পিতা ॥১০॥
যতঃ সর্বাণি ভূতানি ভবন্ত্যাদিযুগাগমে।
যস্মিংশ্চ প্রলয়ং যান্তি পুনরেব যুগক্ষয়ে ॥১১॥
তস্য লোকপ্রধানস্য জগন্নাথস্য ভূপতে!।
বিষ্ণোর্নামসহস্রং মে শৃণু পাপভয়াপহম্ ॥১২॥
যানি নামানি গৌণানি বিখ্যাতানি মহাত্মনঃ।
ঋষিভিঃ পরিগীতানি তানি বক্ষ্যামি ভূতয়ে ॥১৩॥
ওঁ বিশ্বং বিষ্ণুর্বষট্‌কারো ভূতভব্যভবৎপ্রভুঃ।
ভূতকৃদ্‌ভূতভৃদ্ভাবো ভূতাত্মা ভূতভাবনঃ ॥১৪॥

ভাবতকৌমুদী

পরমমিতি। তপস্তপস্যালভ্যঃ। পরায়ণং পরমাশ্রয়ঃ ॥৯॥

পবিত্রাণামিতি। ভূতানাং প্রাণিনাম্, অব্যয়ঃ অবিনশ্বরঃ ॥১০॥

যত ইতি। "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে" ইত্যাদি শ্রুতেঃ ॥১১॥

তস্যেতি। লোকপ্রধানস্য জগৎশ্রেষ্ঠস্য জগতো নাথস্য প্রভোঃ ॥১২॥

যানীতি। গৌণানি গুণানুসৃতানি। ভূতয়ে সম্পদে ॥১৩॥

বিশ্বমিতি। প্রথমে প্রণবপ্রয়োগো নামপাঠবৈগুণ্যসমাধানার্থঃ "যন্‌ন্যূনঞ্চাতিরিক্তঞ্চ যচ্ছিদ্রং যদযজ্ঞিয়ম্। তদোঙ্কারপ্রযুক্তেন সর্ব্বঞ্চাবিকলং ভবেৎ।" ইতি যোগিযাজ্ঞবল্ক্যবচনাৎ।

যিনি পরম মহাতেজ, যিনি পরম মহাতপস্যা লভ্য, যিনি পরম মহাব্রহ্ম এবং যিনি পরমশ্রেষ্ঠ আশ্রয় ॥৯॥

যিনি পবিত্রের মধ্যে পবিত্র, মঙ্গলের মধ্যে মঙ্গল, দেবগণেরও দেবতা এবং যিনি প্রাণিগণের অবিনশ্বর পিতা ॥১০॥

প্রথম যুগারম্ভের সময়ে সমস্ত ভূত যাহা হইতে উৎপন্ন হয়, আবার প্রলয়ের সময়ে যাহাতে লয় পায় ॥১১॥

রাজা! সেই জগৎ প্রধান ও জগন্নাথ বিষ্ণুর পাপভয়নাশক সহস্র নাম তুমি আমার নিকট শ্রবণ কর ॥১২॥

মহাত্মা বিষ্ণুর গুণানুসারে যে সকল নাম বিখ্যাত হইয়াছে এবং ঋষিরা যে সকল নাম গান করিয়া আসিতেছেন, আমি সেই সকল নাম সম্পদের জন্য বলিতেছি ॥১৩॥

পূতাত্মা পরমাত্মা চ মুক্তানাং পরমা গতিঃ।
অব্যয়ঃ পুরুষঃ সাক্ষী ক্ষেত্রজ্ঞোঽক্ষর এব চ ॥১৫॥
যোগো যোগবিদাং নেতা প্রধানপুরুষেশ্বরঃ।
নরসিংহবপুঃ শ্রীমান্ কেশবঃ পুরুষোত্তমঃ ॥১৬॥
সর্ব্বঃ শর্ব্বঃ শিবঃ স্থাণুর্ভূতাদির্নিধিরব্যয়ঃ।
সম্ভবো ভাবনো ভর্ত্তা প্রভবঃ প্রভুরীশ্বরঃ ॥১৭॥
স্বয়ম্ভূঃ শম্ভুরাদিত্যঃ পুষ্করাক্ষো মহাস্বনঃ।
অনাদিনিধনো ধাতা বিধাতা ধাতুরুত্তমঃ ॥১৮॥

ভারতকৌমুদী

বিশ্বং সর্ব্বময়ঃ "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" ইতি শ্রুতেঃ, বিষিণোতি মায়য়া সর্ব্বং বধ্নাতীতি বিষ্ণুঃ, বষট্কারো দেবহবির্দানার্থকঃ শব্দঃ, ভূতানামতীতানাং ভব্যানাং ভবিষ্যতাং ভবতাং বর্ত্তমানানাঞ্চ প্রভুরীশ্বরঃ, ভূতানি পৃথিব্যাদীনি করোতীতি ভূতকৃৎ, ভূতানি বিভর্ত্তীতি ভূতভৃৎ, ভাবশ্চিন্ময়ত্বাৎ সত্তারূপঃ, ভূতানাং প্রাণিনামাত্মা জীবরূপত্বাৎ জীবব্রহ্মণোরভেদাৎ, ভূতানি প্রাণিনো ভাবয়তি জনয়তীতি সঃ ॥১৪॥

পূতেতি। পূতাত্মা পবিত্রচিত্তঃ নিত্যমুক্ততয়া কামক্রোধাদিশূন্যত্বাৎ, পরমাত্মা পরব্রহ্ম, অতএব মুক্তানাং পরমা গতিরাশ্রয়ঃ, অব্যয়ঃ অবিনশ্বরঃ পুরুষঃ সাংখ্যমতসিদ্ধশ্চিন্ময়ঃ সাক্ষী সাক্ষাল্লোকদ্রষ্টা, ক্ষেত্রজ্ঞো জীবঃ, অক্ষরো নিশ্চলঃ, সত্তামাত্রতয়া নিষ্ক্রিয়ত্বাৎ ॥১৫॥

যোগ ইতি। যোগো বিপদুদ্ধারোপায়ঃ "যোগঃ সন্নহনোপায়ধ্যানসঙ্গতিযুক্তিষু" ইত্যমরঃ, যোগবিদাং নেতা পরিচালকঃ, প্রধানপুরুষাণাম্ ইন্দ্রাদীনামপি ঈশ্বরঃ, শ্রীমান্ লক্ষ্মীবান্ ॥১৬॥

সর্ব্ব ইতি। সর্ব্বঃ সর্ব্বময়ত্বাৎ, শর্ব্বঃ প্রাণিনাং দুঃখহিংসনাৎ, শিবো মঙ্গলময়ত্বাৎ, স্থাণুঃ স্থিরতরঃ সত্তামাত্রত্বাৎ, ভূতানামাদির্জ্জনকত্বাৎ, নিধির্জ্ঞানরত্নাশ্রয়ত্বাৎ, অব্যয়ো নিত্যত্বাৎ, সম্ভবতি সর্ব্বমুৎপদ্যতে যস্মাৎ সম্ভবঃ, ভাবয়তি সর্ব্বমুৎপাদয়তীতি ভাবনঃ, প্রভবত্যস্মাৎ ইতি প্রভবঃ ॥১৭॥

বিশ্ব, বিষ্ণু, বষট্কার, ভূতভব্যভবৎপ্রভু, ভূতকৃৎ, ভূতভৃৎ, ভাব, ভূতাত্মা, ভূতভাবন ॥১৪॥

পূতাত্মা, পরমাত্মা, মুক্তদিগের পরম গতি, অব্যয়, পুরুষ, সাক্ষী, ক্ষেত্রজ্ঞ, অক্ষর ॥১৫॥

যোগ, যোগিনেতা, প্রধান পুরুষেশ্বর, নরসিংহবপু, শ্রীমান্, কেশব, পুরুষোত্তম ॥১৬॥

সর্ব, শর্ব্ব, শিব, স্থাণু, ভূতাদি, নিধি, অব্যয়, সম্ভব, ভাবন, ভর্ত্তা, প্রভব, প্রভু, ঈশ্বর ॥১৭॥

---

(১৬) প্রধানঃ পুরুষেশ্বরঃ—সি।

অপ্রমেয়ো হৃষীকেশঃ পদ্মনাভোঽমরপ্রভুঃ।
বিশ্বকর্ম্মা মনুস্ত্বষ্টা স্থবিষ্ঠঃ স্থবিরো ধ্রুবঃ ॥১৯॥
অগ্রাহ্যঃ শাশ্বতঃ কৃষ্ণো লোহিতাক্ষঃ প্রতর্দ্দনঃ।
প্রভূতস্ত্রিককুদ্ধাম পবিত্রং মঙ্গলং পরম্ ।২০॥
ঈশানঃ প্রাণদঃ প্রাণো জ্যেষ্ঠঃ শ্রেষ্ঠঃ প্রজাপতিঃ।
হিরণ্যগর্ভো ভূগর্ভো মাধবো মধুসূদনঃ ॥২১॥
ঈশ্বরো বিক্রমী ধন্বী মেধাবী বিক্রমঃ ক্রমঃ।
অনুত্তমো দুরাধর্ষঃ কৃতজ্ঞঃ কৃতিরাত্মবান্ ॥২২॥
সুরেশঃ শরণং শর্ম্ম বিশ্বরেতাঃ প্রজাভবঃ।
অহঃ সংবৎসরো ব্যালঃ প্রত্যয়ঃ সর্বদর্শনঃ ॥২৩॥

ভাবতকৌমুদী

স্বয়ম্ভূরিতি। স্বমছাঁবরিঞ্চিরূপত্বাৎ, শম্ভুঃ শিবাত্মকত্বাৎ, আদিত্যঃ সূর্য্যময়ত্বাৎ, পুষ্করাক্ষঃ পদ্মনয়নঃ, মহাস্বনো নরসিংহরূপে, ধাতুর্ধারণকর্ত্তা ॥১৮॥

অপ্রেতি। হৃষীকাখ্যা মায়য়া ঈশো নিয়ন্তা। ত্বষ্টা প্রজাপতিবিশেষঃ, স্থবিষ্ঠঃ স্থিরতরঃ, ধ্রুবো নিশ্চলঃ ॥১৯॥

অগ্রাহ্য ইতি। অগ্রাহ্যো মনসাপ্যজ্ঞেয়ঃ, শাশ্বতো নিত্যঃ, প্রতর্দ্দনঃ শাসনকর্ত্তা, প্রভূতঃ পুরুষরূপত্বেন বহুত্বাৎ, ত্রিককুদাং নিত্যনৈমিত্তিককাম্যভেদেন ত্রিবিধানাং বৃষরূপাণাং ধর্ম্মাণাং ধাম আশ্রয়ঃ ॥২০॥

ঈশান ইতি। ঈশানঃ সর্ব্বৈশ্বর্য্যবত্ত্বাৎ, প্রাণদো রক্ষকত্বাৎ, প্রাণস্তত্তুল্যপ্রিয়ত্বাৎ, জ্যেষ্ঠঃ সর্ব্ববৃদ্ধত্বাৎ, ভূগর্ভো ব্রহ্মাণ্ডোদরত্বাৎ, মাধবো লক্ষ্মীপতিত্বাৎ ॥২১॥

ঈশ্বর ইতি। ক্রমো বামনরূপে পদক্ষেপাৎ, ন বিদ্যতে উত্তমং যস্মাৎ সঃ, কৃতির্যত্নঃ, আত্মবান্ ধৃতিমান্ ॥২২॥

স্বয়ম্ভু, শম্ভু, আদিত্য, পুষ্করাক্ষ, মহাস্বন, অনাদিনিধন, ধাতা, বিধাতা, ধাতু, উত্তম ॥১৮॥

অপ্রমেয়, হৃষীকেশ, পদ্মনাভ, অমর, প্রভু, বিশ্বকর্ম্মা, মনু, ত্বষ্টা, স্থবিষ্ঠ, স্থবির, ধ্রুব ॥১৯॥

অগ্রাহ্য, শাশ্বত, কৃষ্ণ, লোহিতাক্ষ, প্রতর্দ্দন, প্রভূত, ত্রিককুদ্ধাম, পবিত্র, পরমঙ্গল ॥২০॥

ঈশান, প্রাণদ, প্রাণ, জ্যেষ্ঠ, শ্রেষ্ঠ, প্রজাপতি, হিরণ্যগর্ভ, ভূগর্ভ, মাধব, মধুসূদন ॥২১॥

ঈশ্বর, বিক্রমী, ধন্বী, মেধাবী, বিক্রম, ক্রম, অনুত্তম, দুরাধর্ষ, কৃতজ্ঞ, কৃতি, আত্মবান্ ॥২২॥

অজঃ সর্ব্বেশ্বরঃ সিদ্ধঃ সিদ্ধিঃ সর্ব্বাদিরচ্যুতঃ।
বৃষাকপিরমেয়াত্মা সর্বযোগবিনিঃসৃতঃ ॥২৪॥
বসুর্বসুমনাঃ সত্যঃ সমাত্মা সম্মিতঃ সমঃ।
অমোঘঃ পুণ্ডরীকাক্ষো বৃষকর্ম্মা বৃষাকৃতিঃ ॥২৫॥
রুদ্রো বহুশিরা বভ্রুর্বিশ্বযোনিঃ শুচিশ্রবাঃ।
অমৃতঃ শাশ্বতঃ স্থাণুর্ব্বরারোহো মহাতপাঃ ॥২৬॥
সর্বগঃ সর্ববিদ্ভানুর্ব্বিষ্বক্সেনো জনার্দ্দনঃ।
বেদো বেদবিদব্যঙ্গো বেদাঙ্গো বেদবিৎ কবিঃ ॥২৭॥

ভাবতকৌমুদী

সুরেশ ইতি। শরণং রক্ষকঃ, শর্ম্ম সুখম্, বিশ্বরেতাঃ সর্বজনকত্বাৎ, প্রজাভবো লোকানাং মঙ্গলরূপঃ। ব্যালো বাসুকিনাগঃ, প্রত্যয়ো জ্ঞানম্ ॥২৩॥

অজ ইতি। অজো জন্মাভাবাৎ। বৃষো ধর্ম্মশ্চাসৌ কপির্বরাহশ্চেতি সঃ, সমাসে হ্রস্বস্য দীর্ঘতা, সর্বে যোগা বিনিস্সৃতা যস্মাৎ সঃ ॥২৪॥

বসুরিতি। বসুর্ধনরূপঃ সর্ব্বাদরণীয়ত্বাৎ, বসুষু দেবেষু মনো যস্য সঃ তেষাং প্রিয়ত্বাৎ, সমঃ সর্ব্বেষু ভূতেষু সমান আত্মা চিত্তং যস্য সঃ, সম্মিতো ব্রহ্মরূপতয়া মহত্ত্বেন পরিমিতঃ, সমশ্চিন্ন-সমানরূপঃ, অমোঘঃ সর্বকার্য্যেষ্বব্যর্থঃ বৃষো ধর্ম্মময়ং কর্ম্ম যস্য সঃ, বৃষাকৃতির্ধর্ম্মরূপঃ ॥২৫॥

রুদ্র ইতি। রুদ্রঃ সর্ব্বসংহারাৎ, বহুশিরাঃ "সহস্রশীর্ষাঃ পুরুষঃ" ইত্যাদি শ্রুতেঃ, বভ্রুর্মৎস্যাব-তারে পিঙ্গলবর্ণঃ, শুচিশ্রবাঃ পবিত্রশ্রুতিঃ, অমৃতো নিত্যমুক্তঃ, শাশ্বতঃ সনাতনঃ, স্থাণুর্মহাদেবঃ, বরারোহো দীর্ঘাকৃতিঃ ॥২৬॥

সর্ব্বগ ইতি। ভানুঃ সূর্য্যঃ, বিষ্বক্ সমন্তাৎ সেনা যস্য সঃ, বেদবিৎ শব্দব্রহ্মজ্ঞশ্চাসৌ অব্যঙ্গঃ অবিকৃতাবয়বশ্চেতি সঃ, বেদাঙ্গঃ শিক্ষাকল্পাদিঃ, কবির্ব্যাসরূপঃ ॥২৭॥

সুরেশ, শরণ, শর্ম্ম, বিশ্বরেতা, প্রজাভব, অহ, সংবৎসর, ব্যাল, প্রত্যয়, সর্বদর্শন ॥২৩॥

অজ, সর্ব্বেশ্বর, সিদ্ধ, সিদ্ধি, সর্ব্বাদি, অচ্যুত, বৃষাকপি, অমেয়াত্মা, সর্ব্বযোগবিনিস্সৃত ॥২৪॥

বসু, বসুমনা, সত্য, সমাত্মা, সম্মিত, শম, অমোঘ, পুণ্ডরীকাক্ষ, বৃষকর্ম্মা, বৃষাকৃতি ॥২৫॥

রুদ্র, বহুশিরা, বভ্রু, বিশ্বযোনি, শুচিশ্রবা, অমৃত, শাশ্বত, স্থাণু, বরারোহ, মহাতপা ॥২৬॥

সর্ব্বগ, সর্ববিৎ, ভানু, বিষ্বক্সেন, জনার্দ্দন, বেদ, বেদবিদব্যঙ্গ, বেদাঙ্গ, বেদবিৎ, কবি ॥২৭॥

লোকাধ্যক্ষঃ সুরাধ্যক্ষো ধর্ম্মাধ্যক্ষঃ কৃতাকৃতঃ।
চতুরাত্মা চতুর্ব্যূহশ্চতুর্দ্দংষ্ট্রশ্চতুর্ভুজঃ ॥২৮॥
ভ্রাজিষ্ণুর্ভোজনং ভোক্তা সহিষ্ণুর্জ্জগদাদিজঃ।
অনঘো বিজয়ো জেতা বিশ্বযোনিঃ পুনর্ব্বসুঃ ॥২৯॥
উপেন্দ্রো বামনঃ প্রাংশুরমোঘঃ শুচিরূর্জ্জিতঃ।
অতীন্দ্রঃ সংগ্রহঃ সর্গো ধৃতাত্মা নিয়মো যমঃ ॥৩০॥
বেদ্যো বৈদ্যঃ সদাযোগী বীরহা মাধবো মধুঃ।
অতীন্দ্রিয়ো মহামায়ো মহোৎসাহো মহাবলঃ ॥৩১॥
মহাবুদ্ধির্ম্মহাবীর্য্যো মহাশক্তির্মহাদ্যুতিঃ।
অনির্দ্দেশ্যবপুঃ শ্রীমানমেয়াত্মা মহাদ্রিধৃক্ ॥৩২॥

ভারতকৌমুদী

লোকেতি। কৃতঃ কৈশ্চিদুপাসিতশ্চাসৌ অকৃতঃ কৈশ্চিদনুপাসিতশ্চেতি সঃ, চত্বারঃ কৃষ্ণ সঙ্কর্ষণপ্রদ্যুম্নানিরুদ্ধা আত্মানো যস্য সঃ। চতুর্ব্যূহোঽপি তচ্চতুষ্টয়রূপ এব চতুর্দ্দংষ্ট্রঃ ঐরাবত-রূপত্বাৎ ॥২৮॥

ভ্রাজিষ্ণুরিতি। ভ্রাজিষ্ণুর্মহাতেজস্কত্বাৎ ভোজনং তৃপ্তিকারিত্বাৎ, ভোক্তা সর্বসংহর্ত্তা। অনঘো নিষ্পাপঃ, পুনর্বসুঃ নক্ষত্ররূপঃ ॥২৯॥

উপেন্দ্র ইতি। উপেন্দ্রোঽপি বামন এব, প্রাংশুঃ সর্বোচ্চঃ, অমোঘঃ অব্যর্থশস্ত্রঃ, শুচিরগ্নিঃ, ঊর্জ্জিতো বলবান্, ইন্দ্রমতিক্রান্ত ইত্যতীন্দ্রঃ, সংগ্রহঃ সর্বারাধ্যঃ, সর্গঃ সৃষ্টিরূপঃ, ধৃতাত্মা সংবৃত চিত্তঃ, নিয়মো যোগাঙ্গবিশেষঃ, যমোঽপি যোগাঙ্গভেদ এব ॥৩০॥

বেদ্য ইতি। বেদ্যো মুমুক্ষুভির্জ্ঞেয়ঃ, বিদ্যাং বেত্তীতি বৈদ্যঃ, বীরহা কংসাদিহন্তা, মাধবো মাতৃপতিঃ, পিতা, মধুর্বসন্তঃ ॥৩১॥

মহেতি। অনির্দ্দেশ্যবপুরনির্বচনীয়দেহঃ, শ্রীমান্ শোভাবান্, অমেয়াত্মা অপরিমেয়মূর্তিঃ, মহাদ্রিধৃক্ গোবর্দ্ধনধারী ॥৩২॥

লোকাধ্যক্ষ, সুরাধ্যক্ষ, ধর্ম্মাধ্যক্ষ, কৃতাকৃত, চতুরাত্মা, চতুর্ব্যূহ, চতুর্দ্দংষ্ট্র চতুর্ভুজ ॥২৮॥

ভ্রাজিষ্ণু, ভোজন, ভোক্তা, সহিষ্ণু, জগদাদিজ, অনঘ, বিজয়, জেতা, বিশ্ব-যোনি, পুনর্ব্বসু ॥২৯॥

উপেন্দ্র, বামন, প্রাংশু, অমোঘ, শুচি, ঊর্জ্জিত, অতীন্দ্র, সংগ্রহ, সর্গ, ধৃতাত্মা, নিয়ম, যম ॥৩০॥

বেদ্য, বৈদ্য, সদাগামী, বীরহা, মাধব, মধু, অতীন্দ্রিয়, মহামায়, মহোৎসাহ, মহাবল ॥৫১॥

মহেষ্বাসো মহীভর্ত্তা শ্রীনিবাসঃ সতাং গতিঃ।
অনিরুদ্ধঃ সুরানন্দো গোবিন্দো গোবিদাং পতিঃ ॥৩৩॥
মরীচির্দ্দমনো হংসঃ সুপর্ণো ভুজগোত্তমঃ।
হিরণ্যনাভঃ সুতপাঃ পদ্মনাভঃ প্রজাপতিঃ ॥৩৪॥
অমৃত্যুঃ সর্বদৃক্ সিংহঃ সন্ধাতা সন্ধিমান্ স্থিরঃ।
অজো দুর্ম্মর্ষণঃ শাস্তা বিশ্রুতাত্মা সুরারিহা ॥৩৫॥
গুরুর্গুরুতমো ধাম সত্যঃ সত্যপরাক্রমঃ।
নিমিষোঽনিমিষঃ স্রগ্বী বাচস্পতিরুদারধীঃ ॥৩৬॥
অগ্রণীর্গ্রামণীঃ শ্রীমান্ন্যায়ো নেতা সমীরণঃ।
সহস্রমূর্দ্ধা বিশ্বাত্মা সহস্রাক্ষঃ সহস্রপাৎ ॥৩৭॥

ভারতকৌমুদী

মহেতি। মহেষ্বাসো মহাধন্বা, গা বিন্দন্তি লভন্ত ইতি গোবিদো গোপাস্তেষাং পতিঃ ॥৩৩॥

মরীচিরিতি। মরীচিঃ সূর্য্যকিরণঃ, দমনো দুষ্টশাসিতা, হংসঃ সূর্য্যঃ, সুপর্ণো গরুড়ঃ, ভুজগোত্তমো বাসুকিঃ, হিরণ্যনাভঃ স্বর্ণময়নাভিদেশঃ ॥৩৪॥

অমৃত্যুরিতি। সন্ধাতা বরাহরূপেণ পৃথিবীধারয়িতা, সন্ধিমান্ সাধুজনসংযোগবান্, অজঃ শিবরূপঃ, দুর্ম্মর্ষণঃ যুদ্ধে দুঃসহঃ ॥৩৫॥

গুরুরিতি। গুরুর্জগচ্ছিক্ষকত্বাৎ, গুরুতমো গুরোরপি গুরুত্বাৎ, ধাম জগদাশ্রয়ঃ, সত্যঃ কৃতযুগরূপঃ নিমিষো মূর্ত্তিমত্ত্বে স্পন্দনবান্, অনিমিষো মূর্ত্তিহীনত্বে ক্রিয়াশূন্যঃ, স্রগ্বী বনমালাধারী ॥৩৬॥

মহাবুদ্ধি, মহাবীর্য্য, মহাশক্তি, মহাদ্যুতি, অনির্দ্দেশ্যবপু, শ্রীমান্, অমেয়াত্মা, মহাদ্রিধৃক্ ॥৩২॥

(৩৯)...দিক্ষু সর্ব্বাসু বিষ্ঠিতাঃ—পি।

শান্তিস্বস্তিকরা লোকে দিশাং পালাঃ প্রকীর্ত্তিতাঃ।
যস্যাং যস্যাং দিশি হ্যেতে তন্মুখঃ শরণং ব্রজেৎ ॥৪২॥
স্রষ্টারঃ সর্বভূতানাং কীর্ত্তিতা লোকপাবনাঃ।
সংবর্ত্তো মেরুসাবর্ণো মার্কণ্ডেয়শ্চ ধার্ম্মিকঃ ॥৪৩॥
সাংখ্যযোগৌ নারদশ্চ দুর্বাসাশ্চ মহানৃষিঃ।
অত্যন্ততপসো দান্তাস্ত্রিষু লোকেষু বিশ্রুতাঃ!
অপরে রুদ্রসঙ্কাশাঃ কীর্ত্তিতা ব্রহ্মলৌকিকাঃ ॥৪৪॥ (যুগ্মকম্)
অপুত্রো লভতে পুত্রং দরিদ্রো লভতে ধনম্।
তথা ধর্ম্মার্থকামেষু সিদ্ধিঞ্চ লভতে নরঃ ॥৪৫॥

ভারতকৌমুদী

রাম ইতি। রামো জামদগ্ন্যঃ, ব্যাসঃ কৃষ্ণদ্বৈপায়নঃ, দ্রৌণির্দ্রোণপুত্রঃ, অশ্বত্থামা লোমশশ্চ ইত্যেতে দিব্যা অলৌকিকাশ্চত্বারো মুনয়ঃ, এষামেকৈকঃ সপ্ত সপ্তর্ষিতুল্যঃ, তথা সপ্তধা ভূরাদি-সপ্তলোকেষু সপ্ত প্রকারঃ যদা যল্লোকে তিষ্ঠতি তদা তল্লোকীয় ইত্যর্থঃ ॥৪১॥

শান্তীতি। এতে বর্ত্তন্ত ইতি শেষঃ ॥৪২॥

স্রষ্টার ইতি। স্রষ্টারো বক্ষ্যমাণা মুনয়ঃ স্রষ্টৃতুল্যাঃ। সাংখ্যযোগৌ তদুভয়প্রণেতারৌ কপিলপতঞ্জলী। দান্তা জিতেন্দ্রিয়াঃ। ব্রহ্মলৌকিকা ব্রহ্মলোকস্থিতাঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৩—৪৪॥

অপুত্র ইতি। এষাং নামানি কীর্ত্তয়ন্নিতি শেষঃ ॥৪৫॥

পরশুরাম, বেদব্যাস, দ্রোণপুত্র অশ্বত্থামা ও লোমশ—এই চারিজন অলৌকিক মুনি; ইঁহাদের এক এক জন অন্য সাত সাত জন ঋষির তুল্য এবং ইঁহাদের প্রত্যেক জন ভূপ্রভৃতি সপ্তলোকে বিচরণ করেন ॥৪১॥

এই মুনিরা জগতে শান্তি ও মঙ্গল করিয়া থাকেন এবং ইঁহারা দিক্‌পাল বলিয়া কথিত হন; আর ইঁহারা যে যে দিকে থাকেন, মানুষ সেই সেই মুখ হইয়া ইঁহাদের শরণাপন্ন হইবে ॥৪২॥

আর এই সকল মুনি সমস্ত প্রাণীর সৃষ্টিকর্ত্তার তুল্য ও লোকপাবন বলিয়া অভিহিত হন। সংবর্ত্ত, মেরুসাবর্ণ, ধার্ম্মিক মার্কণ্ডেয়, সাংখ্যপ্রণেতা কপিল, যোগরচয়িতা পতঞ্জলি, নারদ ও মহর্ষি দুর্ব্বাসা—ইঁহারা অত্যন্ত তপস্বী, জিতেন্দ্রিয় এবং ত্রিভুবনে বিখ্যাত; আর রুদ্রতুল্য অন্য অনেক মুনি ব্রহ্মলোক-বাসী বলিয়া কথিত হইয়া থাকেন ॥৪৩—৪৪॥

ইঁহাদের নাম কীর্ত্তন করিলে পুত্রহীন মানুষ পুত্রলাভ করে, দরিদ্র ধন পায় এবং সকলেই ধর্ম্ম, অর্থ ও কাম সিদ্ধিপ্রাপ্ত হইয়া থাকে ॥৪৫॥

পৃথুং বৈণ্যং নৃপবরং পৃথ্বী যস্যাভবৎ সুতা।
প্রজাপতিং সার্বভৌমং কীর্ত্তয়েদ্বসুধাধিপম্ ॥৪৬॥
আদিত্যবংশপ্রভবং মহেন্দ্রসমবিক্রমম্।
পুরূরবসমৈলঞ্চ ত্রিষু লোকেষু বিশ্রুতম্ ॥৪৭॥
বুধস্য দয়িতং পুত্রং কীর্ত্তয়েদ্বসুধাধিপম্।
ত্রিলোকবিশ্রুতং বীরং ভরতঞ্চ প্রকীর্ত্তয়েৎ ॥৪৮॥ (যুগ্মকম্)
গবাময়েন যজ্ঞেন যেনেষ্টং বৈ কৃতে যুগে।
রন্তিদেবং মহাদেবং কীর্ত্তয়েৎ পরমদ্যুতিম্ ॥৪৯॥
বিশ্বজিত্তপসোপেতং লক্ষণ্যং লোকপূজিতম্।
তথা শ্বেতঞ্চ রাজর্ষিং কীর্ত্তয়েৎ পরমদ্যুতিম্ ॥৫০॥
স্থাণুঃ প্রসাদিতো যেন যস্যার্থে হন্ধকো হতঃ।
মহাদেবপ্রসাদেন যেন গঙ্গাবতারিতা ॥৫১॥
ভগীরথঞ্চ রাজর্ষিং কীর্ত্তয়েৎ পরমদ্যুতিম্।
সগরস্যাত্মজা যেন প্লাবিতাস্তারিতাস্তথা ॥৫২॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

পৃথুমিতি। বৈণ্যং বেণনামকরাজপুত্রং পৃথুং নাম ॥৪৬॥

আদিত্যেতি। ঐলম্ ইলায়া গর্ভজাতম্। ভরতং শকুন্তলাপুত্রম্ ॥৪৭—৪৮॥

গবাময়েনেতি। গবাময়েন তদাখ্যেন যজ্ঞেন, ইষ্টং দেবাঃ পূজিতাঃ। মহাদেবং মহারাজম্ ॥৪৯॥

বিশ্বেতি। বিশ্বজিতা যজ্ঞেন যুক্তং তপসা তেন, লক্ষণ্যং সলক্ষণযুক্তম্ ॥৫০॥

পৃথিবী যাঁহার কন্যা হইয়াছিলেন, সেই বেণরাজার পুত্র, প্রজাধিপতি, সার্ব্বভৌম ও রাজশ্রেষ্ঠ পৃথুরাজার নাম কীর্ত্তন করিবে ॥৪৬॥

সূর্য্যবংশোৎপন্ন, ইন্দ্রের তুল্য বিক্রমশালী, ত্রিভুবনবিখ্যাত, ইলার গর্ভজাত এবং বুধের প্রিয়পুত্র রাজা পুরূরবার নাম কীর্ত্তন করিবে; আর ত্রিলোকবিখ্যাত বীর ভরতরাজার নাম উচ্চারণ করিবে ॥৪৭—৪৮॥

যিনি সত্যযুগে গবাময়নামক যজ্ঞদ্বারা দেবগণের সন্তোষ বিধান করিয়াছিলেন; সেই মহাতেজা ও মহারাজ রন্তিদেবের নাম কীর্ত্তন করিবে ॥৪৯॥

যিনি বিশ্বজিৎ যজ্ঞ করিয়াছিলেন এবং যিনি তপস্বী, শুভলক্ষণশালী ও জগৎপূজিত ছিলেন; সেই মহাতেজা রাজর্ষি শ্বেতের নাম উচ্চারণ করিবে ॥৫০॥

---

(৫০) লক্ষণ্যং কামলক্ষণম্—পি।

হুতাশনসমানেতান্মহারূপান্মহৌজসঃ।
উগ্রকায়ান্মহাসত্ত্বান্ কীর্ত্তয়েৎ কীর্ত্তিবর্দ্ধনান্ ॥৫৩॥
দেবানৃষিগণাংশ্চৈব নৃপাংশ্চ জগতীশ্বরান্।
সাংখ্যং যোগঞ্চ পরমং হব্যং কব্যং তথৈব চ ॥৫৪॥
কীর্ত্তিতং পরমং ব্রহ্ম সর্ব্বশ্রুতিপরায়ণম্।
মঙ্গল্যং সর্বভূতানাং পবিত্রং বহুকীর্ত্তিতম্ ॥৫৫॥
ব্যাধিপ্রশমনং শ্রেষ্ঠং পৌষ্টিকং সর্ব্বকর্ম্মণাম্।
প্রয়তঃ কীর্ত্তযেচ্চৈতান্ কল্যং সায়ঞ্চ ভারত ! ॥৫৬॥

ভারতকৌমুদী

স্থাণুরিতি। স্থাণুঃ শিবঃ, অন্ধকো নামাসুরঃ হতঃ শিবেন। সগরস্থ রাজ্ঞঃ, প্লাবিতা গঙ্গাজলেন ॥৫১—৫২॥

হুতেতি। উগ্রকায়ান্ ভীষণদেহান্, মহাসত্ত্বান্ মহাবলান্ ॥৫৩॥

দেবানিতি। হব্যং ঘৃতম্, কব্যমন্নম্, কীর্ত্তয়েদিত্যনুবৃত্তিঃ ॥৫৪॥

কীর্ত্তিতমিতি। কীর্ত্তিতং কুর্য্যাদিতি শেষঃ। সর্ব্বাসামেব শ্রুতীনাং পরায়ণং পরমাশ্রয়ম্ ॥৫৫॥

ব্যাধীতি। ব্যাধিপ্রশমনং রোগনাশকম্, পৌষ্টিকমুন্নতিজনকম্, কল্যং প্রাতঃ ॥৫৬॥

যিনি আরাধনা করিয়া মহাদেবকে প্রসন্ন করিয়াছিলেন; যাঁহার জন্ত মহাদেব অন্ধকাসুরকে বধ করেন, যিনি মহাদেবের অনুগ্রহে গঙ্গাকে হিমালয় হইতে অবতরণ করান এবং যিনি সেই গঙ্গাজলদ্বারা সগররাজার পুত্রগণকে প্লাবিত ও উত্তারিত করেন; সেই মহাতেজা রাজর্ষি ভগীরথের নাম কীর্ত্তন করিবে ॥৫১—৫২॥

অগ্নির তুল্য মহোজ্জ্বল, মহাতেজা ও উগ্রমূর্ত্তি এবং মহাবল ও কীর্ত্তিবর্দ্ধক এই সকল রাজার নাম কীর্ত্তন করিবে ॥৫৩॥

দেবগণ, ঋষিগণ, পৃথিবীর অধিপতি রাজগণ, সাংখ্য, যোগ এবং উৎকৃষ্ট হব্য ও কব্যের নাম উচ্চারণ করিবে ॥৫৪॥

সমস্ত বেদের একমাত্র আশ্রয়, সকল প্রাণীর মঙ্গলজনক, পবিত্র ও বহুকীর্ত্তিত পরব্রহ্মের নাম কীর্ত্তন করিবে ॥৫৫॥

ভরতনন্দন ! মানুষ পবিত্র হইয়া, এই নামকীর্ত্তনকে রোগনাশক ও সমস্ত কার্য্যের শ্রেষ্ঠ উন্নতিজনক মনে করিয়া প্রাতঃকালে ও সন্ধ্যাকালে ইহাদের নাম কীর্ত্তন করিবে ॥৫৬॥

---

(৫৩). উগ্রকোপান্মহাসত্ত্বান্—পি।

এতে বৈ যান্তি বর্ষন্তি ভান্তি বান্তি সৃজন্তি চ।
এতে বিনায়কাঃ শ্রেষ্ঠা দক্ষাঃ ক্ষান্তা জিতেন্দ্রিযাঃ ॥৫৭॥
নরাণামশুভং সর্বে ব্যপোহন্তি প্রকীর্ত্তিতাঃ।
সাক্ষিভূতা মহাত্মানঃ পাপস্য সুকৃতস্য চ ॥৫৮॥
এতান্ বৈ কল্যমুত্থায কীর্ত্তয়ন্ শুভমশ্নুতে।
নাগ্নিচৌরভযং তস্য ন মার্গপ্রতিরোধনম্ ॥৫৯॥
এতান্ কীর্ত্তযতাং নিত্যং দুঃস্বপ্নো নশ্যতে নৃণাম্।
মুচ্যতে সর্বপাপেভ্যঃ স্বস্তিমাংশ্চ গৃহান্ ব্রজেৎ ॥৬০॥
দীক্ষাকালেষু সর্বেষু যঃ পঠেন্নিয়তো দ্বিজঃ।
ন্যাযবানাত্মনি রতঃ ক্ষান্তো দান্তোঽনসূয়কঃ ॥৬১॥
রোগার্ত্তো ব্যাধিযুক্তো বা পঠন্ পাপাৎ প্রমুচ্যতে।
বাস্তুমধ্যে তু পঠতঃ কুলে স্বস্ত্যয়নং ভবেৎ ॥৬২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এত ইতি। যান্তি সর্বত্র গচ্ছন্তি, বর্ষন্তি দয়াং বিতরন্তি, ভান্তি শোভন্তে, বান্তি শুভং বহন্তি, সৃজন্তি আশাং পূরয়ন্তি চ। বিনায়কাঃ ফলদাতারঃ, দক্ষাঃ কর্মনিষ্পাদনে নিপুণাঃ, ক্ষান্তাঃ ক্ষমাশীলাঃ ॥৫৭॥

নরাণামিতি। ব্যপোহন্তি বিনাশয়ন্তি, সাক্ষিভূতা দ্রষ্টারঃ ॥৫৮॥

এতানিতি। মার্গপ্রতিরোধনং গমনে পথো বাধা ভবতি ॥৫৯॥

এতানিতি। দুঃস্বপ্নো দুঃস্বপ্নসূচিতমশুভম্। স্বস্তিমান্ শুভবান্ ॥৬০॥

ইহারা সর্বত্র গমন করেন, দয়া বর্ষণ করিয়া থাকেন, প্রকাশ পান, মঙ্গল-সম্পাদন এবং আশা পূরণ করেন. আর ইহারা শ্রেষ্ঠ সুখসম্পাদক, কার্য্যদক্ষ, ক্ষমাশীল ও জিতেন্দ্রিয় ॥৫৭॥

ইহাদের নাম কীর্ত্তন করিলে, ইহারা সকলে মনুষ্যগণের অমঙ্গল নাশ করেন এবং এই মহাত্মারা মানুষের পাপ ও পুণ্যের সাক্ষিস্বরূপ রহিয়াছেন ॥৫৮॥

মানুষ প্রভাতে শয্যা হইতে উঠিয়া ইহাদের নাম কীর্ত্তন করিয়া মঙ্গল লাভ করে এবং তাহার অগ্নি বা চৌরের ভয় হয় না, কিংবা গমন করিবার সময়ে পথে বিঘ্ন হইতে পারে না ॥৫৯॥

প্রত্যহ ইহাদের নাম কীর্ত্তন করিলে, মানুষের দুঃস্বপ্নসূচিত অমঙ্গল নষ্ট হয় এবং মানুষ সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া থাকে, আর বিদেশ হইতে কুশলে গৃহে আসিতে পারে ॥৬০॥

ক্ষেত্রমধ্যে তু পঠতঃ সর্ব্বং সস্যং প্ররোহতি।
গচ্ছতঃ ক্ষেমমধ্বানং গ্রামান্তরগতঃ পঠন্ ॥৬৩॥
আত্মনশ্চ সুতানাঞ্চ দারাণাঞ্চ ধনস্য চ।
বীজানামোষধীনাঞ্চ রক্ষামেতাং প্রযোজয়েৎ ॥৬৪॥
এতান্ সংগ্রামকালে তু পঠতঃ ক্ষত্রিয়স্য তু।
ব্রজন্তি রিপবো নাশং ক্ষেমঞ্চ পরিবর্ত্ততে ॥৬৫॥
এতান্ দৈবে চ পিত্র্যে চ পঠতঃ পুরুষস্য হি।
ভুঞ্জতে পিতরঃ কব্যং হব্যঞ্চ ত্রিদিবৌকসঃ ॥৬৬॥

ভারতকৌমুদী

দীক্ষেতি। দীক্ষাকালেষু বৈধকার্য্যারম্ভেষু। আত্মনি ব্রহ্মণি। বিশিষ্ট আধির্মানসী ব্যথা তেন যুক্তঃ, পাপাৎ তদ্রোগাদিজনকাৎ। বাস্তমধ্যে বসতিস্থানমধ্যে, স্বস্ত্যয়নং তৎ পঠনং মঙ্গলজনকম্ ॥৬১—৬২॥

ক্ষেত্রেতি। গচ্ছতঃ ক্ষেমং মঙ্গলং ভবেৎ, গ্রামান্তরগতঃ পঠন্ অধ্বানঞ্চ ক্ষেমং লভেতেতি শেষঃ ॥৬৩॥

আত্মন ইতি। এতাম্ এতেষাং নাম কীর্ত্তনরূপাম্, রক্ষাং রক্ষোপায়ম্ ॥৬৪॥

এতানিতি। ক্ষেমং যথা স্যাত্তথা পরিবর্ত্ততে স ক্ষত্রিয়ঃ প্রত্যাগচ্ছতি ॥৬৫॥

এতানিতি। দৈবে পিত্র্যে চ কার্য্যে। ত্রিদিবৌকসো দেবাঃ ॥৬৬॥

ন্যায়নিষ্ঠ, ব্রহ্মধ্যানে নিরত, ক্ষমাশীল, জিতেন্দ্রিয় ও অসূয়াশূন্য যে দ্বিজাতি, পবিত্র হইয়া সমস্ত বৈধকার্য্যের আরম্ভে এই সকল নাম পাঠ করেন; তিনি রোগার্ত্ত বা মনোদুঃখযুক্ত হইলেও তাহার মূল পাপ হইতে মুক্ত হন এবং ভদ্রাসনের মধ্যে থাকিয়া পাঠ করিলে, তাহার সেই পাপ বংশের স্বস্ত্যয়নস্বরূপ হয় ॥৬১—৬২॥

ক্ষেত্রের মধ্যে থাকিয়া পাঠ করিলে সমস্ত শস্য উৎপন্ন হয়, গমনকারীর মঙ্গল হইয়া থাকে এবং অন্য গ্রামগত লোক ইহা পাঠ করিয়া মঙ্গলময় পথ লাভ করে ॥৬৩॥

মানুষ নিজের, পুত্রগণের, ভার্য্যাদের, ধনের, বীজের এবং ওষধির রক্ষার জন্য এই সকল নাম পাঠ করিবে ॥৬৪॥

ক্ষত্রিয় যুদ্ধের সময়ে এই সকল নাম পাঠ করিলে, তাঁহার শত্রুগণ বিনষ্ট হয় এবং তিনি যুদ্ধস্থান হইতে কুশলে ফিরিয়া আসিতে পারেন ॥৬৫॥

মানুষ দৈবকার্য্য বা পিতৃকার্য্যে এই সকল নাম পাঠ করিলে, দেবগণ

(৬৫) জগতঃ ক্ষত্রিয়স্য তু—পি।

ন ব্যাধিশ্বাপদভয়ং ন দ্বিপান্নহি তস্করাৎ।
কশ্মলং লঘুতাং যাতি পাপ্মনা চ প্রমুচ্যতে ॥৬৭॥
যানপাত্রে চ যানে চ প্রবাসে রাজবেশ্মনি।
পরাং সিদ্ধিমবাপ্নোতি সাবিত্রীং হ্যুত্তমাং পঠন্ ॥৬৮॥
ন চ রাজভয়ং তেষাং ন পিশাচান্ন রাক্ষসাৎ।
নাগ্ন্যম্বুপবনব্যালাদ্ভয়ং তস্যোপজায়তে ॥৬৯॥
চতুর্ণামপি বর্ণানামাশ্রমস্য বিশেষতঃ।
করোতি সততং শান্তিং সাবিত্রীমুত্তমাং পঠন্ ॥৭০॥
নাগ্নির্দহতি কাষ্ঠানি সাবিত্রী যত্র পঠ্যতে।
ন তত্র বালো ম্রিয়তে ন চ তিষ্ঠন্তি পন্নগাঃ ॥৭১॥
ন তেষাং বিদ্যতে দুঃখং গচ্ছন্তি পরমাং গতিম্।
যে শৃণ্বন্তি মহদ্‌ব্রহ্ম সাবিত্রীগুণকীর্ত্তনম্ ॥৭২॥

ভারতকৌমুদী

নেতি। দ্বিপাদ্‌গজাৎ। কশ্মলং মোহঃ ॥৬৭॥
যানেতি। যানপাত্রে নৌকাদৌ, যানে শকটাদৌ, সাবিত্রীং গায়ত্রীম্ ॥৬৮॥
নেতি। ব্যালঃ সর্পঃ, তস্য সাবিত্রীং পঠতঃ ॥৬৯॥
চতুর্ণামিতি। আশ্রমস্য ব্রহ্মচর্য্যাদ্যাশ্রমচতুষ্টয়স্য ॥৭০॥
নেতি। বালঃ অপ্রাপ্তবয়স্কঃ, পন্নগাঃ সর্পাঃ ॥৭১॥

তাহার দত্ত হব্য ভোজন করেন এবং পিতৃগণ তাহার দত্ত কব্য গ্রহণ করিয়া থাকেন ॥৬৬॥

সেই মহাপুরুষগণের নাম কীর্ত্তন করিলে, তাহার রোগ, হিংস্র জন্তু, হস্তী বা চৌরের ভয় হয় না এবং মোহ লঘু হইযা যায়; আর সেই ব্যক্তি পাপ হইতে মুক্ত হয় ॥৬৭॥

মন্ত্রের মধ্যে উত্তম গায়ত্রী মন্ত্র জপ করিলে মানুষ জলযান, স্থলযান, বিদেশ ও রাজভবনে পরম সিদ্ধি লাভ করে ॥৬৮॥

সেই গায়ত্রীজপকারী লোকের রাজভয়, পিশাচভয় ও রাক্ষসভয় হয় না এবং তাহার অগ্নি, জল, বায়ু ও সর্পের ভয়ও হইতে পারে না ॥৬৯॥

সর্ব্বোত্তম গায়ত্রীজপকারী মানুষ চারিবর্ণের বিশেষতঃ চারিটী আশ্রমের সর্বদাই শান্তি বিধান করিয়া থাকেন ॥৭০॥

যে স্থানে গায়ত্রী জপ হয়, সেই স্থানে অগ্নি কাষ্ঠ দগ্ধ করে না, বালক মরে না এবং সর্প থাকে না ॥৭১॥

গবাং মধ্যে তু পঠতো গাবোঽস্য বহুবৎসলাঃ।
প্রস্থানে বা প্রবাসে বা সর্ব্বাবস্থাং গতঃ পঠেৎ ॥৭৩॥
জপতাং জুহ্বতাং চৈব নিত্যঞ্চ প্রযতাত্মনাম্।
ঋষীণাং পরমং জপ্যং গুহ্যমেতন্নরাধিপ ! ॥৭৪॥
যাথাতথ্যেন সিদ্ধস্য ইতিহাসং পুরাতনম্।
পরাশরমতং দিব্যং শক্রায় কথিতং পুরা ॥৭৫॥
তদেতত্তে সমাখ্যাতং তথ্যং ব্রহ্মসনাতনম্।
হৃদয়ং সর্ব্বভূতানাং শ্রুতিরেষা সনাতনী ॥৭৬॥
সোমাদিত্যান্বয়াঃ সর্ব্বে রাঘবাঃ কুরবস্তথা।
পঠন্তি শুচয়ো নিত্যং সাবিত্রীং পরমাং গতিম্ ॥৭৭॥

ভারতকৌমুদী

নেতি। ব্রহ্ম ব্রহ্মরূপা যা সাবিত্রী গায়ত্রী তস্যা গুণকীর্ত্তনম্ ॥৭২॥
গবামিতি। বহুবৎসলা বহুবৎসযুক্তা গাবো ভবন্তি ॥৭৩॥
জপতামিতি। এতৎ সাবিত্রীরূপং ব্রহ্ম জপ্যং গুহ্যঞ্চ ॥৭৪॥
যাথেতি। যাথাতথ্যেন যথার্থরূপেণ পঠিতম্ ॥৭৫॥
তদিতি। এতৎ সাবিত্রীরূপম্। হৃদয়ং হৃদয়ংবাদরণীয়ম্ ॥৭৬॥
সোমেতি। সোমাদিত্যান্বয়াশ্চন্দ্রসূর্য্যবংশীয়াঃ। পঠন্তি জপন্তি ॥৭৭॥

যাঁহারা পরব্রহ্মরূপা গায়ত্রীর সহস্র গুণকীর্ত্তন শ্রবণ করেন, তাঁহাদের দুঃখ থাকে না এবং তাঁহারা উত্তম গতি লাভ করেন ॥৭২॥

যিনি গোগণের মধ্যে পাঠ করেন, তাঁহার বহু বৎসযুক্ত গো হয়। মানুষ গমনের সময়ে কিংবা বিদেশে থাকিবার কালে, এমন কি সমস্ত অবস্থাতেই এই সকল নাম পাঠ করিতে পারে ॥৭৩॥

নরনাথ! যে সকল ঋষি সংযতচিত্ত হইয়া প্রত্যহ জপ ও হোম করেন, তাঁহাদের পক্ষে এই গায়ত্রী মন্ত্র প্রধান জপ্য ও গোপ্য ॥৭৪॥

পূর্ব্বকালে পরাশরসম্মত অলৌকিক ও পুরাতন এই সিদ্ধ পুরুষগণের ইতিহাস পরাশরই যথাযথভাবে ইন্দ্রের নিকট বলিয়াছিলেন ॥৭৫॥

যুধিষ্ঠির! এই আমি তোমার নিকট সেই সত্য ও সনাতন ব্রহ্ম বলিলাম, ইহা সমস্ত প্রাণীর হৃদয়স্বরূপ, একথা সনাতন বেদের বাক্য ॥৭৬॥

সমস্ত চন্দ্রবংশীয়, সূর্য্যবংশীয়, রঘুবংশীয় ও কুরুবংশীয়েরা পবিত্র হইয়া প্রত্যহ পরম গতিস্বরূপ গায়ত্রী জপ করিয়া থাকেন ॥৭৭॥

(৭৫) যাথাতথ্যেন সঙ্গম্য—পি।

অভ্যাসে নিত্যং দেবানাং সপ্তর্ষীণাং ধ্রুবস্য চ।
মোক্ষণং সর্ব্বকৃচ্ছ্রাণাং মোচয়ত্যশুভাৎ সদা ॥৭৮॥
বৃদ্ধৈঃ কাশ্যপগৌতমপ্রভৃতিভির্ভৃগ্বঙ্গিরোঽত্র্যাদিভিঃ
শুক্রাগস্ত্যবৃহস্পতিপ্রভৃতিভির্ব্রহ্মর্ষিভিঃ সেবিতম্।
ভারদ্বাজমতম্ ঋচীকতনয়ৈঃ প্রাপ্তং বসিষ্ঠাৎ পুনঃ
সাবিত্রীমধিগম্য শক্রবসুভিঃ কৃৎস্না জিতা দানবাঃ ॥৭৯॥
যো গোশতং কনকশৃঙ্গময়ং দদাতি
বিপ্রায় বেদবিদুষে সুবহুশ্রুতায়।
দিব্যাঞ্চ ভারতকথাং কথয়েচ্চ নিত্যং
তুল্যং ফলং ভবতি তস্য চ তস্য চৈব ॥৮০॥
ধর্ম্মো বিবর্দ্ধতি ভৃগোঃ পরিকীর্ত্তনেন
বীর্য্যং বিবর্দ্ধতি বসিষ্ঠনমো নতেন।
সংগ্রামজিদ্ভবতি চৈব রঘুং নমস্যন্
স্যাদশ্বিনৌ চ পরিকীর্ত্তয়তো ন রোগঃ ॥৮১॥

ভারতকৌমুদী

অভ্যাস ইতি। অভ্যাসে সমীপে, যে জপন্তি তেষাং মোক্ষণং তান্ মোচয়তি চ ॥৭৮॥
বৃদ্ধৈরিতি। সেবিতং গায়ত্রীরূপং ব্রহ্ম জপ্তম্। ঋচীকতনয়ৈর্জমদগ্নিপ্রভৃতিভিঃ, অধিগম্য উপাস্য। শার্দ্দূলবিক্রীড়িতং বৃত্তম্ ॥৭৯॥
য ইতি। ভারতকথাং ভরতরাজোপাখ্যানম্। অত্র পরত্র চ বসন্ততিলকা বৃত্তম্ ॥৮০॥

যিনি প্রত্যহ দেবগণ, সপ্তর্ষিগণ ও ধ্রুবনক্ষত্রের বিগ্রহের নিকটে গায়ত্রী জপ করেন; তাঁহার সমস্ত দুঃখ হইতে মুক্তি হয় এবং গায়ত্রীই তাঁহাকে অমঙ্গল হইতে মুক্ত করেন ॥৭৮॥

কাশ্যপ, গৌতম, ভৃগু, অঙ্গিরা, অত্রিপ্রভৃতি বৃদ্ধগণ, শুক্র, অগস্ত্য ও বৃহস্পতিপ্রভৃতি ব্রহ্মর্ষিগণ এই গায়ত্রী জপ করিয়া আসিতেছেন; ইহা ভরদ্বাজেরও অভিমত এবং ঋচীকমুনির পুত্রেরা বসিষ্ঠের নিকট হইতে এই গায়ত্রী মন্ত্র লাভ করিয়াছেন; আর ইন্দ্র ও বসুগণ এই গায়ত্রী জপ করিয়া সমস্ত দানবকে জয় করিয়াছেন ॥৭৯॥

যে লোক বেদবিৎ ও বহুশাস্ত্রজ্ঞ ব্রাহ্মণকে স্বর্ণশৃঙ্গযুক্ত শত গোদান করে এবং যে লোক প্রত্যহ অলৌকিক ভরতরাজার উপাখ্যান বলে, তাহাদের দুই জনেরই সমান ফল হয় ॥৮০॥

---

(৭৮) অভ্যাসো নিত্যং দেবানাম্—পি।

(৮০) পুণ্যাঞ্চ ভারতকথাং শৃণুয়াচ্চ নিত্যম্—পি।

এষা তে কথিতা রাজন্! সাবিত্রী ব্রহ্মশাশ্বতী।
বিবক্ষুরসি যচ্চান্যত্তত্তে বক্ষ্যামি ভারত ॥৮২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে সাবিত্রীমন্ত্রকথনে অষ্টাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ঊনত্রিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

যুধিষ্ঠির উবাচ।

কে পূজ্যাঃ কে নমস্কার্য্যাঃ কথং বর্ত্তেত কেষু চ।
কিমাচারঃ কীদৃশেষু পিতামহ! ন রিষ্যতে ॥১॥

ভারতকৌমুদী

ধর্ম্ম ইতি। বশিষ্ঠায় নমো নমস্করণায় নতেন প্রণামেন। অশ্বিনৌ অশ্বিনীকুমারদ্বয়ম্ ॥৮১॥

এষেতি। ব্রহ্ম ব্রহ্মরূপা, শাশ্বতী সনাতনী। বিবক্ষুর্বক্তুং প্রষ্টুমিচ্ছুঃ ॥৮২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে অষ্টাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ক ইতি। কথং কীদৃশম্। ন রিষ্যতে বিপদা ন হিংস্যতে ॥১॥

ভৃগুর নাম কীর্ত্তন করিলে ধর্ম্ম বৃদ্ধি পায়, বসিষ্ঠকে নমস্কার করিলে বল বৃদ্ধি হইয়া থাকে, রঘুকে নমস্কার করিলে যুদ্ধে জয় করিতে পারে এবং অশ্বিনীকুমারদ্বয়ের নাম কীর্ত্তন করিলে রোগ হয় না ॥৮১॥

ভরতনন্দন রাজা! এই আমি তোমার নিকট পরব্রহ্মরূপা সনাতনী গায়ত্রীর কথা বলিলাম; তুমি অন্য যাহা জিজ্ঞাসা করিতে ইচ্ছা কর, তাহাও বলিব' ॥৮২॥

—:*:—

যুধিষ্ঠির বলিলেন—'পিতামহ। কাহারা পূজনীয়? কাহাদিগকে নমস্কার করা উচিত? কাহাদের প্রতি কি প্রকার ব্যবহার করা কর্ত্তব্য এবং কীদৃশ ব্যক্তিদের প্রতি কি প্রকার ব্যবহার করিলে মানুষ ক্ষতিগ্রস্ত হয় না?' ॥১॥

* '...পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ।

ভীষ্ম উবাচ।

ব্রাহ্মণানাং পরিভবঃ সাদয়েদপি দেবতাঃ।
ব্রাহ্মণানাং নমস্কৃত্য যুধিষ্ঠির! ন রিষ্যতে ॥২॥
তে পূজ্যাস্তে নমস্কার্য্যা বর্ত্তেথাস্তেষু পুত্রবৎ।
তে হি লোকানিমান্ সর্ব্বান্ ধারয়ন্তি মনীষিণঃ ॥৩॥
ব্রাহ্মণাঃ সর্বলোকানাং মহান্তো ধর্ম্মসেতবঃ।
ধনত্যাগাভিরামাশ্চ বাক্সংযমরতাশ্চ যে ॥৪॥
রমণীযাশ্চ ভূতানাং নিদানঞ্চ ধৃতব্রতাঃ।
প্রণেতারশ্চ লোকানাং শাস্ত্রাণাঞ্চ যশস্বিনঃ ॥৫॥
তপো যেষাং ধনং নিত্যং বাক্ চৈব বিপুলং বলম্।
প্রভবশ্চৈব ধর্ম্মাণাং ধর্ম্মজ্ঞাঃ সূক্ষ্মদর্শিনঃ ॥৬॥
ধর্ম্মকামাঃ স্থিতা ধর্ম্মে সুকৃতে ধর্ম্মসেতবঃ।
যান্ সমাশ্রিত্য জীবন্তি প্রজাঃ সর্ব্বাশ্চতুর্ব্বিধাঃ ॥৭॥

ভারতকৌমুদী

ব্রাহ্মণানামিতি। সাদযেদবসন্নীকুর্য্যাৎ ॥২॥

ত ইতি। তে ব্রাহ্মণাঃ। ধারযন্তি রক্ষন্তি ॥৩॥

ব্রাহ্মণা ইতি। ধর্ম্মাণাং সেতবঃ প্রাপকাঃ। ধনানাং ত্যাগেন উপেক্ষয়া অভিরামা মনোজ্ঞাঃ ॥৪॥

রমণীয়া ইতি। ভূতানাং প্রাণিনাম্, নিদানং মঙ্গলকারণম্। প্রণেতারঃ সৎপথে পরিচালকাঃ রচয়িতারশ্চ ॥৫॥

ভীষ্ম বলিলেন—'যুধিষ্ঠির! ব্রাহ্মণগণের প্রতি তিরস্কার দেবগণকেও অবসন্ন করে, আবার ব্রাহ্মণগণকে নমস্কার করিয়া মানুষ ক্ষতিগ্রস্ত হয় না ॥২॥

সেই ব্রাহ্মণেরা পূজনীয়; তাঁহাদিগকে নমস্কার করা উচিত এবং তুমি তাঁহাদের নিকটে পুত্রের ন্যায় থাকিবে; কারণ, সেই জ্ঞানী ব্রাহ্মণেরা এই সমস্ত লোক রক্ষা করিতেছেন ॥৩॥

যাঁহারা ধন উপেক্ষা করায় মনোহর এবং বাক্সংযমে নিরত থাকেন, সেই ব্রাহ্মণেরা বিশাল ধর্ম্মের সেতু ॥৪॥

ব্রতনিষ্ঠ যশস্বী ব্রাহ্মণেরা মনোহর, প্রাণিগণের মঙ্গলের কারণ, লোকসমাজের নেতা এবং শাস্ত্রসমূহের রচয়িতা ॥৫॥

পন্থানঃ সর্ব্বনেতারো যজ্ঞবাহাঃ সনাতনাঃ।
পিতৃপৈতামহীং গুর্ব্বীমুদ্বহন্তি ধুরং সদা ॥৮॥
ধুরি যে নাবসীদন্তি বিষমে সদ্গবা ইব।
পিতৃদেবাতিথিমুখা হব্যকব্যাগ্রভোজিনঃ ॥৯॥
ভোজনাদেব লোকাংস্ত্রীংস্ত্রায়ন্তে মহতো ভয়াৎ।
দীপাঃ সর্ব্বস্য লোকস্য চক্ষুশ্চক্ষুষ্মতামপি ॥১০॥
সর্বশিক্ষাঃ শ্রুতিধনা নিপুণাঃ সূক্ষ্মদর্শিনঃ।
গতিজ্ঞাঃ সর্বভূতানামধ্যাত্মগতিচিন্তকাঃ ॥১১॥
আদিমধ্যাবসানানাং জ্ঞাতারশ্ছিন্নসংশযাঃ।
পরাবরবিশেষজ্ঞা গন্তারঃ পরমাং গতিম্ ॥১২॥

ভাবতকৌমুদী

তপ ইতি। প্রভবত্যস্মাদিতি প্রভবঃ কারণম্। সুকৃতে সুষ্ঠু বিহিতে চতুর্ব্বিধা জরায়ুজাণ্ডজস্বেদজোদ্ভিজ্জাঃ, ব্রাহ্মণানাং দয়ালুতয়া সর্ব্বেষামেব মঙ্গলকরণাদিতি ভাবঃ। পন্থানঃ সৎপথপ্রদর্শকাঃ, সর্ব্বেষামেব নেতারঃ পরিচালকাঃ, যজ্ঞান্ বহন্তি সম্পাদয়ন্তীতি তে। ধুরং ভারম্, 'ধুরি সর্ব্বরক্ষাভারবহনে', বিষমে উচ্চাবচে স্থানে। পিতৃদেবতিথীনাং মুখা বদনস্বরূপাঃ তন্মুখেনৈব তেষাং ভোজনাদিত্যাশয়ঃ। দীপাঃ সর্ব্বপ্রকাশকত্বাৎ। সর্ব্বান্ শিক্ষয়ন্তীতি সর্ব্বশিক্ষাঃ, শ্রুতির্ব্বেদ এব ধনং যেষাং তে, নিপুণাঃ কার্য্যদক্ষাঃ, গতিজ্ঞা অবস্থাবিদঃ, অধ্যাত্মগতিচিন্তকা দেহাত্মাবস্থাভাবকাঃ, আদিমধ্যাবসানানাং জগতঃ। পরাবরবিশেষজ্ঞা উৎকৃষ্টাপকৃষ্টভেদবিদঃ। বিমুক্তা বিষয়বিরক্তাঃ, ধৃতপাপ্মানঃ তপসা নাশিতপাপাঃ, নির্দ্বন্দ্বাঃ

তপস্যাই সর্ব্বদা যাঁহাদের ধন, বাক্যই যাঁহাদের প্রচুর বল এবং যাঁহারা ধর্ম্মের কারণ, ধর্ম্মজ্ঞ, সূক্ষ্মদর্শী, ধর্ম্মকামী, সুষ্ঠু বিহিত ধর্ম্মে অবস্থিত ও ধর্ম্মের সেতুস্বরূপ, চতুর্ব্বিধ সমস্ত প্রাণী যাঁহাদিগকে অবলম্বন করিয়া জীবিত থাকে, যাঁহারা সৎপথপ্রদর্শক, সকলের নেতা, চিরন্তন যজ্ঞসম্পাদক এবং সর্ব্বদা সমস্ত জাতির পিতৃপিতামহ বাহ্য, গুরুতর ভার বহন করেন, উচ্চ নীচস্থানে উত্তম বৃষগণের ন্যায় যাঁহারা ভার বহন করিয়াও অবসন্ন হন না; যাঁহারা পিতৃগণ, দেবগণ ও অতিথিগণের মুখস্বরূপ এবং হব্য ও কব্যের অগ্রভাগ ভোজন করেন; যাঁহারা কেবল ভোজন করিয়াই গুরুতর ভয় হইতে ত্রিভুবনকে রক্ষা করেন, যাঁহারা সমস্ত লোকের প্রদীপস্বরূপ এবং চক্ষুষ্মান্ লোকদিগেরও চক্ষুস্বরূপই থাকেন; যাঁহারা সকলের শিক্ষক, বেদরূপ ধনসম্পন্ন, সমস্ত কার্য্যে নিপুণ, সূক্ষ্মদর্শী, সকল প্রাণীর অবস্থাভিজ্ঞ, অধ্যাত্মচিন্তা-

---

(১০) দীপঃ সর্ব্বস্য লোকস্য—বঙ্গ বর্দ্ধ।

বিমুক্তা ধূতপাপ্মানো নির্দ্বন্দ্বা নিষ্পরিগ্রহাঃ।
মানার্হা মানিতা নিত্যং জ্ঞানবিদ্ভির্ম্মহাত্মভিঃ ॥১৩॥
চন্দনে মলপঙ্কে চ ভোজনেঽভোজনে সমাঃ।
সমং যেষাং দুকূলঞ্চ তথা ক্ষৌমাজিনানি চ। ১৪॥
তিষ্ঠেয়ুরপ্যভুঞ্জানা বহূনি দিবসান্যপি।
শোষয়েয়ুশ্চ গাত্রাণি স্বাধ্যায়ৈঃ সংযতেন্দ্রিয়াঃ ॥১৫॥ (কুলকম্)
অদৈবং দৈবতং কুর্য্যুর্দৈবতং বাপ্যদৈবতম্।
লোকানন্যান্ সৃজেয়ুস্তে লোকপালাংশ্চ কোপিতাঃ ॥১৬॥
অপেয়ঃ সাগরো যেষামপি শাপান্মহাত্মনাম্।
যেষাং কোপাগ্নিরদ্যাপি দণ্ডকে নোপশাম্যতি ॥১৭॥
দেবানামপি যে দেবাঃ কারণং কারণস্য চ।
প্রমাণস্য প্রমাণঞ্চ কস্তানভিভবেদ্বুধঃ ॥১৮॥

ভারতকৌমুদী

শীতোষ্ণাদিদ্বন্দ্বদুঃখরহিতাঃ, নিষ্পরিগ্রহাঃ উপেক্ষাবন্তঃ, জ্ঞায়তে এভিরিতি জ্ঞানাদিশাস্ত্রাণি তানি বিদন্তীতি তৈঃ। মলপঙ্কে বিষ্ঠাদৌ। দুকূলং সূত্রবস্ত্রম্, স্বাধ্যায়ৈর্বেদপাঠৈঃ ॥৬—১৫॥

অদৈবমিতি। অদৈবং দেবভিন্নং মনুষ্যাদিকম্, দৈবতং দৈবম্ ॥১৬॥

অপেয় ইতি। দণ্ডকে দণ্ডকারণ্যে। শুক্রকন্যা অরজানাম্নী দণ্ডকেন রাজ্ঞা ধর্ষিতেতি শুক্রশাপাৎ তদীয়রাজ্যং দণ্ডকারণ্যতয়া পরিণতম্ ॥১৭॥

দর্শী, জগতের আদি, মধ্য ও অবসানের অভিজ্ঞ, সংশয়শূন্য, উৎকৃষ্ট ও অপকৃষ্টের তারতম্যবিৎ, উত্তম গতি লাভের অধিকারী, বৈরাগ্যযুক্ত, পাপবিহীন, শীতোষ্ণাদিদ্বন্দ্বদুঃখসহিষ্ণু, উপেক্ষাশীল, সম্মানের যোগ্য এবং সর্ব্বদা প্রশস্ত শাস্ত্রজ্ঞগণকর্তৃক সম্মানিত, আর যাঁহারা চন্দনে ও বিষ্ঠায় সমান জ্ঞান করেন, ভোজনে ও উপবাসে সমান থাকেন এবং যাঁহাদের মনে সূত্রবস্ত্র, ক্ষৌমবস্ত্রও পশুচর্ম্ম তুল্য বলিয়া বিবেচিত হয়, সেই সংযতেন্দ্রিয় ব্রাহ্মণেরা ভোজন না করিয়াও বহু দিন থাকিতে পারেন এবং বেদপাঠে নিরত থাকিয়া দেহ শুষ্ক করিয়া থাকেন ॥৬—১৫॥

সেই ব্রাহ্মণেরা ক্রুদ্ধ হইয়া অদেবতাকে দেবতা এবং দেবতাকেও অদেবতা করিতে পারেন, এমন কি অন্যান্য জগৎ ও লোকপালগণকে সৃষ্টি করিতে সমর্থ হন ॥১৬॥

যে মহাত্মাদের অভিসম্পাতে সমুদ্রও পানের অযোগ্য হয় এবং যাঁহাদের কোপানল অদ্যাপি দণ্ডকারণ্যে নির্ব্বাণ হয় নাই ॥১৭॥

যেষাং বৃদ্ধশ্চ বালশ্চ সর্ব্বঃ সম্মানমর্হতি।
তপো বিদ্যা বিশেষাত্তু মানয়ন্তি পরস্পরম্ ॥১৯॥
অবিদ্বান্ ব্রাহ্মণো দেবঃ পাত্রং বৈ পাবনং মহৎ।
বিদ্বান্ ভূয়স্তরো দেবঃ পূর্ণসাগরসন্নিভঃ ॥২০॥
অবিদ্বাংশ্চৈব বিদ্বাংশ্চ ব্রাহ্মণো দৈবতং মহৎ।
প্রণীতশ্চাপ্রণীতশ্চ যথাগ্নির্দৈবতং মহৎ ॥২১॥
শ্মশানে হ্যপি তেজস্বী পাবকো নৈব দুষ্যতি।
হবির্যজ্ঞে চ বিধিবদ্গৃহ এব বিশোভতে ॥২২॥
এবং যদ্যপ্যনিষ্টেষু বর্ত্ততে সর্ব্বকর্ম্মসু।
সর্বথা ব্রাহ্মণো মান্যো দৈবতং বিদ্ধি তৎপরম্ ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে ব্রাহ্মণপ্রশংসায়াম্ ঊনত্রিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

দেবানামিতি। সুখস্য কারণং ধর্ম্মঃ তস্য চ কারণং ব্রাহ্মণ ইতি ভাবঃ, প্রমাণস্য বেদস্য প্রমাণং ব্রাহ্মণঃ সযুক্তিকযথাযথব্যাখ্যানাৎ ॥১৮॥

যেষামিতি। পরস্পরং তাদৃশো ব্রাহ্মণস্তপো বিদ্যাঞ্চ মানযতি, তপো বিদ্যে চ তাদৃশং ব্রাহ্মণং মানয়ত ইতি ভাবঃ ॥১৯॥

অবিদ্বানিতি। পাত্রং দানস্থানম্। ভূয়স্তরঃ সাতিশয়ঃ ॥২০॥

অবিদ্বানিতি। দৈবতং দেবতাতুল্যঃ। প্রণীতো মন্ত্রৈঃ সংস্কৃতঃ ॥২১॥

শ্মশান ইতি। পাবকো বহ্নিঃ। এবশব্দস্তু শব্দার্থে ॥২২॥

যাঁহারা দেবগণেরও দেবতা, কারণেরও কারণ এবং প্রমাণেরও প্রমাণ; কোন্ বুদ্ধিমান্ মানুষ তাঁহাদিগকে অভিভূত করে? ॥১৮॥

যাঁহাদের বৃদ্ধ বা বালক সকলেই সম্মানের যোগ্য; তাঁহাদের তপস্যা ও বিদ্যা বিশেষভাবে থাকিলে, সেই তপস্যা ও বিদ্যা এবং ব্রাহ্মণ পরস্পর সম্মানজনক হইয়া থাকেন ॥১৯॥

ব্রাহ্মণ বিদ্যাশূন্য হইলেও দেবতাস্বরূপ এবং দানের পাত্রও মহাপবিত্রতাজনক; আর বিদ্বান্ হইলেও পূর্ণ সমুদ্রের ন্যায় অধিকতর দেবতাস্বরূপ ॥২০॥

মন্ত্রদ্বারা সংস্কৃতই হউক বা অসংস্কৃতই হউক, অগ্নি যেমন মহাদেবতা, তেমন বিদ্বানই হউন বা অবিদ্বানই হউন, ব্রাহ্মণ মহাদেবতা ॥২১॥

তেজস্বী অগ্নি শ্মশানেও দূষিত হয় না; কিন্তু গৃহে যথাবিধানে হবিঃসম্পাদিত যজ্ঞেও বিশেষভাবেই শোভা পায় ॥২২॥

---

(২৩) ভূয় এবাভিশোভতে—পি। * '...একপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ।

ত্রিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

যুধিষ্ঠির উবাচ।

কাং তু ব্রাহ্মণপূজায়াং ব্যুষ্টিং দৃষ্ট্বা জনাধিপ !।
কাং বা কর্ম্মোদয়ং মত্বা তানর্চ্চসি মহামতে ! ॥১॥

ভীষ্ম উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
পবনস্য চ সংবাদমর্জ্জুনস্য চ ভারত ! ॥২॥
সহস্রভুজভৃচ্ছ্রীমান্ কার্ত্তবীর্য্যোঽভবৎ প্রভুঃ।
অস্য লোকস্য সর্ব্বস্য মাহিষ্মত্যাং মহাবলঃ ॥৩॥

ভারতকৌমুদী

এবমিতি। বর্ত্ততে ব্রাহ্মণঃ। পরং শ্রেষ্ঠম্ ॥২৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে উনত্রিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

কামিতি। ব্যুষ্টিং ফলম্, "ব্যুষ্টিঃ স্তুতিঃ ফলর্দ্ধিষু" ইতি হেমচন্দ্রঃ। কর্ম্মণ উদয়মুৎপত্তিম্ ॥১॥

অত্রেতি। পবনস্য বায়োঃ, অর্জ্জুনস্য কার্ত্তবীর্য্যস্য ॥২॥

সহস্রেতি। কৃতবীর্য্যস্যাপত্যমিতি কার্ত্তবীর্য্যঃ। মাহিষ্মত্যাং নগর্য্যাম্ ॥৩॥

যুধিষ্ঠির! এইরূপ ব্রাহ্মণ যদি সমস্ত অনিষ্ট কার্য্যেও প্রবৃত্ত হন, তথাপি তিনি সর্ব্বপ্রকারে মাননীয়; অতএব তুমি সেই ব্রাহ্মণকে পরম দেবতা বলিয়া অবগত হও' ॥২৩॥

—:*:—

যুধিষ্ঠির বলিলেন—'মহামতি নরনাথ! আপনি ব্রাহ্মণপূজায় কি ফল দেখিয়া এবং কোন্ কর্ম্মের সিদ্ধি হয় মনে করিয়া ব্রাহ্মণগণের পূজা করেন?' ॥১॥

ভীষ্ম বলিলেন—'ভরতনন্দন! এই বিষয়েও বৃদ্ধেরা বায়ু ও কার্ত্তবীর্য্যার্জ্জুনের সংবাদরূপ প্রাচীন বৃত্তান্তের উল্লেখ করিয়া থাকেন ॥২॥

---

(১) কাং তু ··কং বা কর্ম্মোদয়ং দৃষ্ট্বা ··পি।

স তু রত্নাকরবতীং সদ্বীপাং সাগরাম্বরাম্।
শশাস পৃথিবীং সর্বাং হৈহয়ঃ সত্যবিক্রমঃ ॥৪॥
স্ববিত্তং তেন দত্তং তু দত্তাত্রেয়ায় কারণে।
ক্ষত্রধর্ম্মং পুরস্কৃত্য বিনয়ং শ্রুতমেব চ ॥৫॥
আরাধয়ামাস চ তং কৃতবীর্য্যাত্মজো মুনিম্।
ন্যমন্ত্রয়ত সন্তুষ্টো দ্বিজশ্চৈনং বরৈস্ত্রিভিঃ ॥৬॥
স বরৈশ্ছন্দিতস্তেন নৃপো বচনমব্রবীৎ।
সহস্রবাহুর্ভূয়াং বৈ চমূমধ্যে গৃহেঽন্যথা ॥৭॥
মম বাহুসহস্রং তু পশ্যন্তাং সৈনিকা রণে।
বিক্রমেণ মহীং কৃৎস্নাং জয়েয়ং সংশিতব্রত ! ॥৮॥

ভারতকৌমুদী

স ইতি। রত্নাকরবতীং রত্নখনিযুক্তাম্। হৈহয়স্তদ্বংশীয়ঃ ॥৪॥
স্বেতি। কারণে কস্মিংশ্চিন্নিমিত্তে। শ্রুতং শাস্ত্রজ্ঞানম্ ॥৫॥
আরাধেতি। দ্বিজো দত্তাত্রেয়ঃ, বরৈর্বরদানাঙ্গীকারেণ ॥৬॥
স ইতি। ছন্দিতঃ অভ্যর্থিতঃ। চমূমধ্যে সৈন্যমধ্যে, অন্যথা দ্বিবাহুরেব ॥৭॥
মমেতি। হে সংশিতব্রত ! দৃঢ়তপোনিয়ম ! ॥৮॥

পূর্ব্বকালে সহস্রবাহুশালী, রাজ্যসম্পত্তিসম্পন্ন ও মহাবল কার্ত্তবীর্য্যার্জ্জুন এই সমস্ত লোকের রাজা ছিলেন ॥৩॥

যথার্থবিক্রমশালী হৈহয়বংশীয় সেই কার্ত্তবীর্য্যার্জ্জুন সমস্ত দ্বীপযুক্ত রত্ন-খনিসম্পন্ন ও সমুদ্রবেষ্টিত সমগ্র পৃথিবী শাসন করিতেন ॥৪॥

তিনি কোন কারণে ক্ষত্রিয়ধর্ম্ম, শিক্ষা ও শাস্ত্রজ্ঞান অনুসারে দত্তাত্রেয় মুনিকে নিজের ধন দান করিয়াছিলেন ॥৫॥

কার্ত্তবীর্য্যার্জ্জুন দত্তাত্রেয় মুনির আরাধনা করিয়াছিলেন ; তাহাতে সন্তুষ্ট হইয়া দত্তাত্রেয় মুনি তিনটি বর দান করিবেন বলিয়া কার্ত্তবীর্য্যার্জ্জুনকে আহ্বান করিলেন ॥৬॥

দত্তাত্রেয় তিনটী বর দিবেন বলিয়া অভ্যর্থনা করিলে, কার্ত্তবীর্য্যার্জ্জুন এই কথা বলিলেন—'আমি যেন সৈন্যমধ্যে সহস্র বাহু হই এবং গৃহে যেন দ্বিবাহুই থাকি ॥৭॥

দৃঢ়ব্রতশালী মহর্ষি ! সৈন্যেরা যেন যুদ্ধমধ্যে আমার সহস্র বাহু দেখিতে পায় এবং আমি যেন বিক্রমদ্বারা সমগ্র পৃথিবী জয় করিতে পারি ॥৮॥

(৮) জয়েয়ং বিপুলব্রত !—পি।

তাঞ্চ ধর্ম্মেণ সংপ্রাপ্য পালয়েয়মতন্দ্রিতঃ।
চতুর্থং তু বরং যাচে ত্বামহং দ্বিজসত্তম! ॥৯॥
তং মমানুগ্রহকৃতে দাতুমর্হস্যনিন্দিত!।
অনুশাসন্তু মাং সন্তো মিথ্যোদ্বৃত্তং ত্বদাশ্রয়ম্ ॥১০॥
ইত্যুক্তঃ স দ্বিজঃ প্রাহ তথাস্ত্বিতি নরাধিপম্।
এবং সমভবংস্তস্য বরাস্তে দীপ্ততেজসঃ ॥১১॥
ততঃ স রথমাস্থায় জ্বলনার্কসমদ্যুতিম্।
অব্রবীদ্বীর্য্যসম্মোহাৎ কো বাস্তি সদৃশো মম ॥১২॥
ধৈর্য্যৈর্বীর্য্যৈর্যশঃ শৌর্য্যৈর্ব্বিক্রমেণৌজসাপি বা।
তদ্বাক্যান্তে চান্তরিক্ষে বাগুবাচাশরীরিণী ॥১৩॥ (যুগ্মকম্)
ন ত্বং মূঢ়! বিজানীষে ব্রাহ্মণং ক্ষত্রিয়াদ্বরম্।
স হি তু ব্রাহ্মণেনেহ ক্ষত্রিয়ঃ শাস্তি বৈ প্রজাঃ ॥১৪॥

ভাবতকৌমুদী

তামিতি। অতন্দ্রিতঃ সর্ব্বদা সাবধানঃ সন্ ॥৯॥
তমিতি। সন্তো ভবদাদয়ঃ সাধবঃ, উদ্বৃত্তমুদ্ধতম্ ॥১০॥
ইতীতি। বরাঃ সফলা ইতি শেষঃ ॥১১॥
তত ইতি। বীর্য্যসম্মোহাৎ বলদর্পাৎ। অশরীরিণী অশরীরিপ্রোক্তা ॥১২—১৩॥
নেতি। হি যস্মাৎ, ব্রাহ্মণেন করণেন ॥১৪॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমি সেই পৃথিবী পাইয়া সর্ব্বদা সতর্ক থাকিয়া ধর্ম্মানুসারে তাহা যেন পালন করিতে পারি, আর আপনার নিকটে আমি চতুর্থ বর প্রার্থনা করি ॥৯॥

অনিন্দিত মহর্ষি! আমার প্রতি অনুগ্রহ করিবার জন্য আপনি সেই চতুর্থ বর দান করিতে পারেন। আমি আপনার আশ্রয়ে থাকিয়া মিথ্যা উদ্ধত হইলে সজ্জনেরা যেন আমাকে শাসন করেন' ॥১০॥

কার্ত্তবীর্য্যার্জ্জুন এইরূপ বলিলে দত্তাত্রেয় তাঁহাকে বলিলেন—'তাহাই হউক।' এইভাবে সেই তেজস্বী কার্ত্তবীর্য্যার্জ্জুনের সেই সকল বরই সফল হইল ॥১১॥

তদনন্তর কার্ত্তবীর্য্যার্জ্জুন অগ্নি ও সূর্য্যের ন্যায় উজ্জ্বল রথে আরোহণ করিয়া বলদর্পে বলিলেন—'ধৈর্য্য, বীর্য্য, যশ, শৌর্য্য, বিক্রম ও তেজে আমার তুল্য কে আছে?' কার্ত্তবীর্য্যার্জ্জুনের সেই বাক্যের পরে আকাশে দৈববাণী বলিল—॥১২—১৩॥

অর্জ্জুন উবাচ।

কুর্য্যাং ভূতানি তুষ্টোঽহং ক্রুদ্ধো নাশং তথানয়ে।
কর্ম্মণা মনসা বাচা ন মত্তোঽস্তি বরো দ্বিজঃ ॥১৫॥
পূর্ব্বো ব্রহ্মোত্তরো বাদো দ্বিতীয়ঃ ক্ষত্রিয়োত্তরঃ।
ত্বয়োক্তৌ হেতুযুক্তৌ তৌ বিশেষস্তত্র দৃশ্যতে ॥১৬॥
ব্রাহ্মণাঃ সংশ্রিতাঃ ক্ষত্রং ন ক্ষত্রং ব্রাহ্মণাশ্রিতম্।
শ্রিতা ব্রহ্মোপধা বিপ্রাঃ খাদন্তি ক্ষত্রিয়ান্ ভুবি ॥১৭॥
ক্ষত্রিয়েষ্বাশ্রিতো ধর্ম্মঃ প্রজানাং পরিপালনম্।
ক্ষত্রাদ্বৃত্তির্ব্রাহ্মণানাং তৈঃ কথং ব্রাহ্মণো বরঃ ॥১৮॥

ভারতকৌমুদী

কুর্য্যামিতি। কুর্য্যাং স্বজেয়ম্। দ্বিজো ব্রাহ্মণঃ ॥১৫॥

পূর্ব্ব ইতি। পূর্ব্বো বাদঃ, ব্রহ্ম ব্রাহ্মণ এব উত্তরং শ্রেষ্ঠং যত্র সঃ, ক্ষত্রিয়াৎ ব্রাহ্মণঃ শ্রেষ্ঠ ইতি পূর্ব্বপক্ষ ইত্যর্থঃ প্রকৃত্যর্থবিরোধিত্বাদিতি ভাবঃ। দ্বিতীয়ো বাদঃ সিদ্ধান্তস্তু ক্ষত্রিয় এব উত্তরঃ শ্রেষ্ঠো যত্র সঃ, পালকত্বাৎ ধর্ম্মরক্ষকত্বাচ্চেত্যাশয়ঃ। ত্বয়া তৌ ব্রাহ্মণক্ষত্রিয়ৌ প্রাধান্যে হেতুযুক্তাবুক্তৌ। কিন্তু তত্র বিশেষো ভেদো বৈষম্যং দৃশ্যতে ॥১৬॥

তং বিশেষমেবাহ ব্রাহ্মণা ইতি। ব্রহ্মবেদ এব উপধা ছলং যেষাং তে ক্ষত্রিয়ানাশ্রিত্য খাদন্তি ॥১৭॥

ক্ষত্রিয়েষ্বিতি। বৃত্তির্জীবিকানির্বাহঃ তৈস্তেভ্যঃ ॥১৮॥

'মূঢ়। ব্রাহ্মণ যে ক্ষত্রিয় অপেক্ষায় শ্রেষ্ঠ, তাহা তুমি জান না। কারণ, সেই ক্ষত্রিয় ব্রাহ্মণদ্বারাই প্রজা শাসন করেন' ॥১৪॥

অর্জ্জুন বলিলেন—'আমি সন্তুষ্ট হইয়া প্রাণিগণকে সৃষ্টি করিতে পারি, আবার ক্রুদ্ধ হইয়া ধ্বংস করিতেও সমর্থ হই। অতএব কর্ম্ম, মন ও বাক্যদ্বারা ব্রাহ্মণ আমা অপেক্ষা শ্রেষ্ঠ নহে ॥১৫॥

'ক্ষত্রিয় অপেক্ষা ব্রাহ্মণ শ্রেষ্ঠ' এটা পূর্ব্বপক্ষ, আর 'ব্রাহ্মণ অপেক্ষা ক্ষত্রিয় শ্রেষ্ঠ' ইহা সিদ্ধান্ত। কিন্তু হে দেবদূত! তুমি প্রাধান্য বিষয়ে হেতুসমন্বিত সেই ব্রাহ্মণ ও ক্ষত্রিয়ের কথা বলিয়াছ বটে, তবে তাহাতে বৈপরীত্য দেখা যায় ॥১৬॥

ব্রাহ্মণেরা ক্ষত্রিয়দিগকে আশ্রয় করিয়া রহিয়াছেন; কিন্তু ক্ষত্রিয়েরা ব্রাহ্মণদিগকে আশ্রয় করিয়া রহেন নাই। সুতরাং বেদকপটী ক্ষত্রিয়াশ্রিত ব্রাহ্মণেরা পৃথিবীতে ক্ষত্রিয়দিগকে অবলম্বন করিয়াই জীবিকানির্ব্বাহ করেন ॥১৭॥

সর্বভূতপ্রধানাংস্তান্ ভৈক্ষবৃত্তীনহং সদা ।
আত্মসম্ভাবিতান্ বিপ্রান্ স্থাপযাম্যাত্মনো বশে ॥১৯॥
কথিতং ত্বনযাসত্যং গাযত্র্যা কন্যযা দিবি ।
বিজেষ্যাম্যবশান্ সর্ব্বান্ ব্রাহ্মণাংশ্চর্ম্মবাসসঃ ॥২০॥
ন চ মাং চ্যাবযেদ্রাষ্ট্রাত্রিষু লোকেষু কশ্চন ।
দেবো বা মানুষো বাপি তস্মাজ্জ্যেষ্ঠো দ্বিজাদহম্ ॥২১॥
অদ্য ব্রহ্মোত্তরং লোকং করিষ্যে ক্ষত্রিযোত্তরম্ ।
ন হি মে সংযুগে কশ্চিৎ সোঢ়ুমুৎসহতে বলম্ ॥২২॥

ভারতকৌমুদী

অংশতস্তস্মতমঙ্গীকৃত্যাহ সর্বেতি । আত্মনা মযৈব সম্ভাবিতান্ সম্মানিতান্ ॥১৯॥

কথিতমিতি । কন্যযা কন্যাবচ্চপলযা, গাযত্র্যা গাযত্রীবৎ প্রমাণীভূতযা চ অনযা অশরীরিণ্যা বাচা অসত্যং কথিতম্ । যেন হি চর্ম্মবাসসঃ কৃষ্ণাজিনধারিণঃ অবশান্ পরাধীনান্ সর্ব্বানেব ব্রাহ্মণান্ বিজেষ্যামি ॥২০॥

নেতি । চ্যাবযেৎ ভ্রংশযেৎ । দ্বিজাদ্ব্রাহ্মণাৎ ॥২১॥

অদ্যেতি । ব্রহ্ম ব্রাহ্মণ এব উত্তরং শ্রেষ্ঠং যত্র তম্, ক্ষত্রিয এব উত্তরঃ শ্রেষ্ঠো যত্র তম্ । সংযুগে যুদ্ধে, উৎসহতে শক্নোতি ॥২২॥

ভাবতভাবদীপঃ

কাং স্থিতি । ব্যুষ্টিং সমৃদ্ধিং ফলং বা । "ব্যুষ্টিঃ ফলে সমৃদ্ধৌ চ" ইত্যমরঃ ॥১—১৫॥ পূর্ব্বো বাদো ব্রহ্মোত্তরঃ ব্রাহ্মণাধিক্যবচনং পূর্ব্বপক্ষঃ, ক্ষত্রিয়াধিক্যং সিদ্ধান্ত ইত্যর্থঃ । হেতুযুক্তৌ প্রজাপালনেন হেতুনা যুক্তৌ সহিতৌ তৌ ব্রাহ্মণক্ষত্রিযৌ ॥১৬॥ ব্রহ্মবেদো যজ্ঞো বা অধ্যাপন-যজনার্থ এব উপধা ছলং যেষাং তে তথা, ক্ষত্রিযান্ খাদন্তি উপজীবন্তি ॥১৭—১৯॥ গাযত্র্যা

ধর্ম্ম ও প্রজা পরিপালন ক্ষত্রিয়াশ্রিত এবং ব্রাহ্মণদের জীবিকানির্ব্বাহও ক্ষত্রিয় হইতেই হয; সুতরাং ব্রাহ্মণ ক্ষত্রিয হইতে কি প্রকারে শ্রেষ্ঠ হইবেন ? ॥১৮॥

অথবা সমস্ত প্রাণীর মধ্যে প্রধান, সর্ব্বদা ভিক্ষাবৃত্তিশালী এবং আমাদের সম্মানভাজন ব্রাহ্মণগণকে আমি নিজের বশে স্থাপন করিব ॥১৯॥

দেবদূত ! বালিকার ন্যায চপলা অথচ গাযত্রীর ন্যায প্রমাণস্বরূপা তোমার এই বাণী আকাশে থাকিযা মিথ্যা বলিযাছে, কিন্তু আমি মৃগচর্ম্ম পরিধাযী ও পরাধীন সকল ব্রাহ্মণকে জয় করিব ॥২০॥

দেবতাই হউন বা মানুষই হউক, ত্রিভুবনে কোন লোকই আমাকে রাজ্য হইতে বিভ্রষ্ট করিতে পারিবে না, অতএব আমি ব্রাহ্মণ হইতে শ্রেষ্ঠ ॥২১॥

অর্জুনস্য বচঃ শ্রুত্বা বিত্রস্তাভূন্নিশাচরী।
অথৈনমন্তরিক্ষস্থস্ততো বায়ুরভাষত ॥২৩॥
ত্যজৈনং কলুষং ভাবং ব্রাহ্মণেভ্যো নমস্কুরু।
এতেষাং কুর্ব্বতঃ পাপং রাষ্ট্রক্ষোভো ভবিষ্যতি ॥২৪॥
অথবা ত্বাং মহীপাল! শময়িষ্যন্তি বৈ দ্বিজাঃ।
নিরাসিষ্যন্তি তে রাষ্ট্রাদ্ধতোৎসাহা মহাবলাঃ ॥২৫॥
তং রাজা কস্ত্বমিত্যাহ ততস্তং প্রাহ মারুতঃ।
বায়ুর্বৈ দেবদূতোঽস্মি হিতং ত্বাং প্রব্রবীম্যহম্ ॥২৬॥

ভাবতকৌমুদী

অর্জ্জুনস্যেতি। নিশাচরী রাত্রিচারিণী কুলটেব অদৃশ্যরূপা দৈববাণী, বিত্রস্তা ব্রাহ্মণজয়োদ্যমশ্রবণাদ্ভীতা ॥২৩॥

ত্যজেতি। ভাবমভিপ্রায়ম্। এতেষাং ব্রাহ্মণানাং সম্বন্ধে ॥২৪॥

অথবেতি। হতস্তস্যৈব নাশিত উৎসাহো রাজবঞ্চণোদ্যমো যেষাং তে ॥২৫॥

তমিতি। কস্ত্বমিতি রাজা অর্জ্জুনঃ তং বক্তারমাহ। মারুতো বায়ুঃ ॥২৬॥

এ যাবৎ জগতে ব্রাহ্মণেরা শ্রেষ্ঠ ছিলেন; কিন্তু আজ হইতে আমি ক্ষত্রিয়দিগকে শ্রেষ্ঠ করিব। কারণ, যুদ্ধে কোন ব্যক্তিই আমার বল সহ্য করিতে পারিবে না' ॥২২॥

তখন দৈববাণী কার্ত্তবীর্য্যার্জ্জুনের বাক্য শুনিয়া ভীত হইলেন। তাহার পর আকাশস্থিত বায়ু কার্ত্তবীর্য্যার্জ্জুনকে বলিলেন—॥২৩॥

'রাজা! এই দুষ্ট অভিপ্রায় ত্যাগ করুন এবং ব্রাহ্মণগণকে নমস্কার করুন; ব্রাহ্মণদের উপরে অত্যাচার করিলে আপনার রাজ্যে চাঞ্চল্য উপস্থিত হইবে ॥২৪॥

অথবা রাজা! সেই ব্রাহ্মণেরাই আপনাকে শান্ত করিবেন; কিংবা সেই মহাবল ব্রাহ্মণেরা হতোৎসাহ হইয়া আপনাকে রাজ্য হইতে তাড়াইয়া দিবেন' ॥২৫॥

তখন রাজা অর্জ্জুন সেই বক্তাকে বলিলেন—'তুমি কে?' তাহার পর বায়ু তাঁহাকে বলিলেন—'আমি দেবদূত বায়ু। আমি আপনাকে হিতবাক্য বলিতেছি' ॥২৬॥

(২৪)···এতেষাং কুর্ব্বতাং পাপম্—পি।

(২৫) নিরাসিষ্যন্তি বা রাজ্যাৎ হতোৎসাহং মহাব্রতাঃ—পি।

অর্জ্জুন উবাচ।

অহো ত্বয়ায়ং বিপ্রেষু ভক্তিরাগঃ প্রদর্শিতঃ।
যাদৃশং পৃথিবীভূতং তাদৃশং ব্রূহি মে দ্বিজম্ ॥২৭॥
বায়োর্ব্বা সদৃশং কিঞ্চিদ্ব্রূহি ত্বং ব্রাহ্মণোত্তমম্।
অপাং বৈ সদৃশং বহ্নেঃ সূর্য্যস্য নভসোঽপি বা ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে পবনার্জ্জুনসংবাদে ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অহো ইতি। ভক্তিযুক্তো রাগঃ অনুরাগ ইতি ভক্তিরাগঃ। মধ্যপদলোপী সমাসঃ। পৃথিব্যা ভূতং গবাদিঃ প্রাণী ॥২৭॥

বায়োরিতি। অপাং জলস্য। নভসো গগনস্য ॥২৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসন-পর্ব্বণি দানধর্ম্মে ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

সরস্বত্যা অসত্যং কথিতম্, চর্ম্মবাসসঃ অজিনবস্ত্রান্ ॥২০—২১॥ ব্রহ্মোত্তরং সত্তম্ ॥২২॥ নিশা-চরী অন্তর্হিতা সরস্বতী যদ্বা নিশাচরী রাক্ষস্যপি বিত্রস্তাভূৎ কমুতান্যে আস্তিকা ইতি ভাবঃ ॥২৩—২৬॥ পৃথিবীভূতং পৃথিব্যাত্মকং ভূতম্ ॥২৭—২৮॥

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩০॥

অর্জ্জুন বলিলেন—'ওহে! আপনি ব্রাহ্মণগণের প্রতি ইহা ভক্তি ও অনুরাগ দেখাইলেন; সে যাহা হউক, এখন আপনি আমার নিকট বলুন—পৃথিবীর অন্যান্য প্রাণী যেমন, ব্রাহ্মণ কি তেমন? ॥২৭॥

অথবা আপনি কিছু বলুন, উত্তম ব্রাহ্মণ কি বায়ুর সদৃশ? অথবা জলের তুল্য? কিংবা অগ্নি, সূর্য্য ও আকাশের সমান?' ॥২৮॥

---

* '. দ্বিপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ।

একত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বায়ুরুবাচ।

শৃণু মূঢ়! গুণান্ কাংশ্চিদ্ ব্রাহ্মণানাং মহাত্মনাম্।
যে ত্বয়া কীর্ত্তিতা রাজংস্তেভ্যোঽথ ব্রাহ্মণো বরঃ ॥১॥
ত্যক্ত্বা মহীত্বং ভূমিস্তু স্পর্দ্ধযাঙ্গনৃপস্য হ।
নাশং জগাম তাং বিপ্রো ব্যস্তম্ভয়ত কশ্যপঃ ॥২॥
অজেয়া ব্রাহ্মণা রাজন্! দিবি চেহ চ নিত্যদা।
অপিবত্তেজসা হ্যাপঃ স্বয়মেবাঙ্গিরাঃ পুরা ॥৩॥
স তাঃ পিবন্ ক্ষীরমিব নাতৃপ্যত মহামনাঃ।
অপূরয়ন্মহৌঘেন মহীং সর্ব্বাঞ্চ পার্থিব! ॥৪॥

ভাবতকৌমুদী

শৃণ্বিতি। যে পৃথিবীভূতাদয়ঃ, কীর্ত্তিতাঃ পূর্ব্বমুক্তাঃ ॥১॥

ত্যক্ত্বেতি। ভূমিঃ পৃথিবী, অঙ্গনৃপস্য অঙ্গরাজস্য স্পর্দ্ধয়া মহীত্বমাত্মনো নানারূপেণ দৃশ্যতয়া মহনীয়পৃথিবীত্বং ত্যক্ত্বা নাশমদৃশ্যতাং জগাম গন্তুমুদ্যতা বভূব; তদা চ বিপ্রঃ কশ্যপঃ তাং ভূমিং ব্যস্তম্ভয়ত অস্থাপয়ৎ ॥২॥

অজেয়া ইতি। ইহ মর্ত্ত্যে। অপঃ সর্বং জলম্, আ সম্যক্ অপিবৎ ॥৩॥

স ইতি। মহান্ ওঘঃ প্রবাহো যস্য তেন সমুদ্রেণ ॥৪॥

বায়ু বলিলেন—'মূর্খ! তুমি মহাত্মা ব্রাহ্মণদের কতিপয় গুণ শ্রবণ কর। বাজা! তুমি যে পৃথিবী, ভূত প্রভৃতিব কীর্ত্তন কবিলে, তাহাদেব অপেক্ষা ব্রাহ্মণ শ্রেষ্ঠ ॥১॥

একদা পৃথিবী অঙ্গবাজের সহিত স্পর্দ্ধাবশতঃ পৃথিবীত্ব ত্যাগ করিয়া অদৃশ্য হইয়া যাইবাব উপক্রম কবিয়াছিলেন; তখন ব্রাহ্মণ কশ্যপ তাঁহাকে স্থগিত কবেন ॥২॥

বাজা! স্বর্গে বা ইহলোকে ব্রাহ্মণেরা সর্বদাই অজেয়। দেখ, পূর্ব্বকালে মহর্ষি অঙ্গিবা নিজেব ব্রহ্মতেজে পৃথিবীব সমস্ত জল পান করিয়াছিলেন ॥৩॥

মহামনা অঙ্গিবা দুগ্ধের ন্যায় সেই সমস্ত জল পান কবিয়াও তৃপ্তি লাভ

(৩) অক্ষয়া ব্রাহ্মণাঃ · নিত্যশঃ—পি।

তস্মিন্নহঞ্চ ক্রুদ্ধে বৈ জগত্ত্যক্ত্বা ততো গতঃ।
ব্যতিষ্ঠমগ্নিহোত্রে চ চিরমঙ্গিরসো ভয়াৎ ॥৫॥
অথ শপ্তশ্চ ভগবান্ গৌতমেন পুরন্দরঃ।
অহল্যাং কাময়ানো বৈ ধর্ম্মার্থঞ্চ ন হিংসিতঃ ॥৬॥
তথা সমুদ্রো নৃপতে! পূর্ণো মৃষ্টস্য বারিণঃ।
ব্রাহ্মণৈরভিশপ্তশ্চ বভূব লবণোদকঃ ॥৭॥
সুবর্ণবর্ণো নির্ধূমঃ সঙ্গতোর্দ্ধশিখঃ কবিঃ।
ক্রুদ্ধেনাঙ্গিরসা শপ্তো গুণৈরেতৈর্বিবর্জ্জিতঃ ॥৮॥
মহতশ্চূর্ণিতান্ পশ্য যে হ্যাসন্ত মহোদধিম্।
সুবর্ণধারিণা নিত্যমবশপ্তা দ্বিজাতিনা ॥৯॥

ভাবতকৌমুদী

তস্মিন্নিতি। তস্মিন্ ব্রাহ্মণে ক্রুদ্ধে সতি, অহং বায়ুঃ ॥৫॥

অথেতি। পুরন্দর ইন্দ্রঃ। ধর্ম্মার্থং জগতো ধর্ম্মরক্ষার্থম্, নিয়ন্তৃবভাবে নিয়ম্যাভাবাবশ্য-ম্ভাবাৎ ॥৬॥

তথেতি। মৃষ্টস্য মধুরস্য বারিণো জলস্য। "করণে পূস্তৃপ্ত্যর্থস্য চ" ইতি করণে ষষ্ঠী ॥৭॥

সুবর্ণেতি। সঙ্গতা সংলগ্না ঊর্দ্ধা শিখা যস্য সঃ, কবির্বর্ণয়িতা ॥৮॥

মহত ইতি। যে সগরপুত্রাঃ, মহোদধিম্, আসন্ত সগরস্য অমেধাশ্বস্য মার্গণায় অধ্যাসত, হশব্দঃ পাদপূরণে, তে সগরপুত্রাঃ নিত্যং সুবর্ণধারিণা শোভনগাত্রবর্ণযুক্তেন, দ্বিজাতিনা ব্রাহ্মণেন কপিলেন অবশপ্তাঃ। তাংশ্চ ত্বং মহতো রাজপুত্রান্ চূর্ণিতান্ তেন কপিলশাপেন ভস্মীভূতান্ পশ্য ॥৯॥

কবেন নাই। বাজা! তাহাব পব (জলেব অভাবে সকল নষ্ট হয দেখিযা) আবাব মহাপ্রবাহযুক্ত সমুদ্রদ্বাবা সমগ্র পৃথিবী পূর্ণ কবিযাছিলেন ॥৪॥

তাবপব সেই অঙ্গিবা ক্রুদ্ধ হইলে আমি তাঁহাব ভয়ে জগৎ ত্যাগ করিয়া তথা হইতে যাইযা চিবদিন অগ্নিহোত্রে বহিযাছি ॥৫॥

ভগবান্ ইন্দ্র কামবশতঃ গৌতমপত্নী অহল্যাব সংসর্গ কবেন; তাহাতে গৌতম তাঁহাকে ("সহস্র ভগবান্ ভব" বলিয়া) অভিশাপ দেন, কিন্তু জগতের ধর্ম্ম বক্ষার্থ তাঁহাকে বিনাশ করেন নাই ॥৬॥

বাজা! পূর্ব্বে সমুদ্র মধুব জলে পরিপূর্ণ ছিল, কিন্তু ব্রাহ্মণের অভি-সম্পাতে পবে লবণ জল হইযা গিযাছে ॥৭॥

পূর্ব্বে অগ্নি স্বর্ণবর্ণ, ধূমশূন্য, ঊর্দ্ধশিখ ও কবি ছিলেন, পরে ক্রুদ্ধ অঙ্গিরার শাপে সেই স্বর্ণবর্ণপ্রভৃতি গুণবিহীন হইযা গিযাছেন ॥৮॥

---

(৭) পূর্ণো মৃষ্টশ্চ বারিণঃ—বঙ্গ বর্দ্ধ। (৮) ক্রুদ্ধোহঙ্গিরসা শপ্তঃ—বঙ্গ বর্দ্ধ।

সমো ন ত্বং দ্বিজাতিভ্যঃ শ্রেয়ো বিদ্ধি নরাধিপ।।
গর্ভস্থান্ ব্রাহ্মণান্ সম্যঙ্ নমস্যতি কিল প্রভুঃ ॥১০॥
দণ্ডকানাং মহদ্রাজ্যং ব্রাহ্মণেন বিনাশিতম্।
তালজঙ্ঘং মহাক্ষত্রমৌর্বেণৈকেন নাশিতম্ ॥১১॥
ত্বয়া চ বিপুলং রাজ্যং বলং ধর্ম্মং শ্রুতং তথা।
দত্তাত্রেয়প্রসাদেন প্রাপ্তং পরমদুর্লভম্ ॥১২॥
অগ্নিং ত্বং যজসে নিত্যং কস্মাদ্ব্রাহ্মণমর্জ্জুন!।
স হি সর্ব্বস্য লোকস্য হব্যবাট্ কিং ন বেৎসি তম্ ॥১৩॥

ভাবতকৌমুদী

সম ইতি। ন সমস্তেন ব্রাহ্মণেন ন সমানঃ, শ্রেয়ো মঙ্গলম্ ॥১০॥

দণ্ডকানামিতি। দণ্ডকানাং তদাখ্যানাং ক্ষত্রিয়াণাম্, ব্রাহ্মণেন শুক্রেণ। তালজঙ্ঘং নাম মহাক্ষত্রং বিশালক্ষত্রিয়কুলম্, ঔর্ব্বেণ মুনিনা ॥১১॥

ত্বয়েতি। ত্বয়া অর্জ্জুনেন। শ্রুতং শাস্ত্রজ্ঞানম্ ॥১২॥

অগ্নিমিতি। যজসে পূজয়সি, ব্রাহ্মণং তৎস্বরূপম্ ॥১৩॥

ভাবতভাবদীপঃ

শৃণ্বিতি ॥১—৪॥ অহং বায়ুঃ ॥৫—৭। কবিরগ্নিঃ ॥৮॥ মহতঃ সগরপুত্রান্ আসন্ত উপাসন্ত, স্বুবর্ণধারিণা শোভনে! ব্রাহ্মণবর্ণস্তস্য ধারিণা ধর্ত্রা দ্বিজাতিনা কপিলেন।৯—১২॥ অগ্নিং

রাজা! যে সগরপুত্রগণ সগরের অশ্বমেধযজ্ঞের অশ্ব অন্বেষণ করিবার জন্য মহাসমুদ্রের তীরে যাইয়া অবস্থান করেন; সর্ব্বদা স্বর্ণবর্ণযুক্ত ব্রাহ্মণ কপিল তাহাদিগকে অভিসম্পাত করেন; তাহাতে সেই মহাবল সগরপুত্রেরা ভস্মীভূত হন, ইহা আপনি দেখুন ॥৯॥

নরনাথ! আপনি সেই ব্রাহ্মণগণের সমান নহেন; সেই ব্রাহ্মণগণ হইতে সকলেরই মঙ্গল হয়, ইহা আপনি অবগত হউন। এই জন্যই প্রভুত্বশালী লোকও গর্ভস্থিত ব্রাহ্মণগণকে সমীচীনভাবে নমস্কার করেন ॥১০॥

ব্রাহ্মণ শুক্রাচার্য্য দণ্ডকগণের বিশাল রাজ্য ধ্বংস করিয়াছেন এবং এক ঔর্ব্বমুনি তালজঙ্ঘনামক বিপুল ক্ষত্রিয় বংশ বিনাশ করিয়াছেন ॥১১॥

আপনিও দত্তাত্রেয় মুনির অনুগ্রহে পরম দুর্লভ বিশাল রাজ্য, বল, ধর্ম্ম ও শাস্ত্রজ্ঞান লাভ করিয়াছেন ॥১২॥

অর্জ্জুন! ব্রাহ্মণ প্রধান না হইলে আপনিই বা কেন প্রত্যহ ব্রাহ্মণরূপী অগ্নির পূজা করেন? সেই অগ্নি সমস্ত লোকের হব্যবাহী; আপনি কি তাঁহাকে জানেন না? ॥১৩॥

অথবা ব্রাহ্মণশ্রেষ্ঠমনুভূতানুপালকম্।
কর্ত্তারং জীবলোকস্য কস্মাজ্জানন্ বিমুহ্যসে ॥১৪॥
তথা প্রজাপতির্ব্রহ্মা অব্যক্তঃ প্রভুরব্যয়ঃ।
যেনেদং নিখিলং বিশ্বং জনিতং স্থাবরং চরম্ ॥১৫॥
অণ্ডজাতং তু ব্রহ্মাণং কেচিদিচ্ছন্ত্যপণ্ডিতাঃ।
অণ্ডাদ্ভিন্নাদ্বভুঃ শৈলা দিশোঽম্ভঃ পৃথিবী দিবম্ ॥১৬॥
দ্রষ্টব্যং নৈতদেবং হি কথং জায়েদজো হি সঃ।
স্মৃতমাকাশমণ্ডং তু তস্মাজ্জাতঃ পিতামহঃ ॥১৭॥
তিষ্ঠেৎ কথমিতি ব্রূহি ন কিঞ্চিদ্ধি তদা ভবেৎ।
অহঙ্কার ইতি প্রোক্তঃ সর্বতেজোগতঃ প্রভুঃ ॥১৮॥

ভাবতকৌমুদী

অথবেতি। অনুভূতঃ অবগতশ্চাসৌ অনুপালকো রক্ষকশ্চেতি তম্ ॥১৪॥
তথেতি। অব্যক্তঃ প্রকৃতিস্বরূপঃ। জনিতং সৃষ্টম্ ॥১৫॥
অণ্ডাদিতি। ভিন্নাদ্বিদীর্ণাৎ। বভুঃ প্রকাশন্তে স্ম, দিবং গগনম্।১৬॥
দ্রষ্টব্যমিতি। দ্রষ্টব্যং পর্য্যালোচনয়া জ্ঞাতব্যম্। স্মৃতমঙ্গীকৃতম্ ॥১৭॥

ভাবতভাবদীপঃ

ব্রাহ্মণমিত্যন্বয়ঃ ॥১৩॥ অনুভূতং প্রতিভূতম্, অনুপালকং পোষকম্ ॥১৪—১৫॥ নমু ব্রহ্মাণ্ডে জাতত্বাৎ কথমণ্ডমজনযদিত্যত্রাহ—অণ্ডেতি। কেচিদিতি তন্মেত্যর্থঃ ॥১৬॥ দূষযতি—দ্রষ্টব্যমিতি। অজত্বাদেব ব্রহ্মা ন অণ্ডজাতঃ, অণ্ডজত্ববচনং তস্য প্রকারান্তরেণেত্যাহ—স্মৃতমিতি।

অথবা ব্রাহ্মণ যে শ্রেষ্ঠ বক্ষক, ইহা আপনি অনুভব কবিয়া থাকেন এবং ব্রাহ্মণ যে জীবলোকেব কর্ত্তা—ইহা জানিযাও আপনি কেন মুগ্ধ হইতেছেন ? ॥১৪॥

ব্রহ্মা প্রজাপতি, প্রকৃতিস্বরূপ, সর্ব্বনিযন্তা ও অবিনশ্বব। যিনি এই স্থাবরজঙ্গমাত্মক সমগ্র জগৎ সৃষ্টি কবিযাছেন ॥১৫॥

কতকগুলি মূর্খ মনে কবে যে, ব্রহ্মা অণ্ড (ডিম) হইতে জন্মিযাছেন। সেই অণ্ড স্ফুটিত হইলে তাহাব মধ্যে পর্বত, দিক্, জল, পৃথিবী ও আকাশ প্রকাশ পাইযাছিল ॥১৬॥

পর্য্যালোচনা কবিযা দেখিতে হইবে যে, ইহা এরূপ নহে। কারণ, ব্রহ্মা কি করিযা জন্মিবেন, কেন না, তিনি যে অজ। তবে ইহা যদি স্বীকার করা যায় যে, অণ্ড শব্দেব অর্থ আকাশ, তাহা হইতে ব্রহ্মা জন্মিযাছেন ॥১৭॥

তস্মাণ্ডাদুত্থিতো ব্রহ্মা স রাজা লোকভাবনঃ।
ইত্যুক্তঃ স তদা তূষ্ণীমভূদ্বায়ুস্ততোঽব্রবীৎ ॥১৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে পবনার্জ্জুনসংবাদে একত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এতন্মতমপি খণ্ডয়তি তিষ্ঠেদিতি। স ব্রহ্মা চেৎ আকাশরূপাদণ্ডাজ্জায়েত তদা স কুত্র কথং তিষ্ঠেৎ। ইদানীং সিদ্ধান্তমাহ অহঙ্কার ইতি। অহঙ্কারঃ সাংখ্যমতে তৃতীয়তত্ত্বম্। গতঃ প্রাপ্তঃ ॥১৮॥

তস্মেতি। রাজা লোকনিয়ন্তা, লোকান্ ভাবয়তি সৃজতীতি সঃ। সঃ অর্জ্জুনঃ ॥১৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে একত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

আকাশম্ অব্যাকৃতম্ ॥১৭॥ আকাশজঃ পিতামহঃ কিমাশ্রয়েণ তিষ্ঠেদিতি চেৎ কশ্চিদব্রুয়াত্তং প্রতি ব্রূহি তদা ন কিঞ্চিদ্ভবেদিতি। পিতা...স্য নিরধিষ্ঠানত্বে সতি তজ্জগিদং সর্ব্বং শূন্যমেব স্যান্ন কিঞ্চিদ্ভূয়াদিত্যর্থঃ। নমু কোঽয়ং প্রজাপতিপদেনোচ্যতে অত আহ—অহঙ্কার ইতি প্রোক্ত ইতি। প্রভুর্ব্যাপকঃ যতঃ সর্ব্বতেজোগতঃ জলচন্দ্রন্যায়েন কৃৎস্নং চৈতন্যজ্যোতিঃ প্রাপ্তঃ, দ্বিতীয়াশ্রিতেতি সমাসঃ। অযং ভাবঃ—সুষুপ্তিসদৃশাদব্যাকৃতাকাশাদুত্থিতোঽহঙ্কাররূপ উপাধিস্তেন সাক্ষী সর্ব্বাত্মনাবচ্ছিন্নঃ সোঽয়মহঙ্কারবিশিষ্টো বাহ্যং ব্যোমাদিকং। কল্পিতবান্। এবং শাস্ত্রানুভবাভ্যাং জানাতি স ব্রাহ্মণো জগৎকর্ত্তা তেন তব সাম্যং সমুদ্রেণ তরঙ্গস্যেব কদাচিদপি ন সম্ভবতীতি ॥১৮॥ অতএব অণ্ডং নাস্তি রজ্জুরগবৎ কল্পনামাত্রত্বাৎ, কল্পকস্তু ণ ব্রহ্মা ব্রাহ্মণোঽস্তীত্যুক্তং স রাজার্জ্জুন ইতি বায়ুনোক্তঃ সংস্তূষ্ণীমভূত্ততো বায়ুরব্রবীদ্বক্ষ্যমাণমর্থমিতি শেষঃ ॥১৯॥

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩১॥

তাহাতেও এই অনুপপত্তি হয় যে, তিনি কোথায় কি প্রকারে থাকিবেন, তাহা বল? তাহা হইলে ব্রহ্মা হইতে কিছুই হইতে পারে না। তবে সমস্ত তেজোময় ও প্রভাবশালী তৃতীয় তত্ত্বকে অহঙ্কার বলা হইয়াছে ॥১৮॥

সেই অহঙ্কারের অণ্ড হইতে ব্রহ্মা উৎপন্ন হইয়াছিলেন; তিনি রাজা ও জগতের সৃষ্টিকর্ত্তা।' বায়ু এইরূপ বলিলে তখন অর্জ্জুন নীরব হইয়া রহিলেন; তদনন্তর বায়ু বলিতে লাগিলেন ॥১৯॥

---

(১৯) নাস্ত্যণ্ডাদুত্থিতো ব্রহ্মা...বঙ্গ বর্দ্ধ। * '.. ত্রিপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ।

দ্বাত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বায়ুরুবাচ।

ইমাং ভূমিং দ্বিজাতিভ্যো দিৎসুর্বৈ দক্ষিণাং পুরা।
অঙ্গো নাম নৃপো রাজংস্ততশ্চিন্তাং মহী যযৌ ॥১॥
ধারিণীং সর্বভূতানাময়ং প্রাপ্তবরো নৃপঃ।
কথমিচ্ছতি মাং দাতুং দ্বিজেভ্যো ব্রহ্মণঃ সুতাম্ ॥২॥
সাহং ত্যক্ত্বা গমিষ্যামি ভূমিত্বং ব্রহ্মণঃ পদম্।
অযং সরাষ্ট্রো নৃপতির্মাভূদিতি ততোঽগমৎ ॥৩॥
ততস্তাং কশ্যপো দৃষ্ট্বা ব্রজন্তীং পৃথিবীং তদা।
প্রবিবেশ মহীং সদ্যো মুক্ত্বাত্মানং সমাহিতঃ ॥৪॥

ভারতকৌমুদী

ইমামিতি। দিৎসুর্দাতুমিচ্ছুঃ। মহী সা ভূমিঃ ॥১॥
ধারিণীমিতি। প্রাপ্তবরো ব্রাহ্মণাদেব ॥২॥
সেতি। পদং স্থানম্। সরাষ্ট্রো রাজ্যসমন্বিতঃ, অগমৎ ব্রহ্মলোকং গন্তুমারভত ॥৩॥

ভাবতভাবদীপঃ

ইমামিতি ॥১—২॥ ভূমিত্বং ত্যক্ত্বা ব্রহ্মণঃ পদং গমিষ্যামীতি সম্বন্ধঃ ॥৩॥ আত্মানং দেহং ত্যক্ত্বা নির্জীবং মহীদেহং প্রবিশ্য সজীবং যোগবলেন কৃতবান্ ॥৪॥ ভূমিস্তু ধর্মোত্তরা স্বধর্ম-

---

বায়ু বলিলেন—'রাজা! পূর্বকালে অঙ্গনামক রাজা ব্রাহ্মণগণকে যজ্ঞের দক্ষিণারূপে এই পৃথিবীকে দান করিবার ইচ্ছা করিয়াছিলেন। তাহার পর পৃথিবী চিন্তা করিলেন—॥১॥

আমি সমস্ত ভূতকে ধারণ করিতেছি এবং ব্রহ্মার কন্যা; তথাপি এই অঙ্গরাজ ব্রাহ্মণের নিকট বর লাভ করিয়া সেই ব্রাহ্মণগণের হস্তে কেন আমাকে দান করিবার ইচ্ছা করিতেছেন? ॥২॥

অতএব এই রাজা রাজ্যসমন্বিত না থাকেন, এই জন্য আমি পৃথিবীত্ব ত্যাগ করিয়া ব্রহ্মলোকে যাইব; এইরূপ চিন্তা করিয়া ব্রহ্মলোকের দিকে চলিলেন ॥৩॥

---

(২)···অয়ং প্রাপ্য বরো নৃপঃ—বঙ্গ বৰ্দ্ধ।

ঋদ্ধা সা সর্বতো জজ্ঞে তৃণৌষধিসমন্বিতা ।
ধর্ম্মোত্তরা নষ্টভয়া ভূমিরাসীত্ততো নৃপ ! ।৫॥
এবং বর্ষসহস্রাণি দিব্যানি বিপুলব্রতঃ ।
ত্রিংশতঃ কশ্যপো রাজন্ ! ভূমিরাসীদতন্দ্রিতঃ ॥৬॥
অথাগম্য মহারাজ ! নমস্কৃত্য চ কশ্যপম্ ।
পৃথিবী কাশ্যপী জজ্ঞে সুতা তস্য মহাত্মনঃ ॥৭॥
এষ রাজন্নীদৃশো বৈ ব্রাহ্মণঃ কশ্যপোঽভবৎ ।
অন্যং প্রব্রূহি বা ত্বঞ্চ কশ্যপাৎ ক্ষত্রিয়ং বরম্ ॥৮॥
তূষ্ণীং বভূব নৃপতিঃ পবনস্ত্বব্রবীৎ পুনঃ ।
শৃণু রাজন্ ! উতথ্যস্য জাতস্যাঙ্গিরসে কুলে ।৯॥

ভারতকৌমুদী

তত ইতি। আত্মানং স্বদেহম্, সমাহিতো যোগমবলম্ব্য ॥৪॥

ঋদ্ধেতি। ঋদ্ধা শৈলবৃক্ষাদিভিঃ সম্পন্না. ধর্ম এব উত্তরঃ শ্রেষ্ঠো যস্যাঃ সা ॥৫॥

এবমিতি। দিব্যানি দেবপরিমাণেন পরিমিতানি, ত্রিংশতস্ত্রিংশৎ, অতন্দ্রিতঃ সাবধানঃ, ভূমিস্তৎস্বরূপ এবাসীৎ ॥৬॥

অথেতি। কশ্যপস্যাপত্যং স্ত্রীতি কাশ্যপী, তস্য মহাত্মনঃ কশ্যপস্য সুতা জজ্ঞে, জাতা তদ্দেহত আবির্ভাবাৎ। "ক্ষৌণী জ্যা কাশ্যপী ক্ষিতিঃ" ইত্যমরঃ ॥৭॥

এষ ইতি। হে রাজন্! অর্জ্জুন! ত্বমেব ক্ষত্রিয়ম্ অন্যং বৈশ্যাদিকং বা কশ্যপাদ্বরং প্রব্রূহি। কাকুরিয়ম্ ॥৮॥

তাহার পর মহর্ষি কশ্যপ সেই পৃথিবীকে ব্রহ্মলোকের দিকে যাইতে দেখিয়া তখনই যোগাবলম্বনপূর্ব্বক দেহ ত্যাগ করিয়া তৎক্ষণাৎ পৃথিবীর মধ্যে প্রবেশ করিলেন ॥৪॥

রাজা! তাহার পর সেই পৃথিবী সর্ব্বসমৃদ্ধা ও তৃণৌষধিযুক্তা হইলেন এবং ধর্ম্মসম্পন্না ও ভয়বিহীনা রহিলেন ॥৫॥

রাজা! এইভাবে মহাব্রত কশ্যপ দেবপরিমাণে ত্রিংশৎ সহস্র বৎসর যাবৎ সর্ব্বদা সতর্কাবস্থায় পৃথিবী হইয়া রহিলেন ॥৬॥

মহারাজ! তাহার পর পৃথিবী আসিয়া কশ্যপকে নমস্কার করিয়া সেই মহাত্মা কশ্যপের কন্যা কাশ্যপী হইলেন ॥৭॥

রাজা! এই কশ্যপ এইরূপ ব্রাহ্মণ ছিলেন। এখন আপনিই বলুন দেখি, এই কশ্যপ হইতে ক্ষত্রিয় বা অন্য কেহ শ্রেষ্ঠ কি না?' ॥৮॥

(৫)...দত্তা সা সর্ব্বতো যজ্ঞে—পি।

ভদ্রা সোমস্য দুহিতা রূপেণ পরমা মতা।
তস্যাস্তুল্যং পতিং সোম উতথ্যং সমপশ্যত ॥১০॥
সা চ তীব্রং তপস্তেপে মহাভাগা যশস্বিনী।
উতথ্যার্থে তু চার্ব্বঙ্গী পরং নিয়মমাস্থিতা ॥১১॥
তত আহূয় সোতথ্যং দদাবত্রির্যশস্বিনীম্।
ভার্য্যার্থে স চ জগ্রাহ বিধিবদ্ভূরিদক্ষিণঃ ॥১২॥
তাং ত্বকাময়ত শ্রীমান্ বরুণঃ পূর্ব্বমেব হ।
স চাগম্য বনপ্রস্থং যমুনায়াং জহার তাম্ ॥১৩॥
জলেশ্বরস্তু হৃত্বা তামনয়ৎ স্বং পুরং প্রতি।
পরমাদ্ভুতসঙ্কাশং ষট্সহস্রশতহ্রদম্ ॥১৪॥

ভারতকৌমুদী

তূষ্ণীমিতি। নৃপতিরর্জ্জুনঃ। উতথ্যস্য তদাখ্যস্য মুনেঃ ॥৯॥

ভদ্রেতি। ভদ্রা নাম, সোমস্য চন্দ্রস্য ॥১০॥

সেতি। উতথ্যার্থে পতিত্বেনোতথ্যলাভার্থে ॥১১॥

তত ইতি। স প্রসিদ্ধঃ সোমপিতা অত্রির্নাম মুনিঃ, উতথ্যমাহূয় তস্মৈ যশস্বিনীং ভদ্রাং দদৌ। সোতথ্যমিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥১২॥

তামিতি। শ্রীমান্ শোভাবান্। বনপ্রস্থম্ অত্রেস্তপোবনস্থানম্ ॥১৩॥

জলেতি। পরমাদ্ভুতসঙ্কাশম্ অতীবাশ্চর্য্যভূতম্, ষট্ সহস্রাণি চ শতঞ্চ হ্রদা যত্র তৎ ॥১৪॥

তখন রাজা কার্ত্তবীর্য্যার্জ্জুন নীরব থাকিলেন; বায়ু আবার বলিতে লাগিলেন—'রাজা! অঙ্গিরার বংশে সমুৎপন্ন উতথ্যের বৃত্তান্ত শ্রবণ করুন ॥৯॥

চন্দ্রের কন্যা ভদ্রাকে সকলেই রূপে পরমা সুন্দরী বলিয়া মনে করিত। চন্দ্র উতথ্যকে তাহার যোগ্য পতিরূপে দেখিয়াছিলেন ॥১০॥

মহাভাগ্যবতী, যশস্বিনী ও সুন্দরাবয়বা ভদ্রা গুরুতর নিয়ম অবলম্বন করিয়া পতিরূপে উতথ্যকে লাভ করিবার জন্য তীব্র তপস্যা করিলেন ॥১১॥

তদনন্তর চন্দ্রের পিতা মহর্ষি অত্রি উতথ্যকে আহ্বান করিয়া আনিয়া তাঁহার হস্তে যশস্বিনী ভদ্রাকে দান করিলেন। যজ্ঞে প্রচুর দক্ষিণাদাতা উতথ্যও যথাবিধানে ভার্য্যার নিমিত্ত ভদ্রাকে গ্রহণ করিলেন ॥১২॥

কিন্তু সুন্দর মূর্ত্তি বরুণ পূর্ব্ব হইতেই ভদ্রাকে কামনা করিতেন; সুতরাং তিনি যমুনাতীরস্থিত অত্রির তপোবনে আসিয়া ভদ্রাকে অপহরণ করিলেন ॥১৩॥

(১০)...রূপেণাপ্রতিমা ভুবি—পি।

ন হি রম্যতরং কিঞ্চিত্তস্মাদন্যৎ পুরোত্তমম্।
প্রাসাদৈরপ্সরোভিশ্চ দিব্যৈঃ কামৈশ্চ শোভিতম্ ॥১৫॥
তত্র দেবস্তয়া সার্দ্ধং রেমে রাজন্! জলেশ্বরঃ।
অথাখ্যাতমুতথ্যায় ততঃ পত্ন্যবমর্দ্দনম্ ॥১৬॥
তচ্ছ্রুত্বা নারদাৎ সর্ব্বমুতথ্যো নারদং তদা।
প্রোবাচ গচ্ছ ব্রূহি ত্বং বরুণং পরুষং বচঃ ॥১৭॥
মদ্বাক্যান্মুঞ্চ মে ভার্য্যাং কস্মাত্তাং হৃতবানসি।
লোকপালোঽসি লোকানাং ন লোকস্য বিলোপকঃ ॥১৮॥
সোমেন দত্তা ভার্য্যা মে ত্বয়া চাপহৃতাদ্য বৈ।
ইত্যুক্তো বচনাত্তস্য নারদেন জলেশ্বরঃ ॥১৯॥

ভারতকৌমুদী

ন হীতি। দিব্যৈঃ স্বর্গীয়ৈঃ কাম্যন্ত ইতি কামাস্তৈঃ পদার্থৈঃ ॥১৫॥
তত্রেতি। তয়া ভদ্রয়া। আখ্যাতং নারদেনোক্তম্ ॥১৬॥
তদিতি। গচ্ছ বরুণস্যান্তিকম্, পরুষং নিষ্ঠুরম্ ॥১৭॥
মদিতি। লোকানাং জগতাম্, লোকস্য জনস্য বিলোপকো নাসি ॥১৮॥
সোমেনেতি। সোমেন চন্দ্রেণ। তস্যোতথ্যস্য বচনাৎ ॥১৯॥

বরুণ তাহাকে হরণ করিয়া নিজপুরে লইয়া গেলেন। সেই পুরটীর মধ্যে ষট্ সহস্র ও একশত হ্রদ ছিল বলিয়া তাহা পরম আশ্চর্য্যস্বরূপই ছিল ॥১৪॥

সেই পুরটী বহুতর প্রাসাদ, অপ্সরোগণ ও স্বর্গীয় কাম্য বস্তুদ্বারা শোভিত ছিল; সুতরাং অন্য কোন উৎকৃষ্ট পুরই মনোহর ছিল না ॥১৫॥

রাজা! সেই পুরে থাকিয়া বরুণদেব ভদ্রার সহিত রমণ করিতে লাগিলেন। তাহার পর নারদ যাইয়া উতথ্যের নিকট তাঁহার ভার্য্যার সঙ্গমের কথা বলিলেন ॥১৬॥

তখন উতথ্য নারদের মুখে সেই সমস্ত কথা শুনিয়া নারদকে বলিলেন—'তুমি বরুণের নিকটে যাও যাইয়া বরুণকে এই নিষ্ঠুর বাক্য বল—॥১৭॥

'তুমি আমার বাক্য অনুসারে আমার ভার্য্যাকে পরিত্যাগ কর; কেন তুমি তাহাকে অপহরণ করিলে? তুমি জগতের লোকপাল; কিন্তু লোকের লোপকারী নহ ॥১৮॥

চন্দ্র আমাকে ভার্য্যা দান করিয়াছেন; আর তুমি তাহাকে এখন অপহরণ

---

(১৮)...কস্মাত্ত্বং হৃতবানসি—পি।

মুঞ্চ ভার্য্যামুতথ্যস্য কস্মাত্ত্বং হৃতবানসি।
ইতি শ্রুত্বা বচস্তস্য সোঽথ তং বরুণোঽব্রবীৎ ॥২০॥
মমৈষা সুপ্রিয়া ভার্য্যা নৈনামুৎস্রষ্টুমুৎসহে।
ইত্যুক্তো বরুণেনাথ নারদঃ প্রাপ্য তং মুনিম্।
উতথ্যমব্রবীদ্বাক্যং নাতিহৃষ্টমনা ইব ॥২১॥
গলে গৃহীত্বা ক্ষিপ্তোঽস্মি বরুণেন মহামুনে!।
ন প্রযচ্ছতি তে ভার্য্যাং যত্তে কার্য্যং কুরুষ্ব তৎ ॥২২॥
নারদস্য বচঃ শ্রুত্বা ক্রুদ্ধঃ প্রাজ্বলদঙ্গিরাঃ।
অপিবত্তেজসা বারি বিষ্টভ্য সুমহাতপাঃ ॥২৩॥
পীয়মানে তু সর্বস্মিংস্তোয়েঽপি সলিলেশ্বরঃ।
সুহৃদ্ভির্ভিক্ষ্যমাণোঽপি নৈবামুঞ্চত তাং তদা ॥২৪॥

ভারতকৌমুদী

মুঞ্চেতি। তস্য নারদস্য, তং নারদম্ ॥২০॥
মমেতি। উৎস্রষ্টুং ত্যক্তুম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥
গল ইতি। ক্ষিপ্তঃ প্রত্যাখ্যাত ইত্যর্থঃ। কার্য্যং কর্ত্তব্যম্ ॥২২॥
নারদস্যেতি। অঙ্গিরা অঙ্গিরসঃ পুত্র উতথ্যঃ, বারি সাধারণং জলম্, বিষ্টভ্য স্তম্ভয়িত্বা ॥২৩॥
পীয়েতি। ভিক্ষ্যমাণোঽপি ভদ্রায়া দানায় প্রার্থ্যমানোঽপি ॥২৪॥

করিয়াছ', উতথ্যের এই বাক্যানুসারে নারদ যাইয়া বরুণকে এই কথা বলিলেন—॥১৯॥

'আপনি উতথ্যের ভার্য্যাকে পরিত্যাগ করুন, কেন আপনি তাহাকে অপহরণ করিলেন?'। নারদের এই কথা শুনিয়া বরুণ তাঁহাকে বলিলেন—॥২০॥

'ইনি আমার প্রিয়তমা ভার্য্যা। অতএব আমি ইহাকে ত্যাগ করিতে ইচ্ছা করি না।' বরুণ এই কথা বলিলে, নারদ অনতিহৃষ্টচিত্ত হইয়াই যেন উতথ্য মুনির নিকট যাইয়া এই কথা বলিলেন—॥২১॥

'মহর্ষি! বরুণ আমাকে গলায় ধাক্কা দিয়া তাড়াইয়া দিয়াছেন; তিনি আপনার ভার্য্যাকে দান করিবেন না; অতএব এখন আপনার যাহা কর্ত্তব্য, তাহা করুন' ॥২২॥

নারদের বাক্য শুনিয়া অতিমহাতপা উতথ্য ক্রুদ্ধ হইয়া জ্বলিয়া উঠিলেন এবং তেজদ্বারা সমস্ত জল স্তব্ধ করিয়া পান করিয়া ফেলিলেন ॥২৩॥

---

(২০)…সোতথ্য বরুণোঽব্রবীৎ—পি।

ততঃ ক্রুদ্ধোঽব্রবীদ্ভূমিমুতথ্যো ব্রাহ্মণোত্তমঃ।
দর্শয়স্ব স্থলং ভদ্রে! ষট্‌সহস্রশতহ্রদম্ ॥২৫॥
ততস্তদীরিণং জাতং সমুদ্রশ্চাবসর্পিতঃ।
তস্মাদ্দেশান্নদীং চৈব প্রোবাচাসৌ দ্বিজোত্তমঃ ॥২৬॥
অদৃশ্যা গচ্ছ ভীরু! ত্বং সরস্বতি! মরুং প্রতি।
অপুণ্য এষ ভবতু দেশস্ত্যক্তস্ত্বয়া শুভে! ॥২৭॥
তস্মিন্ সংশোষিতে দেশে ভদ্রামাদায় বারিপঃ।
অদদাচ্ছরণং গত্বা ভার্য্যামাঙ্গিরসায় বৈ ॥২৮॥
প্রতিগৃহ্য তু তাং ভার্য্যামুতথ্যঃ সুমনাভবৎ।
মুমোচ চ জগদ্দুঃখাদ্বরুণঞ্চৈব হৈহয়! ॥২৯॥

ভারতকৌমুদী

তত ইতি। ষট্ সহস্রাণি শতঞ্চ হ্রদা যত্র তৎ ॥২৫॥

তত ইতি। তৎ স্থলম্, ঈরিণং মরুভূমিরূপং জাতম্, সমুদ্রশ্চ তস্মাদ্দেশাদপসর্পিতঃ অপসৃতঃ, নদীং সরস্বতীম্ ॥২৬॥

অদৃশ্যেতি। অদৃশ্যা ভব, হে সরস্বতি! নদি! ॥২৭॥

তস্মিন্নিতি। বারিপো জলরক্ষকো বরুণঃ। আঙ্গিরসায় উতথ্যায় ॥২৮॥

প্রতীতি। সুমনাঃ প্রসন্নচিত্তঃ। বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥২৯॥

উতথ্য সমস্ত জল পান করিলেও এবং বন্ধুজনেরা ভদ্রাকে দান করিবার জন্য প্রার্থনা করিতে থাকিলেও বরুণ তখন ভদ্রাকে ত্যাগ করিলেন না ॥২৪॥

তাহার পর ব্রাহ্মণশ্রেষ্ঠ উতথ্য ক্রুদ্ধ হইয়া তত্রত্য ভূমিকে বলিলেন—'ভদ্রে! তুমি আমাকে ষট্ সহস্র ও শত সংখ্যক হ্রদযুক্ত স্থল দেখাও' ॥২৫॥

ভূমি সেই স্থল দেখাইলে সেই স্থল মরুভূমি হইয়া গেল এবং সমুদ্রও সেই দেশ হইতে অপসৃত হইল। তাহার পর ব্রাহ্মণশ্রেষ্ঠ উতথ্য তত্রত্য নদী সরস্বতীকে বলিলেন—॥২৬॥

'ভীরু সরস্বতি! তুমি মরুভূমিতে গমন কর; সেখানে যাইয়া অদৃশ্যা হইয়া থাক। কল্যাণি! তুমি ত্যাগ করায় এই দেশ পুণ্যবিহীন হইয়া যাউক' ॥২৭॥

উতথ্য সেই দেশকে সংশোষিত করিলে বরুণ ভদ্রাকে লইয়া উতথ্যের শরণাপন্ন হইয়া তাঁহাকে তাঁহার ভার্য্যা দান করিলেন ॥২৮॥

হৈহয়রাজ! উতথ্য ভার্য্যাকে গ্রহণ করিয়া প্রসন্ন চিত্ত হইলেন এবং (পুনর্বার জল উৎপাদন করিয়া) জগৎকে ও বরুণকে দুঃখ হইতে মুক্ত করিলেন ॥২৯॥

ততঃ স লব্ধা তাং ভার্য্যাং বরুণং প্রাহ ধর্ম্মবিৎ।
উতথ্যঃ সুমহাতেজা যত্তচ্ শৃণু নরাধিপ ! ॥৩০॥
ময়ৈষা তপসা প্রাপ্তা ক্রোশতস্তে জলাধিপ !।
ইত্যুক্ত্বা তামুপাদায় স্বমেব ভবনং যযৌ ॥৩১॥
এষ রাজন্নীদৃশো বৈ উতথ্যো ব্রাহ্মণর্ষভঃ।
ব্রবীম্যহং ব্রূহি বা ত্বমুতথ্যাৎ ক্ষত্রিয়ং বরম্ ॥৩২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসনপৰ্ব্বণি দানধর্ম্মে পবনার্জ্জুনসংবাদে দ্বাত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। প্রাহ ব্রবীতি স্ম ॥৩০॥
ময়েতি। ক্রোশত আহ্বানে ভদ্রাং দাতুং চন্দ্রমাহ্বয়তঃ ॥৩১॥
এষ ইতি। ইত্যহং ব্রবীমি। ক্ষত্রিয়ং বরমিতি কাকুঃ ॥৩২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসন-পৰ্ব্বণি দানধর্ম্মে দ্বাত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

বলেন ব্রহ্মলোকং গত্বা নষ্টভয়াসীদিত্যর্থঃ ॥৫॥ কশ্চপো ভূমির্ভূর্ত্বাসীদিত্যন্বয়ঃ ॥৬—১১॥ সোঽত্রিঃ সোমপিতা উতথ্যমাহুয় তাং তস্মৈ দদৌ। সোতথ্যমিতি সন্ধিরার্ষঃ ॥১২—১৫॥ দেবো বরুণঃ, তয়া ভদ্রয়া ॥১৬—২৮॥ জগদ্বরুণঞ্চ দুঃখান্মুমোচ মোচয়ামাস ॥২৯—৩২॥

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপৰ্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩২॥

নরনাথ! তাহার পর ধর্ম্মজ্ঞ ও অতিমহাতেজা উতথ্য সেই ভার্য্যাকে লাভ করিয়া বরুণকে যাহা বলিয়াছিলেন, তাহা আপনি শ্রবণ করুন ॥৩০॥

জলাধিপতি! আপনি ভদ্রাকে দান করিবার জন্য চন্দ্রকে আহ্বান করিয়াছিলেন; কিন্তু আমি তপোবলে ইহাকে পাইয়াছি।' এই কথা বলিয়া উতথ্য ভদ্রাকে লইয়া নিজের গৃহেই চলিয়া গেলেন ॥৩১॥

রাজা! আমি বলিতেছি, এই উতথ্য এইরূপ ব্রাহ্মণশ্রেষ্ঠ, এখন আপনিই বা বলুন দেখি, এই উতথ্য হইতে ক্ষত্রিয় শ্রেষ্ঠ কি না?' ॥৩২॥

---

* '..চতুঃপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বৰ্দ্ধ।

ত্রয়স্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ

—০:*:০—

ভীষ্ম উবাচ।

ইত্যুক্তঃ স নৃপস্তূষ্ণীমভূদ্বায়ুস্ততোঽব্রবীৎ।
শৃণু রাজন্নগস্ত্যস্য মাহাত্ম্যং ব্রাহ্মণস্য হ ॥১॥
অসুরৈর্নির্জ্জিতা দেবা নিরুৎসাহাশ্চ তে কৃতাঃ।
যজ্ঞাশ্চৈষাং হৃতাঃ সর্ব্বে পিতৃণাঞ্চ স্বধাস্তথা ॥২॥
কর্ম্মেজ্যা মানবানাঞ্চ দানবৈর্হৈহয়র্ষভ!।
ভ্রষ্টৈশ্বর্য্যাস্ততো দেবাশ্চেরুঃ পৃথ্বীমিতি শ্রুতিঃ ॥৩॥
ততঃ কদাচিত্তে রাজন্! দীপ্তমাদিত্যবর্চ্চসম্।
দদৃশুস্তেজসা যুক্তমগস্ত্যং বিপুলব্রতম্ ॥৪॥
অভিবাদ্য তু তং দেবাঃ পৃষ্ট্বা কুশলমেব চ।
ইদমূচুর্ম্মহাত্মানং বাক্যং কালে জনাধিপ! ॥৫॥

ভারতকৌমুদী

ইতীতি। নৃপঃ কার্ত্তবীর্য্যার্জ্জুনঃ, তূষ্ণীং প্রতিবাদাসম্ভবান্নীরবঃ ॥১॥
অসুরৈরিতি। স্বধাঃ শ্রাদ্ধান্নানি "স্বধা বৈ পিতৃণামন্ন"মিতি শ্রুতেঃ ॥২॥
কর্ম্মেতি। ইজ্যা যজ্ঞরূপং কর্ম্ম, দানবৈর্হৃতমিত্যনুবৃত্তিঃ ॥৩॥
তত ইতি। তে দেবাঃ, আদিত্যস্য সূর্য্যস্যেব বর্চ্চস্তেজো যস্য তম্ ॥৪॥

ভীষ্ম বলিলেন—'বায়ু এইরূপ বলিলে, রাজা কার্ত্তবীর্য্যার্জ্জুন নীরব থাকিলেন। তাহার পর বায়ু পুনরায় বলিতে লাগিলেন—'রাজা! ব্রাহ্মণ অগস্ত্যের মাহাত্ম্য শ্রবণ করুন ॥১॥

অসুরগণ দেবগণকে জয় করিয়া তাঁহাদিগকে উৎসাহশূন্য করিয়াছিল এবং তাঁহাদের প্রাপ্য সমস্ত যজ্ঞভাগ ও পিতৃলোকের শ্রাদ্ধান্ন হরণ করিয়াছিল ॥২॥

হৈহয়বংশশ্রেষ্ঠ! দানবেরা মানবগণেরও যজ্ঞকর্ম্ম হরণ করিয়াছিল। তাহার পর ঐশ্বর্য্যভ্রষ্ট দেবতারা যাইয়া পৃথিবীতে বিচরণ করিতে লাগিলেন; ইহা আমাদের শুনা আছে ॥৩॥

রাজা! তদনন্তর কোন সময়ে দেবতারা সূর্য্যের ন্যায় তেজস্বী, ব্রহ্মতেজে তেজীয়ান, উজ্জ্বল মূর্ত্তি ও মহাব্রতসম্পন্ন অগস্ত্যকে দর্শন করিলেন ॥৪॥

দানবৈর্যুধি ভগ্নাঃ স্ম তথৈশ্বর্য্যাচ্চ ভ্রংশিতাঃ।
তদস্মান্নো ভয়াত্তীব্রাত্রাহি ত্বং মুনিপুঙ্গব! ॥৬॥
ইত্যুক্তঃ স তদা দেবৈরগস্ত্যঃ কুপিতোঽভবৎ।
প্রজজ্বাল চ তেজস্বী কালাগ্নিরিব সংক্ষযে ॥৭॥
তেন দীপ্তাংশুজালেন নির্দগ্ধা দানবাস্তদা।
অন্তরিক্ষান্মহারাজ! নিপেতুস্তে সহস্রশঃ ॥৮॥
দহ্যমানাস্তু তে দৈত্যাস্তস্যাগস্ত্যস্য তেজসা।
উভৌ লোকৌ পরিত্যজ্য গতাঃ কাষ্ঠান্তু দক্ষিণাম্ ॥৯॥
বলিস্তু যজতে যজ্ঞমশ্বমেধং মহীং গতঃ।
যেঽন্যেঽধঃস্থা মহীস্থাশ্চ তে ন দগ্ধা মহাসুরাঃ ॥১০॥

ভাবতকৌমুদী

অভীতি। কালে যোগ্যাবসরে ॥৫॥
দানবৈরিতি। ভগ্নাঃ পরাজিতাঃ। নঃ অস্মান্ ॥৬॥
ইতীতি। সংক্ষযে প্রলযকালে ॥৭॥
তেনেতি। তেনাগস্ত্যেন দীপ্তাংশুজালেন প্রজ্বলিতকিরণসমূহেন ॥৮॥
দহেতি। লোকৌ স্বর্গমর্ত্ত্যৌ। কাষ্ঠাং দিশম্ ॥৯॥
বলিরিতি। অধঃস্থাঃ পাতালস্থিতাঃ ॥১০॥

নরনাথ! তখন দেবতাবা তাঁহাকে অভিবাদন করিযা এবং অবসরক্রমে মঙ্গল জিজ্ঞাসা কবিয়া সেই মহাত্মাকে এই বাক্য বলিলেন—॥৫॥

'মুনিশ্রেষ্ঠ! আমবা দানবগণকর্ত্তৃক যুদ্ধে পবাজিত এবং ঐশ্বর্য্যভ্রষ্ট হইয়াছি, অতএব আপনি আমাদিগকে গুরুতর ভয হইতে রক্ষা করুন' ॥৬॥

দেবগণ এই কথা বলিলে তখন তেজস্বী অগস্ত্য ক্রুদ্ধ হইলেন এবং প্রলয়কালে কালাগ্নিব ন্যায় জ্বলিতে লাগিলেন ॥৭॥

মহারাজ! তখন মহর্ষি অগস্ত্য প্রজ্বলিত কিবণসমূহদ্বারা দগ্ধ করিতে লাগিলে, সেই সহস্র সহস্র দানব আকাশ হইতে পতিত হইল ॥৮॥

অবশিষ্ট সেই দৈত্যগণ অগস্ত্যের তেজে দগ্ধ হইতে থাকিয়া স্বর্গ ও মর্ত্ত্য পরিত্যাগ কবিয়া দক্ষিণ দিকে চলিয়া গেল ॥৯॥

কিন্তু বলি ভূতলে অন্যত্র থাকিয়া অশ্বমেধযজ্ঞ করিতেছিলেন, তিনি এবং অন্য যে সমস্ত মহাসুব পাতালে ও ভূতলে অন্যত্র ছিল, তাহারা দগ্ধ হইল না ॥১০॥

ততো লোকাঃ পুনঃ প্রাপ্তাঃ সুরৈঃ শান্তভয়ৈর্নৃপ ! ।
অথৈনমব্রুবন্ দেবা ভূমিষ্ঠানসুরান্ জহি ॥১১॥
ইত্যুক্তঃ প্রাহ দেবান্ স ন শক্তোঽস্মি মহীগতান্ ।
দগ্ধুং তপো হি ক্ষীয়েন্মে ন শক্যামীতি পার্থিব ! ॥১২॥
এবং দগ্ধা ভগবতা দানবাঃ স্বেন তেজসা ।
অগস্ত্যেন তদা রাজংস্তপসা ভাবিতাত্মনা ॥১৩॥
ঈদৃশশ্চাপ্যগস্ত্যো হি কথিতস্তে ময়ানঘ ! ।
ব্রবীম্যহং ব্রূহি বা ত্বমগস্ত্যাৎ ক্ষত্রিয়ং বরম্ ॥১৪॥

ভীষ্ম উবাচ ।

ইত্যুক্তঃ স তদা তূষ্ণীমভূদ্বায়ুস্ততোঽব্রবীৎ ।
শৃণু রাজন্ ! বসিষ্ঠস্য মুখ্যং কর্ম্ম যশস্বিনঃ ॥১৫॥

ভারতকৌমুদী

তত ইতি। লোকাঃ স্বর্গাঃ। শান্তভয়ৈর্নিবৃত্তভীতিভিঃ ॥১১॥
ইতীতি। মহীগতানসুরান্। ক্ষীযেৎ ক্ষীয়েত ॥১২॥
এবমিতি। ভাবিতাত্মনা সমর্থীকৃতস্বেন ॥১৩॥
ঈদৃশ ইতি। ঈদৃশ ইত্থং তপঃশক্তিশালী ॥১৪॥
ইতীতি। স কার্ত্তবীর্য্যার্জ্জুনঃ। মুখ্যং প্রধানম্ ॥১৫॥

রাজা! তাহার পর দেবতারা নির্ভয় হইয়া পুনরায় স্বর্গলোক লাভ করিলেন। তদনন্তর দেবতারা অগস্ত্যকে বলিলেন—‘পৃথিবীস্থিত অসুরগণকে বধ করুন’ ॥১১॥

দেবতারা এই কথা বলিলে, অগস্ত্য দেবগণকে বলিলেন—‘আমি পৃথিবীস্থিত অসুরগণকে দগ্ধ করিতে সমর্থ নহি। কারণ, আমার তপস্যা ক্ষীণ হইয়া যায়; দেবরাজ! এই জন্যই আমি সমর্থ নহি’ ॥১২॥

রাজা! তপোবলে শক্তিশালী ভগবান্ অগস্ত্য এইভাবে নিজের তেজে তখন দানবগণকে দগ্ধ করিয়াছিলেন ॥১৩॥

নিষ্পাপ রাজা! আমি আপনার নিকটে অগস্ত্যকেও এইরূপ ব্রাহ্মণই বলিলাম। আমি এইরূপ বলিতেছি; আপনিও বলুন দেখি, এইরূপ অগস্ত্য হইতে ক্ষত্রিয় শ্রেষ্ঠ কি না?’ ॥১৪॥

ভীষ্ম বলিলেন—‘বায়ু এইরূপ বলিলে, তখন কার্ত্তবীর্য্যার্জ্জুন নীরবই রহিলেন; তাহার পর বায়ু আবার বলিতে লাগিলেন—‘রাজা! যশস্বী বসিষ্ঠের একটী প্রধান কর্ম্মের কথা শ্রবণ করুন ॥১৫॥

---

(১২)…ন শক্যামি মহীগতান্—পি।

আদিত্যাঃ সত্রমাসন্ত সরো বৈ মানসং প্রতি।
বসিষ্ঠং মনসা গত্বা জ্ঞাত্বা তত্তস্য গৌরবম্ ॥১৬॥
যজমানাংস্তু তান্ দৃষ্ট্বা সর্ব্বান্ দীক্ষানুকর্শিতান্।
হন্তুমৈচ্ছন্ত শৈলাভাঃ খলিনো নাম দানবাঃ ॥১৭॥
অদূরাত্তু ততস্তেষাং ব্রহ্মাদত্তবরং সরঃ।
হতাহতা বৈ তত্রৈতে জীবন্ত্যাপ্লুত্য দানবাঃ ॥১৮॥
তে প্রগৃহ্য মহাঘোরান্ পর্ব্বতান্ পরিঘান্ দ্রুমান্।
বিক্ষোভয়ন্তঃ সলিলমুত্থিতাঃ শতযোজনম্ ॥১৯॥
অভ্যদ্রবন্ত দেবাংস্তে সহস্রাণি দশৈব হি।
ততস্তৈরর্দিতা দেবাঃ শরণং বাসবং যযুঃ ॥২০॥

ভাবতকৌমুদী

আদিত্যা ইতি। আদিত্যা দেবাঃ, তস্য বসিষ্ঠস্য, তৎ প্রসিদ্ধং গৌরবং তপসা গুরুত্বং জ্ঞাত্বা, মনসা বসিষ্ঠং গত্বা আচার্য্যতয়া বিভাব্য, মানসং নাম সরঃ প্রতি মানসসরোবরতীরে, সত্রং কঞ্চিদ্‌যজ্ঞম্, আসন্ত আরভ্য অবস্থিতাঃ ॥১৬॥

যজেতি। দীক্ষয়া আরম্ভেন অনুকর্শিতান্ উপবাসাদিনা কৃশীকৃতদেহান্ ॥১৭॥

অদূরাদিতি। ব্রহ্মণা দত্তো বরঃ স্নানমাত্রেণ জীবনপ্রাপ্তিরূপো যাচিতবিষয়ো যস্মৈ তৎ ॥১৮॥

ত ইতি। শতযোজনং ব্যাপ্য যোদ্ধুং স্থিতা ইতি শেষঃ ॥১৯॥

অভীতি। অভ্যদ্রবন্ত যোদ্ধুমভ্যধাবন্। বাসবমিন্দ্রম্ ॥২০॥

একদা দেবতারা বসিষ্ঠের গুরুত্ব জানিয়া মনে মনে তাঁহাকে ভাবিয়া মানস-সরোবরের তীরে এক যজ্ঞ আরম্ভ করিয়া অবস্থান করেন ॥১৬॥

সেই দেবতারা সকলে দীক্ষিত হইয়া যজ্ঞ করিতে থাকায় তাঁহারা কৃশদেহ ও দুর্ব্বল হইয়াছেন দেখিয়া পর্ব্বতপ্রমাণ খলিনামক দানবগণ তাঁহাদিগকে বধ করিবার ইচ্ছা করে ॥১৭॥

সেই দেবগণের অনতিদূরে একটী সরোবর ছিল, ব্রহ্মা তাহাকে বর দিয়াছিলেন যে, 'ইহাতে যে স্নান করিবে, সে-ই পুনরায় জীবিত হইবে।' সুতরাং সেই দানবেরা দেবগণের সহিত যুদ্ধে নিহত হইয়া সেই সরোবরের জলে অবগাহন করিয়া পুনরায় জীবিত হইতে লাগিল ॥১৮॥

সেই দানবেরা অতি ভীষণ পর্ব্বত, পরিঘ ও বৃক্ষ গ্রহণ করিয়া সেই সরোবরের জল উদ্বেলিত করিতে থাকিয়া উত্থিত হইতে লাগিল এবং শত যোজন ব্যাপিয়া যুদ্ধার্থে প্রস্তুত হইতে থাকিল ॥১৯॥

---

(১৬) ··সরো বৈখানসং প্রতি···পি।

স চ তৈর্ব্যথিতঃ শক্রো বসিষ্ঠং শরণং যযৌ।
ততোঽভয়ং দদৌ তেভ্যো বসিষ্ঠো ভগবানৃষিঃ ॥২১॥
তদা তান্ দুঃখিতান্ জ্ঞাত্বা আনৃশংস্যপরো মুনিঃ।
অযত্নেনাদহৎ সর্ব্বান্ খলিনঃ স্বেন তেজসা ॥২২॥
কৈলাসং প্রস্থিতাঞ্চৈব নদীং গঙ্গাং মহাতপাঃ।
আনয়ত্তৎসরো দিব্যং তয়া ভিন্নঞ্চ তৎসরঃ ॥২৩॥
সরো ভিন্নং তয়া নদ্যা সরযূঃ সা ততোঽভবৎ।
হতাশ্চ খলিনো যত্র স দেশঃ খলিনোঽভবৎ ॥২৪॥
এবং সেন্দ্রা বসিষ্ঠেন রক্ষিতাস্ত্রিদিবৌকসঃ।
ব্রহ্মদত্তবরাশ্চৈব হতা দৈত্যা মহাত্মনা ॥২৫॥

ভারতকৌমুদী

স ইতি। তৈর্দানবৈঃ, শক্র ইন্দ্রঃ ॥২১॥
তানিতি। আনৃশংস্যপরো দয়ালুঃ সন্। খলিনস্তদাখ্যান্ দানবান্ ॥২২॥
কৈলাসমিতি। তৎসরো মানসং নাম, ভিন্নং ভগ্নতীরং কৃতম্, সমযুজ্যত ইত্যর্থঃ ॥২৩॥
সর ইতি। সরযূর্নাম নদী। খলিনো নাম ॥২৪॥
এবমিতি। ব্রহ্মণা দত্তো বরো যেভ্যস্তে ॥২৫॥

ক্রমে সেই দশ সহস্র দানব দেবগণের দিকে ধাবিত হইল। তাহার পর দেবতারা সেই দানবগণ কর্ত্তৃক পীড়িত হইয়া ইন্দ্রের শরণাপন্ন হইলেন ॥২০॥

সেই ইন্দ্রও দানবগণ কর্ত্তৃক পীড়িত হইয়া যাইয়া বসিষ্ঠের শরণাপন্ন হইলেন। তাহার পর ভগবান্ বসিষ্ঠ ঋষি দেবগণকে অভয় দান করিলেন ॥২১॥

তখন বসিষ্ঠ মুনি দেবগণকে দুঃখিত জানিয়া দয়ালু হইয়া অযত্ন পূর্ব্বকই নিজের তেজে খলিনামক সমস্ত দানবকে দগ্ধ করিলেন ॥২২॥

ওদিকে গঙ্গানদী কৈলাস পর্ব্বতের দিকে প্রবাহিত হইত; কিন্তু মহাতপা বসিষ্ঠ তাঁহাকে মানস সরোবরে আনিলেন; তখন গঙ্গা সেই দিব্য মানস সরোবরের সহিত মিলিত হইয়া গেলেন ॥২৩॥

তাহার পর মানস সরোবর গঙ্গার সহিত মিলিত হইয়া সরযূ হইল এবং 'খলি' নামক দানবেরা যে দেশে নিহত হইয়াছিল; সেই দেশও 'খলিন' নামে প্রসিদ্ধ হইয়া গেল ॥২৪॥

এইভাবে মহাত্মা বসিষ্ঠ ইন্দ্রের সহিত দেবগণকে রক্ষা করিয়াছিলেন এবং ব্রহ্মা যাহাদিগকে বর দিয়াছিলেন, সেই দৈত্যগণকেও সংহার করিয়াছিলেন ॥২৫॥

এতৎ কর্ম্ম বসিষ্ঠস্য কথিতং হি ময়ানঘ।।
ব্রবীম্যহং ব্রূহি বা ত্বং বসিষ্ঠাৎ ক্ষত্রিয়ং বরম্ ॥২৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসনপর্ব্বণি
দানধর্ম্মে পবনার্জ্জুনসংবাদে ত্রয়স্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০*০—

চতুস্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—০*০—

ভীষ্ম উবাচ।
ইত্যুক্তস্ত্বর্জ্জুনস্তূষ্ণীমভূদ্বায়ুস্তমব্রবীৎ।
শৃণু মে হৈহয়শ্রেষ্ঠ! কর্ম্মাত্রেঃ সুমহাত্মনঃ ॥১॥
ঘোরে তমস্যযুধ্যন্ত সহিতা দেবদানবাঃ।
অবিধ্যত শরৈস্তত্র স্বর্ভানুঃ সোমভাস্করৌ ॥২॥

ভারতকৌমুদী

এতদিতি। হে অনঘ! নিষ্পাপ অর্জ্জুন।। বরমিতি কাকুঃ ॥২৬॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসন-
পর্ব্বণি দানধর্ম্মে ত্রয়স্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—০*০—

ইতীতি। অত্রেরত্রিনামকদেবর্ষেঃ ॥১॥

নিষ্পাপ রাজা! এই আমি বসিষ্ঠের কর্ম্মের কথা বলিলাম। আমি ত বলিতেছি, এখন আপনিও বলুন দেখি, এই বসিষ্ঠ হইতে ক্ষত্রিয় শ্রেষ্ঠ কিনা?' ॥২৬॥

—০*০—

ভীষ্ম বলিলেন—'বায়ু এইরূপ বলিলে রাজা কার্ত্তবীর্য্যার্জ্জুন নীরব থাকিলেন; তাহার পর বায়ু পুনরায় বলিতে লাগিলেন, 'রাজা! ব্রাহ্মণ অগস্ত্যের মাহাত্ম্য শ্রবণ করুন ॥১॥

---

* '. পঞ্চপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ। (১) ..বায়ুস্ততোঽব্রবীৎ.. পি।

অথ তে তমসা গ্রস্তা নিহন্যন্তে স্ম দানবৈঃ।
দেবা নৃপতিশার্দ্দূল! সহৈব বলিভিস্তদা ॥৩॥
অসুরৈর্ব্বধ্যমানাস্তে ক্ষীণপ্রাণা দিবৌকসঃ।
অপশ্যন্ত তপস্যন্তমত্রিং বিপ্রং তপোধনম্ ॥৪॥
অথৈনমব্রুবন্ দেবাঃ শান্তক্রোধং জিতেন্দ্রিয়ম্।
অসুরৈরিষুভির্ব্বিদ্ধৌ চন্দ্রাদিত্যাবিমাবুভৌ ॥৫॥
বয়ং বধ্যামহে চাপি শত্রুভিস্তমসাবৃতে।
নাধিগচ্ছাম শান্তিঞ্চ ভয়াত্রায়স্ব নঃ প্রভো! ॥৬॥

ঋষিরুবাচ।

কথং রক্ষামি ভবতস্তেঽত্রুবংশ্চন্দ্রমা ভব।
তিমিরঘ্নশ্চ সবিতা দস্যুহন্তা চ নো ভব ॥৭॥

ভারতকৌমুদী

ঘোর ইতি। তমসি অন্ধকারে। স্বর্ভানু রাহুঃ। অতএব সোমভাস্করয়োরপসরণাত্তমস আবির্ভাব ইতি ভাবঃ ॥২॥

অথেতি। সহৈব যুগপদেব ॥৩॥

অসুরৈরিতি। বধ্যমানা আহন্যমানাঃ, অতএব ক্ষীণপ্রাণাঃ ক্ষয়প্রাপ্তবলাঃ ॥৪॥

অথেতি। শান্তক্রোধং নিবৃত্তকোপম্। ঈষুভির্বাণৈঃ ॥৫॥

বযমিতি। তমসাবৃতে অন্ধকারাচ্ছন্নে সংযুগে ।৬॥

পূর্ব্বকালে একদা দেবগণ ও দানবগণ মিলিত হইয়া ঘোর অন্ধকারে যুদ্ধ করিতেছিলেন। তখন রাহু বাণদ্বারা চন্দ্র ও সূর্য্যকে বিদ্ধ করিয়াছিল ॥২॥

রাজশ্রেষ্ঠ! তখন বলবান্ দানবেরা একদাই অন্ধকারাচ্ছন্ন দেবগণকে আহত করিতে লাগিল ॥৩॥

অসুরেরা আঘাত করিতে থাকিলে, দেবগণের শক্তি ক্ষয় প্রাপ্ত হইতে লাগিল। তখন তাঁহারা তপস্যানিরত তপোধন ব্রাহ্মণ অত্রিকে দর্শন করিলেন ॥৪॥

তাহার পর দেবগণ ক্রোধশূন্য ও জিতেন্দ্রিয় অত্রিকে বলিলেন—'অসুরেরা বাণদ্বারা এই চন্দ্র ও সূর্য্য দুইজনকেই বিদ্ধ করিয়াছে ॥৫॥

প্রভাবশালী মহর্ষি! শত্রুরা অন্ধকারাবৃত রণস্থলে আমাদিগকেও আহত করিতেছে, আমরা শান্তিলাভ করিতেছি না; অতএব আপনি আমাদিগকে ভয় হইতে পরিত্রাণ করুন' ॥৬॥

এবমুক্তস্তদাত্রির্বৈ তমোনুদভবচ্ছশী।
অপশ্যৎ সৌম্যভাবাচ্চ সোমবৎ প্রিয়দর্শনঃ ॥৮॥
দৃষ্ট্বা নাতিপ্রভং সোমং তথা সূর্য্যঞ্চ পার্থিব!।
প্রকাশমকরোদত্রিস্তপসা স্বেন সংযুগে ॥৯॥
জগদ্বিতিমিরং চাপি প্রদীপ্তমকরোত্তদা।
ব্যজয়চ্ছত্রুসঙ্ঘাংশ্চ দেবানাং স্বেন তেজসা ॥১০॥
অত্রিণা দহ্যমানাংস্তান্ দৃষ্ট্বা দেবা মহাসুরান্।
পরাক্রমৈস্তেঽপি তদা ব্যঘ্নন্নত্রিসুরক্ষিতাঃ।
উদ্ভাসিতশ্চ সবিতা দেবাস্ত্রাতা হতাসুরাঃ ॥১১॥

ভারতকৌমুদী

কথমিতি। তিমিরঘ্নঃ অন্ধকারনাশকঃ, সবিতা সূর্য্যঃ ॥৭॥
এবমিতি। তমোনুদন্ধকারহন্তা সূর্য্যঃ, শশী চন্দ্রশ্চাভবৎ ॥৮॥
দৃষ্ট্বেতি। নাতিপ্রভম্ অতীক্ষ্ণরশ্মিম্ ॥৯॥
জগদিতি। বিতিমিরমন্ধকারশূন্যম্, প্রদীপ্তং প্রকাশম্ ॥১০॥
অত্রিণেতি। ব্যঘ্নন্ বিনাশিতবন্তঃ। উদ্ভাসিতঃ পূর্ব্ববত্তেজস্বী জাতঃ। ত্রাতা রক্ষিতাঃ। হতাসুরা ইতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

অত্রি বলিলেন—'আমি কি প্রকারে আপনাদিগকে রক্ষা করিব?' তখন দেবতারা বলিলেন—'আপনি অন্ধকারহন্তা চন্দ্র ও সূর্য্য হউন এবং আমাদের সম্পত্তিহরণকারী দানবগণকে সংহার করুন' ॥৭॥

দেবতারা এইরূপ বলিলে, তখন অত্রি চন্দ্র ও সূর্য্য হইলেন এবং চন্দ্রের ন্যায় প্রিয়দর্শন হইয়া শান্তভাবে সমস্ত দর্শন করিতে লাগিলেন ॥৮॥

রাজা! অত্রি তখন চন্দ্র ও সূর্য্যকে অনধিক প্রভাযুক্ত দেখিয়া আপন তপোবলে রণস্থলে আলোক দান করিলেন ॥৯॥

এবং তিনি আপন তেজে সমগ্র জগৎকেই অন্ধকারশূন্য ও আলোকযুক্ত করিলেন; আর দেবগণের শত্রুগণকে জয় করিলেন ॥১০॥

অত্রি মহাসুরগণকে দগ্ধ করিতেছেন দেখিয়া তখন অত্রিকর্ত্তৃক সুরক্ষিত দেবতারা পরাক্রমদ্বারা মহাসুরগণকে বিনাশ করিলেন। তৎকালে সূর্য্য পূর্ব্বের ন্যায় তেজস্বী হইলেন, দেবগণ রক্ষা পাইলেন এবং অসুরগণ নিহত হইল ॥১১॥

---

(১১) ..ব্যত্যঘ্নন্নত্রিরক্ষিতাঃ—পি।

অত্রিণা ত্বথ সামর্থ্যং কৃতমুত্তমতেজসা।
দ্বিজেনাগ্নিদ্বিতীয়েন জপতা চর্ম্মবাসসা ॥১২॥
ফলভক্ষেণ রাজর্ষে! পশ্য কর্ম্মাত্রিণা কৃতম্।
তস্যাপি বিস্তরেণোক্তং কর্ম্মাত্রেঃ সুমহাত্মনঃ।
ব্রবীম্যহং ব্রূহি বা ত্বমত্রিতঃ ক্ষত্রিয়ং বরম্ ॥১৩॥
ইত্যুক্তস্ত্বর্জ্জুনস্তূষ্ণীমভূদ্বায়ুস্ততোঽব্রবীৎ।
শৃণু রাজন্! মহৎ কর্ম্ম চ্যবনস্য মহাত্মনঃ ॥১৪॥
অশ্বিনোঃ প্রতিসংশ্রুত্য চ্যবনঃ পাকশাসনম্।
প্রোবাচ সহিতো দেবৈঃ সোমপাবশ্বিনৌ কুরু ॥১৫॥

ইন্দ্র উবাচ।

অস্মাভির্নিন্দিতাবেতৌ ভবেতাং সোমপৌ কথম্।
দেবৈর্ন সম্মিতাবেতৌ তস্মান্মৈবং বদস্ব নঃ ॥১৬॥

ভারতকৌমুদী

অত্রিণেতি। অগ্নির্দ্বিতীয়ঃ সদৃশো যস্য তেন ॥১২॥
ফলেতি। উক্তং ময়া। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩॥
ইতীতি। চ্যবনস্য তদাখ্যস্য মহর্ষেঃ ॥১৪॥
অশ্বিনোরিতি। প্রতিসংশ্রুত্য ভবন্তৌ সোমপায়িনৌ করিষ্যামীতি প্রতিজ্ঞায় ॥১৫॥
অস্মাভিরিতি। নিন্দিতৌ চিকিৎসাব্যবসায়িত্বাৎ। সম্মিতৌ তুল্যৌ ॥১৬॥

অগ্নির তুল্য মহাতেজা, জপকারী ও মৃগচর্ম্মপরিধায়ী ব্রাহ্মণ অত্রি দেবগণের শক্তি বর্দ্ধিত করিলেন ॥১২॥

রাজর্ষি! ফলভোজী অত্রির কর্ম্ম দেখুন; আমি অতি মহাত্মা অত্রির কার্য্য বিস্তরক্রমে বলিলাম। আমি ত বলিতেছি, আপনিও বলুন দেখি, এই অত্রি হইতে ক্ষত্রিয় প্রধান কি না?' ॥১৩॥

বায়ু এই কথা বলিলে, অর্জ্জুন নীরবই রহিলেন; তাহার পর বায়ু আবার বলিতে লাগিলেন—'রাজা! মহাত্মা চ্যবনের গুরুতর কার্য্যের কথা শ্রবণ করুন ॥১৪॥

একদা চ্যবন অশ্বিনীকুমারদ্বয়েব নিকট তাঁহাদের সোমরস পানের প্রতিশ্রুতি দিয়া ইন্দ্রকে বলিলেন—'দেবরাজ! আপনি দেবগণের সহিত মিলিত হইয়া অশ্বিনীকুমারদ্বয়কে সোমপায়ী করুন' ॥১৫॥

---

(১৬) অস্মাভির্বর্জ্জিতাবেতৌ—পি।

অশ্বিভ্যাং সহ নেচ্ছামঃ সোমং পাতুং মহাব্রত ! ।
যদন্যদ্বক্ষ্যসে বিপ্র ! তৎ করিষ্যাম তে বচঃ ॥১৭॥

চ্যবন উবাচ ।

পিবেতামশ্বিনৌ সোমং ভবদ্ভিঃ সহিতাবুভৌ ।
উভাবেতাবপি সুরৌ সূর্য্যপুত্রৌ সুরেশ্বর ! ॥১৮॥
ক্রিয়তাং মদ্বচো দেবা যথা বৈ সমুদাহৃতম্ ।
এতদ্বঃ কুর্ব্বতাং শ্রেয়ো ভবেন্নৈতদকুর্ব্বতাম্ ॥১৯॥

ইন্দ্র উবাচ ।

অশ্বিভ্যাং সহ সোমং বৈ ন পাস্যামি দ্বিজোত্তম ! ।
পিবন্ত্বন্যে যথাকামং নাহং পাতুমিহোৎসহে ॥২০॥

ভারতকৌমুদী

অশ্বিভ্যামিতি । অশ্বিভ্যাম্ অশ্বিনীকুমারাভ্যাম্ ॥১৭॥
পিবেতামিতি । সহিতৌ মিলিতৌ সন্তৌ । সুরৌ দেবৌ ॥১৮॥
ক্রিয়তামিতি । সমুদাহৃতমুক্তম্ । শ্রেয়ো মঙ্গলম্ ॥১৯॥
অশ্বিভ্যামিতি । অন্যে দেবাঃ । উৎসহে শক্নোমি ॥২০॥

ইন্দ্র বলিলেন—'আমরা অশ্বিনীকুমারদ্বয়কে নিন্দিত বলিয়া গণ্য করিয়াছি; সুতরাং ইহারা সোমপায়ী হইবে কি প্রকারে ? বিশেষতঃ, ইহারা দেবগণের তুল্যও নহে ; অতএব আপনি আমাদিগকে এই প্রকার বলিবেন না ॥১৬॥

মহাব্রত ব্রাহ্মণ ! আমরা অশ্বিনীকুমারদের সহিত সোম পান করিতে ইচ্ছা করি না ; অতএব আপনি অন্য যাহা বলিবেন, আমরা আপনার সেই বাক্য রক্ষা করিব' ॥১৭॥

চ্যবন বলিলেন—'দেবরাজ ! অশ্বিনীকুমারেরা নিশ্চয়ই আপনাদের সহিত সোম পান করিবেন। কারণ, উঁহারাও সূর্য্যের পুত্র বলিয়া দেবতা ॥১৮॥

দেবগণ ! আমি যাহা বলিলাম, আপনারা আমার সেই বাক্য রক্ষা করুন। ইহা করিলে আপনাদের মঙ্গল হইবে ; না করিলে মঙ্গল হইবে না' ॥১৯॥

ইন্দ্র বলিলেন—'ব্রাহ্মণশ্রেষ্ঠ ! আমি অশ্বিনীকুমারদের সহিত সোমরস পান করিব না ; অন্য দেবতারা ইচ্ছানুসারে পান করিতে পারেন, কিন্তু আমি পান করিতে পারি না' ॥২০॥

চ্যবন উবাচ।

ন চেৎ করিষ্যসি বচো ময়োক্তং বলসূদন!।
ময়া প্রমথিতঃ সদ্যঃ সোমং পাস্যসি বৈ মখে ॥২১॥

বায়ুরুবাচ।

ততঃ কর্ম্ম সমারব্ধং হিতায় সহসাশ্বিনোঃ।
চ্যবনেন ততো মন্ত্রৈরভিভূতাঃ সুরাভবন্ ॥২২॥
তত্তু কর্ম্ম সমারব্ধং দৃষ্ট্বেন্দ্রঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
উদ্যম্য বিপুলং শৈলং চ্যবনং সমুপাদ্রবৎ।
তথা বজ্রেণ ভগবানমর্ষাকুললোচনঃ ॥২৩॥
তমাপতন্তং দৃষ্ট্বৈব চ্যবনস্তপসান্বিতঃ।
অদ্ভিঃ সিক্ত্বাস্তম্ভয়ত্তং সবজ্রং সহপর্ব্বতম্ ॥২৪॥
অথেন্দ্রস্য মহাঘোরং সোঽসৃজচ্ছত্রুমেব হি।
মদং নামাহুতিময়ং ব্যদিতাস্যং মহামুনিঃ ॥২৫॥

ভারতকৌমুদী

নেতি। প্রমথিতো নিপীড়িতঃ, মখে যজ্ঞে ॥২১॥

তত ইতি। সুরাভবন্নিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥২২॥

তদিতি। ক্রোধেন মূর্চ্ছিতঃ কর্ত্তব্যাকর্ত্তব্যজ্ঞানহীনঃ। বিপুলং বিশালম্, শৈলং পর্ব্বতম্। বজ্রেণ সহ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৩॥

তমিতি। অস্তম্ভয়ৎ নিস্পন্দমকরোৎ ॥২৪॥

চ্যবন বলিলেন—'বলাসুরনাশক। আপনি যদি স্বেচ্ছায় আমার বাক্য রক্ষা না করেন, তাহা হইলে আমাকর্ত্তৃক নিপীড়িত হইয়া এইক্ষণই যজ্ঞে অশ্বিনীকুমারদেব সহিত সোম পান করিবেন' ॥২১॥

বায়ু বলিলেন—'তাহার পর চ্যবন তৎক্ষণাৎ অশ্বিনীকুমারদেব হিতের জন্য একটী যজ্ঞ আরম্ভ করিলেন। তদনন্তর চ্যবনের মন্ত্রের প্রভাবে দেবতারা অভিভূত হইলেন ॥২২॥

চ্যবন সেই কার্য্য আরম্ভ করিয়াছেন দেখিয়া ভগবান্ ইন্দ্র ক্রোধে অধীর ও অসহিষ্ণুতাবশতঃ চঞ্চল নয়ন হইয়া একটা বিশাল পর্ব্বত ও বজ্র লইয়া চ্যবনের দিকে ধাবিত হইলেন ॥২৩॥

ইন্দ্র আসিতেছেন দেখিয়াই তপস্বী চ্যবন জল সেচন করিয়া বজ্র ও পর্বতের সহিত তাঁহাকে স্তব্ধ করিলেন ॥২৪॥

(২৫) মদং মন্ত্রাহুতিময়ম্—পি।

তস্য দন্তসহস্রন্তু বভূব শতযোজনম্।
দ্বিযোজনশতাস্তস্য দংষ্ট্রাঃ পরমদারুণাঃ।
হনুস্তস্যাভবদ্ভূমাবাস্যং চাস্যাস্পৃশদ্দিবম্ ॥২৬॥
জিহ্বামূলে স্থিতাস্তস্য সর্ব্বে দেবাঃ সবাসবাঃ।
তিমেরাস্যমনুপ্রাপ্তা যথা মৎস্যা মহার্ণবে ॥২৭॥
তে সংমন্ত্র্য ততো দেবা মদস্যাস্য সমীপগাঃ।
অব্রুবন্ সহিতাঃ শক্রং প্রণমাস্মৈ দ্বিজাতয়ে।
অশ্বিভ্যাং সহ সোমঞ্চ পিবাম বিগতজ্বরাঃ ॥২৮॥
ততঃ স প্রণতঃ শক্রশ্চকার চ্যবনস্য তৎ।
চ্যবনঃ কৃতবানেতাবশ্বিনৌ সোমপায়িনৌ ॥২৯॥

ভাবতকৌমুদী

অথেতি। আহুতিময়ম্ আহুত্যা জনিতম্, ব্যাদিতাস্যং বিবৃতমুখম্ ॥২৫॥

তস্যেতি। দংষ্ট্রা দন্তমূলদেশাঃ। হনুরধরনিম্নভাগঃ, আস্যম্ উর্দ্ধোষ্ঠদেশঃ, দিবং গগনম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥

জিহ্বেতি। বাসবেন ইন্দ্রেণ সহেতি সবাসবাঃ, তিমেঃ তিমিনামকস্য জলজন্তোঃ ॥২৭॥

ত ইতি। সমীপগা উদরসন্নিধানস্থিতাঃ, অস্মৈ চ্যবনায়। বিগতজ্বরাস্তিরোহিতসন্তাপাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৮॥

তত ইতি। তৎ বাক্যং সোমপানমিত্যর্থঃ ॥২৯॥

তাহার পর মহর্ষি চ্যবন অতি ভীষণ আহুতিময় ও বিবৃত বদন মদনামক ইন্দ্রের একটা শত্রু সৃষ্টি করিলেন ॥২৫॥

মদের সহস্র দন্ত শতযোজনব্যাপী এবং অতি ভীষণ দন্তমূল দ্বিযোজন শত-ব্যাপী হইল এবং তাহার অধরের নিম্নদেশ ভূতলে থাকিল, আর উর্দ্ধোষ্ঠ আকাশ স্পর্শ করিল ॥২৬॥

মহাসমুদ্রে মৎস্যগণ যেমন তিমিনামক জলজন্তুর মুখের ভিতরে থাকে; তেমন ইন্দ্রের সহিত সকল দেবতা মদের মুখের ভিতরে জিহ্বামূলে থাকিলেন ॥২৭॥

তাহার পর সেই মদের উদরের নিকটবর্ত্তী সেই দেবতারা পরস্পর পরামর্শ করিয়া মিলিতভাবে ইন্দ্রকে বলিলেন—'এই ব্রাহ্মণকে নমস্কার করুন এবং আমরা সন্তাপশূন্য হইয়া অশ্বিনীকুমারদ্বয়ের সহিত সোম পান করিব' ॥২৮॥

তাহার পর ইন্দ্র চ্যবনের নিকট প্রণত হইলেন এবং দেবতারা সকলেও

ততঃ প্রত্যাহরৎ কর্ম্ম মদঞ্চ ব্যভজন্মুনিঃ।
অক্ষেষু মৃগয়ায়াঞ্চ পানে স্ত্রীষু চ বীর্য্যবান্ ॥৩০॥
এতৈদের্ণাষৈর্নরা রাজন্! ক্ষয়ং যান্তি ন সংশয়ঃ।
তস্মাদেতান্নরো নিত্যং দূরতঃ পরিবর্জ্জয়েৎ ॥৩১॥
এতত্তে চ্যবনস্যাপি কর্ম্ম রাজন্! প্রকীর্ত্তিতম্।
ব্রবীম্যহং ব্রূহি বা ত্বং ক্ষত্রিয়ং ব্রাহ্মণাদ্বরম্ ॥৩২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে পবনার্জ্জুনসংবাদে চতুস্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভাবতকৌমুদী

তত ইতি। প্রত্যাহরৎ সমাপিতবান্। ব্যভজৎ বিভজ্যাস্থাপৎ, অক্ষেষু দ্যূতক্রীডাসু, পানে সুরাষাঃ, বীর্য্যবান্ তপঃশক্তিশালী ॥৩০॥

এতৈরিতি। এতৈ রক্ষাদিভিঃ। এতান্ দোষান্ ॥৩১॥

এতদিতি। কর্ম্ম তপোবলজনিতা ক্রিয়া ॥৩২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতাযাং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যাযামনুশাসন-পর্ব্বণি দানধর্ম্মে চতুস্ত্রিংশদধিকশততমোঽধ্যাযঃ ॥০॥

চ্যবনের বাক্য রক্ষা কবিলেন। এইভাবে চ্যবন সেই অশ্বিনীকুমাবদিগকে সোমপায়ী কবিয়াছিলেন ॥২৯॥

তাহার পব তপপ্রভাবশালী চ্যবন যজ্ঞকার্য্য সমাপ্ত কবিলেন এবং দ্যূতক্রীড়া, মৃগয়া, সুবাপান ও স্ত্রীজাতি—এই চাবিটী স্থানে মদকে বিভক্ত করিয়া বাখিলেন ॥৩০॥

অতএব রাজা! এই চারিটা দোষে মানুষেবা ক্ষয়প্রাপ্ত হয়, এই বিষয়ে কোন সন্দেহ নাই; সুতরাং মানুষ সর্ব্বদা এই চাবিটা দোষকে দূরে পবিত্যাগ করিবে ॥৩১॥

রাজা! এই আমি আপনার নিকট চ্যবনেরও কার্য্যের কথা বলিলাম। আমি ত বলিতেছি; এখন আপনিও বলুন দেখি, ক্ষত্রিয় ব্রাহ্মণ হইতে শ্রেষ্ঠ কি না?' ॥৩২॥

---

(৩১) এতৈর্দোষৈর্নরো রাজন্। ক্ষয়ং যাতি ন সংশয়ঃ—পি।

* '.. ষট্পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ।

পঞ্চত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

ভীষ্ম উবাচ।

তূষ্ণীমাসীদর্জ্জুনস্তু পবনস্ত্বব্রবীৎ পুনঃ।
শৃণু মে ব্রাহ্মণেষ্বেব মুখ্যং কর্ম্ম জনাধিপ। ॥১॥
মদস্যাস্যমনুপ্রাপ্তা যদা সেন্দ্রা দিবৌকসঃ।
তদৈব চ্যবনেনেহ হৃতা তেষাং বসুন্ধরা ॥২॥
উভৌ লোকৌ হৃতৌ মত্বা তে দেবা দুঃখিতাভবন্।
শোকার্ত্তাশ্চ মহাত্মানো ব্রহ্মাণং শরণং যযুঃ ॥৩॥

দেবা উচুঃ।

মদাস্যব্যতিষিক্তানামস্মাকং লোকপূজিত।।
চ্যবনেন হৃতা ভূমিঃ কপৈশ্চৈব দিবং প্রভো! ॥৪॥

ভারতকৌমুদী

তূষ্ণীমিতি। তূষ্ণীং প্রতিবাদাসম্ভবান্নীরবঃ ॥১॥

মদস্যেতি। ইন্দ্রেণ সহেতি সেন্দ্রাঃ। বসুন্ধরা অধিকৃতা পৃথিবী ॥২॥

উভাবিতি। লোকৌ স্বর্গমর্ত্ত্যৌ, হৃতৌ আয়ত্তীকৃতৌ। দুঃখিতাভবন্নিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৩॥

মদেতি। মদস্য তদাখ্যস্য চ্যবনসৃষ্টস্য জন্তোঃ আস্যে মুখে ব্যতিষিক্তানাং প্রবিষ্টানাম্। কপৈস্তদাখ্যৈরসুরৈঃ, দিবং স্বর্গঃ ॥৪॥

ভীষ্ম বলিলেন—'তখন অর্জ্জুন নীরবই থাকিলেন এবং বায়ু পুনরায় বলিতে লাগিলেন—'নরনাথ! আপনি আমার নিকট ব্রাহ্মণগণেরই প্রধান কর্ম্ম শ্রবণ করুন ॥১॥

ইন্দ্রপ্রভৃতি দেবগণ যখন মদের মুখমধ্যে প্রবিষ্ট ছিলেন, তখনই চ্যবন তাঁহাদের পৃথিবী হরণ করিলেন ॥২॥

'আমাদের স্বর্গ ও মর্ত্ত্য—এই উভয় লোকই হৃত হইয়াছে' ইহা মনে করিয়া সেই দেবতারা দুঃখিত ও শোকার্ত্ত হইলেন। তাহার পর সেই মহাত্মারা যাইয়া ব্রহ্মার শরণ লইলেন ॥৩॥

দেবগণ বলিলেন—'জগৎপূজিত প্রভু! আমরা মদের মুখমধ্যে প্রবিষ্ট

ব্রহ্মোবাচ।

গচ্ছধ্বং শরণং বিপ্রানাশু সেন্দ্রা দিবৌকসঃ।
প্রসাদ্য তানুভৌ লোকাববাপ্স্যথ যথা পুরা ॥৫॥
তে যযুঃ শরণং বিপ্রানূচুস্তে কান্ জয়ামহে।
ইত্যুক্তাস্তে দ্বিজান্ প্রাহুর্জ্জয়তেহ কপানিতি ॥৬॥
ভূগতান্ হি বিজেতারো বয়মিত্যব্রুবন্ দ্বিজাঃ।
ততঃ কর্ম্ম সমারব্ধং ব্রাহ্মণৈঃ কপনাশনম্ ॥৭॥
তচ্ছ্রুত্বা প্রেষিতো দূতো ব্রাহ্মণেভ্যো ধনী কপৈঃ।
স চ তান্ ব্রাহ্মণানাহ ধনী কপবচো যথা ॥৮॥

ভাবতকৌমুদী

গচ্ছধ্বমিতি। তান্ বিপ্রান্, লোকৌ স্বর্গমর্ত্ত্যৌ ॥৫॥
ত ইতি। তে দেবাঃ, তে বিপ্রাঃ। ইহ ইদানীম্ ॥৬॥
ভূগতানিতি। ভূগতান্ পৃথিবীস্থিতান্, স্বর্গস্থিতানামবিষয়ত্বাদিতি ভাবঃ ॥৭॥
তদিতি। ধনী নাম, যথা কপানাং বচঃ তথা আহ ব্রবীতি স্ম ॥৮॥

ভারতভাবদীপঃ

তূষ্ণীমিতি ॥১—৩॥ কপৈঃ অসুরবিশেষৈঃ, দিবং দ্যোঃ ॥৪—৭॥ ধনী তন্নামকো দূতঃ ॥৮—২৭॥

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩৫॥

থাকিলে, চ্যবন আমাদের পৃথিবী হরণ করিয়াছেন এবং কপনামক অসুরেরা স্বর্গ হরণ করিয়া লইয়াছে' ॥৪॥

ব্রহ্মা বলিলেন—'ইন্দ্রপ্রভৃতি দেবগণ! তোমরা সত্বর যাইয়া ব্রাহ্মণগণের শরণাপন্ন হও; তাহাদিগকে প্রসন্ন করিয়া পূর্ব্বের ন্যায় উভয় লোকই লাভ করিতে পারিবে' ॥৫॥

তখন দেবতারা যাইয়া ব্রাহ্মণগণের শরণাপন্ন হইলেন। পরে ব্রাহ্মণেরা বলিলেন—'আমরা কাহাদিগকে জয় করিব?' ব্রাহ্মণেরা এইরূপ বলিলে, দেবতারা ব্রাহ্মণগণকে বলিলেন—'আপনারা এখন কপনামক অসুরগণকে জয় করুন' ॥৬॥

তখন ব্রাহ্মণেরা বলিলেন—'আমরা পৃথিবীস্থিত কপগণকে জয় করিব।' তাহার পর ব্রাহ্মণেরা কপনাশক কার্য্য আরম্ভ করিলেন ॥৭॥

তাহা শুনিয়া কপেরা ব্রাহ্মণগণের নিকটে 'ধনী' নামে একজন দূত প্রেরণ

ভবদ্ভিঃ সদৃশাঃ সর্বে কপাঃ কিমিহ বর্ত্ততে।
সর্ব্বে বেদবিদঃ প্রাজ্ঞাঃ সর্বে চ ক্রতুযাজিনঃ ॥৯॥
সর্ব্বে সত্যব্রতাশ্চৈব সর্বে তুল্যা মহর্ষিভিঃ।
শ্রীশ্চৈব রমতে তেষু ধারযন্তি শ্রিয়ঞ্চ তে ॥১০॥
বৃথা দারান্ ন গচ্ছন্তি বৃথা মাংসং ন ভুঞ্জতে।
দীপ্তমগ্নিং জুহ্বতে চ গুরূণাং বচনে স্থিতাঃ ॥১১॥
সর্বে চ নিযতাত্মানো বালানাং সংবিভাগিনঃ।
উপেত্য শনকৈর্যান্তি ন সেবন্তি রজস্বলাম্।
স্বর্গতিশ্চৈব গচ্ছন্তি তথৈব শুভকর্ম্মিণঃ ॥১২॥
অভুক্তবৎসু নাশ্নন্তি গর্ভিণীবৃদ্ধকাদিষু।
পূর্বাহ্ণেষু ন দীব্যন্তি দিবা চৈব ন শেরতে ॥১৩॥

ভারতকৌমুদী

ভবদ্ভিরিতি। ভবদ্ভির্ব্রাহ্মণৈঃ। কিং কথম্, ইহ বর্ত্ততে কপানামনিষ্টং কর্ম্মেতি শেষঃ ॥৯॥
সর্ব্ব ইতি। শ্রীঃ সম্পৎ, তেষু কপেষু ॥১০॥
বৃথেতি। বৃথা পুত্রার্থতাং বিনা ॥১১॥
সর্ব্ব ইতি। নিয়তাত্মানঃ সংযতচিত্তাঃ, সংবিভাগিনঃ সম্যগ্ বিভজ্যান্নাদিদাতারঃ, উপেত্য পন্থানং প্রাপ্য। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১২॥
অভুক্তেতি। ন দীব্যন্তি ন ক্রীড়ন্তি, ন শেরতে ন স্বপন্তি ॥১৩॥

করিল। সেই ধনী যাইয়া কপগণের বাক্য যেরূপ ছিল, সেরূপ বাক্যই ব্রাহ্মণগণকে বলিল—॥৮॥

'ব্রাহ্মণগণ! কপগণের অনিষ্টকারী আপনাদের এই কার্য্য কেন আরম্ভ হইয়াছে? কপেরা সকলেই আপনাদের তুল্য, তাঁহারা সকলেই বেদবিৎ ও প্রাজ্ঞ এবং সকলেই যজ্ঞকারী ॥৯॥

কপেরা সকলেই সত্যপরায়ণ এবং সকলেই মহর্ষিগণের তুল্য, আর তাঁহাদের সম্পদ্ রহিয়াছে এবং তাঁহারা সম্পদ্ ধারণ করেন ॥১০॥

কপেরা অনর্থক ভার্য্যা গমন করেন না, বৃথা মাংস খান না, প্রজ্বলিত অগ্নিতে হোম করেন এবং গুরুজনের আদেশে চলেন ॥১১॥

কপেরা সকলেই সংযত চিত্ত, বালকদিগকে ভাগ করিয়া অন্নাদি দান করেন, পথে উপস্থিত হইয়া ধীরে ধীরে যান এবং রজস্বলা স্ত্রী সম্ভোগ করেন না, সুতরাং তাঁহার শুভ কর্ম্মের ফলে স্বর্গে যাইবার অধিকারী ॥১২॥

এতৈশ্চান্যৈশ্চ বহুভির্গুণৈর্যুক্তান্ কথং কপান্।
বিজেষ্যথ নিবর্ত্তধ্বং নিবৃত্তানাং সুখং হি বঃ ॥১৪॥

ব্রাহ্মণা ঊচুঃ।

কপান্ বয়ং বিজেষ্যামো যে দেবাস্তে বয়ং স্মৃতাঃ।
তস্মাদ্বধ্যাঃ কপাস্মাকং ধনিন্! যাহি যথাগতম্ ॥১৫॥
ধনী গত্বা কপানাহ ন বো বিপ্রা প্রিয়ঙ্করাঃ।
গৃহীত্বাস্ত্রাণ্যতো বিপ্রান্ কপাঃ সর্ব্বে সমাদ্রবন্ ॥১৬॥
সমুদগ্রধ্বজান্ দৃষ্ট্বা কপান্ সর্ব্বে দ্বিজাতয়ঃ।
ব্যসৃজন্ জ্বলিতানগ্নীন্ কপানাং প্রাণনাশনান্ ॥১৭॥
ব্রহ্মসৃষ্টা হব্যভুজঃ কপান্ হত্বা সনাতনাঃ।
নভসীব যথাভ্রাণি ব্যরাজন্ত নরাধিপ! ॥১৮॥

ভারতকৌমুদী

এতৈরিতি। সুখং পরানিষ্টাকরণাৎ পরিশ্রমাভাবাচ্চেতি ভাবঃ ॥১৪॥

কপানিতি। যে দেবাস্তে দেবা এব বযং ভূদেবত্বাদিতি ভাবঃ। কপাস্মাকমিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥১৫॥

ধনীতি। বো যুষ্মাকম্। সমাদ্রবন্নভ্যধাবন্ ॥১৬॥

সমিতি। সমুদগ্রধ্বজান্ উচ্চকেতূন্। ব্যসৃজন্ ন্যক্ষিপন্ ॥১৭॥

গর্ভিণী ও বৃদ্ধপ্রভৃতি ভোজন না করিলে কপেরা ভোজন করেন না এবং তাঁহাবা পূর্ব্বাহ্ণে খেলা কবেন না বা দিবসে নিদ্রা যান না ॥১৩॥

এই সকল গুণ এবং অন্যান্য বহুতব গুণযুক্ত কপদিগকে আপনারা কেন জয় করিবেন? নিবৃত্ত হউন; আপনাবা নিবৃত্ত হইলে আপনাদের সুখই হইবে' ॥১৪॥

ব্রাহ্মণেরা বলিলেন—'আমবা কপগণকে জয় করিব। কারণ, দেবগণ যাহা, আমরাও তাহাই। অতএব কপগণ আমাদের বধ্য; সুতবাং ধনী! তুমি যেমন আসিয়াছ, তেমন চলিয়া যাও' ॥১৫॥

ধনী যাইয়া কপগণকে বলিল—'ব্রাহ্মণগণ আপনাদের প্রিয় কার্য্যকারী হইলেন না।' তাহার পব কপেবা সকলে অস্ত্র ধাবণ করিয়া ব্রাহ্মণগণের দিকে ধাবিত হইল ॥১৬॥

তখন ব্রাহ্মণেরা সকলে উচ্চ ধ্বজ কপগণকে দেখিয়া তাহাদের প্রাণনাশক প্রজ্বলিত অগ্নি নিক্ষেপ কবিলেন ॥১৭॥

(১৬) · স তু গত্বা কপানাহ—পি।

হত্বা বৈ দানবান্ দেবাঃ সর্ব্বে সম্ভূয সংযুগে।
তেনাভ্যজানন্ হি তদা ব্রাহ্মণৈর্নিহতান্ কপান্ ॥১৯॥
অথাগম্য মহাতেজা নারদোঽকথযদ্বিভো!।
যথা হতা মহাভাগৈস্তেজসা ব্রাহ্মণৈঃ কপাঃ ॥২০॥
নারদস্য বচঃ শ্রুত্বা প্রীতাঃ সর্ব্বে দিবৌকসঃ।
প্রশশংসুর্দ্বিজাংশ্চাপি ব্রাহ্মণাংশ্চ যশস্বিনঃ ॥২১॥
তেষাং তেজস্তথা বীর্য্যং দেবানাং ববৃধে ততঃ।
অবাপ্নুবংশ্চামরত্বং ত্রিষু লোকেষু পূজিতম্ ॥২২॥
ইত্যুক্তবচনং বায়ুমর্জ্জুনঃ প্রত্যুবাচ হ।
প্রতিপূজ্য মহাবাহো! যত্তচ্ শৃণু যুধিষ্ঠির! ॥২৩॥

ভাবতকৌমুদী

ব্রহ্মেতি। ব্রহ্মসৃষ্টা ব্রাহ্মণোৎপাদিতা, হব্যভুজঃ অগ্নয়ঃ, সনাতনাঃ স্থায়িনঃ। ইবশব্দঃ সম্ভাবনাযাম্। অভ্রাণি মেঘাঃ ॥১৮॥

হত্বেতি। দানবান্ স্বর্গস্থান্, সম্ভূয় মিলিত্বা ॥১৯॥

অথেতি। আগম্য দেবানাং সমীপে উপস্থায ॥২০॥

নারদস্যেতি। দ্বিজান্ ক্ষত্রিয়বৈশ্যান্ তেষামপি ব্রাহ্মণসহকারিত্বাদিতি ভাবঃ ॥২১॥

তেষামিতি। ততো ব্রাহ্মণানুগ্রহাৎ অসুরবধাচ্চ ॥২২॥

নরনাথ! তখন ব্রাহ্মণগণোৎপাদিত সেই অগ্নি সকল কপগণকে বধ করিযা আকাশে উঠিয়া স্থাযী হইযা মেঘের ন্যায প্রকাশ পাইতে লাগিল ॥১৮॥

ওদিকে সেই দেবতারা সকলে মিলিত হইয়া যুদ্ধে স্বর্গস্থিত দানবগণকে বধ করিযা তখনও ব্রাহ্মণেরা যে মর্ত্ত্যস্থিত কপগণকে বধ করিয়াছেন, তাহা জানিতে পারেন নাই ॥১৯॥

রাজা! তাহার পর মহাতেজা নারদ দেবগণের নিকটে উপস্থিত হইয়া বলিলেন যে, 'মহাত্মা ব্রাহ্মণেরা অগ্নিদ্বারা মর্ত্ত্যস্থিত কপগণকে বধ করিযাছেন' ॥২০॥

নারদের বাক্য শুনিযা দেবতারা সকলেই সন্তুষ্ট হইলেন এবং সেই দ্বিজগণও যশস্বী ব্রাহ্মণগণের প্রশংসা করিলেন ॥২১॥

ব্রাহ্মণগণের অনুগ্রহ ও অসুর সংহারবশতঃ দেবগণের তেজ ও বল বৃদ্ধি পাইল এবং তাঁহারা ত্রিভুবনপূজিত অমরত্ব লাভ করিলেন' ॥২২॥

---

(২১) ..ব্রাহ্মণঞ্চ যশস্বিনম্—পি।

অর্জ্জুন উবাচ।

জীবাম্যহং ব্রাহ্মণার্থং সর্ব্বথা সততং প্রভো !।
ব্রহ্মণ্যো ব্রাহ্মণেভ্যশ্চ প্রণমামি চ নিত্যশঃ ॥২৪॥
দত্তাত্রেয়প্রসাদাচ্চ ময়া প্রাপ্তমিদং বলম্।
লোকে চ পরমা কীর্ত্তির্দ্ধর্মশ্চাচরিতো মহান্ ॥২৫॥
অহো ! ব্রাহ্মণকর্ম্মাণি ময়া মারুত ! তত্ত্বতঃ।
ত্বয়া প্রোক্তানি কাৎস্ন্যেন শ্রুতানি প্রযতেন চ ॥২৬॥

বায়ুরুবাচ।

ব্রাহ্মণান্ ক্ষাত্রধর্ম্মেণ পালয়স্বেন্দ্রিয়াণি চ।
ভৃগুভ্যস্তে ভয়ং ঘোরং তত্তু কালাদ্ভবিষ্যতি ॥২৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে পবনার্জ্জুনসংবাদে পঞ্চত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ইতীতি। ইতি ইত্থম্, উক্তানি বচনানি যেন তং বায়ুম্ ॥২৩॥

জীবামীতি। ব্রহ্মণ্যো ব্রাহ্মণহিতকারী ॥২৪॥

দত্তেতি। দত্তাত্রেয়স্য তদাখ্যস্য মুনেঃ প্রসাদাৎ ॥২৫॥

অহো ইতি। হে মারুত ! বায়ো ! প্রযতেন সংযতচিত্তেন ॥২৬॥

ব্রাহ্মণানিতি। ইন্দ্রিয়াণি চ পালয়স্ব সংযময়। ভৃগুভ্যো ভৃগুবংশীয়েভ্যো রামাদিভ্যঃ, ঘোরং মহৎ ॥২৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামনুশাসন-পর্ব্বণি দানধর্ম্মে পঞ্চত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

মহাবাহু যুধিষ্ঠির ! বায়ু এই সকল কথা বলিলে, অর্জ্জুন তাঁহার সম্মান করিয়া যাহা বলিয়াছিলেন ; তাহা তুমি শ্রবণ কর ॥২৩॥

অর্জ্জুন বলিলেন—'প্রভু বায়ু ! আমি সর্ব্বপ্রকারে ব্রাহ্মণগণের জন্যই জীবন ধারণ করিব, সর্ব্বদা ব্রাহ্মণগণের হিতকারী হইব এবং ব্রাহ্মণগণকে নমস্কার করিব ॥২৪॥

আমি মহর্ষি দত্তাত্রেয়ের অনুগ্রহে এই শক্তি ও জগতে পরম কীর্ত্তি লাভ করিয়াছি এবং গুরুতর ধর্ম্মাচরণও করিতে পারিয়াছি ॥২৫॥

দেব বায়ু ! আপনি যে সকল ব্রাহ্মণকার্য্যের কথা বলিলেন, আমি একাগ্রচিত্ত হইয়া সে সমস্তই শুনিয়াছি' ॥২৬॥

---

* '...সপ্তপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ।

ষট্‌ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

যুধিষ্ঠির উবাচ।

ব্রাহ্মণানর্চ্চসে রাজন্! সততং সংশিতব্রতান্।
কিং তু কর্ম্মোদয়ং দৃষ্ট্বা তানর্চ্চসি জনাধিপ! ॥১॥
কাং বা ব্রাহ্মণপূজায়াং ব্যুষ্টিং দৃষ্ট্বা মহাব্রত!।
তানর্চ্চসি মহাবাহো! সর্ব্বমেতদ্বদস্ব মে ॥২॥

ভীষ্ম উবাচ।

এষ তে কেশবঃ সর্ব্বমাখ্যাস্যতি মহামতিঃ।
ব্যুষ্টিং ব্রাহ্মণপূজায়াং দৃষ্টব্যুষ্টির্ম্মহাব্রতঃ ॥৩॥
বলং শ্রোত্রে বাঙ্মনশ্চক্ষুষী চ জ্ঞানং তথা সুবিশুদ্ধং মমাদ্য।
দেহন্যাসো নাতিচিরান্মতো মে ন চাতি তূর্ণং সবিতাদ্য যাতি ॥৪॥

ভারতকৌমুদী

ব্রাহ্মণানিতি। সংশিতব্রতান্ দৃঢ়নিয়মান্, কর্ম্মোদয়ম্ ইষ্টকার্য্যোৎপত্তিম্ ॥১॥

কামিতি। ব্যুষ্টিং ফলম্ "ব্যুষ্টিঃ ফলে সমৃদ্ধৌ চ" ইত্যমরঃ ॥২॥

এষ ইতি। দৃষ্টা ব্যুষ্টিঃ ফলং যেন সঃ ॥৩॥

বলমিতি। সুবিশুদ্ধং নির্দোষম্, অতো বক্তুমর্হামীতি ভাবঃ। তথাপি দেহস্য ন্যাসত্যাগঃ অতো ন ব্রবীমীত্যাশয়ঃ। সবিতা সূর্য্যঃ যাতি অস্তমিতি শেষঃ ॥৪॥

বায়ু বলিলেন—'রাজা! আপনি ক্ষত্রিয়ধর্ম্মানুসারে ব্রাহ্মণগণকে পালন করুন এবং ইন্দ্রিয়গুলিকে সংযত রাখুন; কিন্তু ভৃগুবংশীয়গণ হইতে আপনার দারুণ ভয়ের সম্ভাবনা আছে; তবে তাহা কালক্রমে হইবে' ॥২৭॥

—ঃ*ঃ—

যুধিষ্ঠির বলিলেন—'ক্ষত্রিয়শ্রেষ্ঠ! আপনি ত সর্ব্বদাই নিয়মনিষ্ঠ ব্রাহ্মণগণের সেবা করেন; কিন্তু নরনাথ! কি ফল দেখিয়া তাঁহাদের সেবা করেন? ॥১॥

মহাবাহু মহাব্রত! আপনি ব্রাহ্মণসেবায় কি ফল দেখিযা তাঁহাদের সেবা করেন? এই সমস্ত আপনি আমার নিকট বলুন' ॥২॥

ভীষ্ম বলিলেন—'যুধিষ্ঠির! এই মহামতি কৃষ্ণ তোমার নিকট সমস্ত ফল বলিবেন। কেন না, এই মহাব্রত ব্রাহ্মণসেবার ফল দেখিযাছেন ॥৩॥

উক্তা ধর্ম্মা যে পুরাণে মহান্তো রাজন্ । বিপ্রাণাং ক্ষত্রিয়াণাং বিশাঞ্চ।
তথা শূদ্রাণাং ধর্ম্মমুপাসতে চ শেষং কৃষ্ণাদুপশিক্ষস্ব পার্থ! ॥৫॥
অহং হ্যেনং বেদ্মি তত্ত্বেন কৃষ্ণং যোঽয়ং যচ্চাস্য বলং পুরাণম্।
অমেয়াত্মা কেশবঃ কৌরবেন্দ্র! সোঽয়ং ধর্ম্মং বক্ষ্যতি সংশয়েষু ॥৬॥
কৃষ্ণঃ পৃথ্বীমসৃজৎ খং দিবঞ্চ কৃষ্ণস্য দেহান্মেদিনী সংবভূব।
বরাহোঽয়ং ভীমবলঃ পুরাণঃ সপর্বতান্ ব্যসৃজদ্বৈ দিশশ্চ ॥৭॥
অস্য চাধোঽথান্তরিক্ষং দিবঞ্চ দিশশ্চতস্রো বিদিশশ্চতস্রঃ।
সৃষ্টিস্তথৈবেয়মনুপ্রসূতা স নির্ম্মমে বিশ্বমিদং পুরাণম্ ॥৮॥
অস্য নাভ্যাং পুষ্করং সম্প্রসূতং যত্রোৎপন্নঃ স্বয়মেবামিতৌজাঃ।
যেনাচ্ছিন্নং তত্তমঃ পার্থ! ঘোরং যত্তত্তিষ্ঠত্যর্ণবং তর্জ্জয়ানম্ ॥৯॥

ভারতকৌমুদী

উক্তা ইতি। যং শেষং ধর্ম্মম্, উপাসতে লোকাঃ সেবন্তে, তং কৃষ্ণাদুপশিক্ষস্ব ॥৫॥
অহমিতি। তত্ত্বেন যাথার্থ্যেন। অমেয়াত্মা অজ্ঞেয়রূপঃ ॥৬॥
কৃষ্ণ ইতি। খমাকাশম্। সোঽয়ং কৃষ্ণঃ ॥৭॥
অস্যেতি। দিবং স্বর্গঃ। অনুপ্রসূতা অস্মাদুৎপন্না ॥৮॥

দৈহিক বল, কর্ণযুগল, বাক্য, মন, নয়নদ্বয় ও জ্ঞান—এই সমস্তই আমার এখনও অতি বিশুদ্ধই আছে; কিন্তু অনতিচিবকাল মধ্যেই দেহত্যাগ আমাব অভিপ্রেত; তবে অতি সত্বর নহে; কিন্তু আজ সূর্য্য অস্ত যাইতেছেন ॥৪॥

পৃথানন্দন বাজা! পুরাণশাস্ত্রে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রগণেব পক্ষে যে সকল প্রশস্ত ধর্ম্ম উক্ত আছে এবং মানুষ অবশিষ্ট যে ধর্ম্মের সেবা করে, তাহা তুমি কৃষ্ণের নিকট হইতে শিক্ষা কবিবে ॥৫॥

কৌরবশ্রেষ্ঠ! ইনি যে এবং ইঁহাব যে চিরন্তন শক্তি আছে, তাহা আমি যথার্থরূপে জানি এবং এই কৃষ্ণকেও আমি সত্যভাবে অবগত আছি। এই সেই অজ্ঞেয়স্বরূপ কৃষ্ণ তোমার সন্দিগ্ধ বিষয়ে ধর্ম্ম বলিবেন ॥৬॥

এই কৃষ্ণ পৃথিবী, আকাশ ও স্বর্গ সৃষ্টি কবিয়াছেন, এই কৃষ্ণেব দেহ হইতেই পৃথিবী উৎপন্ন হইয়াছে; ইনিই সেই ভীষণ বলশালী আদিবরাহ এবং ইনিই পর্ব্বত ও দিক্ সকল সৃষ্টি করিয়াছেন ॥৭॥

আকাশ, স্বর্গ, চারিটী দিক্ ও চাবিটী বিদিক্ ইঁহাব নীচে রহিয়াছে, এই সৃষ্টি ইঁহা হইতেই হইয়াছে এবং ইনিই এই প্রাচীন জগৎ নির্ম্মাণ করিয়াছেন ॥৮॥

---

(৯)…তর্জ্জমানম্—পি।

কৃতে যুগে ধর্ম্ম আসীৎ সমগ্রস্ত্রেতা কালে জ্ঞানমনুপ্রপন্নঃ।
বলং চাসীদ্দ্বাপরে পার্থ! কৃষ্ণঃ কলৌ ত্বধর্ম্মঃ ক্ষিতিমেবাজগাম ॥১০॥
স এব পূর্ব্বং নিজঘান দৈত্যান্ স পূর্ব্বদেবশ্চ বভূব সম্রাট্।
স ভূতানাং ভাবনো ভূতভব্যঃ স বিশ্বস্যাস্য জগতশ্চাভিগোপ্তা ॥১১॥
যদা ধর্ম্মো গ্লাতি বংশেঽসুরাণাং তদা কৃষ্ণো জাযতে মানুষেষু।
ধর্ম্মে স্থিত্বা স তু বৈ ভাবিতাত্মা পরাংশ্চ লোকানপরাংশ্চ পাতি ॥১২॥

ভারতকৌমুদী

অস্যেতি। পুষ্করং পদ্মম্, সম্প্রসূতং জাতম্, অমিতৌজা ব্রহ্মা। আচ্ছিন্নং সম্যগুৎসারিতম্, তমঃ অন্ধকারম্। তৎ প্রসিদ্ধং যৎ তমঃ, তর্জ্জয়ানং গর্জ্জন্তম্ অর্ণবং সমুদ্রং ব্যাপ্য তিষ্ঠতি স্ম ॥৯॥

কৃত ইতি। কৃতে সত্যে। সমগ্রশ্চতুষ্পাৎ। অনুপ্রপন্নঃ স ধর্ম্মঃ প্রাপ্তঃ। বলং ধর্ম্মরক্ষিকা শক্তিঃ ॥১০॥

স ইতি। পূর্ব্বদেবো নারায়ণঃ। ভাবন উৎপাদকঃ। অভিগোপ্তা সর্ব্বতো রক্ষকঃ ॥১১॥

যদেতি। গ্লাতি ক্ষীযতে, অসুরাণাম্ অসুরস্বভাবানাং মানুষাণাম্, ভাবিতাত্মা দয়াভূষিত-চিত্তঃ, পরান্ উৎকৃষ্টান্, অপরান্ নিকৃষ্টাংশ্চ লোকান্ পাতি রক্ষতি ॥১২॥

ভারতভাবদীপঃ

ব্রাহ্মণানিতি। কর্ম্মোদয়ং ফলোদয়ম্ ॥১—৩॥ ন চেতি দুঃখিতস্য দিনং মহত্ত্ববতীত্যর্থঃ ॥৪—৭॥ অস্য চাধ ইত্যাকাশাদেরুপর্য্যুপরি অয়মেবাস্তীত্যুক্তম্ ॥৮॥ অর্ণবং তর্জ্জয়ানমিত্যগাধত্বমপারত্বং চোক্তম্ ॥৯॥ কৃত ইতি। জ্ঞানমকর্ত্তব্যকোটেরপ্যুপস্থানাৎ ত্রেতাযাং বিবেক আসীৎ, দ্বাপরে তু দ্বিতীয়কোটেঃ সাম্যাদ্বলং প্রধানমাসীন্ন ধর্ম্মঃ, কালৌ ত্বধর্ম্ম এব বলবানিতি ভাবঃ ॥১০॥ স এব পূর্ব্বদেব আদিদেবো দৈত্যান্নিজঘান স এব সম্রাট্ বলিরূপী

পৃথানন্দন। ইঁহারই নাভিমণ্ডলে একটী পদ্ম জন্মিযাছিল, যে পদ্মে অমিত-তেজা স্বয়ং ব্রহ্মা জন্মিযাছিলেন, যে ব্রহ্মা সেই ভযঙ্কর অন্ধকাব অপসারিত কবেন; যে সেই অন্ধকাব গর্জ্জনশীল সমুদ্র ব্যাপিযা বহিযাছিল ॥৯॥

পৃথানন্দন! সত্যযুগে চতুষ্পাদ্ ধর্ম্ম ছিল, ত্রেতাযুগে সেই ধর্ম্মজ্ঞান আশ্রয করে, দ্বাপবযুগে এই কৃষ্ণ ধর্ম্মেব বক্ষক শক্তিস্বরূপ ছিলেন, আব কলিযুগে অধর্ম্ম পৃথিবীতে আসিযাছে ॥১০॥

এই কৃষ্ণই পূর্ব্বে দৈত্য সংহার কবিযাছিলেন, এই নাবাযণই সম্রাট্ হইযা আসিতেছেন, ইনিই প্রাণিগণেব সৃষ্টিকর্ত্তা, ভূত ও ভবিষ্যৎ কাল এবং ইনিই এই সমস্ত জগতেব বক্ষক ॥১১॥

যখন অসুরস্বভাব মনুষ্যবংশে ধর্ম্ম ক্ষীণ হইতে থাকে, তখন এই কৃষ্ণ মনুষ্য মধ্যে জন্মগ্রহণ কবেন এবং এই দযার্দ্র চিত্ত নাবাযণ ধর্ম্মে থাকিযা উৎকৃষ্ট ও নিকৃষ্ট লোকদিগকে রক্ষা করেন ॥১২॥

ত্যাজ্যং ত্যক্ত্বা চাসুরাণাং বধায় কার্য্যাকার্য্যে কারণঞ্চৈব পার্থ।।
কৃতং করিষ্যন্ ক্রিয়তে চ দেবো রাহুং সোমং বিদ্ধি চ শক্রমেনম্ ॥১৩॥
স বিশ্বকর্ম্মা স হি বিশ্বরূপঃ স বিশ্বভুগ্ বিশ্বসৃগ্ বিশ্বজিচ্চ।
স শূলভৃচ্ছোণিতভুৎ করালস্তং কর্ম্মভির্বিবিদিতং বৈ স্তুবন্তি ॥১৪॥
তং গন্ধর্ব্বাণামপ্সরসাঞ্চ নিত্যমুপতিষ্ঠন্তে বিবুধানাং শতানি।
তং রাক্ষসাশ্চ পরিসংবদন্তি রায়স্পোষঃ স বিজিগীষুরেকঃ ॥১৫॥
তমধ্বরে শংসিতারঃ স্তুবন্তি রথান্তরে সামগাশ্চ স্তুবন্তি।
তং ব্রাহ্মণা ব্রহ্মমন্ত্রৈঃ স্তুবন্তি তস্মৈ হবিরধ্বর্য্যবঃ কল্পয়ন্তি ॥১৬॥

ভারতকৌমুদী

ত্যাজ্যমিতি। ত্যাজ্যমধর্ম্মম্, দেবেন কৃতং ক্রিয়তে, দেবঃ করিষ্যংশ্চ ॥১৩॥

স ইতি। বিশ্বকর্ম্মা দেবশিল্পী, বিশ্বরূপো গীতায়াং প্রসিদ্ধঃ, বিশ্বভুগ্ বহ্নিঃ, বিশ্বসৃগ্ বিধাতা, বিশ্বজিন্নারায়ণঃ, শূলভৃন্মহাদেবঃ, শোণিতভৃদ্দেহী, করালো ভীষণো নৃসিংহঃ কর্ম্মভি- হিরণ্যাক্ষবধাদিভিঃ, বিদিতমীশ্বরতয়া জ্ঞাতং তং মুনয়ঃ স্তুবন্তি ॥১৪॥

তমিতি। পরিসংবদন্তি অভিষ্টুবন্তি। রায়োঃ ধনস্য পোষো রক্ষকঃ, বিজিগীষুর্দুষ্টান্ বিজেতুমিচ্ছুঃ ॥১৫॥

তমিতি। সংশিতারো বক্তারঃ, রথান্তরে তদাখ্যসামবেদভাগবিশেষে। অধ্বর্য্যবো যজু- র্ব্বেদীয়া ঋত্বিজঃ ॥১৬॥

পৃথানন্দন। ইনি অসুরগণের বধের জন্য অধর্ম্ম ত্যাগ করিয়া কর্ত্তব্য, অকর্ত্তব্য ও কারণ অবলম্বনপূর্ব্বক কার্য্য করিয়াছেন, করিতেছেন ও করিবেন; আর তুমি ইঁহাকে রাহু, চন্দ্র ও ইন্দ্র বলিয়া অবগত হও ॥১৩॥

ইনি বিশ্বকর্ম্মা, ইনি বিশ্বরূপ, ইনি বিশ্বভোজী অগ্নি, ইনি জগৎসৃষ্টিকারী ব্রহ্মা, ইনি বিশ্বজয়ী নারায়ণ, ইনি মহাদেব, ইনি এখন শরীরধারী, ইনি ভীষণ মূর্ত্তি নৃসিংহ এবং কর্ম্মানুসারে ইঁহার মাহাত্ম্য জানিয়া মুনিরা ইঁহার স্তব করেন ॥১৪॥

শত শত দেবতা, গন্ধর্ব্ব ও অপ্সরা ইঁহার উপাসনা করেন, রাক্ষসেরাও ইঁহার স্তব করে, ইনি ধনরক্ষক এবং একক ইনিই দুষ্টদিগকে জয় করিবার ইচ্ছা করেন ॥১৫॥

বেদপাঠকেরা যজ্ঞে ইঁহারই স্তব করেন, সামগায়ীরা রথন্তরনামক সামবেদ ভাক্ গান করিবার সময়ে ইঁহারই স্তুতি গাহিয়া থাকেন, ব্রাহ্মণেরা ব্রহ্মমন্ত্র- দ্বারা ইঁহারই স্তুতি করেন এবং যাজ্ঞিকেরা ইঁহার জন্যই হবি কল্পনা করিয়া থাকেন ॥১৬॥

---

(১৩)·· বহ্নিং সোমম্—পি।

স পৌরাণীং ব্রহ্মগুহাং প্রবিষ্টো মহীসত্রং ভারতাগ্রে দদর্শ।
স চৈব গামুদ্দধারাগ্র্যকর্ম্মা বিক্ষোভ্য দৈত্যানুরগান্ দানবাংশ্চ ॥১৭॥
তং ঘোষার্থে গীর্ভিরিন্দ্রাঃ স্তবন্তি স চাপীশো ভারতৈকঃ পশূনাম্।
তস্য ভক্ষান্ বিবিধান্ বেদযন্তি তমেবাজৌ বাহনং বেদয়ন্তি ॥১৮॥
তস্যান্তরিক্ষং পৃথিবী দিবঞ্চ সর্ব্বং বশে তিষ্ঠতি শাশ্বতস্য।
স কুম্ভে রেতঃ সসৃজে সুরাণাং যত্রোৎপন্নমৃষিমাহুর্বসিষ্ঠম্ ॥১৯॥

ভারতকৌমুদী

স ইতি। পৌরাণীং চিরন্তনীম্, ব্রহ্ম এব গুহা দুষ্প্রবেশত্বাৎ তাম্, হে ভারত। সোঽয়ং নারায়ণঃ অগ্রে মহী পৃথিব্যেব সত্রং জলস্যাচ্ছাদনং তৎ দদর্শ। "সত্রমাচ্ছাদনে যজ্ঞে সদাদানে বনেঽপি চ" ইত্যমরঃ। গাং পৃথিবীম্, উদ্দধার বরাহরূপেণ ॥১৭॥

তমিতি। ঘোষার্থে আভীরপল্লীরক্ষার্থে অতিবৃষ্টিনিবারণায় গোবর্দ্ধনধারণকালে, গীর্ভি-র্বাগ্‌ভিঃ, ইন্দ্রা ইন্দ্রাদয়ো দেবাঃ। পশূনাং প্রাণিনাম্। আজৌ যুদ্ধে, বাহনং জয়প্রাপকম্ ॥১৮॥

তস্যেতি। শাশ্বতস্য নিত্যস্য। সুরাণাং মিত্রাবরুণয়োঃ ॥১৯॥

ভারতভাবদীপঃ

পূর্ব্বদেবো দৈত্যো বভূব ॥১১॥ গাতি গায়তি ॥১২॥ এবমেনং রাহুং সোমং শক্রঞ্চ বিদ্ধি ॥১৩॥ শোণিতভুক্‌ছরীরী ॥১৪॥ রায়ঃ ধনস্য পোষঃ পোষকঃ ॥১৫—১৬॥ মহীসত্রং পৃথিব্যাচ্ছাদনং মজ্জনমিতি যাবৎ। "সত্রং যজ্ঞে মহাদানাচ্ছাদনারণ্যকৈতবে" ইতি মেদিনী ॥১৭॥ ঘোষার্থে গোবর্দ্ধনোদ্ধরণকালে, ঘোষোঽম্বুনাদো বা বৃষ্ট্যর্থমিত্যর্থঃ। পশূনাং গবাং জীবানাঞ্চ বাহনং

ভরতনন্দন! ইনি গুহার ন্যায় দুষ্প্রবেশ চিরন্তন ব্রহ্মে প্রবেশ করিয়াছেন, ইনি প্রথমে জলের আচ্ছাদকরূপে পৃথিবী দর্শন করিয়াছিলেন এবং এই শ্রেষ্ঠ-কর্ম্মা নারায়ণই বরাহরূপে দৈত্য, দানব ও নাগদিগকে বিক্ষুব্ধ করিয়া পৃথিবীকে উদ্ধার করিয়াছিলেন ॥১৭॥

ভরতনন্দন! অতি বৃষ্টিতে যখন গোপপল্লী বিধ্বস্ত হইতেছিল; তখন ইনি গোবর্দ্ধনপর্ব্বত উত্তোলন করিয়া সেই বৃষ্টি নিবারণ করিতে থাকিলে, ইন্দ্রপ্রভৃতি দেবতারা নানা বাক্যদ্বারা ইহার স্তব করিয়াছিলেন; ইনি প্রাণি-গণের একমাত্র ঈশ্বর; মুনিগণ ইহার নানাবিধ খাদ্য নির্দ্দেশ করেন এবং যোদ্ধারা যুদ্ধে ইহাকে জয়প্রাপক বলিয়া মনে করেন ॥১৮॥

পৃথিবী, আকাশ ও স্বর্গপ্রভৃতি সমস্ত পদার্থই এই নিত্য পরমেশ্বরের বশে রহিয়াছে এবং ইনি মিত্র ও বরুণদেবের শুক্র কুম্ভে নিক্ষেপ করেন, যাহাতে ঋষি বসিষ্ঠ উৎপন্ন হন ॥১৯॥

স মাতরিশ্বা বিভুরশ্ববাজী স রশ্মিবান্ সবিতা চাদিদেবঃ।
তেনাসুরা বিজিতাঃ সর্ব এব তদ্বিক্রান্তৈর্বিজিতানীহ ত্রীণি ॥২০॥
স দেবানাং মানুষাণাং পিতৃণাং তমেবাহুর্যজ্ঞবিদাং বিতানম্।
স এব কালং বিভজন্নুদেতি তস্যোত্তরং দক্ষিণং চায়নে দ্বে ॥২১॥
তস্যৈবোর্দ্ধং তির্য্যগধশ্চরন্তি গভস্তয়ো মেদিনীং ভাসয়ন্তঃ।
তং ব্রাহ্মণা বেদবিদো জুষন্তি তস্যাদিত্যো ভামুপযুজ্য ভাতি ॥২২॥
স মাসি মাস্যধ্বরকৃদ্বিধত্তে তমধ্বরে বেদবিদঃ পঠন্তি।
স এবোক্তশ্চক্রমিদং ত্রিনাভি সপ্তাশ্বযুক্তং বহতে বৈ ত্রিধাম ॥২৩॥

ভারতকৌমুদী

স ইতি। মাতরিশ্বা বায়ুঃ, বিভুঃ প্রভুঃ, অশ্বৈর্বজতি গচ্ছতীতি অশ্ববাজী। তস্য বামনরূপিণো নারায়ণস্য বিক্রান্তৈস্ত্রিভিঃ পাদক্ষেপৈঃ, ত্রীণি ভুবনানি বিজিতানি ॥২০॥

স ইতি। দেবাদীনাম্ ঈশ্বর ইতি শেষঃ, বিতানং বিস্তৃতং যজ্ঞম্। বিভজন্ দিনরাত্রিরূপেণ বিভক্তীকুর্ব্বন্ ॥২১॥

তস্যেতি। তস্য সূর্য্যরূপস্য, গভস্তয়ঃ কিরণাঃ। জুষন্তি সেবন্তে, ভাং দীপ্তিম্, উপযুজ্য আত্মনি গৃহীত্বা ॥২২॥

স ইতি। অধ্বরকৃদ্‌যজ্ঞকর্ত্তা, বিধত্তে জগতো মঙ্গলং করোতি। ত্রিনাভি শীতগ্রীষ্মবর্ষাযুক্তম্, ইদং চক্রং বৎসরঃ, ত্রিধাম প্রাতর্মধ্যাহ্নসায়ংকালীনতেজোযুক্তম্ ॥২৩॥

ভারতভাবদীপঃ

জয়প্রাপকম্ ॥১৮॥ সুরাণাং মিত্রাবরুণয়োঃ রেতঃ কুম্ভে সসৃজে ॥১৯॥ বিক্রান্তৈঃ পাদবিক্ষেপৈঃ, ত্রীণি ভুবনানি ॥২০॥ দেবানামাত্মেতি শেষঃ ॥২১॥ জুষন্তে সেবন্তে ॥২২॥ বিধত্তেঽধ্বরমিত্যর্থাৎ,

ইনি বায়ু; ইনি ঘোটকগামী, প্রভাবশালী ও রশ্মিযুক্ত আদিদেব সূর্য্য; ইনি সমস্ত অসুরকে জয় করিয়াছেন এবং ইঁহারই তিন পাদক্ষেপে ত্রিভুবন ব্যাপ্ত হইয়াছিল ॥২০॥

ইনি দেবগণ, পিতৃগণ ও মনুষ্যগণের নিয়ন্তা, মুনিরা ইঁহাকেই যাজ্ঞিকগণের যজ্ঞ বলেন, ইনিই দিন ও রাত্রিরূপ কাল বিভাগ করিয়া উদিত হন এবং ইঁহারই উত্তর ও দক্ষিণ নামক দুইটী অয়ন হইয়া থাকে ॥২১॥

ইঁহারই কিরণ সকল পৃথিবীকে প্রকাশ করিতে থাকিয়া উপরে, নীচে ও পার্শ্বে বিচরণ করে; বেদবিৎ ব্রাহ্মণেরা ইঁহারই সেবা করেন এবং সূর্য্য ইঁহারই দীপ্তি গ্রহণ করিয়া প্রকাশ পান ॥২২॥

ইনি প্রত্যেক মাসে যজ্ঞ করিয়া জগতের মঙ্গল করেন, বেদবিদ্ যাজ্ঞিকেরা যজ্ঞে ইঁহারই মাহাত্ম্য পাঠ করিয়া থাকেন; শীত, গ্রীষ্ম ও বর্ষারূপ তিনটী

(২০)···বিভুরগ্রবাজী···পি। (২৩) বহতে বৈ ত্রিধামা—পি।

মহাতেজাঃ সর্বগঃ সর্ব্বসিংহঃ কৃষ্ণো লোকান্ ধারয়তে যথৈকঃ।
হংসং তমোঘ্নঞ্চ তমেব বীর! কৃষ্ণং সদা পার্থ! কর্ত্তারমেহি ॥২৪॥
য একদা কক্ষগতো মহাত্মা তুষ্টো বিভুঃ খাণ্ডবে ধূমকেতুঃ।
স রাক্ষসানুরগাংশ্চাবজিত্য সর্ব্বত্রগঃ সর্ব্বমগ্নৌ জুহোতি ॥২৫॥
স এব পার্থায় শ্বেতমশ্বং প্রাযচ্ছৎ স এবাশ্বানথ সর্বাংশ্চকার।
স বন্ধুরস্তস্য রথস্ত্রিচক্রস্ত্রিবৃচ্ছিরাশ্চতুরশ্বস্ত্রিনাভিঃ ॥২৬॥

ভাবতকৌমুদী

মহেতি। সর্ব্বেষু বীরেষু সিংহ ইব সর্ব্বসিংহঃ। তমোঘ্নমন্ধকারনাশকম্, হংসং সূর্য্যম্। এহি জানীহি ॥২৪॥

য ইতি। কক্ষগতস্তৃণলগ্নঃ, খাণ্ডবে বনে ধূমকেতুরগ্নিঃ ॥২৫॥

স ইতি। স প্রসিদ্ধঃ কৃষ্ণ এব পার্থায় অর্জ্জুনায় শ্বেতমশ্বং প্রাযচ্ছৎ অগ্নিরূপেণ কপিধ্বজে রথে দত্তবান্, অশ্বানশ্ববদ্গতিশীলান্ সর্ব্বান্ জঙ্গমান্ চকার। স কৃষ্ণঃ, বন্ধুর উন্নতাবনতঃ অসমান ইত্যর্থঃ, ত্রীণি সত্ত্বরজস্তমাংস্যেব চক্রাণি যস্য সঃ, ত্রিবৃৎ দানযজ্ঞতীর্থস্নানজনিতধর্ম্মঃ শিরো যস্য সঃ, চত্বারঃ কালদৈবেশ্বরেচ্ছাসঙ্কল্পা অশ্বাশ্চালকা যস্য সঃ, তিস্রো জ্ঞানকর্ম্মভক্তয়ো নাভৌ মধ্যে যস্য স তাদৃশঃ, তস্য জগতঃ রথো বাহকশ্চালকশ্চ ॥২৬॥

ভাবতভাবদীপঃ

ত্রিনাভি শীতোষ্ণবৃষ্টিকালগর্ভং চক্রং সংবৎসরম্, ত্রিধামেতি বর্ষবাতোষ্ণপ্রকারম্ ॥২৩॥ হংসং সূর্য্যম্ ॥২৪—২৫॥ বন্ধুরস্তস্য সংসাররথস্য যোক্তা, ত্রিচক্রঃ সত্ত্বরজস্তমোময়ঃ, ত্রিবৃচ্ছিরা ঊর্দ্ধ-মধ্যাধোগতিফলঃ, চতুরশ্বঃ কালাদৃষ্টেশ্বরেচ্ছাস্বসঙ্কল্পাশ্চত্বারোঽশ্বা যস্য, ত্রিনাভিঃ গুরুঃ কৃষ্ণঃ

ঋতু যাঁহার মধ্যে রহিয়াছে, ইনিই সেই বৎসর এবং প্রাতঃ, মধ্যাহ্ন ও সায়ংকালে দীপ্তিবাহী ইহারই সপ্তাশ্বযুক্ত মণ্ডল জগতে মঙ্গল বিধান করে ॥২৩॥

বীর পৃথানন্দন! মহাতেজা, সর্ব্বত্র গামী এবং সকল বীরের নিকটে সিংহ-স্বরূপ, এই এক যে কৃষ্ণ ত্রিভুবন ধারণ করেন; সেই কৃষ্ণকেই অন্ধকারনাশক সূর্য্য ও জগতের কর্ত্তা বলিয়া তুমি অবগত হও ॥২৪॥

মহাত্মা ও প্রভাবশালী যিনি কোন সময়ে সন্তুষ্ট হইয়া খাণ্ডববনে তৃণলগ্ন অগ্নিরূপ ধারণ করেন; তিনিই তখন সর্ব্বত্র বিচরণ করিতে থাকিয়া নাগ ও রাক্ষসগণকে জয় করিয়া সকলকেই অগ্নিতে নিক্ষেপ করিয়াছিলেন ॥২৫॥

এই কৃষ্ণই অগ্নিরূপে খাণ্ডবদাহের পূর্ব্বে অর্জ্জুনকে শ্বেতবর্ণ অশ্ব দান করিয়াছিলেন, এই কৃষ্ণই সমস্ত জঙ্গম পদার্থকে গমনশীল করিয়াছেন এবং সত্ত্ব, রজ ও তম—এই তিনটি গুণ যাঁহার চক্রস্বরূপ, দান, যজ্ঞ ও তীর্থস্নানজনিত ধর্ম্মই যাঁহার মস্তক; কাল, অদৃষ্ট, ঈশ্বরেচ্ছা ও সঙ্কল্প—এই চারিটি যাঁহার অশ্ব,

স বিহায়ো ব্যদধাৎ পঞ্চনাভিঃ স নির্ম্মমে গাং দিবমন্তরিক্ষম্।
সোঽরণ্যানি ব্যসৃজৎ পর্বতাংশ্চ হৃষীকেশোঽমিতদীপ্তাগ্নিতেজাঃ ॥২৭॥
অলঙ্ঘয়দ্বৈ সরিতো জিঘাংসন্ শক্রং বজ্রং প্রহরন্তং নিরাস।
স মহেন্দ্রঃ স্তূয়তে বৈ মহাধ্বরে বিপ্রৈরেক ঋক্‌সহস্রৈঃ পুরাণৈঃ।২৮॥
দুর্ব্বাসা বৈ তেন নান্যেন শক্যো গৃহে রাজন্! বাসয়িতুং মহৌজাঃ।
তমেবাহুর্ঋষিমেকং পুরাণং স বিশ্বকৃদ্বিদধাত্যাত্মভাবান্ ॥২৯॥
বেদাংশ্চ যো বেদয়তেঽধিদেবো বিধীংশ্চ যশ্চাশ্রয়তে পুরাণান্।
কামে বেদে লৌকিকে যৎ ফলঞ্চ বিষ্বক্‌সেনঃ সর্ব্বমেতৎ প্রতীহি ॥৩ ॥

ভারতকৌমুদী

স ইতি। বিহায় আকাশম্, পঞ্চভূতানি নাভৌ মধ্যে যস্য সঃ, গাং পৃথিবীম্ অমিতদীপ্তে রগ্নেরিব তেজো যস্য সঃ ॥২৭॥

অলঙ্ঘয়দিতি। জিঘাংসন্ হন্তুমিচ্ছন্, সরিতো নদীঃ, জামদগ্ন্যরূপে নালঙ্ঘয়ৎ বনাদীন্, তদা চ বজ্রং প্রহরন্তং প্রহারায় নিক্ষিপন্তম্, শক্রমিন্দ্রং নিরাস বিমুখং চকার। মহেন্দ্রস্তৎ-স্বরূপঃ ॥২৮॥

দুর্ব্বাসা ইতি। তেন কৃষ্ণেন, মহৌজা দুর্ব্বাসা মুনিঃ গৃহে বাসয়িতুং শক্যো ন পুনরন্যেন অকারণক্রোধনত্বাৎ। ঋষিং নারায়ণম্। আত্মভাবান্ যোগিনাং হৃদয়ে স্বরূপাণি ॥২৯॥

বেদানিতি। বেদয়তে শিষ্যান্ জ্ঞাপয়তি অধিদেবো দ্বৈপায়নরূপঃ, বিধীন্ যজ্ঞাদীনাম্। কামে কামব্যাপারে বিষ্বক্‌সেনো নারায়ণ এব লোকানাং প্রবর্ত্তক ইতি শেষঃ ॥৩০॥

আর জ্ঞান, কর্ম্ম ও ভক্তি যাঁহার নাভি অর্থাৎ মধ্যদেশ; সেই উন্নতাবনত জগতের রথ ইনিই (বাহক ও পরিচালক ইনিই) ॥২৬॥

পৃথিবীপ্রভৃতি পঞ্চভূতাত্মক ইনিই আকাশ সৃষ্টি করিয়াছেন এবং পৃথিবী, স্বর্গ ও খণ্ডাকাশ নির্ম্মাণ করিয়াছেন আর অত্যুজ্জ্বল অগ্নির ন্যায় তেজস্বী এই কৃষ্ণই বন ও পর্ব্বত সকল উৎপাদন করিয়াছেন ॥২৭॥

ইনি পরশুরামরূপে নদীগুলিকে সংহার করিবার ইচ্ছা করিয়া পর্ব্বত ও বন অতিক্রম করিতেছিলেন; তখন ইন্দ্র বজ্র প্রহার করিবার উপক্রম করিলে ইনি তাঁহাকে নিরস্ত্র করেন এবং ব্রাহ্মণেরা মহাযজ্ঞে প্রাচীন সহস্র মন্ত্রদ্বারা মহেন্দ্ররূপী এই এক কৃষ্ণকেই স্তব করিয়া থাকেন ॥২৮॥

রাজা! ইনিই মহাতেজা দুর্ব্বাসা মুনিকে অতিথিরূপে গৃহে বাস করাইতে পারিয়াছিলেন; কিন্তু অন্যে পারে নাই, মুনিরা একমাত্র ইঁহাকেই সেই নারায়ণ ঋষি বলেন এবং জগতের সৃষ্টিকর্ত্তা এই নারায়ণই যোগিগণের হৃদয়ে নিজ মূর্ত্তি প্রকাশ করিয়া থাকেন ॥২৯॥

জ্যোতীংষি শুক্লানি হি সর্ব্বলোকে
ত্রয়ো লোকা লোকপালাস্ত্রয়শ্চ।
ত্রয়োঽগ্নয়ো ব্যাহৃতয়শ্চ তিস্রঃ
সর্ব্বে দেবা দেবকীপুত্র এব ॥৩১॥
স বৎসরঃ স ঋতুঃ সোঽৰ্দ্ধমাসঃ
সোঽহোরাত্রঃ স কলা বৈ স কাষ্ঠাঃ।
মাত্রা মুহূর্ত্তাশ্চ লবাঃ ক্ষণাশ্চ
বিষ্বক্সেনঃ সর্ব্বমেতৎ প্রতীহি ॥৩২॥

চন্দ্রাদিত্যৌ গ্রহনক্ষত্রতারাঃ সর্ব্বাণি পর্ব্বাণ্যথ পৌর্ণমাসম্।
নক্ষত্রযোগা ঋতবশ্চ পার্থ। বিষ্বক্সেনাৎ সর্ব্বমেতৎ প্রসূতম্ ॥৩৩॥
রুদ্রাদিত্যা বসবোঽথাশ্বিনৌ চ সাধ্যাশ্চ বিশ্বে মরুতাং গণাশ্চ।
প্রজাপতির্দেবমাতা দিতিশ্চ সর্ব্বে কৃষ্ণাদৃষয়শ্চৈব সপ্ত ॥৩৪॥

ভাবতকৌমুদী

জ্যোতীংষীতি। সর্ব্বলোকে শুক্লানি নির্ম্মলানি জ্যোতীংষি সূর্য্যাদীনি তেজাংসি, ত্রয়ো লোকাঃ স্বর্গমর্ত্ত্যপাতালরূপাঃ, ত্রয়ো লোকপালা ইন্দ্রসম্রাড্‌বাসুকয়ঃ, ত্রয়োঽগ্নয়ো দক্ষিণাগ্নি-গার্হপত্যাহবনীয়াঃ, তিস্রো ব্যাহৃতয়ো ভূর্ভুবঃস্বঃ ॥৩১॥

স ইতি। কলাদিপরিমাণানি জ্যোতিষে জ্ঞেয়ানি ॥৩২॥

চন্দ্রেতি। বিষ্বক্সেনাৎ নারায়ণাৎ, প্রসূতমুৎপন্নম্ ॥৩৩॥

যিনি আশ্রমস্বামী বেদব্যাসরূপে শিষ্যগণকে বেদ অধ্যয়ন করান, যিনি যাজ্ঞিকরূপে প্রাচীন বিধি সকল অবলম্বন করেন এবং কাম, কর্ম্ম, বৈদিক কর্ম্ম ও লৌকিক কর্ম্মে যে সকল ফল হয়, তাহাও এই নারায়ণই সম্পাদন করেন। যুধিষ্ঠির! এমন কি, তুমি এই সমস্ত পদার্থকেই নারায়ণ বলিয়া অবগত হও ॥৩০॥

সমস্ত জগতে নির্ম্মল তেজ, স্বর্গ, মর্ত্ত্য ও পাতাল এই ত্রিভুবন, ইন্দ্র, সম্রাট্ ও বাসুকি এই তিনজন লোকপাল, দক্ষিণাগ্নি, গার্হপত্য ও আহবনীয় এই তিনটি ব্যাহৃতি এবং সমস্ত দেবতা; এই সমস্তই এক কৃষ্ণ ॥৩১॥

যুধিষ্ঠির! তুমি ইহাও অবগত হও যে, বৎসর, ঋতু, অর্দ্ধ মাস, অহোরাত্র, কলা, কাষ্ঠা, মাত্রা, মুহূর্ত্ত, লব ও ক্ষণ এ সমস্তই এক নারায়ণ ॥৩২॥

পৃথানন্দন! চন্দ্র, সূর্য্য, নবগ্রহ, অসংখ্য নক্ষত্র, ধ্রুবপ্রভৃতি তারা, সমস্ত পর্ব্ব, পূর্ণিমা তিথি, নক্ষত্রের যোগ ও ছয় ঋতু এই সমস্তই এক নারায়ণ হইতে উৎপন্ন হইয়াছে ॥৩৩॥

বায়ুর্ভূত্বা বিক্ষিপতে চ বিশ্বমগ্নির্ভূত্বা দহতে বিশ্বরূপঃ।
আপো ভূত্বা মজ্জয়তে চ সর্বং ব্রহ্মা ভূত্বা সৃজতে বিশ্বসঙ্ঘান্ ॥৩৫॥
বেদ্যঞ্চ যদ্বেদয়তে চ বেদ্যং বিধিশ্চ যশ্চ শ্রয়তে বিধেয়ম্।
ধর্ম্মে চ বেদে চ বলে চ সর্বং চরাচরং কেশবং ত্বং প্রতীহি ॥৩৬॥

জ্যোতির্ভূতঃ পরমোঽসৌ পুরস্তাৎ
প্রকাশতে যৎপ্রভয়া বিশ্বরূপঃ।
অপঃ সৃষ্ট্বা সর্বভূতাত্মযোনিঃ
পুরাকরোৎ সর্বমেবাথ বিশ্বম্ ॥৩৭॥

ভারতকৌমুদী

রুদ্রেতি। বিশ্বে দেবাঃ, মরুতাং বায়ূনাম্ ॥৩৪॥

বায়ুরিতি। আপো জলম্। বিশ্বসঙ্ঘান্ জগৎসমূহান্ ॥৩৫॥

বেদ্যমিতি। যৎ, বেদ্যং বেদে ভবং জ্ঞানম্, যচ্চান্তঃকরণম্, বেদ্যং জ্ঞেয়ং বেদযতে জ্ঞাপযতি, যো বিধিশ্চ বিধেয়ং শ্রয়তে বিষযীকরোতি, ধর্ম্মে চ বেদে চ বলে শক্তৌ চ যদস্তি, তৎ সর্ব্বং চরাচরং জঙ্গমস্থাবররূপং বস্তু ত্বং কেশবং প্রতীহি ॥৩৬॥

জ্যোতিরিতি। অসৌ বিশ্বরূপঃ কৃষ্ণঃ পুরস্তাৎ পূর্ব্বম্, পরমো জ্যোতির্ভূতঃ সন্, যৎ প্রকাশতে স্ম, সর্ব্বেষামেব ভূতাত্মনাং প্রাণিদেহানাং যোনিঃ কারণীভূতঃ অসৌ চ পুরা পূর্ব্বম্ অপো জলং সৃষ্ট্বা অথানন্তরং সর্ব্বং বিশ্বমকরোৎ ॥৩৭॥

ভাবতভাবদীপঃ

শুক্লকৃষ্ণং চেতি ত্রিবিধকর্ম্মগর্ভঃ ॥২৬॥ পঞ্চনাভিঃ পঞ্চভূতানাং নাভিরাশ্রয ইত্যর্থঃ ॥২৭॥ নিরাস পরাভূতবান্ ॥২৮—২৯॥ বিধীনগ্নিহোত্রাদীন্ ॥৩০—৩৫॥ বেদ্যং বেদপ্রতিপাদ্যম্, বেদ্যং

একাদশ রুদ্র, দ্বাদশ আদিত্য, অষ্ট বসু, অশ্বিনীকুমারদ্বয়, সাধ্যগণ, বিশ্বেদেবগণ, বাযুগণ, ব্রহ্মা, দেবমাতা অদিতি ও সপ্তর্ষি; ইহারা সকলেই এক কৃষ্ণ হইতেই উৎপন্ন হইয়াছেন ॥৩৪॥

এই বিশ্বরূপী নারায়ণ বায়ু হইয়া জগৎ সঞ্চালিত করেন, অগ্নি হইয়া দগ্ধ করিয়া থাকেন, জল হইয়া সকল মগ্ন করেন এবং ব্রহ্মা হইয়া জগৎ সৃষ্টি করিয়া থাকেন ॥৩৫॥

যুধিষ্ঠির! যে জ্ঞান বেদে আছে, যে অন্তঃকরণ জ্ঞেয় পদার্থকে জানায়, যে বিধি বিধেয়কে বিষয় করে এবং ধর্ম্মে, বেদে ও লোক যোগ্যতায় যাহা আছে, স্থাবর-জঙ্গমাত্মক সেই সমস্তকেই তুমি কৃষ্ণ বলিয়া অবগত হও ॥৩৬॥

এই বিশ্বরূপ নারায়ণ প্রথমে পরমতেজস্বরূপ হইয়া প্রভাদ্বারা যে প্রকাশ পাইয়াছিলেন; পরে আবার সর্ব্বভূতের কারণ হইয়া, পূর্ব্বে জল সৃষ্টি করিয়া, পরে সমগ্র জগৎ যে সৃষ্টি করিয়াছেন, সেই প্রকাশ ও সৃষ্টি উভয়ই ইনি ॥৩৭॥

ঋতূনুৎপাতান্ বিবিধান্যদ্ভুতানি
মেঘান্ বিদ্যুৎ সর্বমৈরাবতঞ্চ।
সর্বং কৃৎস্নং স্থাবরং জঙ্গমঞ্চ
বিশ্বাত্মানং বিষ্ণুমেনং প্রতীহি ॥৩৮।
